বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র: দ্বাদশ খন্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্রঃ দ্বাদশ খন্ড

বিদেশী প্রতিক্রিয়াঃ ভারত

সম্পাদকঃ হাসান হাফিজুর রহমান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র

মুখবন্ধ

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের নয় সদস্য বিশিষ্ট প্রামাণ্যকরণ কমিটির তরফ থেকে এই দলিল সংগ্রহের প্রকাশনা সম্পর্কে দুটি কথা নিবেদন করছি। এ প্রকল্পের উৎপত্তি ও গঠন, এর মূল উদ্দেশ্য ও কার্যপদ্ধতি সম্পর্কে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব হাসান হাফিজুর রহমান বিস্তারিত বলবেন।

বিপুলায়তন ও সংগৃহীত উপাত্ত থেকে প্রকাশিতব্য দলিলসমূহ নির্বাচনে কমিটির সদস্যবৃন্দ নিরপেক্ষ ভূমিকা পালনে যথাসাধ্য চেষ্টা করেছেন। তাঁরা ঘন্টার পর ঘন্টা ধরে দলিলাদির পান্ডুলিপি ধৈর্য ধরে পরীক্ষা করেছেন, বিস্তারিত আলোচনা-সমালোচনার মাধ্যমে সংযোজন ও সংশোধনের জন্য মূল্যবান উপদেশ দিয়ে প্রকল্প বাস্তবায়নে সহায়তা করেছেন। আমাদের কোন মন্তব্য ছাড়াই দলিলগুলো সরাসরি পাঠক ও গবেষকদের কাছে উপস্থিত হচ্ছে। দলিলপত্র যথাসম্ভব মূলসূত্র থেকে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। প্রকাশিত দলিলগুলো প্রামাণ্যকরণ কমিটি অনুমোদন করে দিয়েছেন।

প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠাব্যাপী দলিল থেকে প্রাথমিক নির্বাচনের গুরুদায়িত্ব পালন করেছেন প্রকল্পে নিয়োজিত বিভিন্ন গবেষকবৃন্দ। তাঁরা জনাব হাসান হাফিজুর রহমানের নেতৃত্বে এ দায়িত্ব যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সংগে পালন করেছেন।

প্রামাণ্যকরণ কমিটির সকল সদস্যকে এবং প্রকল্পের গবেষকবৃন্দকে তাঁদের প্রশংসনীয় ভূমিকার জন্য আমি অশেষ ধন্যবাদ জানাই। সেই সংগে প্রকল্পের প্রধান বাংলাদেশের বিশিষ্ট কবি ও সাংবাদিক জনাব হাসান হাফিজুর রহমানকে নিরলস ও অকাতর কর্মপ্রচেষ্টার জন্য জানাই প্রাণঢালা অভিনন্দন।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সুবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলো থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমুদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদ্ঘাটিত ও অনাবিষ্কৃত দলিলগুলো ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলি মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলো পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক বলে মনে করব।

মফিজুল্লাহ কবীর

চেয়ারম্যান,
প্রামাণ্যকরণ কমিটি,
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প।

ভূমিকা

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়সীমা ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই সময়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংগে সম্পর্কিত সারা বিশ্বে যা কিছু ঘটেছে তার তথ্য ও দলিলপত্র সংগ্রহ এবং সেসবের ওপর ভিত্তি করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা ও মুদ্রণের দায়িত্ব অর্পিত হয় মুক্তিযুদ্ধ ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পের ওপর। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনে এই প্রকল্পটি প্রতিষ্ঠিত হয় এবং এর কাজ শুরু হয় ১৯৭৮ সালের জানুয়ারী থেকে (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ইতিহাস রচনার দায়িত্বপ্রাপ্ত হলেও এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত দলিল ও তথ্য-সমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। এর কারণ, সমকালীন কোন ঘটনার বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মতো একটি যুগান্তকারী ঘটনার ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা এবং বিকৃতির সম্ভাবনা এড়িয়ে যাওয়া বস্তুত অত্যন্ত দুরূহ। এজন্যেই আমরা ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিক গুরুত্বপূর্ণ মনে করেছি। এর ফলে দলিল ও তথ্যাদিই কথা বলবে, ঘটনার বিকাশ ও ধারাবাহিকতা রক্ষা করবে, ঘটনা পরম্পরার সংগতি রক্ষা করবে।

এই লক্ষ্য সামনে রেখেই কয়েকটি খণ্ডে সংগৃহীত দলিলসমূহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে প্রকল্পের সামনে একটি বিশেষ বিবেচ্য বিষয় দেখা দেয় এই যে, দলিলপত্র সংগ্রহের সময়সীমা স্বাধীনতা যুদ্ধকেন্দ্রিক হওয়া সত্ত্বেও এ সত্যও সমান গুরুত্বপূর্ণ যে, স্বাধীনতা যুদ্ধের পশ্চাতে বিরাট পটভূমি রয়েছে। স্বাধীনতা যুদ্ধকে এই পটভূমি থেকে বিচ্ছিন্ন করে দেখা যায় না। এই পটভূমির ঘটনাবলী—যাকে মুক্তিসংগ্রাম বলে অভিহিত করা যায়—তার অনিবার্য পরিণতিই স্বাধীনতা যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তোলে। তাই মুক্তিসংগ্রামের স্বরূপ জানা ছাড়া স্বাধীনতা যুদ্ধকে তুলে ধরা সম্ভবই নয়। এই পরিস্থিতিতে স্বাধীনতা যুদ্ধের দলিল প্রকাশের সংগে এর পটভূমি সংক্রান্ত দু'খণ্ড দলিল সংগ্রহ প্রকাশের সিদ্ধান্তও প্রকল্প গ্রহণ করে। এর ফলে প্রকল্পের দলিল প্রকাশের পরিকল্পনা নিম্নরূপে দাঁড়ায়:

প্রথম খণ্ড : পটভূমি (১৯০৫—১৯৫৮)

দ্বিতীয় খণ্ড : পটভূমি (১৯৫৮—১৯৭১)

তৃতীয় খণ্ড : মুজিব নগর: প্রশাসন

চতুর্থ খণ্ড : মুজিব নগর: প্রবাসী বাঙালীদের তৎপরতা

পঞ্চম খণ্ড : মুজিব নগর: বেতারমাধ্যম

ষষ্ঠ খণ্ড : মুজিব নগর: গণমাধ্যম

সপ্তম খণ্ড : পাকিস্তানী দলিলপত্র (সরকারী ও বেসরকারী)

অষ্টম খণ্ড : গণহত্যা, শরণার্থী শিবির ও প্রাসংগিক ঘটনা

নবম খণ্ড : সশস্ত্র সংগ্রাম (১)

মূল পরিকল্পনায় ৭,২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খণ্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫,০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভংগী অবলম্বন করি। আমরা শুধু সেই সব তথ্য ও দলিলই পটভূমি খণ্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই যা বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা-আকাংক্ষার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ, যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকারণ এই ভূখণ্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত করেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খণ্ডে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটিতে বহু দূর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রান্ত দলিল-তথ্যাদির সন্নিবেশন শুরু করি। আমরা মনে করি বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরুর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ এবং যুক্তিগ্রাহ্য।

১৯০৫-এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খণ্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভূখণ্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অন্তর্ভুক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্তারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরু জনগোষ্ঠির অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিল্লী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্রীয়রূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউণ্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়। এরই

পরিণতিতে পরবর্তীকালে বাংলাদেশের জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ুব খানের ক্ষমতা দখলের সময়সীমায়। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খণ্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে—কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলো হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে, কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি যোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধ সংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভুক্ত করা হয়। এক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্ব-সাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণ-সহযোগিতার প্রতি স্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খণ্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা ব্যাহত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ-ব্যাপারে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিধৃত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অস্লান সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এক্ষেত্রে আমরা শুধু এটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ণ না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ্য হয়ে ওঠে, কেবল তখনই জনগণের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তবু একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতার চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরবে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহু ক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি—এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খণ্ডে একইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যার দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে, ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ-সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে, তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে। শেষ সীমায় পৌঁছানোর ঘোষণা দেয়া এখনও সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাবনার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি, তাতে স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় একথা বলা যায়। এখন এর বিকাশ ও অনুধাবনের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে একথা বলা যায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ-উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্র-পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা। কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে—কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসাবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি: প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কম সংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়—বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ায়। আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাঙ্গতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশংকা, তা আমাদের দলিল-খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি।

এ-ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি—অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বের করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ একথাও সত্যি যে, স্বাধীনতা সংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এইসংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্র প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশ-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ন হলে একাজ দুরূহতর হবে, এমন কি একে সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পারে। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো ভাইস চ্যান্সেলর, প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ড: সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ড: আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ড: সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।

ড: এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।

ড: কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।

ড. কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ড: শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

জনাব হাসান হাফিজুর রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কিনা তা পুংখানুপুংখরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে-সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত

হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য, যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী, তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা হয়েছে। তবে এক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমসিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তূপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন, তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘণ্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খণ্ডে গ্রথিত হচ্ছে সকল খণ্ডের নির্ঘণ্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন্ খণ্ডে কি আছে তা এক নজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে। কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষার মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি, তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষায় বেশকিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনে অন্তর্ভুক্ত হয়েছে। স্বান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষার বেশকিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোনকোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ, এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তি সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভুল ও স্বচ্ছন্দ হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস, তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং

এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তি-সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার—বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এদেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন। যত দিন যাবে তাদের সঙ্গে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি,এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সঙ্গত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহু সংখ্যক দলিল এ, এম,এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সঙ্গে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুম. বাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহীরউদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিব নগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, সাঈদুল হাসান, আবদুস সাত্তার, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল. ডঃ সাঈদ-উর রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান খান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকাণ্ডের সঙ্গে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদির সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সঙ্গে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলোর প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সঙ্গে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়—স্বাধীনতা যুদ্ধের দলিল-সংগ্রহ খণ্ডগুলোর পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা। তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক—সৈয়দ আল ইমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়—গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সঙ্গে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনার সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান—সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হান্নানের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মাহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

দলিল প্রসঙ্গঃ বিদেশী প্রতিক্রিয়া—ভারত

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন ভারতের সরকারী ও বেসরকারী প্রতিক্রিয়া এবং ভূমিকা সম্পর্কিত দলিলপত্র বর্তমান খণ্ডে সন্নিবেশিত হয়েছে। 'বাংলাদেশ প্রশ্নে ভারতের সরকারী প্রতিক্রিয়া', 'বাংলাদেশ প্রশ্নে ভারতের বিভিন্ন রাজ্য সরকার ও বিধান সভাসমূহ', 'বাংলাদেশ প্রশ্নে ভারতের বেসরকারী প্রতিক্রিয়া', 'ভারতীয় রাজ্যসভায় বাংলাদেশ প্রসঙ্গ' এবং 'ভারতীয় লোকসভায় বাংলাদেশ প্রসঙ্গ'—এই পাঁচটি শিরোনামে দলিলসমূহকে বিন্যাস করা হয়েছে।

বাংলাদেশে পাকিস্তানের সেনাবাহিনীর হত্যাযজ্ঞ শুরু হবার পরদিন ২৬ মার্চেই ভারতীয় লোকসভায় প্রসঙ্গটি আলোচিত হয়। ৩১ মার্চে ভারতের রাজ্য ও লোকসভার যৌথ অধিবেশনে প্রধানমন্ত্রী উত্থাপিত এক প্রস্তাব গ্রহণের মধ্য দিয়ে পাকিস্তান সরকারের তীব্র নিন্দা এবং বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধের প্রতি সমর্থন জ্ঞাপন করা হয়। ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পাকিস্তানী সেনাবাহিনীর আত্মসমর্পণ পর্যন্ত নয় মাসের বিভিন্ন সময়ে দেশে ও বিদেশে প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং প্রতিরক্ষামন্ত্রীসহ সরকারী নেতৃবৃন্দের উল্লেখযোগ্য বক্তৃতা, বিবৃতি ও সাক্ষাৎকারসমূহ এই খণ্ডে সন্নিবেশিত হয়েছে। যুদ্ধ চলাকালীন বিভিন্ন সময়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর বিদেশ সফরকালে এবং সোভিয়েত ইউনিয়নসহ কয়েকটি দেশের পররাষ্ট্রমন্ত্রীবর্গের ভারত সফরকালে প্রকাশিত যুক্ত ইশতেহার ও বিবৃতিসমূহ বর্তমান খণ্ডে সংকলিত হয়েছে। ১৬ থেকে ২০ অক্টোবর পর্যন্ত যুগোশ্লাভিয়ার প্রেসিডেন্ট মার্শাল টিটোর ভারত সফর ছিলো অত্যন্ত গুরুত্বপূর্ণ (পৃঃ ৯৮—১০১)। ২৩ অক্টোবর থেকে নভেম্বর পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্র, বৃটেন ও ফ্রান্সসহ পাশ্চাত্যের কয়েকটি দেশে ভারতের প্রধানমন্ত্রীর সফরকালে প্রকাশিত যুক্ত ইশতেহার, বিবৃতি, সাক্ষাৎকার ও বিভিন্ন সমাবেশে তাঁর ভাষণসমূহও এখানে উদ্ধৃত হয়েছে। পরিস্থিতির ব্যাখ্যা করে ১৫ নভেম্বর ভারতের প্রধানমন্ত্রী কর্তৃক মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টকে লিখিত চিঠিটি এই খণ্ডে মুদ্রিত হয়েছে।

সরকারীভাবে ১৯৭১-এর ৬ ডিসেম্বর বাংলাদেশকে স্বীকৃতি দেয়া হলেও স্বীকৃতির দাবী উত্থাপিত ও আলোচিত হয়ে আসছিলো প্রথম দিক থেকেই। পশ্চিমবঙ্গ বিধানসভায় স্বীকৃতির সর্বসম্মত প্রস্তাব গৃহীত হয় ৮ মে (পৃঃ ২২৭—২৮২)। রাজ্যসভায় দাবীটি উত্থাপিত হয় ২৫ মে (পৃঃ ৫৩৭—৫৪১৮)। এছাড়া শরণার্থী সমস্যা, পাকিস্তানকে দেয়া মার্কিন অস্ত্র চীনের সমর্থন, সীমান্ত পরিস্থিতি এবং মুক্তিযোদ্ধাদের সাহায্যসহ বাংলাদেশ সংক্রান্ত সকল প্রশ্নেই রাজ্যসভা ও লোকসভার কার্যবিবরণী এই খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

সরকার এবং পার্লামেন্টের বাইরে বাংলাদেশের সমর্থনে গড়ে ওঠা সকল শ্রেণীর জনগণের আন্দোলন ও তৎপরতার চিত্রও মিলবে গ্রন্থের বিভিন্ন দলিলপত্র ও সংবাদপত্রের প্রতিবেদন থেকে। 'সংগ্রামী স্বাধীন বাংলাদেশ সহায়ক সমিতি', 'কোলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতি', 'বাংলাদেশ সহায়ক শিল্পী সাহিত্যিক বুদ্ধিজীবী সমিতি', 'ইয়োথ ফর বাংলাদেশ' সহ বিভিন্ন সংস্থার তৎপরতা সম্পর্কিত দলিলপত্র এই খণ্ডে মুদ্রিত হয়েছে। এই

সময়ের আরেকটি গুরুত্বপূর্ণ ঘটনা ছিলো ১৮ সেপ্টেম্বর থেকে দিল্লীতে অনুষ্ঠিত তিনদিন-ব্যাপী বাংলাদেশ প্রশ্নে আন্তর্জাতিক সম্মেলন (পৃঃ ৪৬৯--৪৮৩)। এই সম্মেলনে বাংলাদেশের সমর্থনে সশস্ত্র বিশ্ব বাহিনী গঠনের প্রস্তাব গৃহীত হয়েছিলো (পৃঃ ৪৭৩--৭৪)। এছাড়া ক্ষমতাসীন ও বিরোধী প্রতিটি রাজনৈতিক দল, শ্রমিক ও ছাত্র সংগঠনেরই বাংলাদেশ প্রশ্নে প্রস্তাব, বিবৃতি ও তৎপরতা সংক্রান্ত তথ্যসমূহ এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে। ভারতীয় সংবাদপত্রসমূহের ভূমিকারও উল্লেখ রয়েছে এই গ্রন্থে।

এই খণ্ডের দলিলপত্রসমূহের সূত্র হিসাবে ভারত সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশিত 'বাংলাদেশ ডকুমেন্টস' ১ম ও ২য় খণ্ড, ভারতের তথ্য ও বেতার মন্ত্রণালয় প্রকাশিত 'ইয়ার অফ এন্ডীভার', লোকসভা ও রাজ্যসভার কার্যবিবরণী, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যবিবরণী, বিভিন্ন সংগঠনের মূল দলিল, পুস্তিকা ও প্রচারপত্র এবং বিশেষতঃ ভারতের বিভিন্ন সংবাদ-পত্রের প্রতিবেদনসমূহ ব্যবহৃত হয়েছে। রাজ্য ও লোকসভায় সদস্যদের ভাষণে ইংরেজী ছাড়া ব্যবহৃত হিন্দীসহ অন্যান্য ভাষা অনুবাদ করে বাংলায় মুদ্রণ করা হয়েছে। কতিপয় স্থলে কার্যবিবরণীর কম গুরুত্বপূর্ণ ও অসংশ্লিষ্ট অংশ বাদ দেয়া বা সম্পাদনা করা হয়েছে।

পরিশিষ্ট

[এক]

[*The Bangladesh Gazette, Part II, September 1, 1977, Page 503*]

Ministry of Information and Broadcasting

* * *   * * *   * * *

বিজ্ঞপ্তি

নং তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১—স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি-ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আবদুস সোবহান
উপ-সচিব।

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION AND BROADCASTING, DACCA

No. 51/2/78-Dev/231, dated 18-7-1978.

RESOLUTION

In connection with the Writing and Printing the History of Bangladesh War of Liberation, the Government have been pleased to constitute an Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1. Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University.
2. Professor Salahuddin Ahmed	Chairman Department of History, Jahangir Nagar University.
3. Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4. Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5. Mr. K.M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University.
6. Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University.
7. Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University.
8. Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University.
9. Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project.

The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents are required for the purpose.

SYED ASGAR ALI
Section Officer.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION AND BROADCASTING, DACCA

No. 51/2/78-Dev/10493(25), dated 13-2-1979.

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18-7-78, Govt. have been pleased to reconstitute an Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1. Dr. Mofizullah Kabir, Pro-Vice Chancellor, Dacca University. — Chairman.
2. Prof. Salahuddin Ahmed, Chairman, Deptt. of History, Jahangir Nagar University. — Member.
3. Dr. Anisuzzaman, Prof., Deptt. of Bengali, Chittagong University. — Member.
4. Dr. Safar Ali Akanda, Director, Institute of Bangladesh Studies, Rajshahi. — Member.
5. Dr. Enamul Huq, Director, Dacca Museum. — Member.
6. Mr. K.M. Mohsin. Associate Professor, Deptt. of History, Dacca University. — Member.
7. Dr. Shamsul Huda Harun, Associate Professor, Deptt. of Political Science, Dacca University. — Member.
8. Dr. K.M. Karim, Director, National Library and Archives, Dacca. — Member.
9. Mr. Hasan Hafizur Rahman, O.S.D., History of Bangladesh War of Liberation Project. — Member-Secretary.

2. The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents required for the purpose.

M.A. SALAM KHAN
Section Officer.

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা

বাংলাদেশ প্রশ্নে ভারতের সরকারী প্রতিক্রিয়া

বিষয়		পৃষ্ঠা

	বিষয়	পৃষ্ঠা

বিষয়		পৃষ্ঠা
৭১।	"আমরা আমাদের জাতীয় স্বার্থে যা ভালো তাই করবো"—প্রধান মন্ত্রীর ঘোষণা	১৭২
৭২।	কোলকাতার জনসভায় প্রধান মন্ত্রীর বক্তৃতা	১৭৪
৭৩।	যুদ্ধ চলাকালে সশস্ত্র বাহিনীর উদ্দেশে প্রচারিত প্রধানমন্ত্রীর বাণী ..	১৭৮
৭৪।	দিল্লী বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রীর ভাষণ	১৭৯
৭৫।	'নিউইয়র্ক টাইমস'এর সাথে পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎকার	১৯৩
৭৬।	যুক্তরাষ্ট্রের টেলিভিশনের সাথে পররাষ্ট্র মন্ত্রীর সাক্ষাৎকার	১৯৫
৭৭।	নিক্সনের প্রতি ইন্দিরা গান্ধীর চিঠি	১৯৬
৭৮।	যুক্তরাষ্ট্রের টেলিভিশনের সাথে পররাষ্ট্র মন্ত্রীর সাক্ষাৎকার .	১৯৯
৭৯।	জাতিসংঘে পররাষ্ট্র মন্ত্রীর সাংবাদিক সম্মেলন . ..	২০২
৮০।	'সেট পাকিস্তান স্পীক ফর হারসেল্ফ'।	২০৭

সংসদীয় দলিলপত্র

৮১।	বাংলাদেশের প্রশ্নে ভারতের বিভিন্ন রাজ্যসভা ও বিধানসভার প্রতিক্রিয়া	২১৯
৮২।	বাংলাদেশকে আশু স্বীকৃতি দানের জন্যে পশ্চিমবংগ মন্ত্রিসভার সদস্যের আহ্বান	২২০
৮৩।	কোলকাতার বুদ্ধিজীবী সমাবেশে বাংলাদেশের সমর্থনে পশ্চিমবঙ্গের পাঁচজন মন্ত্রী	২২২
৮৪।	শরণার্থী ত্রাণে সকল রাজ্যকে এগিয়ে আসার জন্য পশ্চিম বঙ্গ সরকারের আহ্বান	২২৩
৮৫।	শরণার্থীদের আশ্রয়ের প্রশ্নে পশ্চিমবঙ্গ বিধানসভায় রাজ্যপালের ভাষণ	২২৫
৮৬।	বাংলাদেশকে অস্ত্রসহ সকল প্রকার সাহায্যদানের দাবীর প্রশ্নে পশ্চিমবঙ্গ সরকার এবং বিরোধী নেতাদের ঐক্যমত	২২৬
৮৭।	পশ্চিমবঙ্গ বিধানসভায় সর্বসম্মত প্রস্তাব: "বাংলাদেশকে স্বীকৃতি দিন" ..	২২৭
৮৮।	বুদ্ধিজীবীদের উদ্যোগে সংগ্রামী স্বাধীন বাংলাদেশ সহায়ক সমিতি গঠিত ..	২৮৩
৮৯।	পূর্বাঞ্চলের পাঁচজন মুখ্যমন্ত্রীর আহ্বান: 'শরণার্থী প্রশ্নকে জাতীয় সমস্যা গণ্য করা হোক'	২৮৫

	বিষয়	পৃষ্ঠা
১০৭।	পশ্চিমবঙ্গ মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের সাহায্যে 'মুক্তিসংগ্রাম সহায়ক সমিতি' গঠিত	৩১৪
১০৮।	সাহায্যের আহ্বান জানিয়ে শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবী সমিতির বিবৃতি	৩১৬
১০৯।	বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে কোলকাতায় অধ্যাপকদের বিক্ষোভ মিছিল	৩১৮
১১০।	কোলকাতায় ছাত্র-যুবকদের বিক্ষোভ মিছিল	৩১৯
১১১।	বাংলাদেশকে স্বীকৃতি দানে ভারত সরকারের এত দ্বিধা কেন? বিবেকানন্দ মুখোপাধ্যায় লিখিত নিবন্ধ	৩২০
১১২।	বাংলাদেশের সমর্থনে দিল্লীতে সর্বভারতীয় সাহায্য সংস্থা গঠিত	৩২৩
১১৩।	জাতিসংঘ থেকে পাকিস্তানকে বহিষ্কারের দাবী জানিয়ে বাংলাদেশ সহায়ক শিল্পী সাহিত্যিক বুদ্ধিজীবী সমিতির প্রস্তাব ..	৩২৫
১১৪।	পাকিস্তানী নৃশংসতার বিরুদ্ধে কোলকাতার শিখ সম্প্রদায়ের প্রতিবাদ ..	৩২৭
১১৫।	বাংলাদেশ তহবিলে সাহায্যদানের জন্য ক্ষুদ্র শিল্প সমিতির আহ্বান .	৩২৮
১১৬।	মসজিদের উপর বোমাবর্ষণের প্রতিবাদে পশ্চিমবঙ্গের মুসলিম সম্প্রদায় ..	৩২৯
১১৭।	শরণার্থীদের সাহায্যের জন্য বুদ্ধিজীবীদের আবেদন ..	৩৩০
১১৮।	বাংলাদেশকে স্বীকৃতির জন্য ভারতের মুসলিম বুদ্ধিজীবীদের আহ্বান .	৩৩১
১১৯।	বোম্বেতে বাংলাদেশ সহায়ক সমিতি গঠিত	৩৩৩
১২০।	ইয়াহিয়া খানের বর্বরতার বিরুদ্ধে ভারতের মুসলিম নেতাদের বিবৃতি .	৩৩৪
১২১।	গান্ধী শান্তি ফাউণ্ডেশন কর্তৃক বাংলাদেশের সমর্থনে জাতিসংঘ ও বিভিন্ন দেশে প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত ..	৩৩৫
১২২।	পাকসেনাদের নৃশংসতার বিরুদ্ধে কোলকাতার মুসলমান সমাজের প্রস্তাব ..	৩৩৬
১২৩।	বাংলাদেশ প্রশ্নে আচার্য বিনোবার সাক্ষাৎকার ..	৩৩৭
১২৪।	সকল দেশের প্রতি ভারত-বাংলাদেশ ফ্রেণ্ডশীপ সোসাইটির আহ্বান ..	৩৪০
১২৫।	বাংলাদেশ জাতীয় সমন্বয় কমিটির সমাবেশে বাংলাদেশকে স্বীকৃতি দান ..	৩৪২
১২৬।	বাংলাদেশে দুর্গত মানুষের সাহায্যে এগিয়ে আসার জন্যে ভারতের ৪৪ জন অধ্যাপক, লেখক ও বুদ্ধিজীবীর আবেদন ..	৩৪৪

ভারতীয় রাজ্যসভায় বাংলাদেশ প্রসঙ্গ

সংসদীয় দলিলপত্র : ভারতীয় লোকসভায় বাংলাদেশ প্রসঙ্গ

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্রঃ দ্বাদশ খণ্ড

বাংলাদেশ প্রশ্নে ভারতের সরকারী প্রতিক্রিয়া

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের ওপর পাকিস্তানী সৈন্যের আক্রমণে উদ্বেগ প্রকাশ করে ভারতের লোকসভার প্রস্তাব*	বাংলাদেশ ডকুমেন্টস-১ম খণ্ড (পররাষ্ট্র দপ্তর-প্রকাশিত)	৩১ মার্চ, ১৯৭১

TEXT OF THE RESOLUTION MOVED BY THE PRIME MINISTER OF INDIA IN THE PARLIAMENT ON MARCH 31, 1971

This House expresses its deep anguish and grave concern at the recent developments in East Bengal. A massive attack by armed forces, despatched from West Pakistan has been unleashed against the entire people of East Bengal with a view to suppressing their urges and aspirations.

Instead of respecting the will of the people so unmistakably expressed through the election in Pakistan in December 1970, the Government of Pakistan has chosen to flout the mandate of the people.

The Government of Pakistan has not only refused to transfer power to legally elected representatives but has arbitrarily prevented the National Assembly from assuming its rightful and sovereign role. The people of East Bengal are being sought to be suppressed by the naked use of force, by bayonets, machine guns, tanks, artillery and aircraft.

The Government and people of India have always desired and worked for peaceful, normal and fraternal relations with Pakistan. However, situated as India is and bound as the people of the sub-continent are by centuries old ties of history, culture and tradition, this House cannot remain indifferent to the macabre tragedy being enacted so close to our border. Throughout the length and breadth of our land, our people have condemned, in unmistakable terms the atrocities now being perpetrated on an unprecedented scale upon an unarmed and innocent people.

This House expresses its profound sympathy for and solidarity with the people of East Bengal in their struggle for a democratic way of life.

Bearing in mind the permanent interests which India has in peace, and committed as we are to uphold and defend human rights, this House demands immediate cessation of the use of force and the massacre of defenceless people. This House calls upon all peoples and Governments of the world to take urgent and constructive steps to prevail upon the Government of Pakistan to put an end immediately to the systematic decimation of people which amounts to genocide.

This House records its profound conviction that the historic upsurge of the 75 million people of East Bengal will triumph. The House wishes to assure them that their struggle and sacrifices will receive the whole hearted sympathy and support of the people of India.'

*বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে ভারতের প্রথম প্রতিক্রিয়া ২৭ মার্চের লোকসভা ও রাজ্যসভার কার্যবিবরণীতে দ্রষ্টব্য।

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের নৃশংসতার প্রশ্নে রাষ্ট্রসংঘের নির্লিপ্তির সমালোচনা করে প্রেরিত ভারতের লিপি।	দৈনিক 'যুগান্তর'	২ এপ্রিল ১৯৭১।

রাষ্ট্রসংঘে ভারতের লিপি

পাকিস্তানের ব্যাপারে নিশ্চেষ্টতা অমার্জনীয়

রাষ্ট্রসংঘ, ১লা এপ্রিল (পি টি আই)—পশ্চিম পাকিস্তানী সৈন্যরা বাঙলাদেশে মানুষের উপর যে-হারে নির্যাতন শুরু করেছে, তা বর্তমানে এমন এক স্তরে এসে পৌঁছেছে যে, তা পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার মনে করে নিশ্চেষ্ট থাকার আর সময় নেই। আন্তর্জাতিক মানবগোষ্ঠী কর্তৃক একটি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা অত্যাবশ্যক হয়ে উঠেছে—ভারত গতকাল রাষ্ট্রসংঘকে এই কথাটি স্মরণ করিয়ে দিয়েছে।

রাষ্ট্রসংঘের সেক্রেটারী জেনারেল উ থান্টের কাছে ভারতের এই অভিমত একটি পত্রাকারে পেশ করা হয়। রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি শ্রীসমর সেন পত্রটি পেশ করেন এবং পত্রটি তাঁর অনুরোধে রাষ্ট্রসংঘ-সদস্যদের নিকট প্রচার করা হয়। পরে রাষ্ট্রসংঘের একটি ইস্তাহার হিসেবে তা প্রকাশ করা হয়।

এই পত্রে শ্রীসেন বলেছেন, মানব দুর্গতির এই মুহূর্তে এই নিষ্ক্রিয়তা ও নীরবতাকে দুর্গত জনসাধারণ বহির্বিশ্বের উদাসীনতা বলে ভাববে।

শ্রীসেন সতর্ক করে দেন যে, পাকিস্তানের সশস্ত্র বাহিনীকে সংযত না করলে এবং আন্তর্জাতিক অভিমত বাংলাদেশের জনসাধারণের প্রতি সহানুভূতি ও সমর্থনসূচক না হলে এই উপ-মহাদেশে উত্তেজনা ক্রমশঃই বৃদ্ধি পাবে।

শিরোনাম	সূত্র	তারিখ
'ইয়াহিয়ার প্রতি চীনের প্রকাশ্য সমর্থন ভারতকে নিরস্ত করবে না': প্রধানমন্ত্রীর ঘোষণা।	দৈনিক 'অমৃতবাজার'	১৪ এপ্রিল, ১৯৭১।

CHINA'S 'OPEN SUPPORT' TO YAHYA WON'T DETER US : PM

(From Our Lucknow Office)

LUCKNOW, Apr. 13. Prime Minister Indira Gandhi today warned that India would not remain a silent spectator to the happenings in Bangladesh and declared that China's "open support" to West Pakistan's military regime against Bangladesh would not affect the country's stand on the issue.

Addressing a press conference here, Mrs. Gandhi said, "We take decisions independently and our attitude does not depend on the actions of others".

Asked whether the Government would accord recognition to the provisional Government of Bangladesh, Mrs. Gandhi said the matter would receive due consideration. Replying to another question whether the war in Bangladesh was "an imperial war" by West Pakistan, Mrs. Gandhi said use of strong words would not help.

Mrs. Gandhi felt that developments in East Bengal might have their effects in other parts of the country. People residing in East Bengal and India had blood relations and it was but natural for Indians to have their sympathies with the people of East Bengal.

Commenting over the election results in Pakistan, Mrs. Gandhi said Awami League leader Sheikh Mujibur Rahman's leadership would have paid rich dividends to both the countries, and their relations would have improved.

She said what had happened in Bangladesh had now actually changed everything and this could only be described as bad luck for both the countries.

In an obvious reference to Ceylon and other neighbouring countries, Mrs. Gandhi said what was happening there might have their indirect repercussions in this country as well.

She declined to reply any further questions on Bangladesh remarking that she would not like to add anything further than what she had said on earlier occasions.

Later, addressing a Congress (R) legislators meeting here, Mrs. Gandhi said although we should not interfere in the internal matters of other countries, what was happening in East Bengal could not be described as purely internal affairs of Pakistan.

Mrs. Gandhi was given a tumultuous reception by the people of her constituency on her first visit after the mid-term poll.

The Prime Minister had a busy day meeting local citizens, addressing a seminar on district economic problems, and also opening a State roadways bus terminal station.

Accompanied by the U.P. Chief Minister, Mr. Kamlapati Tripathi and some of his Cabinet colleagues Mrs. Gandhi arrived here by helicopter from Lucknow. The Union Minister of State for Parliamentary Affairs, Mr. Om Mehta, and Mr. Uma Shanker Dikshit, also came with her.

৫

পূর্ব পাকিস্তান নয়

(বিশেষ সংবাদদাতা)

নয়াদিল্লি, ১৫ এপ্রিল—ভারত সরকারের কাছে 'পূর্ব পাকিস্তান' বলে আর কোন কথা নেই। এর স্থান নিয়েছে 'পূর্ববঙ্গ'।

আজ এই প্রথম বহির্বিষয়ক মন্ত্রক পাকিস্তানী হাই কমিশনকে দেওয়া তাঁদের সরকারী নোটে সর্বত্র 'পূর্ববঙ্গ' কথাটি ব্যবহার করেন। ভারতীয় এলাকার মধ্যে পাক সশস্ত্র বাহিনীর গুলিবর্ষণের বিরুদ্ধে প্রতিবাদে ঐ নোট দেওয়া হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের অপপ্রচারের বিরুদ্ধে ভারতের প্রতিবাদ।	দৈনিক 'যুগান্তর'।	১৭ এপ্রিল, ১৯৭১।

ভারতের বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে গণহত্যার বর্বরতা ঢাকা যাবে না:

পররাষ্ট্র দপ্তরের প্রতিবাদ

(দিল্লী অফিস থেকে)

১৬ই এপ্রিল—বাঙলাদেশের মুক্তি সংগ্রামে ভারত কোনো না কোনোভাবে জড়িত আছে বলে পাকিস্তানী জঙ্গীশাহী ভারতের বিরুদ্ধে যে মিথ্যা প্রচার চালিয়ে যাচ্ছে ভারত আজ তার তীব্র প্রতিবাদ জানিয়েছে। ভারত সরকারের এই প্রতিবাদ একটি বিবৃতির আকারে আজ পররাষ্ট্র দপ্তরের জনৈক মুখপাত্র বিশ্বের সাংবাদিকদের কাছে পেশ করেন।

উক্ত মুখপাত্র প্রসঙ্গত বলেন যে, ভারতের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ ও প্রচার চালিয়ে পাক জঙ্গীশাহী বাঙলাদেশে যে বর্বর ও অমানুষিক গণহত্যা চালিয়ে যাচ্ছে তা কিছুতেই ঢাকতে পারবে না।

কেউ কেউ এই প্রতিবাদকে বাঙলাদেশ সরকারকে স্বীকৃতি দেওয়ার পূর্ব সূচনা বলে মনে করছেন। একজন বিদেশী সাংবাদিক এ-সম্বন্ধে প্রশ্ন করলে সরকারী মুখপাত্রটি এর সরাসরি কোনো উত্তর না দিয়ে বলেন, যখন যে অবস্থা দেখা দেবে তখন তার সেইভাবে মোকাবিলা করা হবে, এই হলো ভারত সরকারের নীতি।

পররাষ্ট্র দপ্তরের মুখপাত্রটি আরও বলেন যে, পাক জঙ্গীশাহী বাংলাদেশে যে মধ্যযুগীয় পৈশাচিক হত্যালীলা চালাচ্ছে তা থেকে বিশ্ববাসীর দৃষ্টি ঘুরিয়ে দেবার জনাই ভারতের বিরুদ্ধে তারা মিথ্যা প্রচারে নেমেছে। কিন্তু বিশ্বের নিরপেক্ষ পর্যবেক্ষকদের অনেকেই পাক বর্বরতা স্বচক্ষে দেখেছেন। কাজেই পাকিস্তান যতই চেষ্টা করুক তার পক্ষে এই নির্মম নিদারুণ সত্য চাপা দেওয়া সম্ভব হবে না। তিনি জোরের সংগে বলেন যে, ভারতের বিরুদ্ধে দেশ-বিদেশে যতই অপপ্রচার ও বিষোদ্গার করা হোক না কেন ইসলামাবাদের জঙ্গী শাসকচক্র কিছুতেই এই অকাট্য ও প্রত্যক্ষ সত্য চাপা দিতে পারবে না যে, পশ্চিম পাকিস্তানের শোষণ ও পীড়নের নাগপাশ ছিন্ন করার জন্য বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ কাঁধে কাঁধ মিলিয়ে লড়ছেন।

স্বীকৃতি দানের প্রশ্নে

পররাষ্ট্র দপ্তরের মুখপাত্রের এই বিবৃতিতে কেউ কেউ বাংলাদেশের সরকারকে স্বীকৃতি দানের পূর্ব সূচনা বলে মনে করছেন। জনৈক বিদেশী সাংবাদিক ঐ সম্বন্ধে প্রশ্ন করলে সরকারী মুখপাত্রটি তার সরাসরি উত্তর না দিয়ে কেবল বলেন, সরকার অবস্থা বুঝে ব্যবস্থা

নেবেন। তাঁর এই মন্তব্য থেকে এই কথাই মনে হয় যে, বাংলাদেশ সরকার হয়ত এখন সরকারীভাবে স্বীকৃতির জন্য অনুরোধ জানান নি। অথবা এমনও হতে পারে যে; ভারত সরকার এখনও এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নেন নি।

বাংলাদেশ সরকারের দুজন দূত য়ুরোপে রওনা হয়ে গেছেন বলে ভারত সরকার কোন খবর রাখেন কি—জনৈক সাংবাদিকের এই প্রশ্নের উত্তরে মুখপাত্রটি বলেন, 'কাগজে পড়েছি।'

সরকারী মুখপাত্রের এই ধরণের কাটা কাটা উক্তি থেকে মনে হয় সরকার ভবিষ্যতের কথা ভেবেই এখন সতর্কতা অবলম্বন করে চলেছেন।

সম্প্রতি পাকিস্তানী বাহিনী ভারত সীমান্ত এলাকা থেকে কয়েকজন সীমান্ত রক্ষী ও অসামরিক নাগরিককে ধরে নিয়ে গেছে। ভারতীয় এলাকা থেকে সীমান্ত রক্ষী ও নাগরিকদের জোর করে ধরে নিয়ে যাওয়ার পেছনে পাকিস্তানের একটা গূঢ় চক্রান্ত থাকাও বিচিত্র নয়। হয়ত পাকিস্তান পরে এটাই প্রচার করতে চাইবে যে, ভারত সরকার এদের মুক্তিযোদ্ধাদের সংগে সামিল হয়ে পাক বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করার জন্য বাংলাদেশে পাঠিয়েছিল। কিন্তু ভারত অঙ্কুরেই পাকিস্তানের এই দুরভিসন্ধি ফাঁস করে দিতে চান এবং সেই জন্যই তার এই প্রতিবাদ। পাকিস্তানের অপপ্রচার ক্রমশ এমন একটা স্তরে পৌঁছুচ্ছে যে, এর প্রতিবাদ না করলে তা যে অংশত সত্য একথাই মনে হবে। তাই বাংলাদেশ সম্পর্কে ভারত সরকারের প্রকৃত নীতি কি তা সকলকে জানানোর জন্যই ভারত পাক অপপ্রচারের তীব্র প্রতিবাদ জানিয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের আক্রমণ বরদাস্ত করা হবে না : প্রতিরক্ষা মন্ত্রীর ঘোষণা।	দৈনিক 'যুগান্তর'	২৫ এপ্রিল, ১৯৭১।

পাক হামলা বরদাস্ত করা হবে না

—প্রতিরক্ষামন্ত্রী

শিবপুরী (মধ্যপ্রদেশ), ২৪শে এপ্রিল (পি টি আই)—কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী শ্রীজগজীবন রাম আজকে এই সতর্কবাণী উচ্চারণ করেছেন যে, 'ভারতীয় এলাকায় পাকিস্তানের কোন সামরিক অভিযানই বরদাস্তকরবে না।'

পশ্চিমবঙ্গে বনগাঁর অনতিদূরে ভারতীয় সীমান্তে পাকিস্তানী গোলা বর্ষণের সংবাদ পেয়েই ভারতের প্রতিরক্ষা মন্ত্রী এই হুঁশিয়ারী দিয়েছেন। তিনি এখানে একটি ভাষণ দিচ্ছিলেন।

প্রসংগত শ্রীজগজীবন বলেন ভারতকে সর্বক্ষণ সজাগ সতর্ক এবং ভারতের মাটিতে যে কোন আক্রমণ প্রতিহত করবার জন্য প্রস্তুত থাকতে হবে।

ভারত তিব্বত সীমান্ত বাহিনীর শিক্ষার্থী সদস্যদের উদ্দেশে ভাষণ দিতে গিয়ে প্রতিরক্ষা মন্ত্রী এই কথাগুলি বলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
ভারতের মাটিতে গোলা নিক্ষেপের জন্য পাকিস্তানের প্রতি ভারতের সতর্কবাণী।	দৈনিক 'আনন্দবাজার'	২৫ এপ্রিল ১৯৭১

ভারতের মাটিতে গোলা ফেলা বন্ধ কর নতুবা
পরিণামের জন্য দায়ী হবেঃ পাকিস্তানের প্রতি সতর্কবাণী

ভারতীয় সীমান্ত বনগাঁর কাছে শনিবার সকালে পাকিস্তানী গোলা এসে পড়েছে। তাছাড়া এক কোম্পানি পাকফৌজ নিষিদ্ধ সীমার পাঁচ কিলোমিটার ভিতরে এসে, পেটরাপোলে রেল লাইনের কাছে অবস্থান নিয়ে, শনিবার বিকাল চারটে থেকে এক ঘন্টা ধরে ভারতীয় গ্রামগুলির উপর গুলি চালায়। পরে তারা বেনাপোলে হটে যায়। নয়াদিল্লী থেকে এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। দাবি করা হয়েছে যে, পাকিস্তানকে কথা দিতে হবে যে, এ ধরনের ব্যাপার আর ঘটবে না, আর না হলে সম্ভাব্য পরিণাম যা ঘটবে তার জন্য পাকিস্তান দায়ী হবে।

সকালে পাক ফৌজ ভারতীয় সীমান্তের (বনগাঁ) ওপারে মুক্তিফৌজের শিবির লক্ষ্য করে মরটার চালায়। তারই কয়েকটি গোলা ভারতীয় এলাকায় এসে পড়েছিল। দ্বিতীয় ঘটনাটি আরও গুরুতর।

বহির্বিষয়ক মন্ত্রক পাক হাইকমিশনকে ওই ঘটনাগুলির প্রতিবাদে যে নোট পাঠিয়েছেন তা রীতিমত কড়া ধাঁচের। এ ছাড়া অন্য একটি নোটে পাকিস্তানকে জানানো হয়েছে যে, ভারতের সীমান্ত রক্ষিবাহিনীর লোকেরা কখনই পাকিস্তানে প্রবেশ করেন নি। এ বিষয়ে পাকিস্তানের ১৪ এপ্রিল তারিখের অভিযোগ একেবারেই ভিত্তিহীন। অর্থাৎ আজ ভারত পাকিস্তানকে দুইটি নোট পাঠিয়েছে।

ভারত আরও বলেছে যে, অপহৃত তিনজন সীমান্ত রক্ষীকে ফেরত দিতে হবে এবং অপহরণকারীদের (যারা পাক ফৌজের লোক) উপযুক্ত শাস্তি দিতে হবে।

ভারত আরও জানিয়েছে যে, ১২ এপ্রিল রাত এগারোটায় পাকফৌজ সোনামুরার কাছে ত্রিপুরার উপমন্ত্রী শ্রীমনসুর আলীর বাড়ীর উপর গুলি চালিয়েছিল এবং ১৪/১৫ এপ্রিল রাত্রে ওই অঞ্চলে কর্তব্যরত নায়েক মণিকুমারকে গুলি চালিয়ে হত্যা করেছিল। ১৭ এপ্রিল ওই অঞ্চলে আরও কয়েকজন ভারতীয় নাগরিকের আবাসের উপর পাকিস্তানীরা গুলি চালিয়েছিল। ভারত এইসব ঘটনার প্রতিবাদ জানিয়েছে এবং বলেছে যে, সে পাকিস্তানের কাছে এজন্য ক্ষতিপূরণ দাবি করতে পারে। এ ধরনের ব্যাপার বন্ধ না হলে যা পরিণাম ঘটবে পাকিস্তান সেজন্য এককভাবে ও সম্পূর্ণভাবে দায়ী হবে।

—পি টি আই ও ইউ এন আই

শিরোনাম	সূত্র	তারিখ
সীমা ছাড়লে গুরুতর পরিণতি হবে: পাকিস্তানকে ভারতের হুঁশিয়ারি।	দৈনিক 'আনন্দবাজার'	২৯ এপ্রিল ১৯৭১

পাকিস্তানকে ভারতের হুঁশিয়ারি—সীমা ছাড়ালে পরিণাম গুরুতর: নিহতদের জন্য ক্ষতিপূরণ দিন

(বিশেষ সংবাদদাতা)

নয়াদিল্লী, ২৮ এপ্রিল—গত ২৬শে এপ্রিলের পর থেকে ভারতীয় সীমান্তের মধ্যে পশ্চিমবঙ্গের বুকে ঢুকে পাকিস্তানী সেনারা যে আক্রমণ চালিয়েছে, ভারত আজ তার বিরুদ্ধে কড়া ভাষায় পাকিস্তানের কাছে প্রতিবাদ জানিয়েছে। আক্রমণের চারটি ঘটনায় গতকাল এবং তার আগের দিন তেত্রিশ জন ভারতীয় নাগরিক পাকফৌজের হাতে প্রাণ হারিয়েছেন। অন্ততঃ আটজন আহত হয়েছেন, দু'জন নিখোঁজ।

আমলাতান্ত্রিক পদ্ধতি অনুযায়ী ভারত তিনটি নোটে পাকিস্তানের কাছে আজ ক্ষতিপূরণ চেয়েছে এবং হুঁশিয়ার করে দিয়েছে যে, ভবিষ্যতে ১৯৬০ সালের ভূমি নীতি লংঘনের এরূপ ঘটনা ঘটলে গুরুতর পরিণতির সম্মুখীন হতে হবে। এই সব নোট পররাষ্ট্র দফতর আজ পাকিস্তান হাইকমিশন অফিসে পাঠিয়ে দিয়েছেন।

ইতিমধ্যে জানা যায় যে, বাংলাদেশে পাকফৌজের ইউনিটগুলি পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও আসাম সীমান্তে পৌঁছে সীমান্তের ঘাঁটিগুলিতে ছড়িয়ে পড়তে চেষ্টা করছে। মনে হয়, সেনাবাহিনীর নির্দেশ অনুযায়ী হত্যায় সুখী পাকফৌজ এ জন্যই সীমান্তের এপারে গুলি চালিয়ে যাচ্ছে।

১৯৬০ সালে ভারত ও পাকিস্তান উভয়েব সীমান্ত থেকে সেনাবাহিনীকে অন্ততঃ এক হাজার গজ দূরে রাখার জন্য ভূমিনীতি তৈরি করেন। পূর্ব পাকিস্তান রাইফেলস এবং ভারতেব সীমান্ত রক্ষী বাহিনীর জন্য এই নীতি তৈরি হয়। এখন পূর্ব পাকিস্তান রাইফেলস বলে কিছু নেই। কাজেই ভারত যে এখনও পাকিস্তানের সঙ্গে আইনের কচকচিতে ব্যস্ত এটা খুবই মজার ব্যাপার।

সরকারী মহল বলেন, ভারতীয় সেনাবাহিনীকে সীমান্ত থেকে এখনও অন্ততঃ এক হাজার গজ দূরে রাখা হচ্ছে। সীমান্ত রক্ষী বাহিনীই সীমান্তের ভার আপাতত বইতে পারবে মনে করেই এই ব্যবস্থা।

ভারতের নোটে যে সমস্ত ঘটনার প্রতি পাকিস্তানের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং প্রতিবাদ জানানো হয়েছে তা হল:

২৬ এপ্রিল: পাকিস্তানী সৈন্য জলপাইগুড়ির কাছে ভারতীয় সীমান্তের বর্ণপাড়া পর্যন্ত চলে আসে এবং ভারতীয় এলাকার মধ্যে গুলি চালিয়ে দু'জন ভারতীয় গ্রামবাসীকে নিহত করে।

২৭ এপরিলঃ বয়ড়া এলাকায় (বনগাঁর উত্তরে) পাকফৌজ ভারতের লাখিমপুর গ্রাম পর্যন্ত চলে আসে এবং গুলি চালিয়ে পাঁচ জনকে নিহত করে। নিহতদের একজন নাবালিকা। তিনজন আহত হয়।

২৫ এপরিল ঃ বনগাঁর কাছে ভারতীয় এলাকায় ঢুকে পাক সৈন্য সীমান্ত রক্ষী দলের উপর গুলি চালায়।

২৭ এপরিল ঃ পাক সেনা ধরলা নদী পেরিয়ে ভারতীয় ছিটমহল বাঁশ পাচিরে বেলা দুটো নাগাদ প্রবেশ করে। বেপরোয়া গুলি চালিয়ে হানাদাররা অন্ততঃ পাঁচশজনকে হতাহত করে।

২৬ এপরিল ঃ কাছাড় সীমান্তে প্রহরারত সীমান্ত রক্ষী বাহিনীর উপর পাক সৈন্য হামলা করে। একজন কনসটেবল নিহত হন, পাঁচজন আহতদের মধ্যে একজন ইনসপেকটর। দুজন কনসটেবল নিখোঁজ।

পাক সৈন্যরা দুটি ওয়ারলেস সেট, একটি রাইফেল এবং দুটি হালকা মেশিনগান ছিনিয়ে নেয়।

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের ঘটনাপ্রবাহ শেষ পর্যন্ত ভারতের উপর চাপ সৃষ্টি করবে: প্রধানমন্ত্রীর সতর্কবাণী	দৈনিক 'স্টেটসম্যান'	৭ মে, ১৯৭১

PAK DEVELOPMENTS WILL ULTIMATELY AFFECT INDIA

—Mrs. Gandhi.

(From Our Special Representative)

NEW DELHI, May 6—Mrs. Gandhi said today that India could not shut its eyes to wahatever was happening in East Pakistan "for it is bound eventually to affect this country and its economy."

The Prime Minister made a reference to the stream of refugees pouring into India from East Pakistan while inaugurating a conference of the District Congress Committee Presidents and General Secretaries.

She said a large number of evacuees—about two million—had crossed into this country.

They would go back when fighting stopped in East Pakistan. Meanwhile, she hoped that people all over the country would help them. "We have not only to look after the evacuees at present but also see that they go back to their homes after the war is over there." Mrs. Gandhi said that a central Assistance Committee headed by Mr: M. C. Setalvad, had already been established to help the evacuees.

Mrs. Gandhi said that "a new burden had come on this country" as a result of what is happening across the border. Developments in East Pakistan were bound to have great impact not only on West Bengal but on the whole country.

শিরোনাম	সূত্র	তারিখ
এখনই ভারতের স্বীকৃতি বাংলাদেশের স্বার্থের অনুকূল হবে না—বিরোধী নেতৃবৃন্দের সাথে আলোচনাকালে প্রধানমন্ত্রীর বক্তব্য।	দৈনিক 'আনন্দবাজার'	৮ মে, ১৯৭১

এখনই ভারতের স্বীকৃতি বাংলাদেশের স্বার্থের অনুকূল হবে না—তবে মুক্তি আন্দোলনকে পূর্ণ সমর্থন দেওয়া হবে

—শ্রীমতি ইন্দিরা গান্ধী

(বিশেষ সংবাদদাতা)

What the State Government feels now is that the problem of evacuees needs to be teated at the national level and should not be left to be dealt with directly by the West Bengal Government alone. And since all the State Governments are committed to supporting the Bangla Desh cause, they should now be persuaded by the Centre to come forward to share the burden of evacuees.

Gesture Appreciated

The State Government, of course, appreciated the Centre's gesture in promising full financial compensation to the State Government for the maintenance of the evacuees. But this, West Bengal Government thinks, solves only a small part of the overall problem.

The Cabinet, meanwhile, has named a sub-committee, comprising the Minister of Finance, Mr. Tarun Kanti Ghosh, PWD Minister, Mr. Santosh Roy and the Rehabilitation Minister, Mr. Ananda Mohan Biswas to coordinate

relief measures for the evacuees. Moreover, some of the Ministers are going out to different border districts to make a fresh assessment of the situation.

Our Special Representative in New Delhi adds: Mr. Khadilkar did not naturally want to specify the amount, but having "regard to humanitarian considerations", the Centre was prepared to bear the "heavy burden" and would give "whatever money is required" to help the large number of people being forced out of East Bengal.

Till today about 273,299 people have crossed the border, Mr. Khadilker added that up to the middle of April, the men who entered West Bengal Assam, Meghalaya and Tripura 'preferred to return to East Bengal, presumably to continue the freedom fight". Those who stayed back in India comprised mostly women, children and older men.

Sudden Rise

But after April 15, however, there had been a sudden increase in the influx of people from East Bengal, possibly because of the extreme brutality of the Pakistani Army.

That everyone who has crossed the border is not depending on the Indian Government's assistance is obvious from the fact that the number of people in the camps totalled only 89,600. The balance of 169,100 refugees were living with friends and relatives.

Mr Khadilkar gave the following break-up of people in the camps: West Bengal—61,800: Assam and Meghalaya—10,700; and Tripura—17,100.

A large chunk of the 169,100 refugees staying with friends and relatives are in West Bengal. The following is the break-up of this category of refugees: West Bengal—151,400; Assam and Meghalaya—7,700; and Tripura—10,000.

Mr Khadilkar did not agree with a questioner who asked whether the influx of refugees was not too big for the Government to cope with. To deal with relief work with "utmost expedition" a branch secretariat of the Ministry under the charge of an Additional Secretary has been set up in Calcutta. Liaison officers in Assam and Tripura, who will function under this branch were also being appointed.

In reply to another question, Mr Khadilkar said the Government was taking precautions to prevent undesirable organizations meddling in relief work. All voluntary organizations have been told to route their assistance through the Bangla Desh Assistance Committee set up at the national level.

Asked what steps the Government was taking to present spies and infiltrator from entering Indian territory in the garb of refugees. Mr Khadilkar said, "We have taken as much care as is humanly possible to check such people coming in".

Mr Khadilkar said the border State Governments have so far made arrangements for opening nearly 55 reception centres and relief camps. Their number would be suitably increased if necessary. Adequate arrangements were also be made to provide shelter to the refugees during the monsoon.

শিরোনাম	সূত্র	তারিখ
শরণার্থীদের আশ্রয়ের প্রশ্নে পশ্চিম বংগ বিধান সভায় রাজ্যপালের ভাষণ।	দৈনিক 'আনন্দবাজার'	৬ মে, ১৯৭১

শরণার্থীদের এখানে আশ্রয় দেওয়াই সরকারের নীতি

—ধাওয়ান

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ থেকে আগত আশ্রয়প্রার্থীদের মধ্যে যাঁরা ভারতের মাটিতে আশ্রয় চাইবেন তাদের সকলকে আশ্রয় দেওয়া পশ্চিমবঙ্গ সরকার ও কেন্দ্রীয় সরকারের নীতি হবে। বুধবার রাজ্য বিধানসভার অধিবেশনে রাজ্যপাল শ্রীশান্তিস্বরূপ ধাওয়ান তাঁর ভাষণে এ কথা ঘোষণা করেন।

শ্রীধাওয়ান আরো বলেন, ওই বাংলার পরিকল্পিত গণহত্যার ফলেই অগণিত মানুষ দেশত্যাগ করে এপারে চলে আসছেন।

আসলে বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেবার দাবি জানিয়ে এবং বাংলাদেশে গণহত্যার প্রতিবাদ করে বুধবার বিধানসভায় একটি সর্বসম্মত প্রস্তাব আসবে। বুধবার বিধানসভা ভবনের সরকার এবং বিরোধী পক্ষের নেতাদের মধ্যে বৈঠকে এই সিদ্ধান্ত হয়।

রাজ্যপাল তাঁর ভাষণে আরও বলেন ১৯৭১ সালের মার্চ মাসের শেষ কয়দিন হতে বাংলাদেশ থেকে ব্যাপকভাবে উদ্বাস্তু আগমন হচ্ছে। এর ফলে খাদ্য সরবরাহ ও নিরাপত্তার সমস্যা দুটি আরও জটিল হয়ে উঠেছে। অনুমিত হয় যে ১০ লক্ষেরও অধিক নরনারী সীমান্ত পার হয়ে এসেছেন এবং উদ্বাস্তু আগমনের স্রোত অব্যাহত আছে। কেন্দ্রীয় পুনর্বাসনমন্ত্রক কলকাতায় তাঁদের শাখা অফিসে একজন অবর সচিবকে কর্মী নিযুক্ত করেছেন এবং সাময়িক আশ্রয়শিবির গঠন ও পরিচালনা ও জনস্বাস্থ্যের সুযোগ-সুবিধা বিধানের ব্যয়নির্বাহের প্রস্তাব করেছেন। অব্যাহত আশ্রয়প্রার্থী আগমনের ফলে আজ আমাদের রাজ্যের প্রশাসন ব্যবস্থায় বাধা সৃষ্টির আশঙ্কা দেখা দিলেও আমার সরকার এবং কেন্দ্রীয় সরকারের নীতি হবে যাঁরা ভারতের মাটিতে আশ্রয় লইবেন তাঁদের সকলকে আশ্রয় দেওয়া।

শ্রীধাওয়ান বলেন, সীমান্তের ওপারে বাংলাদেশের ঘটনাবলী আমাদের উপর গভীর প্রভাব বিস্তার করেছে এবং নির্মম সামরিক অভিযানের দরুণ এবং উপমহাদেশের ওই অঞ্চলের পরিকল্পিত গণহত্যা বলে যা মনে হয় তার কারণ অগণিত মানুষের দেশত্যাগের ফলে আমাদের উপর এসে পড়েছে নতুন উদ্বাস্তু সমস্যা।

বাংলাদেশ সংক্রান্ত প্রস্তাব

বুধবার বিধানসভা অধিবেশন শেষে বিরোধী দলনেতা শ্রীজ্যোতি বসু এলেন মুখ্যমন্ত্রী শ্রীঅজয় মুখার্জির কামরায়। সঙ্গে সি পি এম নেতা শ্রী . রেকৃষ্ণ কোঙার। মুখ্যমন্ত্রীর ঘরে উপমুখ্যমন্ত্রী শ্রীবিজয়সিংহ নাহার, স্বাস্থ্যমন্ত্রী ডাঃ জয়নাল আবেদীন উপস্থিত। একে একে সি পি আই নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জি সংযুক্ত বামপন্থী ফ্রন্টের আহ্বায়ক শ্রীসুধীন কুমার, এস ইউ সি নেতা শ্রীসুবোধ ব্যানার্জিও এলেন।

দীর্ঘ আলোচনার পর বাংলাদেশ সম্পর্কে তাঁরা একটি সর্বসম্মত প্রস্তাব রচনা করলেন। বৈঠক শেষে বেরোবার মুখে সুবোধ বাবু বললেন আমরা একমত হয়েছি। একটি শব্দ নিয়ে এখনও একটু মতভেদ আছে। তবে ঠিক হয়ে যাবে।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশকে অস্ত্রসহ সকল প্রকার সাহায্যদানের দাবীর প্রশ্নে পশ্চিমবঙ্গ সরকার এবং বিরোধীনেতাদের ঐক্যমত।	দি স্টেটসম্যান।	৭ মে, ১৯৭১।

State Assembly will Demand:

ALL HELP TO BANGLADESH INCLUDING ARMS SUPPLY

By Our Special Representative

The Government and the Opposition Parties in the West Bengal Assembly reached unanimity on a resolution on Bangladesh on Thursday. It will be a Government resolution to be moved by the Chief Minister, Mr Ajoy Mukherji and seconded by the Leader of the Opposition. Mr Jyoti Basu, on Friday.

Condemning "the hellish genocide committed by the Pakistan. military clique on the 75 million people of Bangladesh,ı' the resolution will demand that the Union Government immediately recognize the sovereign Democrat Republic of Bangladesh and give it all necessary help including supply of arms.

The draft of the resolut on says that longer the delay n taking these measures the greater would be the suffering of the Bangladesh people. The Assembly, it says, appeals to the people of West Bengal to put pressure on the Central Government to concede these demands. It also urges for all necessary measures to provide accommodation and relief to the Bangladesh evacuees.

On Thursday the SUC leader, Mr. Subodh Banerjee, took the initiative in securing an agreement between different political parties on the inclusion of the expression, "including supply of arms,ı' in the resolution. He met the Chief Minister, the Deputy Chief Minister, the Leader of the opposition, and the CPI leader, Mr Biswanath Mukherjee, separately andthen arranged a meeting of all these leaders. The unanimity on the resolutoin was reached at that meeting.

It is learnt that the CPI put pressure on some major partners of the Democratic Coalition to agree to the inclusion of "supply of arms" in the resolution. The attitude of the Muslim League, another partner of the Coalition trowards, Bangladesh and its Government, has not yet been stated publicly.

শিরোনাম	সূত্র	তারিখ
পশ্চিম বঙ্গ বিধান সভায় সর্বসম্মত প্রস্তাব: "বাংলাদেশকে স্বীকৃতি দিন":	পশ্চিম বঙ্গ বিধান সভার কার্য বিবরণী।	৮ মে, ১৯৭১

Mr. Speaker: I now request Government Resolution the Chief Minister to move the Resolution and just after moving the Resolution I will request all honourable members to rise in their seats and remain standing in silence for two minutes in order to pay respects to the memory of martyrs of Bangladesh.

শ্রীঅজয়কুমার মুখার্জি: স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই প্রস্তাবটা আনছি।

বিগত ডিসেম্বর মাসে অনুষ্ঠিত নির্বাচনে মুজিবর রহমানের নেতৃত্বে পরিচালিত আওয়ামী লীগের অসামান্য ও ঐতিহাসিক সাফল্যের মধ্যে প্রকাশিত জনগণের সুস্পষ্ট রায়কে পদদলিত করিয়া বাংলাদেশের সাড়ে সাত কোটি জনগণের বিরুদ্ধে পাকিস্তানের সামরিক শাসকচক্র যে নারকীয় গণহত্যাভিযান চালাইতেছে পশ্চিমবঙ্গ বিধানসভা তাকে তীব্র ধিক্কার জানাইতেছে এবং বাংলাদেশের জনগণ পূর্ণ জাতীয় স্বাধীনতার জন্য যে মরণপণ সশস্ত্র সংগ্রাম চালাইতেছেন তার প্রতি অকুণ্ঠ সমর্থন ও সেই সঙ্গে সংগ্রামী জনগণকে আন্তরিক অভিনন্দন জানাইতেছে।

পাকিস্তানের সামরিক শাসকচক্র যাহাতে অবিলম্বে এই বর্বর গণহত্যা বন্ধ করিতে এবং বাংলাদেশ হইতে তাহার সমস্ত সামরিক বাহিনী তুলিয়া লইতে বাধ্য হয় তাহার জন্য উপযুক্ত কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এই বিধানসভা ভারত সরকারসহ অন্যান্য দেশের সরকারের নিকট আবেদন করিতেছে।

পশ্চিমবঙ্গ বিধানসভা এই বিশ্বাস রাখে যে, তাহাদের সংগ্রাম যতই কঠোর ও প্রতিকূল অবস্থার সম্মুখীন হউক না কেন বাংলাদেশের সংগ্রামী জনগণ শেষ পর্যন্ত জয়লাভ করিবেনই। এই সভা আরও আশা রাখে যে যেহেতু এই রক্তক্ষয়ী সংগ্রাম সর্বপ্রকার আধুনিক মারণাস্ত্রে সুসজ্জিত পাকিস্তানের সামরিক শাসকচক্র কর্তৃক বাংলাদেশের নিরস্ত্র জনগণের উপর চাপাইয়া দেওয়া হইয়াছে এবং ইহা জাতীয় স্বাধীনতার জন্য অত্যন্ত ন্যায়সঙ্গত সংগ্রাম সেই হেতু ইহা শুধু ভারতীয় জনগণের নিকট হইতে নহে, পৃথিবীর অন্যান্য দেশের এমন কি পাকিস্তানের বিভিন্ন রাজ্যের জনগণের নিকট হইতেও ক্রমবর্ধমান সক্রিয় সমর্থন লাভ করিবে।

বাংলাদেশের জনগণের জাতীয় স্বাধীনতার জন্য মরণপণ সংগ্রামের প্রতি ভারতের প্রশ্ন ও জরুরী কর্তব্যের কথা বিবেচনা করিয়া এই বিধানসভা ভারত সরকারের নিকট দাবি জানাইতেছে যে অনতিবিলম্বে বাংলাদেশের সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও তাহার সরকারকে স্বীকৃতি এবং অস্ত্রশস্ত্র সহ সর্বপ্রকার প্রয়োজনীয় কার্যকরী সাহায্য দিতে হইবে। বাংলাদেশের লক্ষ লক্ষ নরনারী যখন বুকের রক্ত দিতেছেন তখন পশ্চিমবঙ্গের জনগণ ইহার কমে কিছুতেই সন্তুষ্ট হইতে পারেন না।

এই ব্যবস্থাগুলি গ্রহণ করিতে যতই দেরি হইতেছে ততই বাংলাদেশের জনগণের দুঃখ, দুর্গতি ও লাঞ্ছনা বৃদ্ধি পাইতেছে। ইহাতে পশ্চিমবঙ্গের বিধানসভা ও জনগণ গভীর উদ্বেগ বোধ করিতেছে। এই অবস্থায় যাহাতে অবিলম্বে উক্ত দাবিগুলি স্বীকৃত হয় তাহার জন্য ভারত সরকারের উপর প্রয়োজনীয় চাপ সৃষ্টি করার জন্য বিধানসভা পশ্চিমবঙ্গের জনগণ ও সরকারের নিকট আহ্বান জানাইতেছে।

ব্যাপক নরহত্যার মুখে বাংলাদেশের লক্ষ লক্ষ নারী, পুরুষ, শিশু, বৃদ্ধ সীমান্ত পার হইয়া পশ্চিম বাংলায় চলিয়া আসিতে বাধ্য হইতেছেন। সৌভ্রাত্রের ও মানবতার অপরিহার্য অঙ্গ হিসাবে তাহাদের জন্য সর্বরকম প্রয়োজনীয় ব্যবস্থা করা একান্ত দরকার। ইহা পশ্চিমবঙ্গের ও উহার পার্শ্ববর্তী সীমান্ত রাজ্যগুলির আর্থিক ক্ষমতার বাহিরে। এই কঠিন সত্য বিবেচনা করিয়া পশ্চিমবঙ্গের বিধানসভা ভারত সরকারের নিকট এই বিষয়ে যাবতীয় ব্যয়ভার বহনের দাবি জানাইতেছে।

মিঃ স্পীকার: পূর্ব বাংলার মুক্তি সংগ্রামের জন্য যাঁরা জীবন দিয়েছেন, তাঁদের সম্মানার্থে সবাইকে দাঁড়িয়ে দু' মিনিট নীরবতা পালন করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

[The Members then rose in their seats and remained silent for two minutes.]

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমার প্রস্তাবে অতি বিস্তৃতভাবে সবই বলা হয়েছে, আর বলার বেশি কিছু নাই। আপনারা সবাই জানেন যে, পাকিস্তানে দুটি অংশ-পূর্ব পাকিস্তান এবং পশ্চিম পাকিস্তান- পরস্পর বিচ্ছিন্ন বহু দূরে অবস্থিত। পূর্ব পাকিস্তানের অধিবাসী-দের বরাবরই এই অভিযোগ ছিল যে পশ্চিম পাকিস্তানের অধিবাসীরা সংখ্যালঘু হয়েও পূর্ব-পাকিস্তানের চেয়ে সংখ্যায় তারা কম হয়েও পূর্ব পাকিস্তানের উপর প্রভুত্ব করছে শোষণ করছে। এই অভিযোগ তাদের ছিল। এমন কি, মাতৃভাষা পর্যন্ত বিলোপ করার চেষ্টা করেছে। সেজন্য পূর্ব-পাকিস্তানে বাংলাভাষা নিয়ে সংগ্রাম হয় অনেক জীবন পর্যন্ত দিতে হয়েছে। এবং আনন্দ ও গৌরবের বিষয়, বাংলা ভাষার সমৃদ্ধি পূর্ব-পাকিস্তানে খুব ভাল হয়েছে।

শ্রীসুবোধ ব্যানার্জি: মুখ্যমন্ত্রী মহাশয় পূর্ব পাকিস্তান না বলে বাংলাদেশ বলুন।

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমি তাতে আসছি ব্যস্ত হচ্ছেন কেন? তারপর ওঁদের অনেক আন্দোলনের পর সেখানে স্বৈর শাসন পরিসমাপ্তি করার জন্য ঘোষণা করা হয় যে, গণ-তন্ত্র অনুযায়ী গণভোটে সেখানে সরকার প্রতিষ্ঠিত হবে। যথানিয়মে সেখানে স্বৈরতন্ত্রের নেতৃত্বে গণভোট গৃহীত হল এবং তাতে বঙ্গবন্ধু মুজিবর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ শুধু পূর্ব-বাংলা নয় সমস্ত পাকিস্তানে সংখ্যাগরিষ্ঠতা লাভ করলেন, কেন্দ্রীয় সরকারে, কেন্দ্রীয় বিধানসভায়, আইনসভায়। সাধারণ গণতন্ত্রের নিয়ম অনুসারে সমস্ত পাকিস্তানে তাঁকে প্রধানমন্ত্রী হিসাবে বসতে দেওয়া উচিত ছিল। এবং আইনসভার কাজ করার এবং মন্ত্রীমণ্ডলী গঠন করার সুযোগ দেওয়া উচিত ছিল। কিন্তু তা না দিয়ে সেখানে স্বৈর শাসক সেটা জোর করে ভেঙে দিলেন ভেঙে দিয়ে তিনি চরম অত্যাচার শুরু করলেন।

জনগণের যে সুস্পষ্ট রায় অর্থাৎ তাঁরা যে রকম ভোট পেয়ে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছিলেন এরকম ভোট পৃথিবীতে কে কোথায় পেয়েছে আমার জানা নেই। কিন্তু তাকে অগ্রাহ্য করে যখন জবরদস্তি স্বৈর শাসন চালান হ'ল তখন অগত্যা পূর্ববাংলা স্বাধীনতা ঘোষণা করল। তাঁরা প্রথমে পূর্ণ স্বাধীনতা চাননি তাঁরা চেয়েছিলেন পূর্ববাংলার পূর্ণ স্বায়ত্তশাসন এবং সেটা পাকিস্তানের মধ্যে থেকেই। কিন্তু এই অত্যাচারের ফলে তাঁরা পূর্ণ স্বাধীনতা ঘোষণা করলেন এবং তারপর বললেন এটা বাংলাদেশের সরকার। তারপরই ভীষণ অত্যাচার শুরু হ'ল—অর্থাৎ গণহত্যা, নারী নির্যাতন, গৃহদাহ প্রভৃতি অমানুষিক অত্যাচার দিনের পর দিন ধরে চলছে। এই অবস্থায় প্রতিবেশী রাজ্য হিসেবে আমরা চুপ থাকতে পারি না বিশেষ করে আমাদের সঙ্গে তখন তাঁদের নাড়ীর সম্পর্ক রয়েছে। আমাদের প্রস্তাবে সেকথা বলা হয়েছে আমি তার আর পুনরুল্লেখ করতে চাই না। আমরা ভারত সরকারকে বলছি যত শীঘ্র সম্ভব এই যে নূতন সরকার প্রতিষ্ঠিত হয়েছে তাকে স্বীকৃতি দিন এবং তাঁদের সর্বপ্রকার সাহায্য দিন। এই সর্বপ্রকার সাহায্যের মধ্য দিয়ে আমরা অস্ত্রশস্ত্রের কথাও বলেছি। আমাদের কেন্দ্রীয়

সরকার এটা বিবেচনা করে দেখবেন অস্ত্রশস্ত্র সরবরাহ করা মানে যুদ্ধ ঘোষণা করা হবে কিনা। কিন্তু আমাদের দাবি অর্থাৎ বিধানসভার দাবি অবিলম্বে তাঁদের সর্বপ্রকার সাহায্য করা হোক। আমরা তাঁদের বীরত্বের জন্য প্রশংসা করেছি। আশ্চর্যের বিষয় একক নেতৃত্বের অধীনে থেকে এরকমভাবে জনগণের সংগ্রাম করা এটা পৃথিবীতে দুর্লভ। এইজন্যই আমরা তাঁদের উচ্ছ্বসিত প্রশংসা করেছি এবং তাঁদের পাশে এসে দাঁড়িয়েছি। আমরা দেখেছি হিন্দু-মুসলমান মিলে ১২-১৩ লক্ষ লোক এখানে এসেছে যাদের ঘরবাড়ি ধ্বংস করা হয়েছে, আত্মীয়স্বজনকে হত্যা করা হয়েছে, সেখানে তাদের বসবাস অসম্ভব করে তোলা হয়েছে এবং নিষ্ঠুরভাবে মানুষকে খুন করা হচ্ছে। আপনারা জানেন আমাদের পশ্চিম বাংলা অত্যন্ত জনবহুল। ভারতবর্ষের মধ্যে যে দুটি প্রদেশ বর্তমানে জনবহুল তার মধ্যে একটি হচ্ছে কেরালা এবং আর একটি হচ্ছে আমাদের এই পশ্চিম বাংলা। কিন্তু তা সত্ত্বেও আমাদের এই পশ্চিম বাংলায় আমরা তাঁদের সাদরে আশ্রয় দিচ্ছি এবং তাঁদের বাস করার, খাওয়া-দাওয়ার খরচ যা দরকার সমস্তই কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। আমরা যে খুব ভালভাবে পারছি তা নয়। হঠাৎ দিনের পর দিন যদি হাজার হাজার লোক আসতে থাকে তাহলে সঙ্গে সঙ্গে তাদের আশ্রয় এবং খাওয়া-দাওয়ার ব্যবস্থা করা এটা সম্ভব নয়। কাজেই তাদের হয়ত কষ্ট হচ্ছে। কতদিন এই যুদ্ধ চলবে এবং কত লোক আসবে তার কোন ঠিক নেই। আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি পশ্চিম বাংলায় যত লোক আসবে তাদের দেবার মত স্থান আমাদের নেই অর্থাৎ এমন জমি নেই যেখানে তাদের জন্য শিবির তৈরি করতে পারি। কাজেই আমরা তাঁদের অনুরোধ করেছি আমাদের এখানে ৫ লক্ষ লোকের স্থান রেখে অর্থাৎ ট্রানজিট ক্যাম্পের মত করে তাঁরা যদি অন্যান্যদের অন্য প্রদেশে নিয়ে যান তাহলে ভাল হয়। এটা পশ্চিম বাংলার কথা নয় এটা সারা ভারতবর্ষের কথা এবং সারা পৃথিবী থেকে তাদের জন্য সাহায্য এবং সহানুভূতি আসছে।

শ্রীজ্যোতি বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশ সম্পর্কে মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এনেছেন আমি পার্টির সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাতে গিয়ে আমি বলব যে, আমরা সকলে মিলে চেষ্টা করেছি যাতে করে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ এক হয়ে এই প্রস্তাব গ্রহণ করতে পারি। কারণ পূর্ব পাকিস্তানের মানুষ বাংলাদেশের মানুষ নিশ্চয় এটা জানেন যে, আমাদের এখানকার কি দলাদলি আছে। এবং সেটা ভয়ঙ্কর দলাদলি। আমরা যারা বিরোধী দল এখানে আছি কংগ্রেস দলের সঙ্গে এবং তাঁদের যাঁরা সমর্থন করছেন তাঁদের সঙ্গে কোন বিষয়ে আমরা একমত নই। তথাপি এই বিষয়ে যা নিয়ে প্রস্তাব নেওয়া হয়েছে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম নিয়ে তো আমরা সকলেই সমর্থন করি। এর পাশে এসে দাঁড়াবার জন্য আহ্বান জানাচ্ছি। এটাকে আমি মনে করি যে, এমন একটা বিষয় শুধু পৃথিবীর পক্ষে নয় আমাদের গণতন্ত্রের পক্ষে, আমাদের এগিয়ে যাবার পক্ষে ঐ যে একসঙ্গে হয়ে এইরকম একটা আন্দোলন সংগ্রাম লড়াই হচ্ছে স্বাধীনতার জন্য তাকে যদি জেতাতে না পারি তাহলে আমাদের সমস্ত বিপদ, নিজেদের দেশের গণতন্ত্রের হবে এইজন্যই আমরা চেষ্টা করছি। তাকে যদি আমাদের দাবি স্বীকার করাতে হয় তো আমাদের ঐক্যবদ্ধ হতে হবে এবং ঐ বাংলাদেশের সংগ্রামী মানুষ তাঁরা নিশ্চয়, আমাদের বিচার করবেন শুধু এই প্রস্তাব পাঠ নয়, দেখে নয়, ভবিষ্যতে এই প্রস্তাব কার্যকরী করার জন্য আমরা কি ব্যবস্থা অবলম্বন করেছি। তাই দেখে তাঁরা বুঝবেন যে, আমাদের কি আন্তরিকতা আছে এর পিছনে। এই প্রস্তাব যাতে কাগজের প্রস্তাব না হয়ে থাকে সেই চেষ্টা আমাদের করতে হবে দৃঢ়তার সঙ্গে আমি একথা ঘোষণা করছি যে, এটা শুধু কাগজের প্রস্তাব হবে না এই প্রতিশ্রুতিতেই আমরা একসঙ্গে এই প্রস্তাব গ্রহণ করছি। এই এই প্রস্তাবকে কার্যকরী করার জন্য আমরা সচেষ্ট হব যত তাড়াতাড়ি সম্ভব। আমি এটা মনে করিয়ে দিতে চাই যে, অনেক দিন হয়ে গেল প্রায় এক-দেড় মাস হল এই সংগ্রাম বাংলাদেশে হচ্ছে। এইরকম বহু আবেদন-নিবেদন ঐ গণতান্ত্রিক মানুষ সমস্ত সরকারের কাছে করেছে যাতে আমরা তাদের সমর্থন জানাই যাতে তাঁদের বিপদের সময় পাশে এসে দাঁড়াই। যাঁরা এই প্রস্তাব সমর্থন করছেন তাঁরা নিশ্চয় এই কথা মনে করেন যে, বাংলাদেশের মানুষ

একটা ন্যায়ের লড়াই করছেন, অন্যায় কিছু করছেন না—তাঁদের দেশকে বাঁচাবার জন্য, বাংলাদেশের মানুষকে বাঁচাবার জন্য তাদের স্বাধীনতা, তাঁদের অস্তিত্ব রক্ষা করার জন্য তাঁরা লড়াই করছেন। এটা সবাই জানেন যে, কিছু কিছু প্রচার হচ্ছে যেটা অন্যায় প্রচার যে, ওখানকার মানুষ যারা আওয়ামী লীগ বা অন্যান্য বাংলাদেশের মানুষ তারা হয়ত পাকিস্তানকে এক অংশ থেকে আর এক অংশে বিচ্ছিন্ন করবার জন্য লড়াই করছে পাকিস্তানকে ধ্বংস করার চেষ্টা করছে। আমি লক্ষ্য করেছি অনেক মুসলিম ভাই আছেন যাঁদের মধ্যে এই প্রচার চলেছে যে, পাকিস্তানকে ধ্বংস করার জন্য পাকিস্তানকে টুকরো টুকরো করার জন্য এই লড়াই শুরু হয়েছে। এটা একেবারেই ঠিক নয়, তা আমরা এই প্রস্তাবে রাখবার চেষ্টা করেছি। এটা আমরা জানি পৃথিবীকেও জানতে হবে যে, এই পাকিস্তান টুকরো টুকরো হচ্ছে সামগ্রিকভাবে তার জন্য সম্পূর্ণভাবে দায়ী হচ্ছে ওখানকার মিলিটারী শাসকগোষ্ঠী ঐ ইয়াহিয়া গোষ্ঠী। বহুদিন ধরে তারা এইরকম করছে। তারা মিলিটারি শাসন চালাচ্ছে। তারা গণতন্ত্রকে মেনে নিতে চায় না এবং এইজন্যই পাকিস্তান টুকরো টুকরো হয়ে যাবে।

কারণ একটা অংশ এবং তারাই হচ্ছে সংখ্যাগরিষ্ঠ। সেই অংশের মানুষের সামান্যতম অধিকার, বেঁচে থাকার অধিকার তাদের ভাষার অধিকার, তাদের অন্যান্য যেসব বিষয় অধিকার আছে সেগুলি যদি না মানেন কোন সরকার- স্বৈরাচারী সরকার, সেই শাসকগোষ্ঠী, যারা সেখানে মুষ্টিমেয়র প্রতিনিধিত্ব করছেন তাহলে এটা কি আশা করা যায় যে, এক হয়ে সে দেশ এইভাবে থাকতে পারে। সেইজন্য আমরা মনে করি যে, পৃথিবীর সমস্ত গণতান্ত্রিক মানুষ যাঁরাই আছেন এই ঘটনা বুঝবেন নিশ্চই বাংলাদেশের মানুষের সংগ্রামকে তাঁরা সমর্থন করবেন, পশ্চিম পাকিস্তানের মানুষও। পশ্চিম পাকিস্তানেও আছে বিভিন্ন ভাষাভাষীর মানুষ আছে বিভিন্ন ইউনিট সেখানে আছে এবং তাদের মধ্যে গণতান্ত্রিক মানুষও আছেন। আজ হয়ত তাঁদের সংখ্যার জোরের ক্ষীণ কণ্ঠস্বর বা তাঁদের কথা আমরা শুনেছি, তাঁদের বক্তব্য আমরা সংবাদপত্রে দেখেছি, কিন্তু আমি বিশ্বাস করি পশ্চিম পাকিস্তানের গণতান্ত্রিক মানুষ যাঁরা আছেন তাঁরা বাংলাদেশের মানুষের সাথে একতাবদ্ধ হয়ে-পূর্ব-পাকিস্তানের মানুষের সঙ্গে একতাবদ্ধ হয়ে আগের দিনে যেমন লড়াই করবার চেষ্টা করেছেন তাঁরা তা এখনও চেষ্টা করবেন। কারণ পশ্চিম পাকিস্তানের জনসাধারণ, তাঁরা সবাই ভুট্টো নন ইয়াহিয়া নন বা সবাই মিলিটারী গোষ্ঠীর অন্তর্ভুক্ত নন তাঁরা সাধারণ মানুষ কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত, গণতন্ত্রী মানুষ, তাঁরা নিশ্চয়ই বাংলাদেশের মানুষের এই স্বাধীনতার লড়াইকে সমর্থন করবেন, পৃথিবীর গণতান্ত্রিক মানুষের সঙ্গে এক হবে। এ থেকে আমাদেরও কিছু শিক্ষার আছে। অনেক সময় আমরা দেখেছি, পৃথিবীতে এটা হয়েছে, এটা নূতন নয় দুঃখজনক হলেও এ ঘটনা ঘটেছে যে, পার্লামেন্টারি ডেমোক্রেসি -সংসদীয় গণতন্ত্রে ভোট বা জনমত পদদলিত হয়েছে। সংসদীয় গণতন্ত্রের মানুষ রায় দিয়ে যা চেয়েছিলেন তাঁরা তা পান নি। কারণ শাসকগোষ্ঠী, ঐ শাসকগোষ্ঠী যারা জমিদারদের প্রতিনিধিত্ব করে, পুঁজিপতিদের প্রতিনিধিত্ব করে যা মুষ্টিমেয় লোকের প্রতিনিধিত্ব করে তারা তা হতে দেয় নি। ইতিহাসে আমরা দেখেছি জনমতকে তারা পদদলিত করেছে। এখানেই সেই একই ঘটনার পুনরাবৃত্তি আমরা দেখতে পেলাম, বিশেষ করে পাকিস্তানে যা ঘটেছে তার মধ্যে দিয়ে। সেখানে জনমত সুস্পষ্ট। এটা মুখ্যমন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে, এরকম রায়, এত সংখ্যায়, এ সংসদীয় গণতন্ত্রে খুব কমই দেখা যায়। তাঁরা যে সুস্পষ্ট রায় দিয়েছেন তাতে কোন সন্দেহের অবকাশ নেই, তথাপি আমরা দেখছি যে, সমস্ত কিছু পদদলিত হয়ে গেল। শুধু পদদলিত হল না, সেখানে মিলিটারির অতর্কিত আক্রমণ হল, আকাশপথে, স্থলপথে, সমুদ্রপথে, বিভিন্ন দিক থেকে যে আক্রমণ সেখানে শুরু হল তখন আর কোন উপায় ছিল না, বাংলাদেশের মানুষ, পূর্ব পাকিস্তানের মানুষের আর কোন পথ ছিল না সেইজন্যই সেখানে তাদের স্বাধীনতার লড়াই, অস্তিত্ব রক্ষার লড়াই সব এক হয়ে মিশে গিয়েছে। এ ছাড়া অন্য কোন পথ তাঁরা নিতে পারতেন না, অন্য কোন দিকে যেতে পারতেন না, এইভাবে কোণঠাসা হয়ে। তা ছাড়া তাঁরা প্রস্তুতও ছিলেন না এটা সুস্পষ্ট, তাঁদের

নেতৃবৃন্দরাও মনে করতে পারেন নি যে, ঐরকম ঘটনা ঘটতে পারে। সেজন্য তাঁরা প্রস্তুতও ছিলেন না। কিন্তু ইতিহাস পর্যালোচনা করলে বারবার এ জিনিস দেখি—আমরা মার্ক্সবাদীরা একথা বার বার বলেছি যে, সংসদীয় গণতন্ত্রে জনগণ থেকে আক্রমণ আসে না, আক্রমণ আসে শাসকগোষ্ঠী থেকে, যাঁরা মুষ্টিমেয়ের প্রতিনিধিত্ব করেন। বাংলাদেশেও সেই একই জিনিস ঘটছে, এখানেও আমরা মিলিটারির আক্রমণ দেখতে পাচ্ছি। জানি না, কত সংখ্যক মানুষ—নরনারী, শিশু, বৃদ্ধ, যুবক সেখানে জীবন দিয়েছেন, এর কোন হিসাব-নিকাশ পাওয়া যাচ্ছে না। এমন কি বর্ডার পেরিয়ে যাঁরা এখানে আসতে পেরেছেন এবং এখানে এসে বিবৃতি দিয়ে যা আলোচনা করে যা বলেছেন তাতেও তাঁরা সবটা যে জানেন তা নয়। কিন্তু তার অন্যাবহতা ও'রা নিজেরা দেখে এসেছেন। প্রত্যক্ষদর্শী, বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে তাঁরা এসেছেন। আমাদের সঙ্গে তাঁদের আলোচনায় তাঁরা যে বিবরণ দিয়েছেন তা থেকে আমরা বুঝতে পারছি যে, কি ধরনের নারকীয় ঘটনা সেখানে ঘটেছে এবং এই অবস্থার মধ্যে পাকিস্তানের যে শাসক-গোষ্ঠী, মিলিটারিতে যে গোষ্ঠী আছেন তাঁরা মনে করেছেন যে, তাঁরা জয়ী হয়েছেন। তবে হ্যাঁ, কিছু স্থান এখানে-ওখানে তাঁরা পুনর্দখল করেছেন। যাঁরা স্বাধীনতার জন্য লড়াই করছেন তাঁদের পক্ষ থেকে এখনও সেখানে আছেন। সেজন্য তাঁরা জানেন যে, শুধু মিলিটারি কোন সলিউশন তা নয়। সে সমাধান শুধু মিলিটারি দিয়ে হবে না, এটা সেই মিলিটারি গোষ্ঠী ভাল করে জানে। একটা জাতিকে মিলিটারি দিয়ে পিষে মারা যায়, শ্মশানে পরিণত করা যায়। কিন্তু আজ না হয় কাল আবার যখন সেখানে মানুষের উত্থান হবে তখন সেই মিলিটারিকে তারা খতম করবে- এটাও সেই মিলিটারি গোষ্ঠী, যারা সেখানে শাসন চালাচ্ছে তারা জানে। সেজন্য তারা কি চেষ্টা করছে? আমরা দেখছি যে, তারা আবার সেখানে নতুন করে দালাল তৈরি করবার চেষ্টা করছে। কিন্তু কাউকে খুঁজে পাচ্ছে না। আজ না হয় কাল কাউকে বসাতে হবে, শুধু মিলিটারি দিয়ে রাজত্ব করা যাবে না। আমরা কি দেখছি? আমরা দেখছি একজনের নাম, আমার খুব পরিচিত অবশ্য তিনি নিজে কিছু করছেন কিনা আমি বলতে পারব না। সংবাদপত্র থেকে যা জানতে পেরেছি, নুরুল আমীন সাহেব। তিনি আমাদেরই এখানে বসতেন। স্পীকার ছিলেন ১৯৪৬ সালে, মুসলিম লীগের আমলে যখন আমরা এই সভায় ছিলাম। আমার যতদূর মনে আছে তাঁর পার্টি সম্পূর্ণভাবে পরাজিত হয়েছিল। উনি বোধহয় একাই নির্বাচিত হয়েছিলেন। সেই ব্যক্তিকে খুঁজে বার করে বক্তৃতা দেওয়ানো হচ্ছে। সেই বলছে যে, জোর করে দেওয়ানো হচ্ছে, আবার কেউ বলছে ইচ্ছাকৃতভাবে দিয়েছেন। সে যাই হোক, এইরকম মানুষের উপর নির্ভর করতে হচ্ছে, এই হচ্ছে চরম দুর্গতি। মিলিটারি নির্যাতন সেখানে চলছে এবং তার সঙ্গে সঙ্গে মুসলিম লীগ যারা পাকিস্তান তৈরি করেছিল, যারা পাকিস্তানের স্রষ্টা, কোথায় গেল সেই মুসলিম লীগ? সব ধুয়ে মুছে গেছে দেশ থেকে। শুধু যে একটা পার্টি হিসাবেই তা নয়, তাঁদের যে আইডিওলজি বা ভাবধারা, যা তাঁরা প্রচার করেছিলেন—হিন্দু মুসলমান ভাগ করা প্রতিক্রিয়াশীল ধর্মের দিক থেকে কোথায় সে সব ভাবধারা? আজকে আর সে সব কিছু নেই। আজকে আর কিছু না হোক, এইসব ছেলেরা যারা এসেছে, যুবকরা যারা এসেছে, সাধারণ মানুষ যারা সেখান থেকে এসেছে, এমন কি অফিসারও কিছু কিছু এসেছেন, আমরা তাঁদের দেখেছি, অনেক দিন তাঁদের সঙ্গে দেখা হয় নি। তাঁদের দেখে আমার আশ্চর্য মনে হয়েছে এইজন্য যে, অনেক খবর ও'দের দেশের আমরা রাখতাম না। তাঁদেরও রাজনীতি আজ কত উর্ধে, কত স্বচ্ছ, কত প্রসারলাভ করেছে, কত গণতান্ত্রিক হয়েছে। এইসব নতুন নতুন যুবক, ছাত্র, যাঁরা ওখান থেকে এসেছেন তাঁদের মধ্যে সাম্প্রদায়িকতার চিহ্ন মাত্র নেই। এইসব কল্পনাও তাঁদের মধ্যে কোনদিন আসে নি। এইসমস্ত নতুন যুবক সম্প্রদায়, একটা নতুন জাতি, যেন মনে হচ্ছে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, সমস্ত নিয়ে একটা সত্যিকারের জাতি তৈরি হয়েছে। আমরা এখানে ধর্মনিরপেক্ষতার কথা বলি। রায়টে রায়টে সমস্ত ভারতবর্ষ ভরে গেছে। লজ্জার সঙ্গে, দুঃখের সঙ্গে, ক্ষোভের সঙ্গে বলতে হচ্ছে গত ৩-৪ বছর ধরে—এত অব্যবস্থা সত্ত্বেও, এত, প্ররোচনা সত্ত্বেও আমরা বোধ করি সেজন্য ঐ পূর্ব পাকিস্তানে, বাংলাদেশে সেই ধরনের রায়ট বহুদিন ধরে সেখানে দেখিনি। এই সমস্ত নতুন নতুন রাজনৈতিক মানুষ সেখানে তৈরি

হয়েছে। আজকে সেখানে ঐ সব দল ধুয়ে মুছে গেছে। মানুষ থেকে যারা বিচ্ছিন্ন, হয়েছে বিতাড়িত সেই সমস্ত মুসলিম লীগ, নুরুল আমীনের দল—এদের ধরবার চেষ্টা হচ্ছে। যদি কোনরকমে বেঁচে থাকতে পারা যায়। আজকে আমরা সেজন্য একথা মনে করব, এই প্রস্তাবের মধ্যে আমরা যে কথা বলেছি, যদি আমরা আন্তরিকভাবে এই প্রস্তাবকে সমর্থন করি, তাহলে একথা আমাদের বলতে হবে। করি কিনা জানি না, সে ভবিষ্যতে আমরা বিচার করব। মানুষ বিচার করবে ভারতবর্ষে, পাকিস্তানে, বাংলাদেশে সমস্ত জায়গায়—পৃথিবীর মানুষ সেটা বিচার করবে। কিন্তু আমাদের এটা মনে হয় যে, আন্তরিকতা আছে কিনা। আমরা সকলে মিলে সমর্থন জানাই।

সরকার সমর্থন জানিয়েছেন। বিভিন্ন প্রদেশের বিধানসভা ও আইনসভাগুলিতেও আমরা দেখেছি সেখান থেকে সমর্থন করে প্রস্তাব গৃহীত হয়েছে, প্রধানমন্ত্রী নিজেও সংসদে প্রস্তাব এনেছিলেন এবং সেটা গৃহীত হয়েছে। কিন্তু আমাদের মনে খানিকটা যদি সন্দেহ হয় তাহলে আমাদের এখানকার কিছু সদস্য,-মাফ করবেন, উপায় কিছু নেই, কিন্তু আমাদের প্রথমে মনে হচ্ছে একটি প্রস্তাবের পিছনে যদি আন্তরিকতা না থাকে, আমরা যদি এটা মনে না করি যে, এই প্রস্তাব কাগজে হবে না, একে আমাদের কার্যকরী করতে হবে, এই আমাদের জীবনমরণ সংগ্রাম ওঁদের মতো, যাঁরা ওখানে সংগ্রাম করছেন, যাঁরা ওখানে বুকের রক্ত ঢেলে দিচ্ছেন, যাঁরা ত্যাগ স্বীকার করছেন—যদি তা হয়, তাহলে আমাদের পরিষ্কার করে নিতে হবে যে, আন্তরিকতা কোথায় সেটা ঠিক করতে হবে। কিন্তু একটু সন্দেহ হয়, এটা আপনারা সবাই বিবেচনা করে দেখবেন—আমাদের জানতে ইচ্ছা করে যে, এখানকার সরকারপক্ষ থেকে এই প্রস্তাব তাঁরা এনেছেন, এই প্রস্তাব মুখ্যমন্ত্রী নিজে এখানে রেখেছেন, যে সরকারের মধ্যে মুসলিম লীগ আছে, ও'রা কি আন্তরিকতার সঙ্গে সমর্থন করেন বাংলাদেশের এই সংগ্রামকে, এই স্বাধীনতার আন্দোলনকে আমরা এখনও তার প্রমাণ পাই নি। কাজেই আমরা নিশ্চয়ই জানতে চাই তাঁদের বক্তব্য শুনব। কিন্তু আমাদের মনে হয় এখানে যদি আমরা সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দিই এবং অনেক সময় ইয়ং পিপল যারা বাংলাদেশ থেকে এসে আমাদের বলছে এখানে আবার মুসলিম লীগ—ওখানে তো সব শেষ হয়ে গেছে, ওদেরকে আমরা তো শেষ করে দিয়েছি, ওখানে যাতে গণতন্ত্র প্রসার লাভ করে তার ব্যবস্থা করছি, অথচ এখানে এখন বেঁচে রয়েছে, নতুন করে সৃষ্টি হচ্ছে, এই কথা তাঁরা আমাদের বললেন। আমরা বললাম, আপনাদের ওখানে সংবাদপত্র যায় না এবং সুযোগ না থাকায় আপনারা অনেক খবর জানেন না, আপনারা নিজেরা ঘুরে ঘুরে সমস্ত দেখুন, আপনাদের অনেক নতুন অভিজ্ঞতা হবে। কিন্তু এটা তো সত্যিকারের প্রশ্ন যে, মুসলিম লীগ যারা ধর্মের বিচারে মানুষের রাজনীতি করেন, মানুষকে ভাগ করবার চেষ্টা করেন, সেই পুরানো জিনিস আজও চলছে এবং নতুন করে তার রিভাইভাল বা পুনরুজ্জীবন আমরা দেখতে পাচ্ছি।

শ্রীমহঃ শামসুল বিশ্বাস: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমরা কোয়ালিশন মিনিস্ট্রিতে অংশ গ্রহণ করেছি জনকল্যাণের জন্য। আজকে বিরোধী দলের সভাপতি যে বক্তব্য রাখলেন, উই হ্যাভ গিভেন ইউ এ পেসেন্ট হিয়ারিং, অ্যান্ড উই হোপ ইউ উইল অলসো গিভ আস এ পেসেন্ট হিয়ারিং।

মিঃ স্পীকার: এতে পয়েন্ট অব অর্ডার হয় না। আমরা সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব পাস করবার জন্য রেজলিউশন নিয়েছি। আপনি প্রিসাইজলি আমাকে বলুন।

শ্রীমহঃ শামসুল বিশ্বাস: উনি ডাইরেক্টলি আক্রমণ করেছেন। একজন লিডারের মুখ থেকে এইসব ভাষা আমরা শুনতে চাই না। এই রকম চিৎকার করে জেনারেল জনকল্যাণ করা যায় না। আই ডু নট লাইক টু সারেন্ডার মাইসেল্ফ।

মিঃ স্পীকার ঃ ইট ইজ নট এ পয়েন্ট অব অর্ডার। প্লিজ টেক ইওর সিট।

শ্রমহঃ শামন বিশ্বাস ঃ আমরা গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষতার আদর্শে বিশ্বাসী বলেই আজকে গণতান্ত্রিক কোয়ালিশন সরকারে অংশগ্রহণ করেছি।

মিঃ স্পীকার ঃ আপনি বসুন। আপনার বক্তব্য যেটা আপনি বলেছেন দেয়ার ইজ নো পয়েন্ট অব অর্ডার। কাজেই মাঝখানে আপনি কমেন্ট করবেন এটা আমি চাই না। আই উইল রিকোয়েস্ট ইউ টু টেক ইওর সীট। প্লিজ টেক ইওর সীট।

শ্রীসুবোধ ব্যানার্জি ঃ স্পীকার মহাশয়, আজকে যে প্রস্তাব আমরা আলোচনা করছি সেখানে আমি সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যদের অনুরোধ করব, যে বিষয় নিয়ে আমরা আলোচনা করছি সেটা অতি গুরুত্বপূর্ণ বিষয় এবং আমাদের কাছে এটা অতি প্রিয়। কাজেই এটা আমাদের গণআন্দোলনের সামনে একটা অতি বড় উদাহরণ উপস্থাপিত করেছে। সেইজন্য এইরকম একটা বিষয় নিয়ে সকলের যুক্ত চেষ্টায় ইউন্যানিমাস রেজলিউশন করা হয়েছে। তাই আমি অনুরোধ করব সেই ফিলিং নষ্ট করে দেবেন না।

মিঃ স্পীকার ঃ মিঃ ব্যানার্জি, আমি আশা করি প্রত্যেকটি সদস্যের তেমনি মনোভাবই থাকবে। আমরা যেন অত্যন্ত গুরুত্ব দিয়ে এই প্রস্তাব আলোচনা করি। কোনরকম উত্তেজিত না হয়ে আমাদের সামনে এই হাউসের সামনে যে প্রস্তাব রয়েছে, সেই সম্পর্কে আলোচনার সময় প্রস্তাবের উপর যথোচিত গুরুত্ব দিয়েই যেন মাননীয় সদস্যরা আলোচনা করেন এবং তাঁদের ব্যবহারটাও যেন সেইভাবেই হয়। আমি হাউসের কাছে আপীল করছি, যে প্রশ্নই উঠুক না কেন আমরা হাউসেতে যেভাবে প্রস্তাব নিচ্ছি, তার গুরুত্ব যেন কোনরকমেই খর্ব না হয়।

শ্রীজ্যোতি বসু ঃ মিঃ স্পীকার, স্যার, আমি যেটা বলছিলাম—তার জবাব নিশ্চয়ই পাব যখন মুসলিম লীগের প্রতিনিধিরা বক্তৃতা দেবেন যদি আন্তরিকতা থাকে। এমন কি ডেমোক্রেটিক কোয়ালিশন সরকার সম্বন্ধে যদি তাদের আন্তরিকতা থাকে, বাংলাদেশকেও সমর্থন করবেন যদি আন্তরিকতা থাকে। সেটাও গুরুত্বপূর্ণ। কংগ্রেস দল তাঁরা সমর্থন করছেন এই প্রস্তাবকে। তাঁরা শুধু এই প্রস্তাবকে সমর্থন করছেন না, এখানকার কংগ্রেস সরকার বা ডেমোক্রেটিক কোয়ালিশন সরকার, কংগ্রেসের দ্বারা পরিচালিত সরকার—তাঁরা যখন সরকার গঠন করেছিলেন, তখন প্রথমেই বাংলাদেশ সম্পর্কে একটা প্রস্তাব গ্রহণ করে দিল্লীতে পাঠিয়েছেন। আমরা দেখছি আনুষ্ঠানিক দিক থেকে এই কংগ্রেস সরকারের বাংলাদেশের সংগ্রামের প্রতি সমর্থন আছে—সে বিষয়ে কোন সন্দেহ নাই। আবার প্রশ্নটাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুবোধবাবু যেমন বলেছেন মনে এক, মুখে আর একরকম যেন না হয়। প্রস্তাব পাশ করে দিলাম বটে, কিন্তু কার্যক্ষেত্রে যেন অন্যরকম না হয়। সেইজন্য বলছিলাম আপনাদের আনুষ্ঠানিক সমর্থন থাকলেও আমার কতকগুলি প্রশ্ন জেগেছে মনে। এটা কি সম্ভব যে, আমাদের দেশে আমরা অন্য দেশের গণতন্ত্রকে সমর্থন করছি, পূর্ণ সমর্থন জানাচ্ছি তাঁদের স্বাধীনতার জন্য, অথচ আমাদের দেশের গণতন্ত্রকে আমরা সমর্থন করি না, গণতন্ত্রকে যেখানে আমরা খতম করবার চেষ্টা করছি, গণতন্ত্রের উপর আমরা বারে বারে আক্রমণ করছি, তার নিঃ-কানুন আইন কিছুই আমরা মানি না। আমাদের নিজেদের দেশের গণতন্ত্রের ব্যাপারে সেখানে আমার মনে হয় এটা সম্ভব নয়। এর মধ্যে কোন আন্তরিকতা থাকতে পারে না। মার্ক্স বলেছিলেন, অন্য বিষয়ে বৃটিশদের বলেছিলেন, আয়ারল্যাণ্ডের উপর তোমরা আধিপত্য করছ—এ নেশন হুইচ অপ্রেসেস আনাদার নেশন ক্যাননট বি ফ্রি। আমিও সেই কথা বলি অন্য দিক থেকে। যদি আমাদের দেশে গণতন্ত্র আমরা না মানি, তাঁরা মানবেন অন্য জায়গায়? গণতন্ত্রের জন্য ও'রা লড়াই করছেন। এ'রা সেটা করবেন? কোন্ মূর্খ আছে তাঁদের একথা বিশ্বাস করবেন? আমরা মনে করি না এই সম্পর্কে তাঁদের কোন আন্তরিকতা থাকতে পারে!

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, আমরা কি বর্তমান ইস্যু থেকে সরে যাচ্ছি না?

আমাদের দেশের সমালোচনা করবেন, না আজকের রেজলিউশনটা যা আছে বাংলাদেশ সম্পর্কে তার সমালোচনা করে বক্তৃতা করবেন।

মিঃ স্পীকারঃ পয়েন্ট অব অর্ডার তুলতে গেলে এখানে যা বলা হয়েছে তাতে কোন রুল ইনফ্রিঞ্জ করা হয়েছে এইরকম যদি হয়, তাহলে নিশ্চয়ই পয়েন্ট অফ অর্ডার তুলবেন।

শ্রীসুব্রত মুখার্জিঃ আমি বলছি আমাদের যা রেজলিউশন আছে এবং আপনি যে রেজলিউশনের উপর বক্তৃতা করবার অনুমতি দিয়েছেন, সেই রেজলিউশনের উপর বক্তৃতা করা হচ্ছে না, আমাদের দেশের গণতন্ত্র কতখানি, তার মাপকাঠিতে সমালোচনা করা হচ্ছে।

মিঃ স্পীকারঃ যে প্রস্তাব এখানে এসেছে, তাতে যিনি বক্তা, তিনি তাঁর আর্গুমেন্ট ডেভেলপ করতে গিয়ে যেটা ভাল বুঝবেন সেইরকমভাবে ডেভেলপ করবেন, সেইভাবে আর্গুমেন্ট পেশ করবেন। আপনার বলার সময় আপনিও তাই করবেন।

শ্রীজ্যোতি বসুঃ ধরুন, এই পশ্চিম বাংলায়, কারণ এখানকার বিধানসভার কাছ থেকে আমরা এই প্রস্তাব গ্রহণ করছি—এখানে কি হচ্ছে, এখানে যতটুকু গণতন্ত্র ছিল আজ তা শেষ হতে বসেছে। কারা শেষ করছে, কংগ্রেস দল, কংগ্রেস সরকার, এখানে অসংখ্য পুলিস আছে, ৬০ হাজারের ওপর পুলিস আছে। তার ওপর এক বছরে দেখেছি, যেখানে শ্রীমতী গান্ধীর রাজত্ব ছিল, অর্থাৎ রাষ্ট্রপতির শাসন-এই এক বছর ধরে দেখেছি, নির্বাচন পর্যন্ত যেখানে সি আর পি এসেছে, অসংখ্য হাজার হাজার সি আর পি আনা হয়েছে। শুধু তাই নয়, তারপর আমরা দেখলাম একটা অভাবনীয় জিনিস। সেই অভাবনীয় জিনিস আমরা দেখলাম যে, নির্বাচন যখন ঘোষণা করা হল, তারপর আবার মিলিটারি এল, ৬০ হাজার পুলিসে হবে না, হাজার হাজার সি আর পিতে হবে না, বাংলাদেশের পুলিস দিয়ে হবে না, তার ওপর এল মিলিটারি। যেখানে একটা নির্বাচন হবে, সেখানে এল মিলিটারি এবং নানারকম জুলুম অত্যাচার তাদের দিয়ে করানো হল। কোথায় গণতন্ত্র? এ তো গণতন্ত্রের যেটুকু ছিল তাকে শেষ করবার ব্যবস্থা হচ্ছে। এবং শুধু তাই নয়, এখানে সাধারণ মানুষের উপর গণতান্ত্রিক আন্দোলনের উপর—গণতান্ত্রিক আন্দোলন যাঁরা সংগঠিত করেন মজুর, কৃষক, ছাত্র-যুবক, তাদের উপর নানাভাবে অকথ্য অত্যাচার গুণ্ডাবাহিনী তৈরি করে নকশালদের কাজে লাগিয়ে, অন্য সমাজবিরোধীদের কাজে লাগিয়ে—পুলিশের একটা প্রধান অংশ, সরকার সমস্ত মিলিয়ে, এই আক্রমণ, এই অত্যাচার তারা চালিয়েছে, এই জিনিস আমরা দেখেছি। গত এক বছরে দেখেছি আমাদের সাথী ২৫০ জন প্রাণ হারিয়েছেন। আজও শুনলাম এখানে, যে ঘটনাগুলো বলা হল, একটা রাত্রের মধ্যে, ২৪ ঘন্টার মধ্যে—আমরা অন্তত এখানে ৬ জনের কথা শুনলাম, তাঁরা জীবন দিয়েছেন এবং গুণ্ডারা আক্রমণ করছে। শুধু গুণ্ডারা আক্রমণ করলে কিছু বলতাম না, তাদের পেছনে পুলিস আছে, তাদের পেছনে সরকারী যন্ত্র আছে, এই জিনিস এখানে চলেছে। সুতরাং এইভাবে কি করে গণতন্ত্র বাঁচবে। দুটো নির্বাচন হয়ে গেল, এরই মধ্যে নির্বাচন হল, কিন্তু নির্বাচনের আগে আমরা দেখেছি চারিধারে ১৪৪ ধারা জারী করে রাখা হয়েছে, এটা কখনও শুনি নি ২৩ বছরের কংগ্রেসী রাজত্বেও। স্বাধীন যেদিন থেকে হয়েছি, সেদিন থেকে যে নির্বাচন হয়ে যাবার পর আমরা উৎসব আনন্দ করতে পারব না, নির্বাচনকে বিশ্লেষণ করতে পারব না, পর্যালোচনা করে বাংলাদেশের জনসাধারণের কাছে রাখতে পারব না, ১৪৪ ধারা দিয়ে আমাদের কণ্ঠরোধ করা হল, বলা হল আমরা এই বিষয়ে অনুমতি দিতে পারি না। এখন এই রকম একটা অবস্থার মধ্যে যদি আমরা মনে করি যে, এখানে গণতন্ত্রকে আমরা এইভাবে হত্যা করব, গণতান্ত্রিক অধিকার যেটুকু আছে

সেই কমিউনিস্ট পার্টির নেতা, গণতন্ত্র সম্বন্ধে তিনি অনেক উপদেশ আমাদের দিয়েছেন, কাকে বলে গণতন্ত্র, গণতন্ত্র কিভাবে হত্যা করা হচ্ছে, এইসব বলেন কিন্তু তাঁকেই আমি বলছি, আপনার দল এই মোশনকে সমর্থন করছে বলে আমরা সত্যিই আপনার কাছে ঋণী। তবে আপনি আপনার অন্তরের অন্তঃস্থল থেকে বলুন ত আপনি সত্যিকারের রাজনীতি করছেন, না আপনি সত্যিকারের নিরপেক্ষভাবে এবং অনেস্টলি এটাকে সমর্থন করেন।

এবে আপনি একটু অন্তরের অন্তঃস্থল থেকে নিজেকে জিজ্ঞাসা করুন যে, আপনি সত্যিকারের রাজনীতি করছেন, না আপনি সত্যিকারের নিরপেক্ষভাবে এবং অনেস্টলি এটাকে সমর্থন করছেন। এখানে আমাদের যথেষ্ট সন্দেহ আছে, কারণ আমরা জানি যে, ইয়াহিয়া খানকে মোটামুটিভাবে কারা সমর্থন করছেন অস্ত্র দিয়ে। এমন কি দেখা গেছে যাঁরা এসেছেন ওপার থেকে তাঁরাই বলেছেন যে, সেখানে চীনা সৈন্য দেখা গেছে। তিনি গণতন্ত্রের কথা বলেছেন আমি বলব এই গণতন্ত্রের হত্যাকারী কে? ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সালের মার্চ পর্যন্ত আপনার রাজত্ব করে গেছেন, কেবল রাজত্বই করেন নি, আপনি হোম ডিপার্টমেন্টের মালিক ছিলেন। আপনার কি মনে নেই যে সেই সময় সাধারণ লোক রাস্তা দিয়ে চলাফেরা করতে পারে নি। (বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)। আপনি তো সবই জানেন। আজকে আপনি সি আর পি আনার কথা বলেছেন। আমি বলব এই সি আর পি আনা হয়েছে আপনাদেরই গার্ড দেওয়ার জন্য আজকে আপনাদের বাড়ির চারপাশে, আপনাদের নেতাদের বাড়ির চার পাশে সি আর পি রাখার প্রয়োজন হয়েছে বলেই এই সি আর পি আনা হয়েছে। কাজেই ১৩ মাস রাজত্ব করার ফলেই আপনাদের এই সি আর পি রাখার প্রয়োজন হয়েছিল। তাই প্রেসিডেন্ট রুলের আমলে সি আর পি এনে আপনাদের বডিগার্ড দেওয়া হয়েছে তারপর এই ১৪৪ ধারা কাদের জন্য? আজকে যারা নিজেদের গণতন্ত্র রক্ষা করতে পারে না, মানুষকে খুন করা যাদের নেশা তাদের জন্যই এই ১৪৪ ধারা সাধারণ মানুষ যাতে স্বাধীনভাবে চলাফেরা করতে পারে সেইজন্যই এই ১৪৪ ধারা করা হয়েছে।

মিঃ স্পীকার: মিঃ সাত্তার ইওর টাইম ইজ আপ। প্লীজ ফিনিস।

শ্রী আবদুস সাত্তার: আচ্ছা স্যার, ঠিক আছে। তিনি আর একটা কথা বলেছেন যে বড় রকমের কোন ঝুঁকি নেই সাহায্য করার। আমি বলব কোন ঝুঁকি নেই সাহায্য করার তবে একটু ভয় আছে—জ্যোতিবাবু কি দয়া করে চীনকে একটু নিষেধ করে দেবেন যাতে করে কোন ঝুঁকি না নিতে হয় বা কোন বিপদ না আসে। এই বলেই আমি আমার বক্তৃতা শেষ করলাম।

শ্রী সুবোধ ব্যানার্জি: স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী বিধানসভার সামনে বাংলাদেশের স্বাধীনতার সংগ্রামের উপর যে প্রস্তাব রেখেছেন আমি সর্বান্তঃকরণে তাকে সমর্থন করছি। সীমান্তের ওপারে লক্ষ লক্ষ মানুষ নিজেদের বুকের রক্ত দিয়ে নতুন ইতিহাস রচনা করছেন। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, বাংলাদেশের স্বাধীনতাকামী মানুষ যে সংগ্রাম করছেন সেই সংগ্রাম সফল হবেই। আর সেই সংগ্রাম সফল হলে তার ঢেউ, তার প্রভাব, সীমান্ত পার হয়ে আমাদের দেশে আসবে এবং তার ফলে আমাদের দেশের শোষিত মানুষও ঠিক ওঁদের মত্রই সশস্ত্র পথে গণমুক্তির জন্য নামবে, পুঁজিবাদ খতম হবে এবং এখানকার মানুষ শোষণমুক্ত হবে। কাজেই বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম শুধু তাঁদের নয়; এর প্রভাব সুদূরপ্রসারী। এই সংগ্রাম আমাদেরও সংগ্রাম, বিশ্বের যেখানে যত শোষিত মানুষ আছেন তাঁদেরও সংগ্রাম। সেই দৃষ্টিকোণ থেকে আমি এই সংগ্রামকে সমর্থন জানাই তার সাফল্য কামনা করি এবং বাংলাদেশের স্বাধীনতাকামী সংগ্রামী মানুষের প্রতি সংগ্রামী অভিনন্দন জানাই।

স্পীকার মহাশয়, বাংলাদেশের এই স্বাধীনতার সংগ্রাম সম্পর্কে কতকগুলি প্রশ্ন উঠেছে এখানে। এ ব্যাপারে কিছু কিছু অপপ্রচার আমাদের দেশে চলেছে, আমাদের রাজ্যেও চলেছে।

কেউ কেউ বলেছেন বাংলাদেশের এই সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম নয়, এই সংগ্রাম পাকিস্তান রাষ্ট্র থেকে বিচ্ছিন্ন হবার জন্য এক বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, যাকে বলে সিসেসনিস্ট মুভমেন্ট। না, আমরা এই সংগ্রামকে সেইভাবে দেখি না। এটা বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, না এটা জাতীয় স্বাধীনতার জন্য সংগ্রাম তা বিচার হবে কোন মাপকাঠি দিয়ে? কোন জনসমষ্টি হোমোজিনিয়াস নেশন অর্থাৎ একীভূত জাতি হিসাবে গড়ে ওঠার পর সেই জাতি থেকে জাতীয় স্বার্থবিরোধী সংকীর্ণ স্বার্থের জন্য যখন একটা অংশ বিচ্ছিন্ন হবার উদ্দেশ্যে আন্দোলন করে তখন সেটাকে বলা হয় সিসেসনিস্ট মুভমেন্ট। যেমন ঘটেছিল আব্রাহাম লিংকনের সময় আমেরিকার যুক্তরাষ্ট্রের দক্ষিণ অঞ্চলে। গোটা আমেরিকা যুক্তরাষ্ট্রের জনসাধারণ একটি জাতি হিসাবে গড়ে উঠেছিল। সেখানে দাসপ্রথা রাখার অত্যন্ত সংকীর্ণ প্রতিক্রিয়াশীল দাবিতে দক্ষিণ অঞ্চলের কিছু লোক জাতীয় রাষ্ট্র হতে বিচ্ছিন্ন হতে চেয়েছিল। তাই সেটা ছিল বিচ্ছিন্নতাবাদী বা সিসেসনিস্ট মুভমেন্ট। বাংলাদেশের মানুষ আর পশ্চিম পাকিস্তানের মানুষের মধ্যে এক জাতীয়তাবোধই গড়ে ওঠে নি। পাকিস্তানী পিপল ডিড নট ডেভেলপ অ্যাজ এ হোমোজিনিয়াস নেশন--কি জীবনধারার দিক থেকেই দেখুন, কি ভাষার দিক থেকেই দেখুন, এক জাতির মানসিকতা যাকে বলা হয়ে থাকে ওয়ান নেশন সাইকোলজিক্যাল মেক আপ হুইচ কনস্টিটিউটস দি মেন ফ্যাক্টর ইন দি ফরমেশন অফ এ নেশন। তার কোনটাই পাকিস্তানের উভয় খণ্ডের জনসাধারণের মধ্যে এক ও অভিন্ন নয়। এক ন্যাশনাল সাইকোলজিক্যাল মেক আপ পশ্চিম পাকিস্তান জনগণের এবং বাংলাদেশের জনগণের মধ্যে গড়ে ওঠে নি। এটা হয়ত কালক্রমে গড়ে উঠত যদি উভয় খণ্ড পরস্পর সংলগ্ন হত। তখনও সংখ্যাগরিষ্ঠ ন্যাশনালিটি কর্তৃক সংখ্যালঘিষ্ঠ ন্যাশনালিটির উপর জাতীয় নিপীড়ন থাকত এবং তার জন্য বিক্ষোভও থাকত যেমন আমাদের দেশে আছে। কিন্তু পাকিস্তানে তা নয়; সেখানে দুই খণ্ডের মধ্যে ফারাক ১২০০ মাইল। যখন পশ্চিম পাকিস্তানের শাসকরা বর্তমান বাংলাদেশের মানুষের উপর শোষণ চালিয়েছে তাই যখন সেটা বাংলাদেশের মানুষের কাছে রূপ নিয়েছে একটা কলোনিয়েল এক্সপ্লয়টেশন, অর্থাৎ ঔপনিবেশিক শোষণ হিসাবে এক জাতি কর্তৃক ভিন্ন জাতিকে শোষণ করা হিসাবে। এক জাতীয়তাবোধ ও মানসিক গঠন না গড়ে ওঠারই এটা ফল। বাংলাদেশের মানুষ তাই বার বার অনুভব করেছে যে, তারা পশ্চিম পাকিস্তানের শাসকচক্রের দ্বারা ঔপনিবেশিক শোষণ ও শাসনে ভুগছে। সেই বোধ থেকেই নতুন বাংলাদেশের জাতীয়তাবোধের জন্ম এবং সেই কারণে জাতীয় স্বাধীনতার জন্য তারা সংগ্রাম করছে। সেই সংগ্রাম এই কারণেই বিচ্ছিন্নতাবাদী আন্দোলন নয়, সেটা হচ্ছে স্ট্রাগল ফর কমপ্লিট ন্যাশনাল ইন্ডিপেন্ডেন্স অর্থাৎ পূর্ণ জাতীয় স্বাধীনতার সংগ্রাম। উত্থাপিত প্রস্তাবে সে বক্তব্য রাখা হয়েছে। এই সত্য যেন আমরা ভুলে না যাই। ভুলে গেলে এর গুরুত্ব ও বৈশিষ্ট্য বুঝতে পারব না। আর তা ঠিকভাবে বুঝতে না পারলে এই সংগ্রামের প্রতি আমাদের যে কর্তব্য তাও আমরা করতে পারব না।

একথা ঠিক যে, ভারতবর্ষ বিশেষ করে পশ্চিম বাংলার সব মানুষ এই দৃষ্টিভঙ্গিতে বাংলাদেশের সংগ্রামকে দেখছে না। কারও কারও মনে উঠতে পারে দুই বাংলা এক হোক এবং সেই কারণে তারা বাংলাদেশের সংগ্রামের সমর্থক। কেউ কেউ মনে করতে পারে পাকিস্তান দুর্বল হোক এবং সেই মানসিকতার জন্য তারা বাংলাদেশের সংগ্রামকে সমর্থন করতে পারে। তবে আমি বলব যে, এইভাবে ভাবলে বাংলাদেশের মানুষের স্বাধীনতার সংগ্রামকে আমরা শক্তিশালী করার বদলে দুর্বলই করব। বাংলাদেশের মানুষ বাংলাদেশ ও পশ্চিম বাংলাকে যুক্ত করে আবার একটা অখণ্ড বাংলাদেশ গড়ার জন্য লড়ছে না। তারা এক জাতির মানসিকতা নিয়ে একটি স্বাধীন সার্বভৌম জাতীয় রাষ্ট্র স্থাপন করবার জন্যই সংগ্রাম করে চলেছে। এ বোধ ও দাবি ভারতীয় জাতীয়তাবোধের প্রোডাক্ট নয়। একটি নতুন জাতি হিসাবে প্রতিষ্ঠা লাভের সংগ্রাম। আমাদের সঙ্গে মিলে অখণ্ড বাংলা গড়ার জন্য তারা লড়ছে না।

আমি কিছু কিছু সংবাদপত্রের সম্পাদকীয় ও চিঠিপত্রের স্তম্ভে দেখেছি দুই বাংলা এক হোক, এই স্লোগান এখন দেওয়া হচ্ছে। এটা দেওয়া উচিত হবে না। আমার কথাকে ভুল বুঝে কেউ যেন না ভাবেন যে, আমি দুই বাংলা এক হোক তা চাই না। নিশ্চয়ই চাই। তবে

তা পারার পথ কি, তার পদ্ধতি কি হবে? তার পদ্ধতি কি হবে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে দুর্বল করা? নিশ্চয়ই না। কোন সুদূরভবিষ্যতে দুই বাংলা এক হতে পারে এখন নয়। ভবিষ্যতে যখন আমাদের দেশে ও বাংলাদেশে, উভয় দেশেই সমাজতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা কায়েম হবে তখন উভয় দেশের মানুষ স্বেচ্ছায় যদি দুই বাংলাকে এক করতে চায় কেবলমাত্র তখন দুই বাংলা এক হবে। তার আগে দুই বাংলার এক হবার সম্ভাবনার কণামাত্রও নেই। আর উভয় দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা হলেই যে এটা হবে তাও না। জাতীয় মনোভাব ও জাতীয় রাষ্ট্রের সামাজিক স্তর অতিক্রম করে সাম্যবাদী সমাজব্যবস্থা গড়ার পথেই তা সম্ভব হবে। একথা যদি আমরা আমাদের দেশের মানুষকে না বোঝাতে পারি তাহলে আমি মনে করি যে, উভয় বাংলা এক হোক এই স্লোগান তোলার দ্বারা পাক সরকারের হাতে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের বিরুদ্ধে অপপ্রচার চালাবার একটা হাতিয়ার তুলে দেওয়া হবে। তা যেন আমরা না করি। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে আমরা সাহায্য কতদূর কি করেছি তা নিয়ে বিতর্কের অবকাশ আছে, তবে তাঁদের সংগ্রামের কোন ক্ষতি যেন না করি। এ আবেদন আমি এই বিধানসভার মাধ্যমে দেশবাসীর কাছে রাখতে চাই।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে, আরও কতগুলি প্রশ্ন এখানে উঠেছে। আমরা বাংলাদেশের সংগ্রামে সাহায্য করতে চাই। আমরা কি চাই আমাদের প্রস্তাবে তা আছে। বাংলাদেশে যে সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র এবং তার সরকার প্রতিষ্ঠিত হয়েছে তাকে স্বীকৃতি দেওয়া উচিত কিনা এই প্রশ্ন উঠেছে। আমি মনে করি ভারত সরকারের অবিলম্বে এই স্বীকৃতি দেওয়া উচিত। কোন্ দেশ স্বীকৃতি দিয়েছে, কোন্ দেশ এই সংগ্রামকে কি বলছে সেটা নিয়ে আমাদের মাথা ঘামাবার প্রয়োজন নেই। ভারত সরকার কি করছেন সেটাই আমাদের বিচার্য বিষয় হওয়া দরকার। ভারত সরকার যদি স্বীকৃতি দিতে না চান বা গড়িমসি করেন তাহলে তার কঠোর সমালোচনা করা উচিত এবং ভারত সরকারকে স্বীকৃতি দিতে বাধ্য করা উচিত। আমি কংগ্রেস পক্ষের বন্ধুদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, এই প্রস্তাবে স্বীকার করা হয়েছে যে, ভারত সরকার ঠিকমত চলছেন না এবং আমরা প্রস্তাবে তার সমালোচনাও করেছি। এতদিন হয়ে গেল তবু কেন ভারত সরকার সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও তার সরকারকে স্বীকৃতি দিচ্ছেন না? এখানে কেউ কেউ চীনের সমালোচনা করছেন। আমি মনে করি চীনের সমালোচনা করার বদলে ভারত সরকারের সমালোচনা করা উচিত। ভারত সরকার ভারতবাসীর কাছে দায়ী, ভারতবাসীর দাবিকে স্বীকৃতি দিতে বাধ্য। ভারতবাসীরা চায়, বাংলাদেশের সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও তার সরকারকে অবিলম্বে স্বীকৃতি দেওয়া হোক। ভারত সরকার তা দিচ্ছেন না কেন? কি অন্তরায় আছে? ইন্টারন্যাশনাল ল - আন্তর্জাতিক আইন? তাতে তো স্বীকৃতি দিতে কোন বাধা নেই। ভূখন্ড, জনসংখ্যা ও একটি সরকার হলেই আন্তর্জাতিক আইনে একটি রাষ্ট্রকে স্বীকৃতি দিতে পারেন। এসবই বাংলাদেশের ক্ষেত্রে আছে। আন্তর্জাতিক আইনেও যখন আটকায় না তখন ভারত সরকার কেন স্বীকৃতি দিচ্ছেন না? কেন অস্ত্রশস্ত্র দিয়ে সাহায্য দিচ্ছেন না ভারত সরকার? বলা হচ্ছে যে অস্ত্রশস্ত্র দিয়ে সাহায্য দিলে যুদ্ধে লিপ্ত হয়ে পড়তে হতে পারে। কথাটাও ঠিক নয়। আপনাদের চোখের সামনে কি উদাহরণ নেই? স্পেনে যখন গৃহযুদ্ধ চলছিল তখন সারা বিশ্বের গণতান্ত্রিক মানুষ স্পেন দেশের গণতান্ত্রিক মানুষকে ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়ার জন্য অস্ত্রশস্ত্র, স্বেচ্ছাসেবক বাহিনী, ইন্টারন্যাশনাল ব্রিগেড কি পাঠায় নি? ভারত সরকারেরও যদি সত্যিকারের ইচ্ছা থাকে সাহায্য করার তাহলে তাঁরা পারেন না এই কাজ করতে? চীন কোরিয়ায় মার্কিন আক্রমণ ঠেকাতে সশস্ত্র স্বেচ্ছাসেবক বাহিনী পাঠায় নি? ভারত সরকার যদি সত্য সত্যই সাহায্য করতে চাইতেন তাহলে তুলে দিতেন না দেশের মানুষের হাতে অস্ত্র? যে আর্মস অ্যাক্ট দিয়ে গোটা জাতিকে নির্বীর্য পঙ্গু করে রেখেছিল বৃটিশ সাম্রাজ্যবাদী শাসকরা সেই অস্ত্র আইন চালু রেখে আজও জাতিকে পঙ্গু করে রাখা হচ্ছে না? সেই ঘৃণ্য আইন তুলে নিয়ে মানুষের হাতে অস্ত্র দিয়ে আওয়াজ তুলুন তোমরা স্বেচ্ছাসেবক হয়ে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে সাহায্য করতে চলে যাও। দেখবেন হাজারে হাজারে স্বেচ্ছাসেবক যাবে। একেই বলে সক্রিয় সাহায্য করা। আমার

মনে হচ্ছে ভারত সরকারের এ ব্যাপারে একটা কিন্তু আছে। এই কিন্তু অবিলম্বে দূর হওয়া দরকার যদি সত্যিকারের সাহায্য আমরা করতে চাই।

কিছু কিছু সমালোচনা এসে পড়ে। সরকার পক্ষের সদস্যরা ইন্দিরা সরকারের প্রগতিশীলতার কথা বলছেন। ভাল কথা। কিন্তু আমাদের দল বিশ্বাস করে না যে, ইন্দিরা গান্ধীর কংগ্রেস বা সরকার প্রগতিশীল। আমাদের স্থির সিদ্ধান্ত যে, তিনি একটা প্রগতিশীলতার মুখোশের অন্তরালে থেকে ভারতবর্ষে ফ্যাসীবাদ কায়েম করার চেষ্টাই করছেন। আমরা সমাজ বিজ্ঞানের ভিত্তিতে এই সঠিক সিদ্ধান্তে এসেছি। তার জন্য ভারত সরকারের ব্যবহারে নানা উল্টাপাল্টা জিনিস দেখা যাচ্ছে। বাংলাদেশের সংগ্রামের প্রতি মৌখিক সমর্থন কিন্তু কার্যক্ষেত্রে উল্টো ব্যবহার—তার একটা প্রমাণ। যে সরকার বাংলাদেশের জন্য এত চোখের জল ফেলেও অস্ত্রশস্ত্র দিয়ে সাহায্য করছেন না সেই সরকার কিন্তু সিংহলে অস্ত্র পাঠাতে বিলম্ব করেন নি। কিন্তু বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সৈনিকদের অস্ত্র দিতে পারেন না। এটা ভণ্ডামি নয়? ভিয়েতনামের মানুষ যেখানে স্বাধীনতার জন্য অতুলনীয় লড়াই করছে সেই জায়গায় সেই স্বাধীনতাকামী মানুষের সমর্থনে এগিয়ে না এসে দক্ষিণ ভিয়েৎনামে যে মার্কিন পদলেহী সরকার আছে তার কাছে মোটর, ট্রাক ও আরও নানা রকম সামরিক উপকরণ বিক্রয় করতে অনুমতি সেই সরকারই দিয়েছেন। এমনটা কেন হয়? হয় এই কারণে যে, ফরেন পলিসি ইজ আফটার অল দি প্রজেকশন অফ দি হোম পলিসি। যদি আভ্যন্তরীণ নীতি প্রতিক্রিয়াশীল হয় তাহলে বৈদেশিক নীতিতে তা প্রতিফলিত হবেই। পুঁজিবাদকে শক্ত করাই যেখানে আভ্যন্তরীণ নীতি সেখানে বৈদেশিক নীতি প্রগতিশীল হয় না। তাই ভারত সরকারের এই ভাব। ভারত সরকার যে সাহায্যের কথা মুখে বলছেন এর মধ্যে একটা বিশেষ উদ্দেশ্য এবং এক বিশেষ শ্রেণীর দৃষ্টি ও স্বার্থ নিহিত আছে, যে শ্রেণী শাসক ভারতীয় পুঁজিপতি শ্রেণী। এটা যেন আমরা ভুলে না যাই। আর উদ্দেশ্য হ'ল, মৌখিক দরদ দেখিয়ে দেশবাসীকে বিভ্রান্ত করা। সে যাই হোক, আমরা দেখেছি যে, বাংলাদেশের আন্দোলনের গোড়ায় স্বাধীনতার সংগ্রাম ছিল না। প্রথমে মুজিব নেতৃত্ব চেয়েছিলেন প্রভিন্সিয়াল অটনমি উইদিন পাকিস্তান—পাকিস্তানের মধ্যেই পূর্ণ প্রাদেশিক স্বায়ত্তশাসন। যখন সে দাবী স্বীকৃত হল না, যখন এই দাবী পাকিস্তানের শাসক সামরিক চক্র মানল না বাধ্য হয়েই বাংলাদেশের মানুষ অসহযোগ আন্দোলন শুরু করল এবং সেই শান্তিপূর্ণ অসহযোগ আন্দোলনও বিশ্বের ইতিহাসে এক নজির সৃষ্টি করেছে। গান্ধীজীর নেতৃত্বে ভারতবর্ষে অসহযোগ আন্দোলন হয়েছিল। কিন্তু সে আন্দোলনও এত বিরাট ব্যাপক রূপ নেয় নি। মোট জনসংখ্যার তুলনায় সামান্য লোকই তাতে অংশগ্রহণ করেছিল; সর্বস্তরের মানুষও তাতে যোগ দেয় নি। আর বাংলাদেশে দেখলাম সমস্ত স্তরের সাধারণ মানুষ শুধু নয়, সেখানকার পুলিশ, সেখানকার সীমান্তরক্ষী বাহিনী, সেখানকার আমলাতন্ত্র এমন কি সেখানকার হাই-কোর্টের জজরা পর্যন্ত এই অসহযোগ আন্দোলনে নেমে গেল, গোটা জাতি এই আন্দোলনে নেমে গেল। সেই আন্দোলনের তুলনায় ভারতবর্ষে গান্ধীজীর নেতৃত্বে পরিচালিত অসহযোগ আন্দোলন নিঃসন্দেহে ম্লান। এমন অসহযোগ আন্দোলন পৃথিবীর আর কোথায়ও হয় নি। তার পর তাতেও যখন হল না তখন বাংলাদেশের স্বাধীনতাকামী মানুষ বাধ্য হলেন সশস্ত্র সংগ্রামের পথে নামতে যখন পাকিস্তানী সৈন্যবাহিনী তাদের উপর আক্রমণ শুরু করল, যুদ্ধ তাদের উপর চাপিয়ে দেওয়া হল। যুদ্ধ মাত্রই খারাপ নয়। যাঁরা প্যাসিফিস্ট বুর্জোইস ইলিউশন-এ ভোগেন তাঁরা যুদ্ধ মাত্রকেই ঘৃণা করেন। কিন্তু যুদ্ধ মাত্রই খারাপ নয়, এ ওয়ার মে বি আনজাস্ট ওয়ার অফ অ্যাগ্রেশন, অর এ জাস্ট ওয়ার ফর ন্যাশনাল ইণ্ডিপেণ্ডেন্স, এ জাস্ট ওয়ার ফর ইম্যানসিপেশন অফ পিপল ফ্রম অল সর্টস অফ এক্সপ্লয়টেশন অফ ম্যান বাই ম্যান।

ঘৃণা করতে হবে অন্যায় যুদ্ধকে, বিরোধিতা করতে হবে অন্যায় যুদ্ধকে, সমর্থন করতে হবে ন্যায় যুদ্ধকে। বাংলাদেশের মানুষ যে সংগ্রাম করছে, আমাদের এই প্রস্তাবে আমরা রেখেছি তা জাস্ট ওয়ার ফর ন্যাশনাল ইণ্ডিপেণ্ডেন্স। জাতীয় স্বাধীনতার জন্য ন্যায়যুদ্ধ। একে

সমর্থন করতেই হবে আমাদের পশ্চিম বাংলার মানুষকে, পৃথিবীর সমস্ত স্বাধীনতাকামী, শান্তিপ্রিয় মানুষকে এমন কি পশ্চিম পাকিস্তানের মানুষকে। প্রকৃত শান্তি, যে শান্তি কবরের শান্তি নয়, সে শান্তি আসতে পারে এই যুদ্ধবাজদের হীন চক্রান্তকে পরাস্ত করে।

পাকিস্তানী সামরিক চক্র বাংলাদেশে যে কাজ করছে সেটা যুদ্ধও নয়, গণহত্যা—জিনোসাইড। আন্তর্জাতিক আইনেও যা অপরাধ। কিন্তু এ থেকে এ কথাটা যেন না আসে যে, পাঞ্জাবীদের বিরুদ্ধে বাঙ্গালীরা লড়ছে বা বাঙ্গালীদের বিরুদ্ধে পাঞ্জাবীরা লড়ছে। লড়ছে স্বাধীনতাকামী দেশপ্রেমিক মানুষ ফ্যাসিস্ট সামরিক চক্রের বিরুদ্ধে। এখানে ধর্ম, বর্ণ, উপজাতি প্রভৃতির প্রশ্ন আসে না। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য পরিষ্কার। যে প্রস্তাব আমরা রেখেছি সেটা যেন কাগুজে প্রস্তাব না হয়। আর কাগুজে প্রস্তাব যদি আমরা না করতে চাই আমি আশা করব কংগ্রেস দলের সদস্যরাও আমাদের বিরোধী পক্ষের সদস্যদের সঙ্গে মিলে ভারত সরকারের উপর চাপ দেবেন। আমি মনে করি ভারত সরকার আজ পর্যন্ত মৌখিক সহানুভূতি ছাড়া বিশেষ কিছুই করেন নি। নৈতিক সমর্থন নিশ্চয়ই করতে হবে, কিন্তু তার দিন দীর্ঘদিন গত হয়েছে। আজকে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে অস্ত্র দিলে মোটরিয়াল হেল্প বাস্তব কার্যকরী সাহায্য দেওয়া দরকার। এ লড়াই তাড়াতাড়ি শেষ হবে না। এ সংগ্রামকে জনযুদ্ধ হতেই হবে তাকে সফল হতে হলে, যার একদিকে সংগঠিত সশস্ত্র সেনাবাহিনী আর অন্যদিকে জনসাধারণ। এই জনযুদ্ধ দীর্ঘস্থায়ী হতে বাধ্য। এই সংগ্রামে মদত দিতে হলে আমাদেরও সেইভাবে সাহায্য দেবার দরকার আছে। ভারত সরকারকে আমরা যদি বাস্তব কার্যকরী সাহায্য দিতে বাধ্য করতে না পারি তাহলে আমরা কর্তব্যচ্যুত হব। এই প্রস্তাবে পশ্চিম বাংলা সরকার এবং মানুষকে সে কথা জানানো হয়েছে। এ কথা যেন মুখের কথা না হয়, এটা যেন কার্যকরী আন্দোলনের রূপ নেয়। সরকারপক্ষের সদস্য ও সরকার এবং সমস্ত মানুষকে এই অনুরোধ আমি করছি। আন্দোলন গড়ে তুলতে এ রাজ্যের মানুষকে আমি আহ্বান জানাচ্ছি।

শ্রী সামসুদ্দিন আহমেদ: মাননীয় স্পীকার মহাশয় আজকে বাংলাদেশের উপর মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। স্যার, আমার কনস্টিটিউয়েন্সি একেবারে সীমান্তে অবস্থিত তার নাম কালিয়াচক। এই কালিয়াচক কনস্টিটিউয়েন্সির ভেতরে আমি নিজের চোখে দেখেছি অনেকগুলি শিবির সেখানে খোলা হয়েছে। এই সমস্ত শিবিরে ঘুরে এবং জিজ্ঞাসাবাদ করে যে বিবরণ আমি পেয়েছি তা ভাষায় প্রকাশ করা যায় না। ঐ জঙ্গী শাসকগোষ্ঠী কিরকম অমানুষিকভাবে স্বাধীনতাকামী তথা গণতন্ত্রের বাহক বাঙ্গালী জনসাধারণের কণ্ঠরোধ করতে কি অত্যাচার চালাচ্ছেন তার বিবরণ যাঁরা এসেছেন তাঁদের কাছ থেকে শুনেছি। এসব কথা বলতে গিয়ে তাঁরা অঝোরে কেঁদেছেন। স্বামী, স্ত্রী হতে, শিশু মা হতে বিচ্ছিন্ন হয়ে এখানে এসেছেন। হয়ত স্বামী রয়ে গিয়েছেন বাংলাদেশে, স্ত্রী কোন প্রকারে চলে এসেছেন আমাদের পশ্চিমবঙ্গে। এরকম করুণ বিবরণও আমি পেয়েছি।

আমি এই প্রসঙ্গে একথা বলতে চাই যে, গণতন্ত্রে বিশ্বাসী আমরা এবং গণতন্ত্রে বিশ্বাসী সেই জঙ্গী শাসনের অধীনে বহুদিন থাকার পর নানারকম অনাচার, অত্যাচার সহ্য করার পর বাংলাদেশে তথা পূর্ব বাংলার জনমুখ উচ্ছ্বসিত হয়ে উঠেছিল। কিন্তু বাধাপ্রাপ্ত হয়েছিল। সুযোগ পেয়েছিল নির্বাচনের মাধ্যমে এবং তার জবাব জনসাধারণ দিয়েছিল। গণতন্ত্রে বিশ্বাসী আমরা এবং গণতন্ত্রের মাধ্যমে আমরা চলতে চাই যেমন পৃথিবীর মানুষ গণতন্ত্রে বিশ্বাসী হয়ে সুখে শান্তিতে আজ নিজের কথা চিন্তা করতে পারছে। তাদের মুখ থেকে শুনে আজ এ কথা বলতে চাই, তাদের অনেক এম এল এ, এম পি-র সঙ্গে আমাদের কথা হয়েছে এবং তাদের কাছ থেকে যে বিবরণ পেয়েছি এবং অনেকে পেয়েছেন, আমার বিশ্বাস তারা যে লড়াই করছে সে লড়াই তারা করতে চায় নি সশস্ত্রভাবে। তারা চেয়েছিল অসহযোগ আন্দোলনের মাধ্যমে, শান্তির মাধ্যমে, গণতন্ত্রের মাধ্যমে তাদের স্বায়ত্তশাসন, যাতে তারা নিজেদের কথা নিজেরা চিন্তা করতে

পারে সেই রকম সুযোগসুবিধা নেওয়ার কথা তারা চিন্তা করেছিল। কিন্তু আমরা জানি এবং খবরের কাগজ থেকে দেখেছি এবং তাদের কাছ থেকে শুনেছি যে, নেতা মুজিবর রহমান যে প্রস্তাবগুলি রেখেছিলেন সে বিষয়ে আলোচনা করার অভিনয় করার জন্য সেই জঙ্গীশাহী ইয়াহিয়া সাহেব এসেছিলেন এবং তার সঙ্গে তাঁর সাকরেদ ভুট্টো সাহেবও এসেছিলেন। তারপর আলোচনা চলতে চলতে হঠাৎ ভুট্টো সাহেব অন্তর্হিত হলেন এবং ইয়াহিয়া সাহেবও অন্তর্হিত হলেন এবং তার বদলে রেখে গেলেন—কি রেখে গেলেন? রেখে গেলেন সশস্ত্র ঐ সৈনিকদের যারা শিশু, মাতা স্বামী, পুত্র সবাইকে লাইনে দাঁড় করিয়ে গুলি করে মারল। সবচেয়ে দুঃখের কথা যে, সেখানে যারা শিক্ষক, শিক্ষিত সমাজ এবং যারা ছাত্র, যারা যুবক, যারা আইনবিদ, যারা বৈজ্ঞানিক, যারা ইঞ্জিনীয়ার, সবাইকে তারা গুলি করে মেরেছে। তাদের এক একটা করে ধরে শুট ডেড করেছে। কোন প্রশ্ন নেই, কোন ট্রায়াল নেই, তাদের গুলী করা হয়েছে। প্রত্যক্ষ-দর্শীর মুখ থেকে শোনা কথা যে, যাকে সন্দেহ করা হয়েছে রাস্তার উপর তাকে গুলী করা হয়েছে। যাকে সন্দেহ করা হয়েছে ছাত্র তাকে গুলী করা হয়েছে। যাকে দেখছে সে ভয়ে পালাচ্ছে কিন্তু সে ছাত্র নয় তবুও তাকে গুলী করে মারা হয়েছে। এমন কি আওয়ামী লীগের সমর্থক বলে সন্দেহ হয়েছে যাকে তাকে গুলী করে মারা হয়েছে। সাধারণ মানুষ, সবাই তো আর পার্টির সমর্থক নয় প্রত্যেকটি মানুষ তো পার্টির সভ্য নয়, তারা গণতন্ত্রের বিশ্বাসী হয়ে তাদের নিজেদের মত ব্যক্ত করেছিল। এই রকমভাবে তারা বলি হয়েছে সেই জঙ্গী শাসনের কাছে। আমার এই বক্তব্য হচ্ছে, আমরা প্রবণতায় উদ্বুদ্ধ হয়ে এই আইনসভায় অনেক কথা বলে চলেছি। অনেক প্রশ্ন উঠেছে অনেক সন্দেহের কথা উঠেছে। কিন্তু আমার মনে একটা প্রশ্ন জেগেছে যে প্রশ্নটা এখানে উত্থাপন করতে চাচ্ছি মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে। আমরা আন্তর্জাতিক ক্ষেত্রে যা দেখতে পাচ্ছি তা সকলেই জানেন যে, ইয়াহিয়া খান মদত কোথা থেকে পাচ্ছে কোন কোন দেশ থেকে অস্ত্র সাহায্য দিচ্ছে। আজকে দেখতে পাচ্ছি যে আমাদের ছোট ছোট ছেলেরা মুজিবকে লাল সেলাম বলছে জয় বাংলা লাল সেলাম বলছে। কিন্তু আজকে বিরোধী দলের নেতা যিনি এখানে উপস্থিত আছেন তাঁকে আমার সব অনুরোধ জানাচ্ছি এবং তাঁকে দয়া করে বলতে বলছি যে আজকে ইয়াহিয়া খান এই নিরপরাধ জন-সাধারণকে আমেরিকার অস্ত্র দ্বারা গুলী করে হত্যা করছে তাকে লাল সেলাম কে জানাচ্ছে? জানাচ্ছে চীন। চীন আজকে মদত জানাচ্ছে ইয়াহিয়া খানকে। তাই আমি বিরোধী দলের নেতাকে অনুরোধ করছি যে তিনি দয়া করে চীনের নেতৃস্থানীয় ব্যক্তিদের অনুরোধ করুন যাতে ইয়াহিয়া খানকে মদত দেওয়া বন্ধ করেন। সর্বশেষে আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুধীন কুমারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব মাননীয় সদস্য শ্রীঅজয় মুখোপাধ্যায় আমাদের হাউসে পেশ করেছেন এবং যেটা অন্যান্য সদস্য শ্রীস্যার্টি ও সমর্থন করেছেন সেই প্রস্তাব সম্পূর্ণ সমর্থন করে আমি বক্তব্যটি করে আপনাদের সামনে পেশ করতে চাই। আমাদের এই হাউসে অনেকে খুব উৎসাহের সঙ্গে বলেছেন যে এত বড় গণসমর্থন ইতিপূর্বে খুব কম দেশেই দেখা গেছে যেখানে আন্দোলন শুরু হবার পর থেকে এত ব্যাপক এবং এত ঐক্যবদ্ধ সমর্থন সেই আন্দোলনের পিছনে আছে। এখানে আরো অনেক তর্কের কথা উঠেছে। কিন্তু সেই তর্কের অবসান ঘটবে যদি আমরা এই আন্দোলনের ইতিহাসটিকে একটু দেখি। এই আন্দোলন হঠাৎ শুরু হয় নি। নির্বাচনের উৎসাহের কথা যাদের প্রস্তাবে লেখা আছে। কিন্তু সেই নির্বাচনের আগে দীর্ঘ ২০ বছরের সংগ্রামের ইতিহাস পূর্ব পাকিস্তানে আছে। ১৯৪৮ সালের প্রথম দিন থেকে যেদিন জিন্না সাহেব ঢাকায় গিয়ে ঘোষণা করলেন যে পাকিস্তানে একটিমাত্র ভাষা হবে, সে ভাষা উর্দু ভাষা, সেদিন থেকে পূর্ববাংলার গণআন্দোলন এটাকে স্বীকার করে নেয় নি। তারা বুঝেছিল যে, তাদের নিজস্ব স্বকীয়তা চাপিয়ে দেবার প্রচেষ্টা পাকিস্তানের শাসকশ্রেণী করছেন এবং সেদিন থেকে আন্দোলনের নানা দিক প্রকাশিত হয়েছে। ১৯৪৮ সালে ভাষার ব্যাপারে আমরা আন্দোলনের ইতিহাস দেখেছি। ১৯৫০ সালে যে কৃষক আন্দোলন হয়েছিল, আমাদের এই হাউসে তার একজন অন্যতম নেতা উপস্থিত আছেন এবং তাদের আহ্বানে রাজশাহী জেলে যে গুলী চলেছিল সেই গুলী খাওয়া মানুষ এখনও আমাদের

এই হাউসে উপস্থিত আছেন। গত হাউসে আর একজন ছিলেন যিনি ঐ আন্দোলনের নেতা ছিলেন। ১৯৫২ সালের সেই আন্দোলনে ১৩ জন ছাত্র এবং শ্রমিকদের মধ্যে কিঞ্চিৎ নিহত হয়েছিলেন। তারপরে ওরা প্রথম নির্বাচন করতে বাধ্য হয়। সেই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সীমাবদ্ধ ভোটাধিকারের মধ্যে নির্বাচন হয়। কিন্তু নির্বাচন হলে কি হবে—যে সরকার তখন গঠিত হয়েছিল সেই সরকার বুঝতেন যে, চলতে দেওয়া হবে না এবং সেই নির্বাচনে—যে মুসলিম লীগের কথা ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে গণআন্দোলনের ফলে পূর্ববাংলার ইতিহাস থেকে তারা মুছে গেছে। সেদিন সেখানে জয়যুক্ত হয়েছিল একটি যুক্ত ফ্রন্ট যে যুক্ত ফ্রন্টের মধ্যে সম্মানীয় ফজলুল হক সাহেব ছিলেন এবং আরো অন্যান্য নেতারা ছিলেন। এবং কৃষক শ্রমিক বাঁচার জন্য যে গভর্ণমেন্ট গঠন করেন তাকে চলতে দেওয়া হয় নি সেই কুখ্যাত সেকসান ৯২ ব্যবহার করে তাকে বাতিল করে সেই গভর্ণমেন্টকে ভেঙে দিয়ে ইসকান্দার মির্জাকে পাঠিয়ে সেখানে স্বেচ্ছাচারী শাসন কায়েম করেছিল। তার পরবর্তী ইতিহাস হচ্ছে ১৯৫৬ সালে সাধারণ নির্বাচন—তারপর সমস্ত পাকিস্তানে এই প্রথম সাধারণ নির্বাচন হয়েছে এবং সেখানে আওয়ামী লীগ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। মুসলিম লীগের সে চেহারা ছিল না এবং আতাউর রহমান সেখানে চীফ মিনিস্টার হয়েছিলেন এবং ফজলুল হক সাহেব গভর্ণর হয়েছিলেন। পরবর্তী ইতিহাস আপনাদের স্মরণ আছে যে কেমন করে সেখানে গভর্ণমেন্ট ভেঙ্গে দিয়ে ভাসানী সাহেব আবদুল গফফর সাহেব তাঁদের জেলে পাঠানো হয় এবং কেমন করে সেখানে গভর্ণমেন্ট ভেঙে দেওয়া হয়। তারপর ১৯৬২ সালে সেখানে ছাত্ররা আন্দোলন করেছিলেন কুখ্যাত এডুকেশন রিপোর্ট বাতিল করার জন্য এবং তখন থেকেই গণতন্ত্র ও স্বাধীকারের দাবীতে ঢাকার রাস্তায় আন্দোলন শুরু করেছিল। এবং তারই সেই প্রতিবাদের চেহারা দেখে আয়ুবশাহী সেখানে নূতন কনস্টিটিউশন-এর প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং প্রতিশ্রুতি দিয়ে আবার গণতন্ত্র প্রতিষ্ঠার নামে তার সেই তথাকথিত গণতন্ত্র সেটা বেসিক ডেমোক্রেসি তাঁরা বলেছেন, তাঁরা সেইটা দিয়ে চালাবার চেষ্টা করেছিলেন, পুরো গণতন্ত্র দেন নাই, সীমাবদ্ধ গণতন্ত্র দিয়েছিলেন তাই চালাবার চেষ্টা করেছিলেন। কিন্তু তার বিরুদ্ধে বিক্ষোভ রূপে পূর্ববাংলার গণআন্দোলন তীব্রভাবে দেখা দিয়েছিল। সেই আন্দোলনের দীর্ঘ ইতিহাস থেকে ১৯৬৩ সালে ইতিপূর্বে সিক্স-পয়েন্ট প্রোগ্রাম ইনিসিয়েট করেন অল্প দিনের মধ্যে সেই ছয় পয়েন্ট পরে তাদের ১১ দফা দাবী তাঁরা তুলে ধরেছিলেন। এই দীর্ঘ ইতিহাসের পরিণতি হিসাবে আজ পূর্ব-বাংলায় বিরাট গণআন্দোলন তথা মুক্তি আন্দোলন সেখানে শুরু হয়েছে। সুতরাং এটা হঠাৎ ঘটেনি। একজন ব্যক্তির নেতৃত্বে হঠাৎ নির্বাচন জেতার জোরে দিয়ে এটা ঘটেনি। দীর্ঘ ২০ বছর ধরে রক্ত দিয়ে আমাদের বাংলাদেশের দীর্ঘ স্বাধীনতা সংগ্রামের ঐতিহ্য বহন করেছে এ পারে বহন করে নূতন গণতান্ত্রিক আন্দোলন ভারতবর্ষে সৃষ্টি করেছিল ওপারেও তারা সেই ঐতিহ্য বহন করেছে স্বাধীনতার জন্য লড়াই করেছে যেমন আমরা করেছিলাম। তাঁরা বাংলা-দেশের গণতান্ত্রিক অধিকার ও স্বাধীনতার লড়াই এর জন্য অগ্রসর হয়ে এসেছিলেন। সেইজন্য আমরা দেখছি এই বিরাট আন্দোলনের চেহারা। দ্বিতীয়তঃ এই আন্দোলনে একটা জিনিস দেখেছি—ধনী দরিদ্র নির্বিশেষে সকলে ঐক্যবদ্ধ হয়ে লড়াই করছে। এই ধনী দরিদ্র নির্বিশেষে লড়াই এর চেহারা আর একটা চেহারা নেওয়া দরকার ন্যাশনাল কোশ্চেন সেখানে এখন আবির্ভূত হয়েছে। এই ন্যাশনাল কোশ্চেনের মূলকথা দুটি—প্রথমতঃ জাতিগতভাবে তাদের উপর শোষণ চাপানো হয়েছে আর জাতিগতভাবে তাদের উপর অত্যাচার চালানো হয়েছে। এই অত্যাচারের ইতিহাস অনেকে বলেছেন। শোষণের ইতিহাস সেই আচরণের মধ্য দিয়ে এখানে এসেছে। আমি সেটা এখানে একটু তুলে ধরতে চাচ্ছি। পূর্ববাংলার অধিবাসীদের তারা জাতিগতভাবে কিভাবে অপ্রেশান করেছে, এক্সপ্লয়েট করেছে তারা তার একটি বিবরণ দিয়েছেন। রাজস্ব খাতে ব্যয় বাংলাদেশে যেখানে এক হাজার পাঁচ শো কোটি টাকা সেখানে পশ্চিম পাকিস্তানে রাজস্ব খাতে ব্যয় পাঁচ হাজার কোটি টাকা। উন্নয়ন খাতে ব্যয় বাংলাদেশে তিন হাজার কোটি টাকা, আর পশ্চিম পাকিস্তানে হচ্ছে ৬ হাজার কোটি টাকা। বৈদেশিক বাণিজ্যের আয় আসে শতকরা ২০ ভাগ বাংলাদেশে, আর শতকরা ৮০ ভাগ যায় পশ্চিম পাকিস্তানে। বৈদেশিক আমদানির শতকরা ২৫ ভাগ পৌঁছে বাংলাদেশে, আর শতকরা ৭৫ ভাগ যায় পশ্চিম পাকিস্তানে। কেন্দ্রীয় সরকারের চাকরির শতকরা ৮৫ ভাগ পশ্চিম পাকিস্তানের অধিকারে, আর শতকরা মাত্র ১৫ জন বাংলাদেশের

অধিবাসী পায়। সামরিক বিভাগের শতকরা ৯০ জন পশ্চিম পাকিস্তানী, আর মাত্র ১০ জন বাংলাদেশের লোক। চালের দাম যেখানে ৫০ টাকা বাংলাদেশে, সেখানে পশ্চিম পাকিস্তানে মাত্র ২৫ টাকা। আটার দাম পশ্চিম পাকিস্তানে যেখানে ১৫ টাকা, বাংলাদেশে সেখানে ২৫ টাকা। সরিষার তেল বাংলাদেশে হচ্ছে ৫ টাকা, আর আড়াই টাকা হচ্ছে পশ্চিম পাকিস্তানে। সোনার দাম বাংলাদেশে ১৭০ টাকা, আর পশ্চিম পাকিস্তানে সেই সোনার দাম ১৩৫ টাকা। এবং এই যে বৈষম্য, এই বৈষম্য তারা তুলে ধরেছেন, এই যে জাতিগতভাবে তাদের উপর বৈষম্য দেখানো হচ্ছে—এই যে পক্ষপাতদৃষ্ট সরকার এবং তার অত্যাচারের যে কাহিনী সেটা আরও অনেকে বলেছেন, তার পুনরাবৃত্তি আমি করতে চাই না—সেইজন্য সেখানে এই জাতীয় প্রশ্ন এসে গেছে। যে জাতীয় প্রশ্ন আমাদের দেশে সেইভাবে নেই, এবং এই জাতীয় প্রশ্ন থাকার জন্য সেখানে এই বিরাট সমর্থন, দীর্ঘ সংগ্রামের ইতিহাস এবং এইভাবে জাতিগত শোষণ এবং শাসন এর জন্যই সেখানে ঐ ঐক্য এবং জাতীয় সমর্থন গড়ে উঠেছে। এবং এই অবস্থায় আমরা আজ তাদের সমর্থন জানাতে গিয়ে যে সমস্ত কথা বলেছি, আমরা আশা করি যে, যদিও উভয় পক্ষ থেকেই বলছি, তারা যা যে উদ্দেশ্য নিয়েই বলে থাকুন আশা করা যায় আগামী দিনে তার পরীক্ষা তারা দেবেন। আগামী দিনে, যারা আজ এখানে প্রতিবাদ করেছেন, তারা সমর্থন জানান। তারাও বাস্তব ক্ষেত্রে তার পরিচয় দেবেন, কিন্তু এখন পর্যন্ত যা আজকে উঠেছে বলে উল্লেখ করার দরকার এবং যেটা আমাদের কর্তব্য, এখানে গভর্ণমেন্ট পক্ষের সমস্ত দল এটা সমর্থন করছেন, কিন্তু আমি হৃদয়ে জানি যে, গভর্ণমেন্ট পক্ষের অন্ততঃ মুসলিম লীগের, যাদের ওখানে যে ভূমিকা আছে, সেই ভূমিকা থেকে তারা নিজেদের যদি পৃথক করতে চান, নিশ্চয়ই সেই অধিকার তাদের আছে এবং যখন এটাকে সমর্থন করছেন, আমি আশা করি তাদের ভূমিকা কোথায়, সেটা জানাবার জন্য, বাংলাদেশের যে একটিমাত্র মিশন আমাদের দেশে আছে, সেই মিশনে গিয়ে এরা তো তাদের সমর্থন জানিয়েছেন বলে শুনি নি। আমরা তো শুনি নি তাদের পক্ষে এই আন্দোলনে বাংলাদেশের সংবাদপত্র আছে, মিটিং-এর ক্ষেত্র আছে, বিরাট ময়দান আছে—অনেকেই তো সমর্থন জানিয়েছেন প্রকাশ্যে, কিন্তু ওদের পক্ষ থেকে কাউকে তো সেই বিরাট আন্দোলনকে অভিনন্দন জানাতে শুনি নি। সেটা যদি আজও না শুনে থাকি কালকে যদি তার পরিচয় দেন তাহলে আমরা খুশি হব। কিন্তু সেই পরিচয় আমরা পাই নি। সেইজন্য এই হাউসের সামনে যদি আমাদের সকল কর্তব্য স্মরণ করার সঙ্গে এটাও সেখানে আমরা মনে করি যে, আমাদের মধ্যে ঐকমত হওয়া সত্ত্বেও দ্বিমতের চেহারা আছে, তাহলে কি এই কথা বলা অন্যায় হবে যে, সরকার পক্ষ থেকে যখন এত অকণ্ঠ সমর্থনের কথা বলা হচ্ছে, তখন যে মুসলিম যোদ্ধারা গাড়ি নিয়ে এসেছে এখানে, সেই গাড়ি কেন এস ডি ও বাজেয়াপ্ত করেছে সামান্য রেশন কার্ড চাইবার জন্য তারা আমাদের এই হাউসের সদস্য গভর্ণমেন্ট নেতাদের কাছে গেছেন, তাদের বলা হয়েছে দরখাস্ত করুন, মশারি চাওয়া হয়েছে যে সমস্ত যুবক সেখান থেকে লড়ে এসেছে গায়ে ক্ষত আছে যারা হাসপাতালে আছে তারা কিছু সাহায্য চেয়েছে, তাদের বলা হয়েছে দরখাস্ত করুন। একজন একটা সরকারী হাসপাতাল থেকে পরশু দিন আমার কাছে টেলিফোন করেছিলেন যে, তার ব্যবহার্য একটু সাবানও তারা পান নি, আমাদের সেটুকুও যোগান দিতে হবে। সরকারী সদিচ্ছার প্রমাণ এর মধ্যে দিয়ে পাওয়া যায় না, যদি তা প্রমাণ করতে হয় তাহলে তার ব্যবস্থাতেও করা উচিত। প্রস্তাব ভাল জিনিস, কিন্তু প্রস্তাবের সঙ্গে তার ব্যবস্থা নেবার দায়িত্ব আশা করি মুখ্যমন্ত্রী যিনি এই প্রস্তাব পেশ করেছেন, তিনি লক্ষ্য রাখবেন। শেষ পর্যন্ত যদি কেন্দ্রীয় সরকার না মানেন—এখানে এই হাউসে আহ্বান করা হয়েছে যে, যেন বাংলাদেশে যে গণআন্দোলন চলছে কেন্দ্রীয় সরকারকে তারা যেন চাপ দেন এবং বাধ্য করেন যাতে তারা আমাদের এই দাবী মেনে নেন। সেখানে আমরা সেই সততার পরিচয় দিতে বলবো যে, যদি ধর্মঘট করার প্রয়োজন হয়, যদি বাংলাদেশে সাধারণ ধর্মঘট করার প্রয়োজন হয়, বাংলাদেশের মানুষ গণ-আন্দোলনের মাধ্যমে যেভাবে তাদের মতামত প্রকাশ করতে এবং রায় দিতে অভ্যস্ত সেই পথ যদি নিতে হয়, আশা করবো যে সরকার পক্ষের সমস্ত দল যারা আজকে এই প্রস্তাবের পক্ষে, তারাও সেই সাধারণ ধর্মঘটে তাদেরও সমর্থন জানিয়ে, আজকের এই প্রতিশ্রুতির পরিচয়স্বরূপ রাখবেন।

শ্রীশংকর ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে প্রস্তাব মুখ্যমন্ত্রী উত্থাপন করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। বাংলাদেশে যে আন্দোলন হচ্ছে, সেই আন্দোলনের নজীর ইতিহাসে নেই এবং এই যে জাতীয়তাবাদী আন্দোলন, এই আন্দোলনের মাধ্যমে মুজিবর রহমান বাংলাদেশে একটা গণতান্ত্রিক সমাজবাদী ব্যবস্থা স্থাপন করতে চেয়েছিলেন।

মুজিবর রহমান প্রথমে সশস্ত্র বিপ্লবের কথা ভাবেন নি। মুজিবর রহমান যখন আন্দোলন আরম্ভ করেছিলেন তখন তিনি অসহযোগ আন্দোলন করেছিলেন। পাকিস্তানে তখন কোন গণতান্ত্রিক ব্যবস্থা ছিল না। মুজিবর রহমানকে তাই গণআন্দোলন করতে হয়েছিল, তাতে আয়ুব খাঁ ক্ষমতা হারায়। তারপর ইয়াহিয়া খাঁ আসেন এবং সেই গণআন্দোলনের জন্য ইয়াহিয়া খাঁকে নির্বাচনের প্রতিশ্রুতি দিতে হয়। সেই সর্বপ্রথম পাকিস্তানে ওয়ান ম্যান ওয়ান ভোটার-এর ভিত্তিতে, সর্ব মানুষের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন হয়। সেই নির্বাচনে মুজিবর রহমানের দল বাংলাদেশে ১৬৯টি আসনের ভেতর ১৬৭টি আসন পায়।

এতবড় বিরাট জয় নির্বাচনের ইতিহাসে কোন দিন হয় নি। এর কারণ আছে। মুজিবরের যে সংগ্রাম সেই সংগ্রাম সর্বাত্মক সংগ্রাম ছিল। সেই সংগ্রাম কেবলমাত্র অর্থনৈতিক, রাজনৈতিক, রুটিরুজির সংগ্রাম ছিল না, কেবলমাত্র পরাধীনতার বিরুদ্ধে সংগ্রাম ছিল না সে সংগ্রাম সাংস্কৃতিক সংগ্রাম ছিল, সে সংগ্রামের ভিত্তি ভাষা আন্দোলন ছিল এবং সেই সংগ্রাম সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক সংগ্রামের সমন্বয়। তারই জন্য বাংলাদেশে একটা অভূতপূর্ব একতা দেখা যায়। এইজন্য মুজিবরের সংগ্রামকে সর্বস্তরের মানুষ সহায়তা করল। আজকে আমরা মুজিবরের সংগ্রাম থেকে যে শিক্ষা লাভ করেছি সেটা হ'ল এই যে, যে দেশে গণতন্ত্র নেই সেখানে সশস্ত্র অভ্যুত্থানের কথা আসে।

আমাদের ভারতবর্ষের ব্যবস্থা সম্বন্ধে অনেক নেতা বলেছেন যে এখানে ফ্যাসিজম রয়েছে, গণতন্ত্র নেই। আমি বলব তাঁরা বাস্তব অবস্থার ভিত্তিতে কথা বলছেন না। মুজিবর বাংলাদেশে নির্বাচনে অংশ গ্রহণ করেছিলেন, তিনি আশা করেছিলেন যে সামরিক সরকার গণতন্ত্র প্রতিষ্ঠা করবেন। মুজিবর বাংলাদেশে প্রথমে স্বাধীনতা ঘোষণা করেন নি সশস্ত্র বিপ্লবের পথ নেন নি। ২৫শে মার্চ যখন মুজিবরের দলকে বেআইনী ঘোষণা করা হ'ল, মুজিবরকে দেশদ্রোহী বলা হ'ল তারপর মুজিবর সশস্ত্র সংগ্রামের কথা বললেন। সুতরাং মুজিবরের আন্দোলন থেকে একথা আসে না যে সশস্ত্র সংগ্রাম ছাড়া কোন পথ নাই সশস্ত্র সংগ্রাম ছাড়া গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে না। মুজিবর প্রথমে অসহযোগ আন্দোলন করেছিলেন এবং আশা করেছিলেন যে, এই অসহযোগ আন্দোলনের মাধ্যমে গণতন্ত্র স্থাপিত হবে।

আমাদের এই ভারতবর্ষে চতুর্থ সাধারণ নির্বাচনের পর এই বাংলাদেশে কংগ্রেস সরকার পরাজিত হয়েছিলেন এবং যুক্ত ফ্রন্ট সরকার গঠন করেছিলেন। তারজন্য কোন সশস্ত্র অভ্যুত্থানের দরকার হয় নি সেটা সংবিধানের ভেতর দিয়েই হয়েছিল। সেই যুক্ত ফ্রন্ট সরকার যখন এলেন তখন তাঁদের সংখ্যাগরিষ্ঠতা ছিল তাঁদের সংখ্যা ছিল ২১৪। এতবড় সংখ্যাগরিষ্ঠতা কোন সরকারের ছিল না। এই যুক্ত ফ্রন্ট সরকার যখন এলেন তখন কংগ্রেস দল তাঁদের কোন বাধা দেয় নি, কোন রক্তপাত হয় নি বোমা পিস্তল ছোঁড়া হয় নি।

এবারেও পশ্চিমবঙ্গ সরকার এলেন গণতান্ত্রিক পথে। সুতরাং আজকে এই যে গণতন্ত্র হত্যার কথা উঠেছে সেই হত্যা কারা করছে সেটা একটু অন্তর্দৃষ্টি দিয়ে বিবেচনা করুন, বাস্তব অবস্থার দিকে তাকিয়ে দেখুন।

অত্যন্ত দুঃখের কথা এই যে, এই প্রস্তাব সমর্থনের ভিত্তিতে সরকারের বিরুদ্ধে আক্রমণ হয়েছে। আমরা আশা করেছিলাম প্রস্তাবটা সর্ববাদীসম্মতভাবে এসেছে, এর ভেতর কোন বিভেদ, আক্রমণ, সমালোচনা থাকবে না। কিন্তু আমরা দেখতে পেলাম বাংলাদেশের কথা

ছেড়ে অনেক কথা এখানে হয়ে গেল। সুতরাং এই যে বাংলাদেশ, এই বাংলাদেশের কথাই আমি বলতে চাই। এই বাংলাদেশের গণহত্যা বন্ধ করার জন্য এই সভা যে প্রস্তাব এনেছে তাকে সমর্থন করে আমি একথা বলতে চাই যে, এই গণহত্যাকে ধিক্কার দেওয়া হয়েছিল রাষ্ট্রসংঘে ৯ই ডিসেম্বর ১৯৪৮ সালে। তখন রাষ্ট্রসংঘে একটা প্রস্তাব আনা হয়েছিল গণহত্যাকে বেআইনী ঘোষণা করে এবং তাতে একথাও বলা হয়েছিল যে, যে দেশে গণহত্যা চলবে রাষ্ট্রসংঘের অধিকার থাকবে সে দেশের গণহত্যা বন্ধ করবার জন্য ব্যবস্থা নেওয়ার এবং সে প্রস্তাব যখন পেশ করা হয়েছিল তখন পাকিস্তানের যে সদস্য ছিলেন তিনি সেই প্রস্তাব বিশেষভাবে সমর্থন করেছিলেন এবং রাষ্ট্রসংঘের সেদিনের সভায় তিনি অনেক করতালি পেয়েছিলেন। সুতরাং পাকিস্তান যে বলছে যে, বাংলাদেশে যে জেনোসাইড চলছে, যে গণহত্যা চলছে তাতে রাষ্ট্রসংঘের কোন এক্তিয়ার নেই হস্তক্ষেপ করার সেটা তার স্ববিরোধী। রাষ্ট্রসংঘের চ্যাপটার-সেভেনে আছে যে, যেখানে যুদ্ধের আশংকা রয়েছে, শান্তি বিঘ্নিত হবার আশংকা রয়েছে, সেখানে রাষ্ট্রসংঘ ব্যবস্থা নিতে পারেন। সুতরাং আমরা আশা করি রাষ্ট্রসংঘ দেরীতে হলেও এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। আমরা আরও আশা করি যে, ভারত সরকার তাদের স্বীকৃতি দেবেন। দুঃখের বিষয়, লালচান যে পিপল ও লিবারেশনের কথা বলে তারা বাংলাদেশের পিপলের লিবারেশনের জন্য বাংলাদেশের মানুষের মুক্তির জন্য একবারও এগিয়ে এলেন না।

শ্রীরাম চ্যাটার্জিঃ স্পীকার মহাশয়, আজ বাংলাদেশে পূর্ব বাংলায় যে স্বাধীনতা সংগ্রাম সেই মুক্তি সংগ্রামের পরিপূর্ণ সমর্থন করতে গিয়ে গোটাকতক কথা বলবো। পূর্ব বাংলা আমার রক্ত আমার খুন, আমার প্রাণের বাংলা। সেখানে বাঙ্গালী লড়ছে, তারা মরছে, তারা মাথা নত করছে না মুক্তির জন্য। নাড়ীর যোগ আছে, রক্তের যোগ আছে তাদের সাথে। সাথে সাথে আছে নাড়ীর সম্বন্ধ। ওই যে পূর্ববাংলার মানুষ করাচীর একটা কলোনীতে পরিণত হয়েছিল, ব্যথায় ব্যথায় মানুষ সেখানে নিষ্পেষিত হচ্ছিল। বলবো, হে পূর্ববাংলার মানুষ, সমব্যথী হিসাবে এখানকার এই পশ্চিম বাংলার মানুষ দিল্লীর কলোনীতে পরিণত হয়েছে। পাঁচ শত কোটি টাকা এখান থেকে সমস্ত নিয়ে যাচ্ছে, মাত্র ৫০ কোটি টাকা দিয়ে দিচ্ছে। আর আমরা চাতক পাখির মতো 'হা, হা, হা' করে চেয়ে থাকি। আমাদের আকাশে-বাতাসে কি দেখি. আমরা প্রতিনিধি হয়ে এসে, যখন নির্বাচিত হয়ে যাই, নির্বাচিত প্রতিনিধি গিয়ে কি দেখে, না খেয়ে মানুষ কুকড়ে পড়ে আছে, বিক্ষোভ, বিক্ষোভ আর বিক্ষোভ। চারদিকে বিক্ষোভ দেখছি, শুনছি, আরও দেখছি। হিমালয় থেকে নেমে এসেছে একদিকে গঙ্গা, আর একদিকে পদ্মা। পদ্মায় যে কারেন্ট রয়েছে, সেই কারেন্ট চলেছে পূর্ববাংলাকে বিধৌত করে, আর আমাদের এই গঙ্গায় চরা পড়ে গিয়েছে। সেই পদ্মার বান ডাকবে, সেইদিন যারা নির্মমভাবে আমাদের উপর অত্যাচার করে যাচ্ছে তারা টিকবে না, ওই কারেন্টে ভেসে যাবে, আমাদের সরকারের সাহস হবে না। চীনের কথা বলবো না, রাশিয়ার কথা বলবো না, আমি এ দেশের মানুষ, ভারতবর্ষের কথা বলবো। আমার সরকার কি করছে? সাথে মনে প্রশ্ন জাগে, প্রশ্নটা হচ্ছে এই, কেন অস্ত্র দিচ্ছে না? কারণ লুঙ্গিপরা মানুষগুলো, চাষী-মজুর তারা এক সাথে লড়ছে। তাদের হাতে অস্ত্র পড়লে কি জানি কি হয়। পূর্ববাংলা মুক্ত করে হয়ত সেই মানুষ এগিয়ে আসবে সেই অস্ত্র নিয়ে। এটা সন্দেহ জাগছে মনে। এটা কি সত্য? এতদিন হয়ে গেল। রেডিও মারফত চারদিকে আওয়াজ, কান্নার আওয়াজ, গানের আওয়াজ। ক্ষুধাতুর শিশু চায় না কিছু, খালি দুটো ভাত, একটু নুন। কিন্তু সেখানকার মানুষ চায় অস্ত্র, বুলেট। কারণ তারা চাচ্ছে পশ্চিম পাকিস্তানী যারা তাদের উপর অত্যাচার করছে তাদের হাত থেকে বাঁচতে চায়। কিন্তু আমরা এখানে ত্রাণ করছি—তাদের আমরা ত্রাণকর্তা নই। তারা বলছে, আমাদের মুক্তির জন্য অস্ত্র দাও। আমাদের অভ্যাস আছে রিলিফ দেওয়া, কিন্তু ওরা রিলিফ চায় না, ওদের মুক্তির ত্রাণ ওরা নিজেরাই আনবে। সেজন্য ওরা রিলিফ চায় না, অস্ত্র চায়, কিন্তু তা দেওয়া হচ্ছে না। দেখা যাচ্ছে বাংলাদেশের জনসাধারণ কত সুন্দর। বাচ্চা ছেলে দুলিটার তৈল নিয়ে যাচ্ছে কোথায়, না গাছতলায়, কেউ আবার জলখাবার থেকে দু'খানা কাপড় কিনে নিয়ে যাচ্ছে। কিন্তু আজকে পূর্ববাংলার অধিবাসীদের বলছি, মীরজাফরের দল রয়েছে—ঐ মুসলিম লীগ—যে দে

উইল স্ট্যাব ইন দি ব্যাক। আমরা জানি পশ্চিম ও পূর্ববাংলার আকাশে-বাতাসে বেইমান ছড়িয়ে আছে—এসেমব্লী হাউসের ভেতরে কি বাইরে চারদিকে বেইমান ছড়িয়ে আছে। তাই বলছি হুঁশিয়ার হয়ে এগিয়ে যেতে হবে। আমরা এক কথায় নিশ্চয়ই সমর্থন করবো ভারত সরকার তাদের যা-কিছু সশস্ত্র সাহায্য দিক এবং সাথে সাথে আমাদের অপোজিশন থেকে স্বেচ্ছাসেবক এগিয়ে যাবে রক্ত দান করার জন্য। আমার নিজের এক্সপিরিয়ান্স হচ্ছে, আমরা নিজেরা গিয়েছিলাম ডাইরেকটার অব মেডিকেল কলেজের কাছে, ১০/১৫ হাজার লোক রক্ত দেবার জন্য। কিন্তু তিনি বললেন ৫০ জনের বেশি নিতে পারি না, কারণ আমাদের রক্ত গেলে যদি সেখানে কিছু অসুবিধা হয়। অর্থাৎ আমাদের রক্ত গেলে যদি সেটা বিরুদ্ধে যায়, কারণ আমাদের রক্তে নাকি দোষ হয়ে গেছে। আজ আপনারা যে হাসছেন এ হাসি মিলিয়ে যাবে। কিছুদিন আগে আমি পাড়াগাঁয়ে গিয়েছিলাম সেখানে একজন বুড়ি বললে যে, তোমাদের দেশের লোক সব মাতাল হয়ে আছে। আগে একটা বোতল ছিল তাতে একটা কিংকং মার্কা ছবি ছিল। সেটা একটা বিশ্রী ভদ্রলোকের ছবি ছিল বলে চলছিল না, সেজন্য তারা সে বোতলে একটা ভাল ছবি দিল এবং লোকেও সে খেয়ে নিল। কিন্তু তাতে ভারতবর্ষের বেশির ভাগ আদিবাসীর নেশা কেটে গেল। তাই আজকে বুঝতে পারবেন এ ইন্দিরা মার্কা বোতল লোকে খেয়ে ফেলছে কারণ কামরাজ মার্কা বোতল পুরান হয়ে গেছে। কিন্তু এই ইন্দিরা মার্কা বোতল খেয়ে লোকের নেশা একদিন কেটে যাবে এবং সেদিন বুঝতে পারবে কোনটা কি? এটাই হবে চোলাই মদের জবাব। এই বলে আমি এইটাকে সমর্থন করছি।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় যে প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে আমি তাকে সমর্থন করে সেই সম্পর্কে এই প্রস্তাবের যেটা মূলকথা সেটা সম্বন্ধে বলতে চাই। আমরা এই বিধান সভায় ভারত সরকারের কাছে দাবী করছি যে "অনতিবিলম্বে বাংলাদেশে সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও তাহার সরকারকে স্বীকৃতি এবং [illegible] সর্বপ্রকার প্রয়োজনীয় কার্যকরী সাহায্য দিতে হইবে। বাংলাদেশের লক্ষ লক্ষ নরনারী যখন বুকের রক্ত দিতেছেন, তখন পশ্চিমবঙ্গের জনগণ ইহার কমে কিছুতেই রাজী হতে পারেন না।" তা আজকে আমরা সকলেই একমত যে, বাংলাদেশের এই লড়াইকে কিছুতেই আমরা হেরে যেতে দিতে পারি না, আমরা পশ্চিম বাংলার লোক, আমরা বাঙ্গালী সেইজন্যই নয়, আমরা সকলেই মানি যে, বাংলাদেশের লড়াই তাদের জাতীয় স্বাধীনতা, এবং তাদের গণতন্ত্রের লড়াই, প্রগতির লড়াই। পৃথিবীর যে-কোন দেশে গণতন্ত্র, প্রগতি এবং স্বাধীনতার লড়াই যখন হয় তখন ভারতবর্ষের স্বাধীনতাকামী, প্রগতিশীল জনসাধারণ চিরদিন সর্বান্তঃকরণে তাকে সমর্থন করেছে আর এত একেবারে আমাদের পাশে, শুধু পাশেই নয় আমাদের সঙ্গে তাদের রক্তের সম্পর্ক আছে, সুতরাং আমাদের সকলে মিলে এখন এই চেষ্টাই করা দরকার যে, কি করে এটা সফল হয় এবং যতদূর সম্ভব তাড়াতাড়ি সফল হয়। যত লক্ষ লক্ষ লোক সেখানে মরছে, প্রাণ দিচ্ছে, আরো হয়ত অনেক দিতে হবে কিন্তু যত বেশী তাকে সাহায্য করা সম্ভব, যত তাড়াতাড়ি তারা জিততে পারে সেটাই আমাদের সকলের কাম্য। আমরা সকলেই উদ্বিগ্ন যে, ওখানে কোটি কোটি মানুষের অভ্যুত্থান তাকে সামরিক শাসকচক্র অস্ত্র দিয়ে দমন করছে তবু সেখানে নিরস্ত্র মানুষ যেটুকু অস্ত্র পেয়েছে তা দিয়ে তারা বীরের মত লড়ছে, আমরা উদ্বিগ্ন এইজন্যে যে, আমরা এত বড় রাষ্ট্র তার পাশে রয়েছি আমরা এই স্বাধীন সার্বভৌম রাষ্ট্রকে স্বীকার করছি না কেন? আমরা এই সার্বভৌম রাষ্ট্রের জনগণ যাতে জয়যুক্ত হতে পারে তার জন্য যথেষ্ট সাহায্য দিতে অগ্রসর হচ্ছি না কেন? আমি বলছি না যে, কিছুই সাহায্য দেওয়া হচ্ছে না। ভারত সরকার নানাভাবে সমর্থন জানিয়েছেন, সাহায্য হয়ত কিছু কিছু দিচ্ছেন কিন্তু বাংলাদেশের মানুষ উদ্বিগ্ন এইজন্য যে, যথেষ্ট সাহায্য দেওয়া হচ্ছে না। দিতে হবে এবং একথা ঠিক যে, শুধু চাল ডাল পাঠানোই নয়, ওষুধ কিছু দরকার হতে পারে, কিন্তু প্রধান সাহায্য তারা চাচ্ছে অস্ত্র। যত লোক এসেছে, ফিরে গিয়েছে বা এখনও এখানে আছে, সকলের কাছ থেকে আমরা শুনছি যে, আমাদের অস্ত্র দাও, বাংলাদেশের সরকারকে স্বীকৃতি দাও। এই সূত্রে আমি একটা কথা বলতে চাই এই রকম লড়াই যখন হয় তখন বেছে বেছে মানুষ লড়ে না, তখন ব্যাপকভাবে মানুষ লড়তে চায় এবং তার সম্প্রদায় যাই

হোক, তার রাজনৈতিক মতবাদ যাই হোক, সে যদি স্বাধীনতার জন্য লড়ে তাহ'লে তাকে লড়তে সাহায্য করতেই হবে। পূর্বপাকিস্তানের, এখন বাংলাদেশের কম্যুনিস্ট পার্টি তারা প্রকাশ্যে আহ্বান জানিয়েছে ওখানকার স্বাধীনতার যুদ্ধে সমস্ত স্বাধীনতাকামী দলের মোর্চা গঠনের জন্য এবং সেখানে আমাদের এ কর্তব্য নয় যে, কার কি রাজনৈতিক মত সেই বেছে সাহায্য করা। সেখানকার মানুষ যারা লড়ছে, লড়তে চায় এবং লড়বার জন্য এগিয়ে যাচ্ছে, তাদের সাহায্য দিতে হবে। অবশ্য সেখানে গভর্ণমেন্ট আছে, গভর্ণমেণ্টকে আমরা সাহায্য করবো, গভর্ণমেন্টকে স্বীকার করবো, তার মারফত সাহায্য দেবো তাতে কোন সন্দেহ নেই কিন্তু আমাদের গভর্ণমেন্টের তরফ থেকেও বলা উচিত যে, পাকিস্তানে দলমত নির্বিশেষে সমস্ত স্বাধীনতাকামী যোদ্ধা যেন ঐক্যবদ্ধভাবে লড়তে পারে, যাতে তাড়াতাড়ি জয়যুক্ত হতে পারে। একটি কথা উঠেছে যে, আমরা যদি স্বীকৃতি দিই তাহ'লে যুদ্ধ হবে কিনা, আমরা যদি অস্ত্র দিই তাহ'লে যুদ্ধ হবে কিনা। ঠিক কথা। পাকিস্তানের সামরিক শাসকচক্র তারা যে-কোন প্ররোচনা দিতে পারে। একথাও ঠিক যে, পৃথিবীর বৃহৎ রাষ্ট্রদের মধ্যে এক সোভিয়েট ইউনিয়ন তার রাষ্ট্রপতি পদগরনি, তিনি পাকিস্তানের রাষ্ট্রপতির কাছে প্রতিবাদ করে হোক, দাবী জানিয়ে হোক, একটি চিঠি দিয়েছেন।

পাকিস্তান এর সামরিক চক্র হয়ত কোন কোন বৃহৎ রাষ্ট্রের সমর্থন পাচ্ছে বা পেতে পারে কিন্তু তাই থেকে ভয় দেখানো হচ্ছে যে, যুদ্ধ বেধে যাবে। যুদ্ধ বেধে যাওয়া অত সহজ কথা নয় আজকালকার আন্তর্জাতিক পরিস্থিতিতে কিন্তু আমি বলব যে-সেই আশংকাতে আমরা স্বীকৃতি দেব না, অস্ত্র দেব না এবং নিরস্ত্র মানুষকে এইভাবে হত্যা করে চলবে, আর সেখানে যারা বীর যোদ্ধা তাদের বুলেট নেই, তারা লড়বে, এইভাবে কতদিন চলতে পারে? আমি মনে করিয়ে দেব যে, পাকিস্তানের সামরিক চক্র যদি কলকাতার উপর বোমা ফেলে তারা একথা বুঝেসুঝেই ফেলবে যে, ভারতেরও ক্ষমতা আছে করাচী, লাহোরের উপর বোমা ফেলার কিন্তু আমি অপনাদের একটা কথা বলছি, আমাদের চেয়ে চেহারায় অনেক ছোট একটা রাষ্ট্র গণতান্ত্রিক ভিয়েতনাম প্রজাতন্ত্র ভিয়েতনামের স্বাধীনতার যুদ্ধকে সাহায্য করেছে অস্ত্রশস্ত্র সব কিছু দিয়ে, তারজন্য পৃথিবীর অন্যতম বৃহৎ রাষ্ট্র পাকিস্তানের চেয়ে শত গুণে শক্তিশালী রাষ্ট্র মার্কিন যুক্তরাষ্ট্রের শত্রুতা অর্জন করেছে এবং সমস্ত আন্তর্জাতিক নিয়ম বিধি লংঘন করে মার্কিন যুক্তরাষ্ট্র হানয়ের উপর ভিয়েতনামের রাজধানীর উপর দিনের পর দিন বোমাবর্ষণ করেছে। তার ফলে সেখানকার জনসাধারণ কি ভয় পেয়েছে, সেখানকার জনসাধারণ কি মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে মাথা নত করেছে, সেখানকার গভর্ণমেন্ট কি পিছু হটে এসেছে—একটুও নয়। ভিয়েতনাম আমাদের তুলনায় অনেক ছোট কিন্তু সেই ভিয়েতনাম যদি দক্ষিণ ভিয়েতনামের স্বাধীনতা যুদ্ধে সাহসের সঙ্গে সাহায্য করে থাকতে পারে তাহ'লে ভারতবর্ষ কেন পারে না? আমরা জানি কমিউনিস্টদের নেতৃত্বে পরিচালিত সেই রাষ্ট্র সেখানকার জনগণকে যেভাবে ঐক্যবদ্ধ এবং সংঘবদ্ধ করেছে তা ভারতবর্ষের পক্ষে সম্ভব নয়। বিরোধি দলের নেতা জ্যোতিবাবু যখন বক্তৃতা করেন তখন তাঁর মুখ থেকে আমি একথাটা শুনব আশা করেছিলাম কিন্তু আমি নিশ্চয় করে বলতে পারি, এই আশ্বাস আমি ভারত সরকারকে দিতে পারি—সকলে দিতে পারি, সমস্ত পক্ষ থেকে দিতে পারি, বাংলাদেশের সমস্ত প্রগতিশীল গণতান্ত্রিক দল দিতে পারে, সমস্ত জনসাধারণ দিতে পারে যে, স্বীকৃতি দাও, অস্ত্র দাও, কার্যকরী সাহায্য দাও, তারা লড়ুক, তাদের লড়বার যথেষ্ট লোক আছে, তারা লড়ুক, তারা জিতুক, তারজন্য যদি কোন বিপদ ভারতের উপর আসে আমরা সকলে— আমাদের অন্যান্য বিষয়ে যে-কোন মত পার্থক্য থাক, আমাদের শ্রেণী বিভেদ আছে, শ্রেণীর সঙ্গে শ্রেণীর লড়াই আছে, বিরোধি দলের মধ্যে মতভেদ আছে আমাদের মধ্যে সংঘর্ষ আছে কিন্তু আমাদের মধ্যে যাই থাকুক না কেন, আমরা সকলে জোট বেঁধে দাঁড়াব এবং আমরা তার মোকাবিলা করব। আমি মনে করি যখন বিরোধি পক্ষ এবং সরকার পক্ষ উভয়ে মিলে এই প্রস্তাব একজোট হয়ে এনেছি তখন নিশ্চয়ই এই বিষয়ে আমরা একমত আছি এবং এই আশ্বাস আমরা দিতে পারি, এই বিষয়ে আশংকার কোন কারণ নেই। তেমন জরুরী পরিস্থিতির যদি সৃষ্টি হয় তখন নিশ্চয়ই আমরা সকলে ঐক্যবদ্ধ হয়ে দাঁড়াব তার সম্মুখীন হওয়ার জন্য। সেই বিষয়ে ভয় পাবার এবং পিছু হটবার কোন কারণ নেই। অনেক কথা বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম সম্বন্ধে বলার

আছে—অনেকেই বলেছেন, আমি সেইসবের পুনরাবৃত্তি করতে চাই না, আজকের দিনে এত কথা শুনবার আমাদের অবকাশ নেই—আজকের দিনে যখন তারা লড়ছে, মরছে, যখন ওদিকে লক্ষ লক্ষ লোক মরছে, আবার লক্ষ লক্ষ লোক যখন পালিয়ে আসতে বাধ্য হচ্ছে আমাদের এখানে তখন যে কথাটা সবচেয়ে জোরের সঙ্গে এই প্রস্তাবের মধ্যে বলবার চেষ্টা করা হয়েছে, আমাদের আইনসভার উদ্বেগ, আমাদের পশ্চিম বাংলার জনগণের উদ্বেগ এবং অবস্থার জরুরীত্ব সম্বন্ধে জোর দিয়ে যে কথাটা তুললাম নিশ্চয়ই আমরা সকলে মিলে ভারত সরকারের উপর প্রয়োজনীয় চাপ দেব কিন্তু আমি চাপ দেয়ার কথাটা বলতে গিয়ে বলছি, আমরা এই আশ্বাসও দেব যে, হ্যাঁ, স্বীকৃতি দাও, অস্ত্র দাও, সাহায্য কর, তারজন্য যে-কোন ঝামেলা আসুক, ঝক্কি আসুক, বিপদ আসুক আমরা সমস্ত দল সকলে মিলে ঐক্যবদ্ধভাবে তার সম্মুখীন হব এই আশ্বাস আমরা দিচ্ছি।

শ্রীসুশীলকুমার ধাড়া ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন তাকে সম্পূর্ণভাবে এবং আন্তরিকতার সঙ্গে সমর্থন জানাচ্ছি। আমি এই প্রসঙ্গে দু'-চারটি কথা বলার সুযোগ নিচ্ছি, এবং সেই সুযোগে এই কথা বলতে চাই, ওপার বাংলায় যে সংগ্রাম হচ্ছে সেই সংগ্রামে লক্ষ লক্ষ মানুষ তাদের জীবন বলি দিয়েছে, সর্বস্ব হারিয়েছে এবং হারাচ্ছে। তাই আমাদের প্রাণ আমাদের মন তাদের কাছে চলে গেছে। এই লক্ষ লক্ষ মানুষের আত্মাহুতির জন্য এ পার বাংলার মানুষেরা একটা বিশেষ উদ্বেগ এবং আবেগ বোধ করছে সে বিষয়ে সন্দেহ নাই। সারা ভারতবর্ষের মানুষের মধ্যে সেটা হয়েছে। সেটা যত বেশিই হোক না কেন, এপার বাংলার মানুষের অনুভূতি সেটা কিনা তা বলতে পারি না। এটা দেখা গিয়েছে অধিকাংশ বিধানসভায় প্রস্তাব গৃহীত হয়েছে, সেই সংগ্রামকে সমর্থন করে এবং লোকসভায়ও প্রস্তাব গৃহীত হয়েছে সর্বসম্মতিক্রমে। এর তিনটি মৌলিক কথা হচ্ছে সিমপ্যাথি, সাপোর্ট, সলিডারিটি। এই সিমপ্যাথি কিজন্য, যাতে তারা এই সংগ্রামে জয়ী হতে পারে, সাপোর্ট দিতে হবে এইজন্য যাতে তারা সংগ্রামে জয়ী হতে পারে। এবং একথা বলার পর তারা আশ্বাস পেয়েছে এবং তারা মুখে মুখে একথা বলছে যে, তাদের যা কিছু বল তা হচ্ছে ইণ্ডিয়া এবং ইন্দিরা। তাই যদি হয় ইণ্ডিয়া এবং ইন্দিরাকে আজ দেখতে হবে। একথা বলে আমি বলবো—আজকে যে লক্ষ লক্ষ মানুষ আসছে তাদের প্রকৃত যত্ন নেওয়া হচ্ছে না। সমস্ত প্রচেষ্টা সত্ত্বেও। আমি বিভিন্ন সময়ে সরকারী কর্মচারীদের টেলিফোন করেছি, খুব ভাল যে সাড়া পেয়েছি তা মনে করি না। সেই গতানুগতিক ধারায় জবাব দিয়েছে, আর কি করতে পারা যায়। এদের স্বাগত করেছি, রিফিউজী বলে মনে করি না এবং বলে দেওয়া হয়েছে তোমরা রিফিউজী নও, কিন্তু তাদের যেভাবে ব্যবহার করা উচিত সেইভাবে করছে না। তাদের এখানে থাকার যে ব্যবস্থা তা অপ্রতুল, স্বাস্থ্যের ববস্থা অপ্রতুল, খাদ্যের ব্যবস্থাও অপ্রতুল। এমনও দেখেছি যারা এসেছে এপারে তাদের দুই দিন দেড় দিন পরে একটা মীল পেয়েছে। এটা উচিত নয়। এটা অবিলম্বে দেখা উচিত। এবং সঙ্গে সঙ্গে একথাও বলব মুক্তি ফৌজের যেসব মানুষ এসেছে এপারে তাদের পরের দিন খাদ্য দিতে পারি নি, এই খবর আমার কাছে আছে। এবং আরও অনেক ঘটনা আছে। আমি আজকে এই প্রস্তাব সমর্থন করে একথা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকারের কাছে যে চাপ দেওয়ার কথা উঠেছে, তাতে যেন এই দাবী থাকে যে, অবিলম্বে অর্থের সংস্থান করুন যাতে কোন অবস্থায়ই কোন দ্বিধা বা সংকটে না পড়তে হয়। এই যে স্রোতের মত লোক আসছে তাদের জন্য কতকগুলি ব্যবস্থা যদি না করতে পারি তাহলে অন্যায় হবে, পাপ করা হবে, যে আশ্বাস দেওয়া হয়েছে, তা থেকে দূরে আসা হবে। এটা একটা গণতান্ত্রিক আন্দোলন অহিংস পথে হচ্ছে। আমাদের সুবোধবাবু একটা কথা উল্লেখ করেছিলেন। সেদিন ভারতবর্ষে যে স্বাধীনতার সংগ্রাম করেছিলেন তাঁরা অধিকাংশই হচ্ছে রাজনৈতিক কর্মী।

আমার মনে হয় অনেক দিনের কথা বলে সুবোধবাবু হয়ত ভুলে গেছেন। সেদিন অসংখ্য কৃষক এই লড়াইয়ে সামিল হয়েছে এবং কৃষক রমণী মাতঙ্গিনী হাজরা মৃত্যুমুখে পতিত হয়েছেন।

এরকম অনেক উদাহরণ থাকলেও আজকে সেখানকার লড়াইয়ে তারা যে ত্যাগ, শৌর্য, বীর্যের উদাহরণ দেখিয়েছেন সেটা সত্যিই ভারতবর্ষে মিলবে না। আমি একদিন স্বাধীনতা সংগ্রামের ক্ষুদ্র সৈনিক ছিলাম এবং মাতঙ্গিনী হাজরা আমার কাছে প্রণম্য। কিন্তু রোসনারা বেগম শৌর্যে, বীর্যে মাতঙ্গিনী হাজরাকেও ছাড়িয়ে গেছে বলে আমি তাঁকে শ্রদ্ধা জানাচ্ছি। জহরব্রতের কথা হয়েছে। ৫০টি ছাত্রী বিশ্ববিদ্যালয়ের হোস্টেল থেকে লাফিয়ে পড়ে যেভাবে মরেছে তা অতুলনীয়। কাজেই আমি মনে করি সেখানে তাঁরা জহরব্রতের চেয়ে বড় ব্রত উদ্‌যাপন করেছেন। আমি তাঁদের নেতৃবর্গের কাছে শুনেছি এরকম হাজার হাজার সুইসাইডিয়াল স্কোয়াড তৈরি হয়ে রয়েছে যারা জীবন দিতে পারবে। কাজেই আজকে তাদের মদত দিতে হবে। আজকে যারা এসছে তারা অস্ত্র-শস্ত্র চেয়েছে, তারা কেউ খেতে চায় নি। আমরা যদি খাদ্য দিতে চাই সেটা আমরা পৌঁছে দিতে পারব না। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, আমি তাদের কাছ থেকে নিজে শুনেছি একটি ডাব খেয়ে দুই দিন লড়াই করেছে, একখানা আখ খেয়ে তিন দিন লড়াই করেছে এবং এর জন্য তারা তৈরি। তারা চায় অস্ত্র-শস্ত্র, যুদ্ধের সরঞ্জাম। মুক্তি ফৌজের জন্য যা প্রয়োজন তা যদি আমরা তাদের দিতে না পারি, তাদের যদি রিকগনিসন না দিতে পারি তা হ'লে কোন ফল হচ্ছে না এবং ঐগুলি পৌঁছান যাচ্ছে না। আমি মনে করি ভারত সরকার এই ব্যাপারে সতর্কতা অবলম্বন করছেন এবং এতে কোন ফল হবে না। আমি আশা করি না আমাদের কেন্দ্রীয় সরকার যাঁরা জাতীয় সরকার বলে পরিচিত তাঁরা আর একটি জাতীয় সংগ্রামের জন্য পিছপা হবেন। ঝুঁকি আছে জানি। কিন্তু সেটা না নিয়ে অন্য দেশের অনুকরণ করা উচিত নয়। আমি কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করছি আমাদের পথ অন্যান্য দেশ অনুসরণ করুন এবং সেটা করাতে হ'লে অবিলম্বে তাদের স্বীকৃতি দেওয়া দরকার এবং তার সঙ্গে সঙ্গে যা কিছু প্রয়োজন তা পৌঁছে দেওয়া দরকার। এক প্রাণ, এক জাতি তারা গঠন করতে পেরেছে, যেটা আমরা পারি নি। তারা ভাষা আন্দোলন করেছিল এবং বাংলাদেশের মাটিকে, বাংলাদেশের গানকে, জাতিসত্তাকে তারা যেভাবে গ্রহণ করেছে আমরা তা পারি নি। আমাদের সরকারী দপ্তরে আজকেও বাংলা ভাষা ব্যাপকভাবে প্রচলিত হয় নি। আমরা বিধানসভায় সিদ্ধান্ত করেছিলাম, কিন্তু তা পারি নি। কিন্তু ওখানে গাড়ির নম্বর ইংরেজী বা উর্দু ভাষার নয়, বাংলায় লেখা। কাজেই দেখা যাচ্ছে ওঁরা যা পেরেছেন আমরা তা পারি নি। ওখানকার মানুষ হিন্দু মুসলমান বৌদ্ধ, খৃষ্টান প্রভৃতি সাম্প্রদায়িক ভেদাভেদের উর্ধে চলে গেছে। কিন্ত এখানে দেখছি এখনও সাম্প্রদায়িকতার বিষাক্ত নিঃশ্বাস ফেলা হচ্ছে। যাহোক, স্বাধীন সার্বভৌম বাংলাদেশকে স্বীকৃতি দেবার জন্য এবং সর্বপ্রকার সাহায্য করবার যে পথ আমরা নিতে চলেছি এই প্রস্তাবের মধ্য দিয়ে তাকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশ্যামাচরণ মুর্মু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুখ্যমন্ত্রী মহাশয় পূর্ববাংলা সম্বন্ধে যে প্রস্তাব এনেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে হাউসে যেসমস্ত আলোচনা হ'ল তা আমি সবই শুনলাম। আমি আজকে সমস্ত সদস্যের কাছে আবেদন জানাচ্ছি আমরা আমাদের নিজেদের সমস্ত রাজনীতি ভুলে গিয়ে পূর্ব পাকিস্তানের অর্থাৎ বাংলাদেশের মানুষরা খেয়ে পরে বাঁচার জন্য জঙ্গীশাহীর সঙ্গে যে লড়াই করছে তাতে তাদের সাহায্য করবার জন্য আমাদের প্রত্যক্ষভাবে নামতে হবে। এখন যদি আমরা কোন রকম রাজনৈতিক কারচুপি নিয়ে খেলা করি তাহ'লে ভুল করা হবে। বড় বড় বক্তৃতার মাধ্যমে কোন কাজ হয় না। একতাবদ্ধ হয়ে আমাদের কাজ করে যেতে হবে। আজকে যে সেখানে হাজার হাজার মানুষ মরছে সে সম্বন্ধে শুধু বক্তৃতা দিলেই হবে না। তাই আমি পশ্চিম বাংলা সরকার তথা ভারত সরকারকে অনুরোধ জানাচ্ছি এই সমস্ত মানুষের মানুষের মত বেঁচে থাকার জন্য যা কিছু সাজ-সরঞ্জাম প্রয়োজন তা দিতে হবে। পশ্চিম বাংলার অধিবাসীরা এবং পূর্ববাংলার অধিবাসীরা এক সময়ে ভারতবর্ষের মধ্যেই ছিলেন। মহাত্মা গান্ধী এবং জিন্নার ভুল বোঝাবুঝির জন্য হিন্দুস্তান এবং পাকিস্তানের সৃষ্টি হয়। হয়ত মুসলমানরা ভেবেছিলেন পাকিস্তানের মধ্যে গেলে কত সুখ শান্তি উপভোগ করব। কিন্তু ২২/২৩ বছর পর তাঁরা দেখলেন জঙ্গীশাহীর লোকেরা এখান থেকে সমস্ত জিনিস নিয়ে যাচ্ছে। এবারে তাঁরা মুজিবরের নেতৃত্বে গণতন্ত্রে জয়লাভ করলেন

কিন্তু সঙ্গে সঙ্গে দেখা গেল জঙ্গীবাহিনীর কায়েমী সরকার তাদের বিলোপ সাধনের জন্য চেষ্টা করছেন। শেষ পর্যন্ত মুক্তিবর বাধ্য হ'ল যুদ্ধ ঘোষণা করতে। আমি হয়তো খুব বেশি বলতে পারছি না এই কথা বলেই আমি তাঁদের পূর্ণ সমর্থন জানাচ্ছি। আর একটা কথা হচ্ছে ঐ যে পূর্ববাংলায় যেসমস্ত মানুষ লড়াই করছে কি হিন্দু, কি মুসলমান কি আদিবাসী কি সাঁওতাল সমস্ত শ্রেণীর লোক আজ এক প্রাণ এক জাতি হয়ে লড়াই করছে। কাজেই আমাদের এখানে কর্তব্য সমস্ত রকম বিদ্বেষ ভলে গিয়ে সর্বান্তঃকরণে সাহায্য করা -এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোবিন্দচন্দ্র মণ্ডল: মাননীয় স্পীকার মহাশয় আমি মুসলিম লীগ পার্টির চীফ হুইপের তরফ থেকে বলছি। আমি

(গোলমাল)

স্যার, ও'রা আমাকে যেভাবে সন্দেহ করছেন সেটা ঠিক নয়। তা ছাড়া আমাদের দলকে সাম্প্রদায়িক দল বলে যা বলছেন সেটাও ঠিক নয় এসব সম্পূর্ণ অসত্য কথা। কেন না আমি কেবলের অনুকরণে মুসলিম লীগে এসেছি

(গোলমাল)

স্যার নাগাল না পেলে আংগুর টক হয়ে যায়। এরা এখন মুসলমানকে সাম্প্রদায়িক বলছেন। কিন্তু এর আগে গোর্খা লীগকে বলেন নি। তা ছাড়া বর্তমানে ঝাড়খণ্ড দলকেও সাম্প্রদায়িক দল বলে বলছেন না। তবে আপনারা যাই বলুন আমি আশা রাখি আগামী দিনে নির্বাচনোত্তর কেবলের মত আপনাদের উল্টো প্রোমশন হবে।

(গোলমাল)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার

মিঃ ডেপুটি স্পীকার: হোয়াট ইজ ইওর পয়েন্ট অব অর্ডার?

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্যার আমার পয়েন্ট অব অর্ডার হ'ল আজকে বাংলাদেশের সমর্থনে একটা পার্টিকুলার রেজ্যুলিউসানের উপর বিতর্ক হচ্ছে। কিন্তু মাননীয় সদস্য যা বলছেন তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। ও'র যদি এর উপর কিছু বলার না থাকে তা হলে উনি বসে পড়ুন।

মিঃ ডেপুটি স্পীকার: ইট ইজ নো পয়েন্ট অব অর্ডার। লেট হিম স্পিক ইন হিজ ওন ওয়ে।

শ্রীগোবিন্দচন্দ্র মণ্ডল: মাননীয় স্পীকার মহাশয়, আজকে এ্যাসেমব্লীতে কোয়ালিশন গভর্ণমেন্টের মুখ্যমন্ত্রী মহাশয় বাংলাদেশ সম্পর্কে যে প্রস্তাব এনেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

শ্রীদেবীপ্রসাদ বসু: স্যার ওঁরা ইয়াহিয়ার সেই দাড়িওয়ালা মুসলমানকে বলতে বলুন।

(গোলমাল)

শ্রীসুব্রত মুখার্জি: স্যার, আমি অবজেকশন দিচ্ছি। মাননীয় সদস্যকে এটা উইথড্র করাতে হবে। আপনি উইথড্র করতে বলুন।

(গোলমাল)

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ নো মেম্বার স্যুড মেক এনি স্টেটমেন্ট হুইচ এ্যাফেক্টস্ দি সেন্টিমেন্ট অব আদার্স।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার। আপনি জানেন মুসলমানদের কিছু অবশ্য কর্তব্য আছে এবং আজকে যে উক্তি করলেন এবং বিরোধী দলের মাননীয় নেতা, উপনেতা এরা বসে আছেন, একটা ধর্মের উপর আঘাত করা হয় যেটা আমাদের ধর্ম বলে মনে করছি এবং এটা গর্হিত বলে মনে করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে গুরুতর বিষয় আলোচনার অবতারণা করা হয়েছে, এটার এত বেশি গুরুত্ব যে, আজকে এই টীকা টিপ্পনিতে মনোযোগ দেবার অবকাশ নেই। কিন্তু যে বক্তব্য উনি রেখেছেন, এটা গার্হিত বক্তব্য এবং এটা এখানে চলে না। আমি আপনাকে অনুরোধ করবো যে, উনি যদি এই উক্তি প্রত্যাহার না করেন তাহ'লে এটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করে দেবেন। এই টুকুই আমার সাবমিশন।

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ কোন সেনটেন্স-এ যদি অপর পক্ষের কারো সেন্টিমেন্টে কোথাও আঘাত লাগে এবং মনকষ্ট হয় তাহ'লে আমার মনে হয় এটা করা উচিত নয়। যদি করা হয়ে থাকে তাহ'লে উইথড্র করা উচিত।

শ্রীমনসুর হবিবুল্লাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে এখানে আলোচনা হবে কি? কার কিসে আঘাত লাগে, কে পার্টির নাম মুসলিম রাখে, কে হিন্দুমহাসভা করেন, তখন তার সেটা মনে রাখা উচিত পরে এটা নিয়ে সমালোচনা করা চলে না।

(গোলমাল)

তখন তাকে বুঝতে হবে, তখন মনে রাখা উচিত। কাজেই এখানে ঐ প্রসঙ্গে আলোচনা হবে না রেজোলিউশন-এ আলোচনা হবে এটা আগে ঠিক করুন। . . . .

(গোলমাল)

শ্রীমতী গীতা মুখার্জিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিষয় এখানে আলোচনা হচ্ছে তার গুরুত্ব সর্বাধিক নয়, হিন্দু-মুসলমানের দৃঢ়তম ঐক্যের ভিত্তিতে একমাত্র এখানে জয় সম্ভব। সেজন্য আশা করবো সকল পক্ষ থেকে যেন এই আলোচনার মধ্যে আর এই ধরণের কোন কথা না হয় এবং এ প্রস্তাবের উপযুক্ত মর্যাদা থাকে।

শ্রীদেবীপ্রসাদ বসুঃ স্যার, আমি মুসলীম লীগ সম্বন্ধে গভীর শ্রদ্ধা পোষণ করে থাকি। তার কারণ, আমাদের ভিতরে প্রচুর মুসলমান সদস্য আছেন, কংগ্রেসের মধ্যে আছেন, অন্য দলের মধ্যে আছেন। কারো সম্বন্ধে কোন মুহূর্তে আমি কটাক্ষপাত করি নি কোন ধর্ম সম্বন্ধে, এটা মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন মহাশয় জানেন। আমি যেটা বলতে চেয়েছিলাম সেটা হচ্ছে গোবিন্দ মণ্ডল মহাশয়কে দিয়ে মুসলিম লীগের বক্তব্য না রেখে মুসলিম লীগের একজন দায়িত্বজ্ঞানসম্পন্ন সদস্য তিনি এই বক্তব্য রাখুন। তাতে নাম বলতে না পেরে তাড়াতাড়িতে আমি বললাম যে, যাঁর মুখে দাঁড়ি রয়েছে তিনি উঠে বল. । এতে যদি কেউ আঘাত পেয়ে থাকেন তাহ'লে আমি এই কথা প্রত্যাহার করে নিচ্ছি।

শ্রীরাধাগোবিন্দ বিশালঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সরকার পক্ষ থেকে বাংলাদেশের মুক্তি সংগ্রামের সমর্থনে এবং স্বাধীনতার সমর্থনে, তাঁদের সাহায্য দেওয়ার সমর্থনে সরকার পক্ষ থেকে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি দু'-একটি কথা বলতে চাই। আমরা যারা এই প্রস্তাব সমর্থন করতে উঠেছি তাঁদের বক্তৃতার মধ্যে কেউ কেউ

এই আন্তরিকতা সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন, আবার অনেক সাম্প্রদায়িকতার উক্তিও হচ্ছে, আবার পশ্চিম বাংলায় কেন্দ্রীয় সরকারের ঠিক অনুরূপভাবে জেহাদ ঘোষণা করার কথা কেউ কেউ বলেছেন। আমি এইসবের মধ্যে না গিয়ে এই কথা বলতে চাই যে, বৃহত্তর স্বার্থের জন্য, মহৎ আদর্শ পালনের জন্য সীমান্তের ওপারে আমাদেরই ভাইবোন যারা আত্মত্যাগ করছেন, যারা সংগ্রাম চালিয়ে যাচ্ছেন তাদের কাছ থেকে আমাদের অনেক কিছু শেখবার আছে। যেদিন আমাদের নেতাজী সুভাষচন্দ্র বসু পূর্বভারতীয় দ্বীপপুঞ্জে আজাদ হিন্দ ফৌজ গঠন করেছিলেন সেদিন এমনিভাবে এই বাংলাদেশের মত সাম্প্রদায়িকতা বর্ণ ধর্ম ভাষা ইত্যাদি সমস্ত কিছু বিভেদ অতিক্রম করে একটি মহত্তর ঐক্য গড়ে উঠেছিল আজকেও পূর্ববাংলায় অর্থাৎ বাংলাদেশে তা সম্ভব হয়েছে। আমরা আজকে যুদ্ধক্ষেত্র থেকে নিরাপদ দূরত্বে বসে অনেক তর্ক করতে পারি অনেক উৎসাহ দিতে পারি, অনেক রকম আলোচনা করতে পারি, কিন্তু এই কথা মনে রাখতে হবে যে প্রতিটি মুহূর্তে সেখানে জীবন যাচ্ছে প্রতিটি মুহূর্তে সেখানে জীবন কোরবানি হয়ে যাচ্ছে। সুতরাং আমাদের আর এইসব তর্ক, বিতর্কের কোন অবকাশ নেই। যেসমস্ত মাননীয় সদস্য সর্বপ্রকার সাহায্য দেবার কথা বলেছেন আমি তাঁদের সেই বক্তব্যকে অভিনন্দিত করি। আমাদের স্বেচ্ছাসেবক সংগ্রহ করেই হোক যেমন করেই হোক অর্থ রসদ অস্ত্র শস্ত্র ইত্যাদি দেবার দাবী যেমন সরকারের কাছে দেব তেমনি বেসরকারীভাবে আমাদের যা কিছু করণীয় আছে তাই আমরা করবো। আমাদের পক্ষে আজকে এটা সৌভাগ্যের বিষয় এবং গর্বের বিষয় যে স্বাধীনতা সংগ্রামী স্বাধীনতাকামী শান্তিপ্রিয় মানুষদের সমর্থনের বিষয়ে আমাদের বক্তব্য আমরা রাখছি এবং যতটা করা দরকার ততটা করার চেষ্টা করছি। ভারত সরকারের কাছে আমাদের অনুরোধ যে এই প্রস্তাব নিশ্চয়ই কার্যকরী করতে হবে এবং যাতে তারা আন্তর্জাতিক স্বীকৃতি সত্বর লাভ করতে পারে এবং বাংলাদেশের এই নূতন সরকার আন্তর্জাতিক কূটনৈতিক মর্যাদা লাভ করতে পারে নিশ্চয়ই আমাদের সেই ব্যবস্থা করতে হবে। সাহায্য দিয়ে ত্রাণের ব্যবস্থা করে আমাদের সক্রিয় ভাবে সক্রিয়ভাবে যে ব্যবস্থা আমরা করতে যাচ্ছি সেটা কতদিন এই রকম চালিয়ে যেতে পারি সেই আমাদের লক্ষ্য হওয়া উচিত এবং যত শীঘ্র সম্ভব বাংলাদেশের সরকার স্বীকৃতি লাভ করে বাংলার এই সমস্ত ঘরের মানুষ ঘরে ফিরে যেতে পারবেন তার ব্যবস্থা হতে পারে সেইজন্য আমাদের অবিলম্বে তাদের স্বীকৃতি দেওয়া উচিত।

সেইজন্য আমাদের অবিলম্বে স্বীকৃতি দেওয়া উচিত এবং এদের যাতে সাহায্য করে তারা সাফল্য লাভ করতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে তার জন্য প্রয়োজন হলে আমাদের সাধ্যের মধ্যে যেতে হবে। আমরা যতই বৈষয়িক সমস্যায় জর্জরিত হই না কেন এই সমস্যাকে আমরা কিছুতেই অবহেলা করতে পারি না বা ফেলে দিতে পারি না এবং দেখেও না দেখার ভাণ করতে পারিনা। বাইরের অন্যান্য বৈদেশিক রাষ্ট্র বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিতে দেরী করতে পারে কিন্তু আমাদের মোটেই দেরী করা উচিত হবে না বাংলাদেশকে স্বীকৃতি দিতে। আমরা বৈষয়িক স্বার্থের কথা রাজনৈতিক স্বার্থের কথা ভাবতে পারি। কিন্তু আমাদের বোঝা উচিত এই বাংলা একদিন আমাদেরই অঙ্গ ছিল। আমরা যারা ১৯৪৬ সালের প্রত্যক্ষ সংগ্রামের দিনগুলি দেখেছি তা কখনো ভোলা যায় না। সেই দিনগুলি ছিল কি ভয়ংকর। কি রকম করুণ অবস্থার মধ্যে পাকিস্তানের সৃষ্টি হয়েছিল। আজকে কালের করাল প্রবাহে দ্বিজাতিতত্ত্ব যে কত অসার ও অর্থহীন তা প্রমাণিত হয়ে গিয়েছে। মানুষকে মানুষের ভাষার ঐক্য সামাজিক ঐক্য সাংস্কৃতিক ঐক্যই ঐক্যবদ্ধ রাখতে পারে। সীমান্তের ওপারে আমাদের ভাইবোনেরা নিরস্ত্র হয়ে যে বীরত্বপূর্ণ সংগ্রাম করছে সশস্ত্র এক পাশবিক শক্তির বিরুদ্ধে তা তুলনাবিহীন। আমরা তাদের সেই সংগ্রাম সমর্থন জানাচ্ছি আগেও জানিয়েছি আজকে এই সভায় সর্বসম্মত যে প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি। এই প্রস্তাবকে কার্যকরী করবার জন্য যা যা করা প্রয়োজন তার আলোচনা করতে থাকবো। এই প্রস্তাব গ্রহণ করতে গিয়ে সাম্প্রদায়িকতার ধুয়া ধরে যে কথা কাটাকাটি হল তা বাস্তবিকই খুব দুঃখজনক। মাননীয় সুবোধবাবু যে কথা বলেছিলেন তা অতি মর্মস্পর্শী। তিনি বহুদিনের সভ্য লেজিসলেচারের ব্যাপারে তাঁর প্রচুর অভিজ্ঞতা ও দক্ষতা রয়েছে। আমরা যাঁরা নূতন নির্বাচিত হয়ে এসেছি, আমাদেরও এই হাউসের কাজকর্ম ভালভাবে দেখা দরকার শেখা দরকার। সমস্ত প্রস্তাবটি যাতে যথোচিতভাবে গৃহীত হয় তাও দেখা

দরকার। আমরা যারা জনগণের দ্বারা প্রতিনিধি হিসেবে নির্বাচিত হয়ে এসেছি, আমাদের উপর জনগণ গুরুতর দায়িত্ব দিয়েছে। সেই দায়িত্ব সম্পর্কে আমরা যেন সচেতন থাকি। জয় বাংলা।

শ্রীহরেকৃষ্ণ কোনার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের মানুষ লড়ছে। তারা তাদের বুকের রক্ত ঝরাচ্ছে। আমাদের কর্তব্য হ'ল একে শুধু সমর্থন করা নয়, একে আমরা কি করে শক্তিশালী করতে পারি, তাদের জয়ের পথকে কিভাবে আমরা সুগম করে তুলতে পারি, তার ব্যবস্থা করা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানের খবরের কাগজগুলি পড়লে মনে হয় বাংলাদেশের মানুষের জন্য আমাদের এখানে প্রায় চোখের জলের এক প্রতিযোগিতা চলেছে। তার দাম আছে। যে মানুষ লড়ছে তারজন্য কিছু করতে না পেরেও যদি কাঁদতে পারা যায় তারও মূল্য আছে। কিন্তু আমাদের সীমান্তের ওপারে আমাদের ঘরের কাছে মানুষ যখন রক্ত দিচ্ছে তখন শুধু কান্নার প্রতিযোগিতা করে বাংলাদেশের মানুষের প্রতি কর্তব্য পালন করা যাবে না। সেজন্য আমাদের কয়েকটি কর্তব্য আছে। সেই কর্তব্য দুরকম—এক রকম বাংলাদেশের মানুষের লড়াইকে ভেঙ্গে চুরমার করে দেবার অজুহাত হিসাবে পাকিস্তানের শাসকচক্র শুধু মিথ্যা প্রচার করে চলেছে। একথা বললে ভুল হবে, নিজের মনকে ভুল বোঝান হবে--যদি মনে করি যে, পৃথিবীর কোথাও কোন মানুষকে তারা ভুল বোঝাতে পারছে না—একথা আমাদের বোঝা দরকার। একটা দেশের মানুষ লড়ছে, তাদের এই লড়াই-এর দাবী যুক্তিসঙ্গত, এ ছাড়া তাদের পথ ছিল না, এটা যদি দুনিয়ার মানুষকে বোঝান যায়, তাদের সমর্থন যদি টানা যায়, তাহ'লে অনেক কাজ হবে। শুধু আমাদের দেশের মানুষের সমর্থন নয়—পশ্চিম পাকিস্তান বলে যে জায়গা আছে, সেখানে যে মানুষ আছে, যদি সেখানকার মানুষের সমর্থন আদায় না করা যায়, তাহ'লে বাংলাদেশের মানুষের পক্ষে লড়াই করা আর একটু কষ্টকর হবে। তারা পারবে না আমি সে কথা বলছি না। কিন্তু যদি পশ্চিম পাকিস্তানের সাধারণ মানুষদেরও বোঝানো যায় এবং তাদের সমর্থন পাওয়া যায় তাহ'লে পাকিস্তানের সামরিক শাসকচক্রকে আরও বেকায়দায় ফেলা যায় এবং তার ফলে বাংলাদেশের জনগণের সাহায্য হয়। যেমন করে ভিয়েতনামের লড়াইয়ে আমেরিকার অভ্যন্তরে সেখানকার ছাত্ররা এবং যুবকরা যুদ্ধের বিরুদ্ধে বিক্ষোভ দেখায়, তারা ভিয়েতনামের মানুষদের এইভাবে সাহায্য করে। তাই বারে বারে ভিয়েতনামের জনগণের নেতা কমরেড হোচামিন আমেরিকার জনগণকে অভিনন্দন জানিয়েছেন, অভিনন্দন জানিয়েছেন তাদের যারা ভিয়েতনামের সমর্থনে আমেরিকান সরকারের বিরুদ্ধে চাপ সৃষ্টি করেছেন। এমনিভাবে বাংলাদেশের পক্ষেও প্রয়োজন আছে যাতে পাকিস্তানের সামরিক চক্র সাধারণ মানুষকে ভুল বোঝাতে না পারে। তা ছাড়া পৃথিবীর অন্যান্য দেশও আছে, সেখানের জনগণেরও সমর্থন প্রয়োজন। সেইজন্য আমাদের একটা কর্তব্য হচ্ছে এই যে, বাংলাদেশের সংগ্রামের তাৎপর্য সাধারণ মানুষের কাছে তুলে ধরা। আমরা ভারতবর্ষের মানুষ কেন সমর্থন করছি সে সম্বন্ধেও স্পষ্ট ধারণা থাকা দরকার কারণ পাকিস্তানের সামরিক শাসকচক্র দুনিয়াকে ভুল বোঝাবার চেষ্টা করছে যে, আমাদের যে সমর্থন এটা বাংলাদেশের মানুষ যার জন্য লড়ছে, অর্থাৎ তাদের স্বাধীনতা এবং গণতন্ত্র—আমাদের দরদ তার জন্য নয় এরা ভারতবর্ষের লোক পাকিস্তানবিরোধী মনোভাব থেকে সমর্থন করছে, পাকিস্তান ভেঙ্গে গেলে ভারতের সুবিধা হতে পারে, এই রকম একটা মনোভাব থেকে সমর্থন করছে। এটা কিন্তু বোঝাবার চেষ্টা করা হচ্ছে। এটা যদি পাকসামরিকচক্র বোঝাতে পারে তাহ'লে স্বভাবতঃই পৃথিবীর বিভিন্ন দেশের লোক কিছুটা বিভ্রান্ত হতে পারে এই ভেবে যে, একটা দেশ টুকরো টুকরো হয়ে যাবে, আলাদা হয়ে যাবে, এবং তার গভর্নমেন্টের পক্ষে তা মেনে নেওয়া মুশকিল। শুধু তাই নয়, আমাদের ভারতবর্ষের মধ্যেও বহু জাতির মানুষ আছে, বহু ধর্মের মানুষ আছে এবং তাদের সকলের ঐক্যেরও প্রয়োজন আছে। যদি পাকিস্তানের সামরিক চক্র এই কথা ভালভাবে প্রচার করতে পারে যে, একটা দেশকে টুকরো টুকরো করে দেবার জন্য বাংলাদেশের এই লড়াই তাহ'লে কি আমরা জোর করে বলতে পারি যে, আমাদের ভারতবর্ষের কোন অংশের মানুষের মনে কোন বিভ্রান্তির সৃষ্টি করতে পারে না? যদি তারা বোঝাতে

পারে যে, এই সংগ্রাম পশ্চিম পাকিস্তানের মানুষের বিরুদ্ধে বাঙ্গালীদের আধিপত্য প্রতিষ্ঠার সংগ্রাম, এই যদি বোঝাতে পারে, ভুল বোঝাতে পারে, তাহ'লে কি ওদের সংগ্রামকে দুর্বল করতে পারা যায় না? আমি এই কথাটার উপর জোর দিতে চাই যে, বাংলাদেশের মানুষেরা পাকিস্তানকে ভেঙ্গে দেবার জন্য লড়াই শুরু করে নি। তারা চেয়েছিল গণতন্ত্র ও স্বায়ত্তশাসন। এই প্রসঙ্গে বলতে পারি যে, যদি কোন দেশের রাষ্ট্রশক্তি ইতিহাসের এক বিশেষ শিক্ষাকে গ্রহণ না করেন তাহ'লে তিনি নিজে ভুল করবেন। বক্তৃতা দিয়ে অন্য কিছু করা যায় না। সেই শিক্ষা হ'ল যে, যদি কোন দেশ বহুজাতিভিত্তিক হয়, বহু জাতির সমন্বয়ে গঠিত হয়, সেই দেশের কেন্দ্রীয় সরকার যদি সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করে সমস্ত রাজ্যগুলির ওপর একেবারে একাধিপত্যের ও শোষণের রথ চালিয়ে যান, তাহ'লে সেই দেশ কালক্রমে ভাঙ্গতে বাধ্য। সেইসব দেশে বিভিন্ন জাতিরভিত্তিতে যে এক-একটি রাজ্য, সেই রাজ্যগুলিকে ব্যাপক স্বায়ত্তশাসন-এর অধিকার দেওয়া প্রয়োজন, এ না হ'লে দেশের ঐক্যকে রক্ষা করা যায় না। বাংলাদেশের মানুষ এই স্বায়ত্তশাসন চেয়েছিল। সেখানে ১৩ বছর ধরে মিলিটারি বুটের দাপট পাকসরকার চালান, গণতান্ত্রিক অধিকার তাদের জনগণের কেড়ে নেওয়া হয়েছিল। তবুও তারা মরে নি। ৫০ হাজার কি ৭০ হাজার মিলিটারি জনগণের বুকের উপর যদি বছরের পর বছর ধরে চাপিয়ে দেওয়া যায় তাতে কেউ যদি মনে করেন সেই দেশের প্রাণশক্তি ভেঙ্গে দেওয়া যায় তাহ'লে তাঁরা মূর্খের স্বর্গে বাস করছেন, যেমনভাবে পাক সামরিকচক্র মূর্খের স্বর্গে বাস করেছিলেন ১৩ বছর ধরে। ২৫শে মার্চের আগে মিলিটারি মেসিনগান চালিয়ে গণহত্যা শুরু করে নি, ১৩ বছর ধরে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বুকের উপর তারা চেপে বসেছে, এই তারা করেছে। জনগণ চেয়েছিল তার থেকে বাঁচতে। তাদের ৬-দফা দাবি ছিল, এখন কাগজ পড়লে ৬-দফা দাবি আর পাবেন না, সব গুলিয়ে যাচ্ছে। তাদের কথা ছিল এই যে, পাকিস্তানের কেন্দ্রীয় গভর্ণমেন্টের হাতে দেশরক্ষার মত সাধারণ কয়েকটি জিনিস থাকবে, বাকি সমস্ত ক্ষমতা বাংলাদেশের রাজ্যের হাতে থাকবে এবং এই দাবি শুধু বাংলাদেশের জন্য ছিল না, পাকিস্তানের প্রত্যেকটি রাজ্যের অধিকারের কথা তাঁরা বলেছিলেন। এতে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের অন্তরে সাড়া জেগেছিল। ওরা লড়াই চায় নি, ওরা চেয়েছিল ভোটের মাধ্যমে স্বায়ত্তশাসন। পাকিস্তানের সামরিকচক্র তার জবাব দিলেন আক্রমণ করে। তারা মিলিটারিকে অর্ডার দিলেন—যে মিলিটারি ১৩ বছর ধরে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বুকের উপর চেপে বসেছিল—তাদের অর্ডার দেওয়া হ'ল, 'বাংলাদেশের উপর তোমরা গণহত্যার অভিযান শুরু করে দাও। শুধু কুম্বিং' করলে চলবে না, 'এনসার্কলিং' করলে চলবে না, একেবারে নিশ্চিহ্ন করার অভিযান চালাও। ওখানে হচ্ছে তাই। দেড় মাসের মধ্যে যদি ১-২ লক্ষ লোক খুন হয়ে থাকে তাহ'লে এটা গণহত্যা ছাড়া আর কি? তারা স্বায়ত্তশাসন, গণতন্ত্র চেয়েছিল শান্তিপূর্ণভাবে ভোটের ভেতর দিয়ে, তার জবাব এল মিলিটারিতে, মেসিনগানের গুলিতে। কি করতে পারত বাংলাদেশের মানুষ?—যদি তাদের মনুষ্যত্ববোধ থাকে তাহ'লে তার একমাত্র উত্তর ছিল অস্ত্রের ঝঞ্জনাব উত্তর অস্ত্রের ঝঞ্জনায়। তাই হয়েছে তাই তো স্বাধীনতার দাবি এল। এই বিষয় আমাদের তুলে ধরা উচিত। এইটুকু যদি তুলে ধরতে পারি তাহ'লে পৃথিবীর গণতান্ত্রিক মানুষের সমর্থন পাওয়া যাবে। কিন্তু এই সমর্থন একদিনে পাওয়া যাবে না, ভিয়েতনামের পক্ষে সমর্থন একদিনে পাওয়া যায় নি, সময় লাগবে। সেজন্য এটা নিয়মিত প্রচার করার দরকার আছে যে, বাংলাদেশের মানুষ পাকিস্তানকে ভেঙ্গে দিতে চায় নি, তারা চেয়েছিল মানুষের মত মর্যাদা নিয়ে, গণতান্ত্রিক অধিকার নিয়ে বাঁচতে। তাদের খুন করে বাধ্য করা হল লড়তে। তাদের সামনে স্বাধীনতা ছাড়া বাঁচার কোন পথ থাকল না। এটা দুনিয়ার সামনে তুলে ধরার প্রয়োজন আছে। পাকিস্তানের সামরিকচক্র প্রতিনিয়ত আর একটি বিরুদ্ধ প্রচার করছে এবং বাংলাদেশের ভেতরে কিছু দালাল সংগ্রহের চেষ্টা করছে। তাদের দু'-একটি নাম আপনাদের কাছে এসেছে। যেসব ভাইরা এখানে এসেছে, যেসব ভাইরা এখানে এসেছেন তাঁদের কাছ থেকে খবর পাচ্ছি যে, সেখানকার কিছু কিছু মানুষকে ভুল বোঝাবার চেষ্টা হচ্ছে যে, ভারতবর্ষের যারা সমর্থক তারা পাকিস্তানকে দুর্বল করতে চাইছে ; বাংলাদেশ যদি স্বাধীন হয় তাহ'লে বাংলাদেশ ভারতবর্ষের

একটা অনুগত দেশ হবে। আমি আপনাদের বলছি, বাংলাদেশের প্রতি আমাদের সমর্থনের কদর্থ করে পাকসামরিকচক্র আমার এখানে বিভ্রান্তি সৃষ্টি করবে এটা যেন না হয়। পাকিস্তানের সামরিক চক্রকে এই কথা বলতে চাই যে, একটা দেশের ৭½ কোটি মানুষ যদি একবার অস্ত্র হাতে নিয়ে পাকিস্তানের আধুনিক অস্ত্রে সজ্জিত সামরিক বাহিনীকে পর্যুদস্ত করতে পারে তাহ'লে আত্মমর্যাদাসম্পন্ন সে জাতি অন্য কোন জাতি বা অন্য কোন গভর্নমেন্টের কাছে, তা সে যত চেষ্টাই করুক না কেন, যার মনে যতই আশা থাক না কেন, সে জাতি কোনদিন কারো কাছে মাথা নোওয়াতে পারে না। এইভাবে যদি পাকিস্তানের মিথ্যা প্রচার ব্যর্থ করতে পারি, তাহ'লে আমরা গোটা দেশকে ঐক্যবদ্ধ করে বাংলাদেশের পাশে দাঁড়াতে পারবো।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার যা তৃতীয় বক্তব্য তা এবার আমি বলবো। তবে তার আগে বলি, কংগ্রেস বেঞ্চের সদস্যরা হয়ত মনে করবেন এটা আমি রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করছি। কিন্তু আমি তারজন্য বলছি না। এখানে শাসকগোষ্ঠির সন্ত্রাসের বিরুদ্ধে আমরা সংগ্রাম করতে জানি। ভারতবর্ষের সঙ্গে চীনের লড়াই হ'ল, আর আমাদের জেলে পুরে দেওয়া হ'ল। পাকিস্তানের সঙ্গে ভাবতবর্ষের লড়াই হ'ল, আমাদের জেলে পুরে দেওয়া হ'ল। আমরা মার্কসবাদীরা শান্তিপূর্ণ মীমাংসা চেয়েছিলাম বলে। আমরা আমাদের নিজেদের সংগ্রাম করতে জানি। তারজন্য বাংলাদেশের কোটি কোটি মনুষের সংগ্রামকে ব্যবহার করার কোন প্রয়োজন নেই। আমরা জানি পশ্চিম বাংলায় সন্ত্রাসের বিরুদ্ধে কিভাবে লড়াই করতে হয়। সি আর পি, মিলিটারি দিয়ে, পি িস এ বা পি ডি দিয়ে আমাদের দাবান যায় না। তারজন্য আমাদের কারো উপর নির্ভর করতে হয় না। যদি আমাদের নিজেদের সংগঠনের ক্ষমতা থাকে, যদি পশ্চিম বাংলার সাড়ে চার কোটি মানুষকে ঐক্যবদ্ধ করতে পারি তাহ'লে এই সন্ত্রাসমূলক আক্রমণের বিরুদ্ধে লড়াই করতে পারি। আপনারা ভুল বুঝবেন না। আমি অন্য কোন উদ্দেশ্যে বলছি না। ধরুন, আপনারা সন্ত্রাসমূলক আক্রমণের সাফাই দিচ্ছেন শান্তি-শৃংখলার কথা বলে। পাকিস্তানের শাসক ইয়াহিয়া খাঁ বলেছেন, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় মিলিটারি দিয়ে অত্যাচার চালান হচ্ছে। এটা কিন্ত আমাদের জন্য বলছে না। ওরা বলছে বাংলাদেশের যে মানুষ লড়ছে তাদের ভুল বোঝাবার জন্য। তোমরা বাংলাদেশে মিলিটারিব বিরোধিতা করছ, তাহ'লে পশ্চিম বাংলায় শান্তির সময় কেন মিলিটারি আছে? তাহ'লে কি এই পশ্চিম বাংলা ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে? আভ্যন্তরীণ শান্তি-শৃংখলাব জন্য তো পুলিস আছে। কিন্তু কেন চার ডিভিসন তার মানে প্রায় ৫০ হাজার মিলিটারি আছে? বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বিরুদ্ধে পাকশাসকেরা ব্যবহার করছে ৭০ হাজার। মিলিটারি, এখন হয়ত এক লক্ষ হবে। কিন্তু পশ্চিম বাংলায় সাড়ে চাব কোটি মানুষের বিরুদ্ধে প্রায় ৫০ হাজার। এখানে চার ডিভিসন মিলিটারি আছে, এই চাব ডিভিসন মানে ৫০ হাজার। এই প্রচার যদি ওরা করে? তাহ'লে পশ্চিমবঙ্গে সি আর পি মিলিটারির ব্যবহার দ্বারা কি ইয়াহিয়ার হাতকে শক্তিশালী করা হচ্ছে না? আপনারা ভুল বুঝবেন না। ৫০ হাজার মিলিটারি সাড়ে চার কোটি মানুষের বিরুদ্ধে ব্যবহার করে পাক-সামরিক চক্রের আক্রমণের পক্ষে যুক্তি দেওয়া হচ্ছে। বাংলাদেশকে কিছু রাইফেলের সাহায্য দেওয়ার চেয়ে যথেষ্ট গুরুত্বপূর্ণ হবে যদি আমরা দেখাতে পারি, ইয়াহিয়ার কোন কুৎসা করার সুযোগ নেই। এখানে সবাই জানেন, বিশেষ করে যাঁরা মন্ত্রী হয়েছেন তাঁরা জানেন আমরা মার্কসবাদীরা সরকারের আক্রমণ হতে রক্ষার জন্য ওইসবের উপর নির্ভর করি না, নিজেদের ক্ষমতার উপর নির্ভর করি। ক্ষমতা থাকলে লড়াই করবো একথা জানি কিন্তু পাকিস্তানের শাসকচক্র যখন লোককে বোঝায় যে, ভারতবর্ষের সমর্থন হ'ল একটা চালাকি, বাংলাদেশকে ভারতের একটা অনুগত রাষ্ট্রে পরিণত করার চেষ্টা, তখন এর কি জবাব দেবেন, এটা বিপজ্জনক। মিলিটারি পশ্চিমবঙ্গে থাকলে আমি আতঙ্কিত নই। মানুষের অভ্যাস হওয়া ভাল। ১৩ বছর ধরে পূর্ববাংলার লোকেদের মিলিটারি দেখতে দেখতে অভ্যেস হয়ে গেছে, এবং তারজন্য তারা মিলিটারির বিরুদ্ধে রাইফেল ধরতে শিখেছে। সেজন্য দেখবেন, কোন দেশের যারা বুদ্ধিমান গভর্ণমেন্ট তারা সাধারণ অবস্থায় মিলিটারি ব্যবহার করে না। আমাদের ভারতবর্ষের শাসকরা কেন তা বুঝছেন না, তা জানি না। আমি বলছি পশ্চিমবঙ্গে মিলিটারির

ব্যবহার বাংলাদেশের লড়াইকে কি দুর্বল করে না? আমি যে দৃষ্টিভঙ্গী থেকে বলছি সেটা বোঝার প্রয়োজন আছে। জ্যোতিবাবু তাই বলছিলেন আপনাদের দরদ কোথায় আছে? কথায় বলে যে, 'আপনি আচরি ধর্ম পরেরে শেখাও'। পূর্ববাংলার মানুষ স্বায়ত্তশাসন চেয়েছিল বলে ইয়াহিয়া তার জবাব বুলেটে দিয়েছেন। ভারতবর্ষও বহু জাতির দেশ। এখানে "স্বায়ত্তশাসন" শব্দটি এখনও ওঠে নি। শুধু এইটুকু দাবী করা হয়েছিল যে, রাজ্যগুলির আরও অধিকার পাওয়া উচিত। কিন্তু তার জবাবে প্রধানমন্ত্রী বললেন যে, রাজ্যগুলির অধিকতর ক্ষমতার দাবীর মানে হ'ল কেন্দ্রকে দুর্বল করা এবং কেন্দ্র দুর্বল হওয়া মানে দেশ দুর্বল হওয়া। কিন্তু যখন ইয়াহিয়া খান বলেন যে, রাজ্যগুলির স্বায়ত্তশাসন চাওয়া—বিশেষ করে ২ হাজার মাইল দূরের একটা রাজ্যের স্বায়ত্তশাসন চাওয়া মানে পাকিস্তানকে দুর্বল করা তখন শুনতে খারাপ লাগে। মাদ্রাজের মুখ্যমন্ত্রী—আমাদের দলের লোক নন, নির্বাচনে কংগ্রেসের সঙ্গে ছিলেন—যখন রাজ্যের ক্ষমতার কথা বলেন তখন কি তিনি তাহ'লে দেশদ্রোহী? আমি হিন্দু ইত্যাদি পত্রিকায় বড় বড় হেড লাইন-এ দেখেছি, তিনি বলেছেন যে, যদি রাজ্যগুলিকে অধিকতর অধিকার না দেওয়া হয় তাহ'লে ইফ নট ইন দিস জেনারেশন পরবর্তী জেনারেশন-এ সমস্ত দেশ ছিন্ন ভিন্ন হয়ে যাবে। আমরা বললে আপনারা বলতেন দেশদ্রোহী, কিন্তু যেহেতু তিনি কংগ্রেসকে ১০টি সিট পার্লামেন্ট-এ দিয়েছেন, অতএব তিনি তা নন। একদিন ঐ ইয়াহিয়া খাঁন, আয়ুবসাহেব স্বায়ত্তশাসন দাবী শুনে হেসেছিলেন, কিন্তু সেটা থাকে নি। তাঁরা ভেবেছিলেন, এখানে স্বায়ত্তশাসনের দরকার নেই, শুধু রাজ্যগুলি তাদের প্রয়োজনে ইসলামাবাদের কাছে হাত জোড় করে দাঁড়িয়ে থাকবেন। এটাই ছিল ও'দের যুক্তি, যে যুক্তি আমাদের এখানেও দেখান হয়। আমার বন্ধুস্থানীয় জনৈক সদস্যের পার্টির একটি পত্রিকায় লেখা হয়েছে যে, পাকিস্তানের কেন্দ্রীয় সেক্রেটারিয়েটে পশ্চিম পাকিস্তানের ৬৯২ জন অফিসার আর পূর্ববাংলার মাত্র ৫২ জন। সেই তুলনামূলক হিসাব যদি সম্প্রদায় হিসাবে রাইটার্স বিল্ডিংস অফিসারের বেলায় ধরা হয় তাহ'লে এর দ্বারা খারাপ ফল হবে। উই উইল প্লে ওনলি ইন্টু দি হ্যান্ডস্ অফ আদার্স। তাই এরকম যুক্তি ঠিক নয়। কিন্তু আমি যখন বলব যে, পাক শাসকচক্রের দ্বারা বাংলাদেশের মানুষকে লুট করা হচ্ছে তখন আমি কেন ভুলে যাব যে, পশ্চিম বাংলার মতন একটা সমস্যাসংকুল রাজ্যে চতুর্থ পরিকল্পনার ৫ বছরে ভারতের কেন্দ্রীয় সরকার হ'তে আমরা পাব মাত্র ২২১ কোটি টাকা, অথচ প্রতি বছর আমাদের এখান হ'তে সেন্ট্রাল ট্যাক্স কেন্দ্রে যাবে ৫০০ কোটি টাকার বেশি। এগুলি কি পাকিস্তান গভর্ণমেন্ট দেখছে না? পাকিস্তানের ক্ষেত্রে এক যুক্তি, আর ভারতের ক্ষেত্রে উল্টা যুক্তি হ'তে পারে না। জ্যোতিবাবু ঐ অর্থে বলেছিলেন ইফ ইউ আর সিনসিয়ার, যদি সত্যিই বাংলাদেশের মানুষের সংগ্রামকে আমরা সমর্থন করি, যদি সেটা পাকবিরোধী মনোভাব থেকে নয়, এই মনোভাব থেকে হয় যে, তারা এমন একটা নীতির জন্য লড়ছে যার জন্য মানুষের প্রাণ দেয়া উচিত তাহ'লে সেই নীতিকে ভারতেও প্রয়োগ করা উচিত। এবং তা যদি না হয় তাহ'লে আমরা পাকিস্তানের সামরিক শাসকচক্রের হাত শক্তিশালী করব। তাদের দাবী যদি সত্যই গুরুত্বপূর্ণ হয় তাহ'লে পশ্চিম বাংলায়ও তো সেই দাবীকে মূল্য দেয়া উচিত আমাদের। ওখানে গণতন্ত্রের জন্য মানুষের লড়াইকে যদি শ্রদ্ধা জানাই তাহ'লে পশ্চিম বাংলায়ও গণতন্ত্রের জন্য সংগ্রামের আমরা বিরোধিতা করতে পারি না, তাকেও শ্রদ্ধা জানাতে হবে। ওখানে মানুষের যদি আত্মনিয়ন্ত্রণের অধিকারকে আমরা সেলাম জানাই তাহ'লে আমাদের এখানে অন্ততঃ রাজ্যগুলির একটু অধিকতর অধিকার থাকা উচিত। এগুলি হওয়া উচিত। এ যদি না হয় তাহ'লে ভুল করা হবে। দ্বিতীয় যেটা বলতে চাচ্ছি সেটা একটু ভেবে দেখুন। আমাদের এখানে পশ্চিম বাংলায় ৫০ হাজার মিলিটারি যদি মাসের পর মাস থাকে, যদি মাসের পর মাস সি আর পি এখানে থেকে আমাদের উপর উৎপীড়ন চালায় তাহ'লে কি একথা বলা চলে যে, আমরা সত্যিকারের বাংলাদেশের মানুষকে আন্তরিকতার সঙ্গে সমর্থন করছি? আমি একথা বলতে চাই এজন্য, কারণ পশ্চিম বাংলার হিন্দু, মুসলমান বাঙ্গালী, অবাঙ্গালী সমস্ত মানুষের ঐক্য নির্ভর করছে আমাদের এখানকার গণতান্ত্রিক অধিকার রক্ষার উপর।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলব। বাংলাদেশের মানুষ দেড় মাস ধরে লড়ছে। এটা আপনিও জানেন, আমরাও জানি যে, এই লড়াইএ যোদ্ধা বাহিনীর পিছনে কি

ছিল। এর পিছনে ছিল জনগণের অপূর্ব সমর্থন কিন্তু প্রধানতঃ যারা হাতিয়ার ধরে লড়েছে তারা হ'ল পূর্ববাংলার পুলিস, আনসার বাহিনী, বেঙ্গলী রেজিমেন্ট ইত্যাদি। এরা কিছু অস্ত্র পেয়েছিল, কিন্তু তারা সোজাসুজি লড়তে জানত, স্বভাবতঃই তারা গেরিলা যুদ্ধের সব কায়দা জানে না। পাকিস্তানী মিলিটারির বিরুদ্ধে তারা এলোপাথারি গুলি খরচ করল, ফলে অস্ত্রের অভাব পড়ল, অস্ত্রের খোরাকের অভাব পড়ল। তখন তাদের জরুরী কি প্রয়োজন ছিল? প্রয়োজন ছিল চোখের জল নয়, ঐ সীমান্তে কিছু চিড়ে, গুড় দেয়া নয় বা ট্রিপল অ্যান্টিজেন ইনজেকসন দেয়া নয়। কেউ কেউ বলেছিল ভলান্টিয়ার দিতে রাজী আছি। ওরা ভলান্টিয়ার চায় নি—সাড়ে ৭ কোটি মানুষ প্রাণ দেবার জন্য প্রস্তুতই, তারা ভারতবর্ষের কাছে ভলান্টিয়ার চাচ্ছে না; তারা চেয়েছে রাইফেল, মর্টার, অ্যান্টি-এয়ারক্রাফ্ট্ গান, যা নিয়ে তারা লড়তে পারে। কিন্তু দেড় মাস দেরী হয়ে গেল, আর কত দেরী হবে? সেখানে কি গেছে না গেছে, তারা কি পেয়েছে বা না পেয়ছে তা আমরা জানি না; কিন্তু গত দেড় মাস ধরে আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত একটা আর্মির বিরুদ্ধে তারা লড়েছে, মরেছে, সেখানে অনেক জায়গা আর্মি দখল করে নিয়েছে। ওরা সেখানে থাকতে পারে নি। ওদের অসুবিধা গ্রামগুলি এখনও সংগ্রামের ঘাঁটি হিসাবে তৈরি হয় নি। অবশ্য বাংলাদেশের মানুষের লড়াই কিভাবে চলবে না চলবে সেই বিষয়ে উপদেশ দেবার স্পর্ধা আমার নেই; কারণ ওরা লড়ছে, মরছে—কাজেই তাদের উপদেশ দেয়া উচিত নয়। তবে আমি একথা বলব যে, এদের লড়াই দীর্ঘস্থায়ী হতে পারে এবং দীর্ঘস্থায়ী শুধু নয়, ঐ লড়াইয়ে যদি জিততে হয় তাহ'লে গ্রামের গভীবে গিয়ে ওদের দাঁড়াতে হবে, অর্থাৎ কৃষক ওদের বাহিনীর ভিত্তি হয়ে দাঁড়াবে। এটা তারা শিখবে তাদের অভিজ্ঞতা থেকে। এটা লেনিনের কথা যে, শান্তির সময় যে অভিজ্ঞতা অর্জন করতে এক বছর সময় লাগে একটা সংগ্রামের মাঝখানে সেই অভিজ্ঞতা পাঁচ দিনে এসে যায়। ওরা নিজেদের প্রয়োজনেই শিখবে। আমরা স্টেটসম্যান এবং অন্যান্য কাগজে দেখেছি তারা কি লিখেছে। তারা লিখেছে এই লড়াই যদি দীর্ঘস্থায়ী হয়, এই লড়াই যদি গ্রামে ছড়িয়ে পড়ে তাহ'লে "একস্ট্রিমিস্টস্ আর ওয়েটিং বিহাইন্ড দি স্ক্রীন" অর্থাৎ উগ্রবাদীরা পর্দার আড়ালে অপেক্ষা করছে; নেতৃত্বে চলে আসবে। এতে আমাদের বিচলিত হবার কি আছে? ওদের নেতৃত্বে কে থাকবে তা আমরা কেন বিচার করব? এ ব্যাপারে আমরা মাস্টারী নাই বা করলাম। আমরা সবাই জানি যে, আজকের বিধানসভায় এই প্রস্তাব কেমন করে রচিত হয়েছে। প্রস্তাবে এই কথাটা দেয়া হয়েছে যে, প্রতিকূল অবস্থাব মধ্যে যাই হোক না কেন বাংলাদেশের মানুষ শেষ পর্যন্ত জয়লাভ করবেনই। যারা লড়ছে তারা লড়বে, মরবে, জয়লাভ করবে কিন্তু আমাদেব প্রশ্ন হচ্ছে আমরা ওদের কার্যকরী কিছুই দিচ্ছি না। দেড় মাস দেরী হয়ে গেল, এখনও যদি দেরী কবি তাহ'লে সর্বনাশ হয়ে যাবে। স্বীকৃতি তো এমন কিছুই নয় যে, শুধু তা ধুয়ে ধুয়ে তারা জল খাবে এবং তাতে তাদেব পেট ভবে যাবে। স্বীকৃতির এইজন্য প্রয়োজন যে, তাহ'লে তাদের অস্ত্র দিতে পারেন, অস্ত্র বিক্রি কবতে পাবেন, আধুনিক অস্ত্রশস্ত্র তাদের দিতে পারেন। কাজেই এই শব্দটা এই প্রস্তাবে আসার জন্য আমরা খুবই আনন্দিত এবং এরই জন্য আমবা একমত হতে পেরেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছু কিছু বন্ধু কটাক্ষ করবার জন্য জ্যোতিবাবুকে বলেছেন তার "বন্ধুদেশ" চীনকে বোঝাতে। আমি পার্টির একজন দায়িত্বশীল কর্মী হিসাবে এই কথা বলতে পারি যে, আমাদের বলায় যদি কাজ হ'ত তাহ'লে বাংলাদেশের লড়াইকে বাঁচাবার জন্য ও তাকে সমর্থন করবার জন্য যা কিছু কববার প্রয়োজন তা করার জন্য আমরা প্রস্তুত ছিলাম। একথা সবাই জানেন এবং যিনি বলেছেন, তিনিও জানেন, জয়নাল আবেদিন সাহেবও জানেন যে, সোভিয়েট বা চীনের প্রশ্ন তোলা ঠিক নয়। আমরা কারো গুড বুকে নই। উভযেই আমাদের সমালোচনা করেন,—একদল বলেন আমরা বিভেদকামী, আর একদল বলেন আমবা নয়া সংশোধনবাদী। কিন্তু আমি বলি আমরা নিজেদের পায়ে দাঁড়াতে শিখেছি এবং আমাদের মাথাটাকে কারো কাছে বন্ধক দিই নি। আমরা সব দেশকে শ্রদ্ধা করি। আর একজন সদস্য বললেন চীনকে বলুন না। ও'বা কি জানেন না যে, চীন আমাদের কি চোখে দেখেন? আসলে এই সুযোগে একটু চীনবিরোধী রাজনীতি কবছেন ও'বা—এটা যদি বলি তাহ'লে কি অন্যায কথা বলা হবে? কই একবারও তো বললেন না আমেরিকার ট্যাঙ্কের কথা,—শ্রীমতী গান্ধী নিকসন সাহেবকে একটু কম সেলাম করুন। আগে নিজেরা রেকগনিসন দিন, তারপর তো অন্য কথা বলবেন। কই, বললেন না তো দক্ষিণ ভিয়েতনামে

সাহায্য পাঠান বন্ধ করে দিন। কাজেই আমি বলব আপনারা চীনবিরোধী রাজনীতি করছেন; বাংলাদেশকে আপনারা কার্যতঃ সমর্থন করছেন না। তা যদি করতেন তাহ'লে আপনারা আমেরিকার ট্যাঙ্কের কথা বলতেন, সাত সমুদ্র তের নদী পার হয়ে ভিয়েতনামের যে মিলিটারী যাচ্ছে তার কথা বলতেন, বলতেন ভারতবর্ষ থেকে কেন ট্রাক যাবে, জিনিষপত্র যাবে হত্যাকারীদের সাহায্যের জন্য? পূর্ব জার্মানির স্বীকৃতির কথা বলতেন। আমি সেজন্য বলছি এই যে, বাংলাদেশের লড়াই সত্যই একটা গুরুত্বপূর্ণ লড়াই। এর সমর্থনের জন্য যে প্রস্তাব তাতে ভারতের আভ্যন্তরীণ ব্যাপার আমি জানতে চাই না এবং আমরা প্রথমে যে ড্রাফ্‌ট্‌ তৈরি করেছিলাম তাতেও আভ্যন্তরীণ ব্যাপারের কথা ছিল না। আমি শুধু বলতে চাই যে, বাংলাদেশের লড়াইকে বাঁচাতে গেলে শুধু ইয়াহিয়া চক্রের কথা বলে লাভ নেই, কাজে সাহায্য করতে হবে। আমাদের পার্টির তরফ থেকে আমি একথা বলতে চাই যে, আমাদের সমথন শুধু মহানুভবতার জন্য নয়, তাদের জন্য শুধু আমাদের প্রাণ কাঁদার জন্য নয়। আজকে বাংলাদেশের মানুষ যদি এগিয়ে যায় তাহ'লে ভারতবর্ষের মানুষও এগিয়ে যাবে, তারা যদি মাথা তুলে দাঁড়াতে পারে তাহ'লে আমাদের গণতন্ত্রের শক্তি বেড়ে যাবে এবং সেজন্য আমরা আছি, সমস্ত শক্তি দিয়ে আমরাও এগিয়ে যাব এবং সাহায্য করব। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ জয়নাল আবেদিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, হঠাৎ বন্ধুরা চঞ্চল হয়ে উঠলেন কেন বুঝি না। আমি শুধু অত্যন্ত বিনয়ের সঙ্গে তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই আজকে এই বিতর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে হচ্ছে। এই বিতর্ক, আলোচনার সঙ্গে আমাদের জীবন-মরণ সমস্যা জড়িত, শুধু ওপার বাংলার মানুষের নয়, আমাদেরও। তাই আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই যে, আজকে গভর্ণরের এড্রেসের উপর আলোচনা হচ্ছে না।

মানীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকের এই এসেম্বলীর একটা শুভদিন। অন্ততঃ একটা বিষয়ে এই দুর্দিনে, এই দুর্দিন শুধু সীমান্তের ওপারেই সীমাবদ্ধ নয়, যে ধারায় এই সংগ্রাম পরিচালিত হচ্ছে, তার যে সম্ভাব্য পরিণতি তাতে আমরাও বিপদমুক্ত একথা বলতে পারি না। এইজন্য শুভদিন বলছি, বিরোধী পক্ষের বন্ধুরা একদিনের জন্য যে সহযোগিতার হাত বাড়িয়েছেন তাতে একাধিক বার ঘোষণা করেছিলেন, অমিল আছে গরমিল আছে। আমি এই গরমিল নিয়েই আলোচনার সুত্রপাত করতে চাই। বাংলাদেশের সংগ্রাম প্রাথমিক পর্যায়ে অহিংস এবং অসহযোগ আন্দোলনই ছিল। জ্যোতিবাবু বলে গিয়েছেন দ্বিজাতিতত্ত্ব ধুয়ে মুছে গেছে। অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই এই ভুল থিওরী দ্বারা যে একটা সংকট সৃষ্টি করা হয়েছিল তাতে যে পক্ষ ছিল সে পক্ষ স্বার্থান্বেষী পক্ষ ছিল। নিশ্চয়ই তারা মুছে গেছে। আমরা গর্বিত। এই আন্দোলনের যারা বিরোধিতা করেছিল সেই কংগ্রেস এই দ্বিজাতিতত্ত্ব বিশ্বাস করে নি বলেই, হিন্দু মুসলিম এই ভেদে বিশ্বাস করে নি বলেই আজকে কংগ্রেস দ্বিগুণ বলে বলীয়ান হয়ে এসেছে সর্বত্র, একথাটা তিনি বলে গেলেন না। কংগ্রেস আজকে এই তত্ত্বে বিশ্বাস করে নি বলেই এক দিকে মৃত্যুর নিশানা আর এক দিকে বিপুল শক্তির সুচনা। এটার স্বীকৃতি দিলে খুশি হতাম।

এখন যে-কথা বলছিলাম, এই সশস্ত্র সংগ্রাম বাংলাদেশের মানুষের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে এই সংগ্রাম অসহযোগ এবং ঐতিহাসিক পর্যায়েই রেখেছিল। হাইকোর্টের জজ, সুপ্রীম কোর্টের জজ গভর্ণরের শপথ গ্রহণ করায় নি। সেজন্যই একদিন গান্ধীজী মন্ত্র দিয়েছিলেন আন্দোলন অসহযোগের দ্বারা, হিংসার দ্বারা নয়। কিন্তু আমাদের বিরোধী দলের বন্ধুরা হিংসা ছাড়া কোন সমস্যার সমাধান খুঁজে পান না। মহাত্মা গান্ধী যে বাণী দিয়ে গেছেন তা হ'ল অহিংস অসহযোগ-এর পথই একমাত্র পথ, এই পথে পৃথিবীর সমস্যার সমাধান সম্ভবপর। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, জোর করেই হোক যেরকম উপায়েই হোক এই সংগ্রাম সশস্ত্র পর্যায়ে চলে গিয়েছে। এর সম্ভাব্য পরিণতি কি হতে পারে? এই সংগ্রাম দীর্ঘস্থায়ী হতে পারে, মুক্তিফৌজের সংগ্রাম দীর্ঘস্থায়ী হতে পারে। ইয়াহিয়া খাঁর

বাহিনী একবার দখল করতে পারে, আবার মুক্তিফৌজ পাল্টা দখল করতে পারে। এই যে সংঘবদ্ধ অসম সংগ্রাম সাধারণ নাগরিক কৃষক মজুর সংঘবদ্ধ হয়ে আধুনিক অস্ত্র-শস্ত্রে সজ্জিত সেনা-বাহিনীকে পরাজিত করতে দেরী লাগতে পারে, এই সংগ্রাম ছড়িয়ে যাচ্ছে, তাতে সংগ্রাম দীর্ঘস্থায়ী হবার পথেই যাচ্ছে। এর আর একটা পরিণতি হতে পারে। বাংলাদেশের মানুষের বিরুদ্ধে দালাল লাগিয়ে, মুসলিম লীগের লোকদের হাত করে বা নুরুল আমিনপন্থী যারা আছে তাদের হাত করে বা ওই জাতীয় এজেন্ট যারা আছে তাদের হাত করে দেশের আন্দোলনকে নষ্ট করে দিতে পারে এবং বেয়নেট দিয়ে, প্রলোভন দিয়ে ইয়াহিয়া বাহিনী সমস্ত দেশ দখল করতে পারে এবং তার ফলে আন্দোলন স্তব্ধ হয়ে যেতে পারে। আমরা দেখছি আজকের এই যুদ্ধে মা এবং মেয়েরাও সামিল হয়েছেন। এইভাবে যদি তাঁরাও সামিল হন অর্থাৎ স্বাধীনতা যুদ্ধের সামিল হন তাহ'লে এটা বাস্তব সত্য যে, এটা একটা পরিপূর্ণ রূপ নেবে। আজকে একটা জিনিস দেখছি আন্তর্জাতিক বৃহৎ শক্তিগুলি নির্বাক দর্শক হয়ে রয়েছে—কেউ কোন কথা বলছেন না এবং যদি বা কেউ কিছু বলেন তাহ'লে খুব সতর্কতার সঙ্গে বলছেন। আর একটা জিনিস দেখছি ওপারে যারা নিজেদের মহাশক্তি বলে বলছেন সেই মহাচীন এতে মদত দিচ্ছেন এবং তাঁরা চাচ্ছেন এটাকে ডোর-স্টেপ ফর ইন্ডিয়া করতে। আজকে মহাচীনের কথা বলাতে হরেকৃষ্ণবাবু আপত্তি করেছেন। কিন্তু এর সম্ভাব্য পরিণতি অস্বীকার করবেন কি করে? আজকে ইয়াহিয়া খাঁনের শক্তি যে পরোক্ষভাবে চীনেরই শক্তি সেকথা কি করে অস্বীকার করবেন? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমেরিকার প্রশস্তি গাইছি না। আমেরিকানরা ব্রিটিশ ইম্পিরিয়ালিজম-এর বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলন করে স্বাধীন হোল অথচ আজকে যখন ওখানকার মানুষরা সেই একইভাবে সংগ্রাম করছে তখন তাদের মুখে টু শব্দটি নেই। তারা যখন এইভাবে অস্ত্র-শস্ত্র নিয়ে যুদ্ধ করছে তখন তোমাদের কি বিবেক! মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যে সম্ভাব্য পরিণতির কথা বলছিলুম সেই প্রসঙ্গে আর একটা কথা হচ্ছে আন্তর্জাতিক শক্তিগুলি চেষ্টা করবে এই যুদ্ধ দীর্ঘস্থায়ী হোক যাতে করে এখান থেকে স্বার্থ লুঠ করা যায়। কিন্তু প্রতিবেশী রাষ্ট্র হিসেবে, ভারতীয় হিসেবে আমাদের প্রধান কর্তব্য হবে বাংলাদেশের লোক শক্তিশালী হয়ে ইয়াহিয়াবাহিনীর বিরুদ্ধে যুদ্ধে এগিয়ে যাক এবং এই যুদ্ধের পরিসমাপ্তি ঘটুক। আজকে এই জন্যেই প্রয়োজন আমাদের যে-কোন প্রকার সুযোগ-সুবিধা দেওয়া। যদি প্রয়োজন হয়, অস্ত্র-শস্ত্র দিয়ে নয়—অস্ত্র-শস্ত্র ব্যতিরেকে শুধু স্বীকৃতি দিয়ে নয়, যে যে কার্যকরী পন্থা নিলে বাংলাদেশ জয়যুক্ত হয়, তা করা উচিত। আজকে এদের নিশ্চিন্ত করুন এবং এটা ভারত সরকারের কর্তব্য। একথাও ঠিক, এ বিষয়ে ভারত সরকারের দায়িত্ব রহিয়াছে। বিরোধী দলের নেতা শ্রীজ্যোতি বসু বলেছেন যে, কাগজের প্রস্তাব না হয়ে দাঁড়ায়। নিশ্চয়ই আমরা স্বীকার করেছি এবং প্রথম দিন যেদিন স্বীকৃতি দেবার দাবী এই বিধানসভায় সর্বসম্মতিক্রমে তোলা হয়েছে আমাদের মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এনেছেন, তাতে আমরা সকলে একমত হয়েছি। শুধু মুখ্যমন্ত্রীই নয়, শুধু পশ্চিম বাংলা নয়, বাংলাদেশের আশেপাশে যাঁরা রয়েছেন তাঁদেরও এ বিষয়ে দেখা দরকার এবং ভারতবর্ষের মধ্যে আর যে রাষ্ট্রগুলি রয়েছে সেখানকার মুখ্যমন্ত্রীরা একজোট হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী তোলা উচিত যে, বাংলাদেশের সংগ্রামকে এইভাবে শক্তিশালী মদত করা উচিত যাতে বাংলাদেশবাসী জয়ী হয়। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমরা অহিংসা নীতিকে বিশ্বাস করি। সেইজন্য আমাদের প্রয়োজন কূটনৈতিক তৎপরতা বৃদ্ধি করে আন্তর্জাতিক শক্তিগুলির শুভ বুদ্ধির উদ্রেক করা। আমরা এই প্রশ্নকে যেন রাজনৈতিক দিক থেকে বিচার না করি, এটা সামরিক প্রশ্ন। সুতরাং এতবড় একটা ঝুঁকি নেবার আগে নিশ্চয়ই ভারত সরকারের কর্তব্য রয়েছে আন্তর্জাতিক ক্ষেত্রে কূটনৈতিক তৎপরতা চালিয়ে বৃহৎ শক্তি এবং ক্ষুদ্র শক্তির শুভ বুদ্ধিকে জাগ্রত করা। এই কাজ করলেই বাংলাদেশকে সত্যিকারের সাহায্য করা হবে যাতে করে তারা ঐ বর্বরতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারে এবং সেই তৎপরতা ভারত সরকার চালিয়ে যাচ্ছে নানা প্রচেষ্টায় এবং আমরা মনে করি ভারত সরকার তার দায়িত্ব পালন করে চলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আজকে বাংলাদেশবাসী কি দুর্দশায়, দুর্গতি ও লাঞ্ছনের সম্মুখীন হয়েছে। এই অবস্থায় বিরোধী দলের বন্ধুরা সেখানে কিছু রাজনৈতিক

স্বার্থ আদায় করার চেষ্টা করে চলেছে। আজকে হরেকৃষ্ণবাবু বলেই গেলেন ভারতের এই সাহায্য করা প্রথম দায়িত্ব এবং কর্তব্য। কিন্তু আসল কথার কাছাকাছি যেতে চাইলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দাবী আজকের দাবী নয়। এই দাবী বিগত নির্বাচনের আগের দাবী এতে শুধু কংগ্রেসের দায়িত্ব আছে বলে আমরা মনে করি না। তিনি কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে যে কথা বলেছেন তার বেশি তাঁর আর কিছু বলার নেই কারণ দেশের জনগণ কেন্দ্রীয় সরকারে সিলেন্ডার মেজরিটি দিয়ে দিয়েছেন দুই-তৃতীয়াংশ মেজরিটি দিয়ে তাঁরা দিল্লীর পার্লামেন্ট করে দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা মাঠে ঘাটে এই কথা বলেছিলেন যে, ইন্দিরা হঠাও। কিন্তু আজকে ওদের নাগালের বাহিরে চলে গেছে—ভারতবর্ষের মানুষ ইন্দিরাজীকে যে সংখ্যায় বসিয়ে দিল, তা এখন ওদের নাগালের বাহিরে। কিছুতেই নড়ান যায় না। ওদের কিছু উষ্মা হয়েছে। সি আর পি, মিলিটারি কেন এখানে আছে সম্পূর্ণ নিরাপদজনক অবস্থা। কিন্তু একথা কি ঠিক? পশ্চিম বাংলা সীমান্তবর্তী রাজ্য।

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলা যে সীমান্তবর্তী রাজ্য একথা অস্বীকার করলে চলবে না। এর অপর প্রান্তে রয়েছে চীন। এই কিছুদিন আগে চীনের রেসিয়ালিজম এমন কি তিব্বতকে গ্রাস করে নিল। আজকে বাংলাদেশের জন্য যে বন্ধুরা চোখের জল ফেলছেন, আমি তাদের সাধুবাদ জানাচ্ছি। কিন্তু এই তিব্বতকে চীন যখন গ্রাস করল তখন তো একটি প্রতিবাদও উঠে নি। পরোক্ষে তাদের সমর্থন জানিয়েছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সীমান্তবর্তী রাজ্য হিসাবে ভারতের তথা পশ্চিম বাংলার নিরাপত্তার জন্য এবং আর একটা শক্তির কাছ থেকে জনসাধারণকে রক্ষা করার জন্য আজ এখানে মিলিটারির প্রয়োজন আছে। একথা কি ও'রা অস্বীকর করতে পারেন? টু রেক দি কনস্টিটিউশন ফ্রম উইদিন একথা ওরা একাধিক বার বললেন গণতন্ত্রের কথা কিন্তু আজকে সেইজন্যই মিলিটারি ও সি আর পি-র প্রয়োজন আছে।

(গোলমাল)

আজকে দেখেছি ওদের রক্ষা করার জন্য সি আর পি বিপুল বাহিনীর প্রয়োজন হয়েছিল। বিরোধী দলের নেতাকে রক্ষা করার জন্য দু'হাজার টাকা ব্যয় হয় বলে জানা গেছে। শেষ কথা, এই প্রস্তাবে সরকারের আন্তরিকতা আছে কিনা বিরোধী দলের নেতা তা বার বার বলেছেন। আমরা মুখে এক, আর মনে আর এক কথা বলি না আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। আমরা সুবিধাবাদী, সুযোগসন্ধানী নই। আমাদের গোবিন্দ ভাই (এম এল এ) বার বার সে কথা বলার চেষ্টা এবং তালগোলপাকানো করার চেষ্টা করেছেন। মাননীয় নাম্বুদ্রিপাদ সাহেব মুসলিম লীগের পিছনে ছুটে নাগাল পাচ্ছে না, একথা আমরা এখানে বলতে চাই না। আমি বলতে চাচ্ছি মাননীয় জ্যোতিবাবুর দল ঐ হারুন অল রসিদের পেছনে ঘোরাঘুরি করে হয়রান হয়ে গেলেন। এই অপবাদ কতটা ঠিক হ'ল? তারপরে আমি ও'কে জিজ্ঞাসা করি গণতন্ত্রের প্রতি যদি অবিচল আস্থা থাকে তা হ'লে কোন সাহসে কোন ধৃষ্টতায়, কোন কৌশলে বা কি মনে করে ২৭৭ জনের হাউসে ১২৩ জনকে নিয়ে সরকার গঠনের দাবী করেন? আর এম এল এ-দের পণ্যের মত কেনা বেচার সংকল্প করেন—মুসলিম লীগের এম এল এ-কে দলে টানার চেষ্টা করেনই বা কি করে? কাজেই স্যার, আমি এই কথাই বলতে চাই যে, এ সমালোচনা জ্যোতিবাবুর সাজে না। মাননীয় সভাপাল মহাশয়, কার্যকরী ব্যবস্থার কথা সুবোধবাবু বলেছেন। সেই একই সুরে আমি বলতে চাই যে, বাংলাদেশের মানুষ যাতে জয়যুক্ত হয় তার সব ব্যবস্থা করতে হবে। স্যার, সীমান্ত অঞ্চলে যে-সমস্ত নওজোয়ান ওদিক থেকে চলে আসছেন তাঁরা উৎসাহে টগবগ করছেন, আজকে শক্তির জন্য তারা খুঁজে বেড়াচ্ছেন অস্ত্র। আমি এই প্রসঙ্গে অত্যন্ত বিনীতভাবে বিরোধি পক্ষের মাননীয় সদস্যদের বলতে চাই যে, পশ্চিম বাংলার এই অবস্থা কেন করলেন আপনারা? আজকে তাদের ট্রেনিং দেওয়া যাচ্ছে না। কারণ বাংলাদেশের মুক্তি-যোদ্ধাদের যেখানে ট্রেনিং দেওয়া হবে সেখানে জ্যোতিবাবুর দলের লোকেরা শিখে এসে গুলিটা

চালাবে জয়নালের বুকে, নইলে গোবিন্দর বুকে কিম্বা দেশের নিরীহ মানুষের বুকে। স্যার, এ নজীর আপনি কি পান নি? আমি তাই আজকে জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করি কেন এই অবস্থার সৃষ্টি আপনারা করলেন? সীমান্তে যেখানে আমাদের ভাইবোনেরা পড়ে রয়েছে সেখানে ত্রাণের জন্য ছুটে যাওয়া যাচ্ছে না। কারণ যাবার সময় ভাবতে হচ্ছে ঐ দমদম দিয়ে যেতে হবে যেটা জ্যোতিবাবুর এলাকা, সেখান দিয়ে যাওয়া যাবে না। ওখানে গেলেই পাইপ গানের গুলি বা অন্য কিছু লাগতে পারে। কাজেই এই যে আভ্যন্তরীণ অরাজকতার সৃষ্টি আপনারা করেছেন তার চরম মূল্য আমাদের এই সংকটের সময় দিতে হচ্ছে। তবুও বলি স্যার, শুভ বুদ্ধির উদ্রেক হোক। স্যার, এই প্রসঙ্গে ও'দের বলি, এই যে হানাহানির শিক্ষা বা প্রচলন যাতে আপনারা মনে করছেন লাভবান হবেন, আজকে দিন এসেছে জ্যোতিবাবু খতিয়ে দেখুন লোকসানের হিসাবটা কি? তা না হ'লে আপনারা এদিকে ছিলেন আমরা ওদিকে ছিলাম আজকে গণতন্ত্র সেটা প্রমাণ করেছে বলেই আপনারা ওদিকে গিয়েছেন, আমরা এদিকে এসেছি। এই হুঁশিয়ারী বা সতর্কতা দিয়ে আপনাদের স্মরণ করিয়ে দিয়ে বলছি গণতন্ত্রের নামাবলি গায়ে দিয়ে ভণ্ডামী চলে না তার বিচার করেছে জনসাধারণ। একটা জাতি আজকে যেখানে বিপদে বা সংকটে পড়েছে সেখানে সমস্ত কপটতা ভুলে গিয়ে সমস্ত ভণ্ডামীর ঊর্দ্ধে উঠে আসুন নিজেদের সংশোধন করে নিয়ে আমরা এগিয়ে যাই। ইতিহাসের শিক্ষা আপনারা স্মরণ করুন। আজকে সাহায্যের হাত বাড়িয়ে দিন যাতে ঐসমস্ত ভাইবোনেদের সংগ্রাম জয়যুক্ত হয়। আপনারা এগিয়ে আসুন, আমাদের তরফে কোন কপটতা নেই, আপনারাও আপনাদের কপটতা বর্জন করুন। আর তা করে বাংলাদেশের সংগ্রামকে জয়যুক্ত করুন, অনুরোধ করোনিকাবু, এ থেকে আপনারা অতিরিক্ত মুনাফা লোটবার চেষ্টা করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শেষ কথা হ'ল, আজকে শুধু সাহায্য বা স্বীকৃতি নয়, আজকে এই আন্দোলন যাতে জয়যুক্ত হয় ভারত সরকার যেন সেই কর্মক্রম গ্রহণ করেন এবং সেটা করবার জন্য আমরা এই সরকার পক্ষে যতজন আছি, আমরা ঐক্যবদ্ধ, দৃঢ়বদ্ধ মন পোষণ করি না, আমরা এটা সমর্থন করি। এটা জয়যুক্ত হবে বলেই আমরা বিশ্বাস করি এবং তাই শুধু ও'দের জীবনপণ নয়, আমাদেরও জীবনপণ করে আমরা সকলেই একে সমর্থন জানাচ্ছি। জয় হিন্দ্।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমে মুখ্যমন্ত্রী কর্তৃক আনীত যে প্রস্তাব সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি আরও যাঁরা এখানে তাঁদের বক্তব্য রেখেছেন তাঁদের মধ্যে বিরোধী দলের অন্য সকলকে বাদ দিলেও সম্বন্ধ বাবুর কিছু কিছু অ্যানালিসিসকে। যদিও তাঁর সমস্ত বক্তব্যের সঙ্গে একমত হ'তে পারিনি তবুও তাঁর বক্তব্য অন্যান্য বিরোধী দলের প্রবীণ অভিজ্ঞ নেতার চেয়ে অনেক দূর এবং প্রস্তাবের স্বপক্ষে অনেক কার্যকরী সহায়তা হবে এবং অনেকটা সহযোগিতা করেছে। আমি অবাক হয়ে দেখছি যে, এই ঐতিহাসিক মুহূর্তে যখন আমাদের সদস্যদের একটা প্রচন্ড দায়িত্ব রয়েছে অত্যন্ত গভীরভাবে এটা চিন্তা করার, সেই মুহূর্তে আমরা অনেক জায়গায় সেটাকে লাইট করে দিয়েছি। অনেক জায়গায় প্রবীণ অভিজ্ঞ সদস্য হওয়া সত্ত্বেও তাঁরা সেটাকে দলীয় স্বার্থে ব্যবহার করার অপচেষ্টা করেছেন, সেটা অস্বীকার করে লাভ নেই। অনেক বক্তব্য প্রস্তাবের স্পিরিটকে শক্তিশালী করার চেয়ে তাঁদের দলীয় স্বার্থে ব্যবহার করার চেষ্টা করেছেন, যা জয়নাল আবেদিন মহাশয় তাঁর বক্তৃতায় বলেছেন। সেটা অত্যন্ত দুঃখের ব্যাপার। আপনারা অনেকে প্রস্তাবকে অভিনন্দন জানিয়েছেন। দলমত নির্বিশেষে এই প্রস্তাবকে গ্রহণ করার জন্য আমি বিরোধী এবং অন্যান্য সকল সদস্যকে অভিনন্দন জানাই আর অভিনন্দন জানাই শ্রীমতী ইন্দিরা গান্ধীর বাংলাদেশ সম্পর্কিত এ যাবত সমস্ত কার্যাবলীকে এবং বাংলাদেশ সম্পর্কে সমস্ত ব্যবস্থা গ্রহণে তিনি যে দূরদর্শিতার পরিচয় দিয়েছেন তার জন্য। এটা আমার মুখের কথা নয়। হয়ত আমাদের দাবি আছে অনেক, অনেক আমাদের বক্তব্য আছে। আমাদের দাবি আদায়ের জন্য হয়ত কোন কোন জায়গায় একটু চাপ সৃষ্টি করতে হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এটাও সত্যি কথা, সীমান্তে গিয়ে দেখে আসুন যে, পূর্ব বাংলার একটা বিশেষ

অংশ একদিন সেখান থেকে বিতাড়িত হয়ে আসা সত্ত্বেও আজকে তারা শ্রীমতী ইন্দিরা গান্ধীর নামে জয়ধ্বনি করছে যখন ইন্দিরা গান্ধীর সাহায্য ওপার বাংলায় যাচ্ছে। আমি সীমান্তে গিয়েছি। যাঁরা সেখানে গিয়েছেন তাঁরাও নিশ্চয়ই দেখেছেন। অবশ্য সকলে গিয়েছেন কিনা আমি জানি না। তবে গেলে দেখবেন যে, এপারের বহু নরনারী শ্রীমতী ইন্দিরা গান্ধীর দেশ থেকে যে সাহায্য যাচ্ছে তাকে দু' হাত নেড়ে তাদের অভিনন্দন জানাচ্ছে। সবচেয়ে আশ্চর্যের কথা হচ্ছে যে, প্রস্তাবের সমস্ত অংশটাকে বাদ দিয়ে 'অস্ত্র' এবং 'ইন্দিরা গান্ধী' এই দুটো শব্দকে প্রাধান্য দিয়েছেন বিরোধীরা। কিসের জন্য বাংলাদেশের এই প্রস্তাবের স্পিরিটকে আপনারা নিতে পারলেন না? নিলেন শুধুমাত্র দলীয় স্বার্থকে বড় করে দেখবার জন্য। আজকে 'ইন্দিরা গান্ধী' এবং 'অস্ত্র' এই দুটো কথা বাংলাদেশের বুকে খবরের কাগজে বড় করে দেখাবার প্রচেষ্টা করলেন। আমরা চেয়েছিলাম নেচার অফ দি মুভমেন্ট তাকে অ্যানালিসিস করা হবে। আমি বিরোধী দলের সদস্যদের কাছে চেয়েছিলাম যখন সর্বসম্মতিক্রমে প্রস্তাবটা নেওয়া হয়েছে, আপনারা অ্যানালিসিস করুন, আপনারা প্রবীণ সদস্য আপনাদের অ্যানালিসিস থেকে আমরা কিছু গ্রহণ করব। আমরা ট্রেজারি বেঞ্চএর সদস্য বলে অপরাধ করি নি। অন্ততপক্ষে ঐতিহাসিক রেজলিউশনএ একটা সুযোগ চেয়েছিলাম যেটা আমরা পাই নি। আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে লক্ষ্য করেছি যে, বিভিন্ন জায়গায় জোর করে কংগ্রেসদল এবং ইন্দিরা গান্ধীর সমালোচনার চেষ্টা হয়েছে, আমি তার দু'-একটি কথা এখানে বলতে চাই। যেভাবে ওখানে ইয়াহিয়ার দ্বারা মানুষ অত্যাচারিত হয়েছে সেকথা কারোর অজানা কথা নয়। সেই মুক্তি সংগ্রামীরা কেমন সাংঘাতিকভাবে লড়াই করছে সেটা আমাদের অ্যানালিসিস করে দেখতে হবে। শুধু মুজিবর জিন্দাবাদই নয়। শুধুমাত্র বিরাট বিরাট প্রস্তাব ইত্যাদি বাংলাদেশের মানুষের সামনে তুলে দেওয়া নয়, সঙ্গে সঙ্গে এটাও সি পি এম সমর্থকরা চিন্তা করুন জাতীয়তাবাদী শব্দটি ব্যঙ্গ করেছেন—বুর্জোয়াদের শোষণ করার শব্দ বলে অ্যানালিসিস করে বারবার বক্তৃতায় বলেছেন, ময়দানে আলোড়ন সৃষ্টি করেছেন। সেই শব্দের যে কত জোর অ্যানালিসিস করে দেখুন। মুখ্যমন্ত্রী, আমাদের তদানীন্তন মুখ্যমন্ত্রী তখনকার গণতান্ত্রিক অধিকার নিয়ে এই কার্জন পার্কে জাতীয়তাবাদী মন্ত্রে উদ্বুদ্ধ হয়ে গণতান্ত্রিক অধিকারে অনশন করেছিলেন। তখন আমি জানি সি পি এম-এর বহু সদস্য প্রস্রাব গায়ে দেবার চেষ্টা করেছিলেন। একথা অস্বীকার করতে পারেন? এখন আবার গণতন্ত্রের কথা বলছেন। আমরা বন্দে মাতরম বলি বলে এই অপরাধে স্কুলে যেতে পারব না, আমাদের মায়ের কোল থেকে ছিনিয়ে নিয়ে এসে প্রকাশ্য দিবালোকে হত্যা করা হবে, আমাদের বাড়ি সাঁই পরিবারে পরিণত হবে। এর পরও কি মাননীয় সি পি এম সদস্যদের কাছ থেকে গণতন্ত্রের মত বড় বড় কথা শুনতে হবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানব অভ্যুত্থানের স্রষ্টা হিসাবে পৃথিবীর ইতিহাসে যে ক'টা নাম স্বর্ণাক্ষরে লিখিত আছে তার মধ্যে একটি হচ্ছে মহাত্মা গান্ধী এবং মহাত্মাজীর পরে আর একটি নাম যোগ করুন, তিনি হচ্ছেন জাতীয়তাবাদী মহান নেতা মুজিবর রহমান। দুটোকে এক সঙ্গে দেখিয়ে আমরা বলেছি গণ-অভ্যুত্থানের ব্যাপারে যেখানে মহাত্মা গান্ধীও পৌঁছতে পারেন নি সেখানে মুজিবর রহমান কোন কোন জায়গায় পৌঁছে দিয়েছেন। আমরা মুজিবর রহমানের সংগ্রামকে শ্রদ্ধা করি, কিন্তু তার চেয়ে বড় শ্রদ্ধা করি এই সংগ্রামের ক্যারেক্টার এবং নেচারকে। আমরা দেখেছিলাম ভিয়েৎনামে লড়াই হচ্ছে। আজকে আপনারা চেঁচাচ্ছেন ভিয়েৎনামে লড়াই হচ্ছে বলে। কিন্তু আপনারা বুকে হাত দিয়ে বলুন তো ভিয়েৎনামের মুক্তি সংগ্রামের প্রতিই যদি আপনাদের সমর্থন হয় এবং সেই সমর্থনে সেদিন যে সুর আপনাদের কাছ থেকে শুনেছিলাম—আপনারা ভাতের হাঁড়ির কাছ পর্যন্ত, বাচ্চা ছেলের কানের কাছে ভিয়েৎনাম, ভিয়েৎনাম গান পৌঁছে দিয়েছিলেন এবং আপনাদের সমস্ত ক্রেডিট সেদিন ছিল, আমি আজকে তা অস্বীকার করছি না। সেদিন মুক্তি সংগ্রামীদের সমর্থনে হাজার হাজার মিছিল বেরিয়েছিল ব্রিগেড ময়দানে এবং কত লক্ষ টাকা খরচ করে তোরণ গেট নির্মাণ করা হয়েছিল এবং বহুবার বিগেড ময়দানে মিটিং হয়েছিল। আজকে বাংলাদেশে শুধু একটি ভিয়েৎনামবাসীর মত নয় শত শত মুক্তি সংগ্রামী এগিয়ে আসছে দেখছি, তখন তো আপনাদের একটাও গেট দেখিনি, বাংলাদেশের স্বার্থে একটি শ্লোগানও তো দেখিনি, যে, মিছিল ভিয়েৎনামের মুক্তিযোদ্ধাদের সমর্থনে দেখেছিলাম, বিরোধী দলের নেতারা

তো এখানে বসে আছেন, আপনারা বলুন ভিয়েৎনামের জন্য ব্রিগেডে যে, কটা মিটিং করেছিলেন সেই হিসাব আজকে আমরা মিলিয়ে নিতে চাই। মুক্তি সংগ্রামই বড় কথা, না ইডিওলজি অ্যান্ড ইজম বড় কথা সেটা আপনারা পরিষ্কার করে বলুন। যদি ইডিওলজি অ্যান্ড ইজম বড় কথা হয় তাহলে আর আপনারা লোকদের ভাঁওতা দেবেন না। আর যদি মুক্তি যোদ্ধাদের কথা বড় কথা হয় তাহলে আমাদের সুরে সুর মিলিয়ে বলুন যে, ভিয়েতনাম যেমন যোগ্য সম্মান পাবে, বাংলাদেশের মুজিবরের মুক্তিযোদ্ধা ও যুদ্ধও তেমনি যোগ্য সম্মান পাবে। অনেক আন্তরিকতার অভাব দেখলাম, যে আন্তরিকতা তাঁরা অনেক জায়গায় দেখিয়েছেন। তাঁরা চাপ সৃষ্টি করবার কথা বলেছেন। তাঁরা বলেছেন ইন্দিরা গান্ধীর কাছে চাপ সৃষ্টি করতে হবে। ডেফিনিটলি সৃষ্টি করতে হবে। কিন্তু চাপ সৃষ্টি করার মানে এই নয় যে, আগামী দিনে ট্রাম, বাস পুড়িয়ে আপনাদের মসনদ ফিরিয়ে দেবার জন্য—এই রকম চাপ সৃষ্টি যেন না হয় সেদিকে একটু লক্ষ্য রাখবেন। এবং এদিকে লক্ষ্য রেখে সেইভাবে চাপ সৃষ্টি করবেন। আমি জানি এখানে মিলিটারির কথা আগে উঠেছিল। মাননীয় জ্যোতিবাবু তখন পুলিশমন্ত্রী। বিরোধী পক্ষ একবার মিলিটারি, সি আর পি-র কথা তুলেছিলেন। তখন তিনি বলেছিলেন যে, মিলিটারি, সি আর পি আমাদের পয়সায় পোষা হচ্ছে এবং প্রয়োজনে তারা আমাদের সার্ভিস দেবে। আমি বহু মাননীয় বিরোধী দলের নেতা, মাননীয় সদস্যদের জানি—বহু বাড়ি জানি যেখানে শুধুমাত্র তাদের স্ত্রী-পুত্রদের সি আর পি পাহারা দেয় নি, তাদের স্ত্রী-পুত্রের পুতুলকে পর্যন্ত সি আর পি পাহারা দেয়। কলকাতা মহানগরীর বুকের উপর এমন বহু বিরোধী দলের নেতা আছেন, যাদের বাড়ি সি আর পি-তে পাহারা দিচ্ছে আপনারা নিজেই গিয়ে দেখে আসবেন। আপনাদের নেতারা বলেছেন, "সি আর পি হঠাও, একটা বড় জুতো" একটি দেওয়ালে লেখা আছে। সঙ্গে সঙ্গে আর একটি দেওয়ালে দেখবেন সেখানে আমাদের নামে লেখা আছে "সি আর পি-র কোলে জ্যোতিবাবু দোলে" এবং সেখানে দুটি লেখার মানে সত্যিকারে মিলিয়ে নেবেন। তাই আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি যে, আপনারা ইয়াহিয়ার সাথে আমাদের প্রধানমন্ত্রীকে এক করে দেখবেন না এবং এখানে অনেকে এক করে দেখবার চেষ্টা করেছেন।

(গোলমাল)

চীৎকার করে আমাকে বসাতে পারবেন না। আপনারা যদি আমাকে বলতে না দেন তাহলে জ্যোতিবাবুকে আমি কোনদিনও বলতে দেব না। তাই আমি অনুরোধ করছি যে, ইয়াহিয়ার সাথে আমাদের প্রধানমন্ত্রীকে এক করে দেখবেন না। আমি আপনাদের কাছে উদাহরণ দিয়ে বলছি যে, ইয়াহিয়া মুজিবর রহমানের সমস্ত গণতান্ত্রিক অধিকার এবং ব্যক্তি-স্বাধীনতা ছিনিয়ে নিয়েছে। মুজিবর রহমান মানুষের দ্বারা নির্বাচিত ইলেক্টেড প্রতিনিধি হওয়া সত্ত্বেও অ্যাসেম্বলি বসিয়ে তাদের বক্তব্য রাখবার যে অধিকার সেই অধিকার সেদিন ইয়াহিয়া দেয় নি। কিন্তু আপনাদের প্রধানমন্ত্রী, আপনাদের সরকার সে অধিকার ছিনিয়ে নেয় নি। তাহ'লে আপনারা কি করে বললেন যে, আমাদের প্রধানমন্ত্রী আর ইয়াহিয়া এক? আজকে মুজিব যেভাবে বঞ্চিত হচ্ছেন, আপনারা কি সেইভাবে বঞ্চিত হচ্ছেন? সুতরাং আমি আর অধিক কথা বলব না। আমি শুধু একটি কথা বলছি যে, ইতিহাসের সন্ধিক্ষণে সমস্ত ব্যক্তিস্বার্থের, দলীয় স্বার্থের সমস্ত রকম রাজনৈতিক স্বার্থের ঊর্ধ্বে উঠে আসুন দলে দলে তীর্থযাত্রীর মত সত্যিকারের সক্রিয় সহযোগিতা নিয়ে, একটি শব্দ বা দুটি শব্দ বড় করে না দেখে 'অর্থ', 'ইন্দিরা গান্ধী' অন্য জায়গায় দেখব, প্রয়োজনে সমালোচনা করব। আজকে অন্তত আমরা একটি প্ল্যাটফর্মে সকলে এক হয়ে একে সমর্থন জানাই।

শ্রীমহঃ ইলিয়াস রাজীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে যে প্রস্তাব নিয়ে এসেছেন, আমি সেই প্রস্তাব সমর্থন করছি। আজ আমরা যে প্রস্তাব নিয়ে আলোচনা করছি, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আমরা সবাই জানি বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ যে রক্তক্ষয়ী সংগ্রাম করছেন, এই সংগ্রাম দীর্ঘদিনের পুঞ্জীভূত অন্যায় অত্যাচার

এবং শোষণের বিরুদ্ধে এই সংগ্রাম। এই সংগ্রাম যারা আজকে পূর্ব বাংলার মানুষের উপর চাপিয়ে দিয়েছে ইয়াহিয়া ও তার সামরিক শাসকগোষ্ঠী, তারা পশ্চিম পাকিস্তানের সাধারণ মানুষকে বোঝাবার চেষ্টা করছে এবং বোঝাচ্ছে যে, পূর্ব বাংলার মানুষ এই সংগ্রামের মধ্য দিয়ে পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে নূতন একটা স্বাধীন সার্বভৌম রাষ্ট্র গঠন করতে চাচ্ছে। এটা অত্যন্ত ভুল কথা, মিথ্যা কথা। আমরা জানি পূর্ব বাংলার মানুষ শেখ মুজিবরের নেতৃত্বে আওয়ামী লীগের পতাকাতলে যে বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে পূর্ব বাংলার মানুষ শাসকগোষ্ঠীর অন্যায় অত্যাচার ও শোষণের বিরুদ্ধে যখন আওয়াজ তুলেছিলেন তখন তো তারা একথা কোনদিন বলেন নি যে, এরা পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে চায়। আজ যে ছয় দফা দাবির ভিত্তিতে আওয়ামী লীগ সংগ্রাম চালিয়ে যাচ্ছে সেই ছয়-দফা দাবির ভিত্তিতে স্বায়ত্তশাসনের দাবি ইয়াহিয়া খাঁ পদদলিত করেছে, উপেক্ষা করেছে, তার ফলে এখন যে সংগ্রাম চলেছে এই রক্তক্ষয়ী সংগ্রামকে পূর্ব বাংলার মানুষের উপর শাসকগোষ্ঠী চাপিয়ে দিয়েছে। এই সংগ্রামে আমরা দেখতে পাচ্ছি—পশ্চিম পাকিস্তানের সশস্ত্র সামরিক বাহিনী পূর্ব বাংলার অগণিত মানুষকে হত্যা করছে—ইতিমধ্যে লক্ষ লক্ষ মানুষকে হত্যা করেছে এবং আগামী দিনেও আরও লক্ষ লক্ষ মানুষকে তারা হত্যা করবে। তারা গ্রামের পর গ্রাম লুঠপাট করে জ্বালিয়ে দিয়েছে, অনেক শহরকে ধ্বংস করেছে, অনেক শিক্ষাকেন্দ্র, বাড়ি ও গুরুত্বপূর্ণ কেন্দ্র তারা ধ্বংস করে দিয়েছে। এইসব ধ্বংসলীলা, অত্যাচার ও নিষ্পেষণ কেন এটা শুধু এইজন্য যে বাংলাদেশের সাড়ে সাতকোটি মানুষ তাদের যে অধিকার, বাঁচবার যে অধিকার, সেই অধিকারকে তারা প্রতিষ্ঠিত করতে চেয়েছিল, যার জন্য ইয়াহিয়া শাসকগোষ্ঠী ঐ রকম অন্যায় অত্যাচার করে যাচ্ছে। আমাদের কাছে অর্থাৎ ভারত সরকারের কাছে পূর্ব বাংলার সংগ্রামী মানুষ সাহায্য ও সহানুভূতি চাচ্ছে। যদিও সাহায্য ও সহানুভূতি আমরা তাদের কিছু কিছু দিচ্ছি। কিন্তু তাদের রাষ্ট্রের স্বীকৃতি দেওয়ার যে ব্যাপার—ভারত সরকার যদি সেই স্বীকৃতি দিতে দেরি করেন তাহলে সেখানকার মানুষের দুঃখকষ্ট দুর্গতি যা হয়েছে ও হচ্ছে সেই দুঃখ দুর্গতি আরও বাড়বে বেশি হবে। সেইজন্য আজকে তাদের স্বীকৃতি দেওয়াটা বড় প্রশ্ন। বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে অবিলম্বে স্বীকৃতি দেওয়াটাই হচ্ছে জরুরী ব্যাপার আমাদের ভারত সরকারের কাছে। এটাই সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজ। এবং এই আশা এবং ভরসা আমরা করছি যে পূর্ব বাংলা এই সংগ্রামে জয়ী হয়ে সেখানে এমন একটা সরকার কায়েম করবে যেখানে কৃষক শ্রমিক মেহনতী মানুষ বাঁচবার মত সুযোগ পাবে এই আশা এবং ভরসা নিয়ে আজকের এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই ঐতিহাসিক এবং স্মরণীয় যে প্রস্তাবটি এসেছে সেই প্রস্তাবটি আমি সমর্থন জানাচ্ছি। এবং বিরোধী দলের যেসব নেতারা এই হাউসএ একটা সর্বসম্মত প্রস্তাব পেশ করার যে প্রচেষ্টা করেছেন তাঁদের আমি আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা জানাচ্ছি। আমাদের দুপক্ষের ব্যবধান যতই দুস্তর হোক না কেন আজকের দিনে যদি একমত হয়ে একটা প্রস্তাব নিই সেই প্রস্তাবের গুরুত্ব আন্তর্জাতিক এবং সেই প্রস্তাব থেকে একটা নতুন প্রেরণা নেবে ওপার বাংলার অগণিত ভাইবোনেরা। সুতরাং এই ধরণের একটা প্রস্তাব পাশ হওয়ার একান্ত প্রয়োজনীয়তা ছিল। আজকে সর্বাগ্রে আমি মনে করি যে, সবচেয়ে বড় প্রয়োজন হচ্ছে স্বাধীন বাংলাকে স্বীকৃতি দেওয়ার প্রশ্ন। আন্তর্জাতিক রাজনীতি আপনারা জানেন যে কয়টি শর্ত স্বীকৃত হলে আন্তর্জাতিক আইনে একটা রাষ্ট্রের স্বীকৃতি দেওয়া চলে তার প্রত্যেকটি টেস্ট বা পরীক্ষাতেই এই স্বাধীন বাংলা উত্তীর্ণ হয়েছে। আইনে আছে আপনারা জানেন, টেরিটরি পপুলেশন, অর্গানাইজেশন সভরেন্টি বোথ একস্টার্নাল অ্যান্ড ইন্টারন্যাল, এই চারটি শর্ত যদি উত্তীর্ণ হতে পারে তবে যে কোন রাষ্ট্র এবং যে কোন জাতি আত্মনিয়ন্ত্রণের ভিত্তিতে স্বীকৃতি পেতে পারে। বিগত বিশ্বযুদ্ধের সময় আমরা জানি এই পূর্ব এশিয়াতে নেতাজী সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে আজাদ হিন্দ সরকার গঠিত হয়েছিল, সেই আজাদ হিন্দ সরকারেরও স্বীকৃতি মিলে ছিল আন্তর্জাতিক রাষ্ট্রের কাছ থেকে। পৃথিবীর নটি রাষ্ট্রের কাজ থেকে। এবং সেখানেও এই পপুলেশন, অর্গানাইজেশন, সভরেন্টি, টেরিটরি,

এই চারটি পরীক্ষাতে তার সরকার উত্তীর্ণ হয়েছিল। গত যুদ্ধের সময় দেখেছিলাম ফ্রান্সের জেনারেল দ্যগল তাঁর নিজের দেশ থেকে পালিয়ে এমিসার গভর্নমেন্ট করে গভর্নমেন্ট ইন এক্সাইল —ফরাসী থেকে ইংলণ্ডে এসে বসেছিলেন এবং সেখানে তার পেছনে এই সমস্ত টেস্টে উত্তীর্ণ হবার তার কোন কারণই ছিল না এবং সেদিন তিনি হননি। তা সত্ত্বেও পৃথিবীর বিভিন্ন দেশ দ্যগলের গভর্নমেন্ট ইন এক্সাইলকে স্বীকৃতি দিয়েছিলেন। আজকে কেন বাংলাদেশের সরকার স্বীকৃতি পাবে না। স্বীকৃতি নিশ্চয়ই তারা পাবে এবং তার জন্য সমস্ত রকমের চাপ পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গের জনগণের পক্ষ থেকে আমরা দেব এই বিষয়ে বিরোধী পক্ষের সঙ্গে একমত। কিন্তু আমি একটা প্রশ্ন করছি, মাননীয় সুবোধবাবু কয়েকটি তাত্ত্বিক প্রশ্ন তুলেছেন। তাত্ত্বিক প্রশ্ন নিয়ে মতভেদ থাকবেই। কিন্তু আমি বলছি যে ওপার বাংলায় যে বিরাট ঐতিহাসিক আন্দোলন চলেছে তার সম্বন্ধে তাঁরই দলের নেতা শ্রীশিবদাস ঘোষ মহাশয়ের বক্তৃতা আমি শুনি নি কিন্তু কাগজে পড়েছি, তাতেও তিনি দেখাবার চেষ্টা করেছেন, অভিনব আন্দোলন সেখানে হচ্ছে। আজকে এই কথা আমাদের স্বীকার করতে কোন দ্বিধা থাকা উচিত নয় যে, ওপার বাংলার এই যে বিরাট আন্দোলন সাড়ে সাত কোটি মানুষের হচ্ছে, এরা মার্কস পড়ে নেতৃত্ব দিচ্ছেন না, মার্কস চে গুয়েভারা স্ট্যালিন, লেনিন, ট্রটস্কি, মাও-সে-তুং এঁদের তত্ত্বের উপর নির্ভর করে লড়াই করছে না, অতি সাধারণ মানুষ রাজনৈতিক তত্ত্বকে ছেড়ে দিয়ে স্বাধীনতার জন্য সর্বস্ব ত্যাগ করে লড়াইয়ে নেমেছে। জীবন তত্ত্বের চেয়ে অনেক বড়। তত্ত্ব নিয়ে যদি আমরা পড়ে থাকি, তাহলে আমরা দেখব জীবন তত্ত্বকে ছাড়িয়ে চলে যাচ্ছে। জীবনের জন্য তত্ত্ব, তত্ত্বের জন্য জীবন নয়। মাননীয় সুবোধবাবু, তিনি স্পেনের সিভিল ওয়্যারের কথা বলেছেন। স্পেনের সিভিল ওয়ারের ইতিহাস পুঙ্খানুপুঙ্খভাবে পড়েছি, আজকে এখানে স্মরণ করবার নানা কারণ আছে, আমি তাঁকে ধন্যবাদ দিই যে, তিনি স্পেনের গৃহযুদ্ধের কথা তুলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় স্পেনের গৃহযুদ্ধে অন্যতম বড় শিক্ষা হল এই যে, সেদিন পৃথিবীর বিভিন্ন রাষ্ট্র প্রজাতান্ত্রিক স্পেনের পিছনে আসে নি। এবং সেদিন ফ্রাঙ্কো যে সমর্থন ফ্যাসিস্ট রাষ্ট্রদ্বয়ের কাছ থেকে পেয়েছিলেন তাঁরা হলেন জার্মানি ও ইটালী এবং তারই ফলেই ফ্রাঙ্কো জিতেছিলেন এবং প্রজাতান্ত্রিক স্পেনের সংগ্রামী ভাইরা সেদিন নিশ্চিহ্ন হয়ে গিয়েছিল। কিন্তু আর একদিক থেকে খুব ট্র্যাজিক হলেও স্বীকার করতে হয় যে, স্পেনের গৃহযুদ্ধে ইন্টার-ন্যাশনাল ওয়ারকিং ক্লাস সেদিন এগিয়ে আসে নি। বর্গানুর মত একজন কমিউনিস্ট নেতা যিনি কমিউনিস্ট ইন্টারন্যাশনাল সেক্রেটারিয়েটে ছিলেন তাঁর বিখ্যাত পুস্তক কমিউনিস্ট ইন্টার-ন্যাশনালে তিনি স্বীকার করে গেছেন যে, স্পেনের গৃহযুদ্ধে দুঃখের সঙ্গে স্বীকার করতে হচ্ছে যে পৃথিবীর কোন সমাজতান্ত্রিক কি বুর্জোয়া দেশের শ্রমিক শ্রেণী সেদিন এগিয়ে আসে নি যা তাদের আসা উচিত ছিল। অথচ একটা ফ্যাসিস্ট রাষ্ট্র তার সমস্ত শক্তি নিয়ে প্রজাতান্ত্রিক স্পেনের বিরুদ্ধে সমর্থন জানিয়েছিল। এখানেও তাই ঘটতে চলেছে। আজকে আমরা যদি গণতান্ত্রিক শক্তিকে সমর্থন না করি, আমরা যদি বাংলাদেশের যে বিরাট মুক্তিযুদ্ধ চলেছে তাকে সর্বতোভাবে সমর্থন না জানাই তাহলে ফ্যাসিবাদের সেখানে উদ্ভব হবে এবং আমরা ইতিহাসের কাঠগড়ায় উঠব। সুতরাং স্বীকৃতি আমাকে দিতেই হবে।

তত্ত্বের কথা বলছেন—তত্ত্বের সেই ইন্টারন্যাশনাল ওয়ার্কিং ক্লাস সলিডারিটি কোথায়? এত দিনো সিংহলের কথা একজন সদস্য বলেছেন, আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে সিংহলে যুক্তফ্রন্ট হয়েছিল শ্রীমতী বন্দরনায়কের নেতৃত্বে। সেখানকার ট্রটস্কিপন্থী এবং বিপ্লবী সমস্ত দল যুক্তফ্রন্ট তৈরি করে সরকার করলেন। যেদিন যুক্তফ্রন্ট সরকার তৈরী হল সেদিন ময়দানে প্রথম বিজয় উৎসবের সমাবেশে ডাঃ কোটেশা সিলভা, সেখানে ট্রটস্কি দলের নেতা, আন্তর্জাতিক বিশ্ব বিপ্লবের নেতা তিনি বক্তৃতা দিয়ে বলেছিলেন তামিল উদ্ভব ভারতবাসীরা তোমরা এবার চলে যাও, আমাদের দেশের সিংহলের মানুষের খাবারের ব্যবস্থা করতে হবে। ওয়ার্কিং ক্লাস অফ দি ওয়ার্ল্ড ইউনাইট কোথায়? ভিয়েৎনামে একটা মাইলাই হয়েছিল, তাতে লক্ষ লক্ষ মানুষ মরেছে আমেরিকার সাম্রাজ্যবাদীদের সামনে। কিন্তু কোথায় আমেরিকার শ্রমিকশ্রেণী তার বিরুদ্ধে দাঁড়াল? নিউ লেফ্‌ট লিবারেল যারা উদারপন্থী তরুণ যুবকের দল, শিক্ষক, অধ্যাপক, সাধারণ মানুষ তারা তো আমেরিকার যুদ্ধবাজদের বিরুদ্ধে দাঁড়ায় নি?

কই আমেরিকার কলকারখানায় শ্রমিকরা প্রোডাকশন বন্ধ করে দেয় নি যে, না, ভিয়েৎনামের শ্রমিক কৃষক ছাত্র যুবক নারীর উপর নির্বিচারে আমেরিকার সেনাবাহিনী গুলী চালাচ্ছে, বোমা-বর্ষণ করছে, নেপাম বোমা ফেলেছে, আমরা এ মারণাস্ত্র তৈরী করব না। ওয়ার্কিং ক্লাস সলিডারিটি একথা তো লেনিন বলেছিলেন, কিন্তু ইতিহাসের সে জীবনতত্ত্বে আমি তো কোন মিল দেখছি না। চীনে যাঁরা সমাজতন্ত্রের কথা বলছেন তাঁরা আজকে ইয়াহিয়া খানকে সম্পূর্ণ সমর্থন দিচ্ছেন। মাননীয় সদস্য হরেকৃষ্ণ কোঙার মহাশয়কে আমি খুব বিনয়ের সঙ্গে বলছি, তাঁকে কোন আঘাত করব না, রাজনীতিতে আমার সঙ্গে তাঁর মতের তুমুল পার্থক্য আছে ও থাকবেও। তিনি কয়েকটা প্রশ্ন তুলেছেন, তিনি একটা তুলনামূলক বক্তৃতা ভারত সরকারের সঙ্গে করেছেন এবং সব সময় আশংকা প্রকাশ করেছেন যে, বাংলা দেশের আন্দোলন সম্বন্ধে যদি স্পষ্টভাবে প্রচার ঠিক না হয়ে থাকে তাহলে বিদেশী রাষ্ট্ররা তার সুযোগ নিয়ে এই আন্দোলনের বিরুদ্ধে যাবে। কিন্তু আমি তাঁকে দুঃখের সঙ্গে বলছি যে, তিনি যে বক্তৃতা করলেন সেই বক্তৃতা যদি ছাপিয়ে বিলি করা যায় তাহলে পাকিস্তান এমব্যাসি তার সবচেয়ে বেশি সুযোগ নেবেন। তবে আশার কথা এই যে, আমাদের বিধানসভার প্রসিডিংস ছেপে যখন বেরুবে তখন ২-৩টা সরকার অদলবদল হয়ে যাবে ২-৩টা বিধানসভা বসবে এবং সেটা যাবে না, এটা আশার কথা। আরও তিনি বলেছেন কেন মিলিটারি থাকবে। আজকে যে মুহূর্তে স্বীকৃতি দেওয়া হবে সে মুহূর্তে প্রস্তুত থাকতে হবে যুদ্ধের জন্য, যে কথা মাননীয় সদস্য বিশ্বনাথ মুখার্জি তুলে ধরেছেন। আমি জিজ্ঞাসা করছি তখন কি মাননীয় সদস্য হরেকৃষ্ণ কোঙার এবং অন্যান্য দলেরা বলবেন যে না চীন সমাজতান্ত্রিক দেশ? মনে রাখবেন ১৯৬৫ সালে ভারত-পাকিস্তানের যুদ্ধে কি হুমকি দিয়েছিল। নানান কারণে পৃথিবীতে যুদ্ধ হয়েছে, হেলেন অফট্রয় নিয়েও যুদ্ধ হয়েছে। নারী নিয়ে যুদ্ধ হয়ে গেছে এক কালে। কিন্তু ভেড়া চুরির অভিযোগে একটা সমাজতান্ত্রিক রাষ্ট্র বিশ্বযুদ্ধে হুংকার দিতে পারে সে এক চীন সাম্রাজ্য দেখিয়েছিল যে, ভারত চীনের ৯০০ ভেড়া চুরি করে নিয়ে গিয়েছিল তার জন্য তারা ৯০ ঘন্টার আল্টিমেটাম দিলেন। আমাদের তৎকালীন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রী ভয় পেয়ে গিয়েছিলেন কারণ তাঁর শক্তি ছিল না। কিন্তু আজকে স্বীকৃতি দেওয়ার সাথে সাথে চীন রণহুংকার দিলে প্রস্তুত থাকতে হবে, তখন কি বলবেন সোস্যালিস্ট কান্ট্রি ক্যান নট কমিট অ্যাগ্রেশন। সমাজতান্ত্রিক দেশ চীন আক্রমণ করতে পারে না। তখন কি আবার ভারতবর্ষ আক্রমণ হলে আক্রমণকারী রাষ্ট্র এবং আক্রান্ত রাষ্ট্রের মার্কসিস্ট শ্রেণী চরিত্র নিয়ে বিচারে বসবেন? জিজ্ঞাসা করছি বলতে হবে আপনাকে। ভারতবর্ষ স্বীকৃতি দিক আমরা চাই, কিন্তু স্বীকৃতি দিলে তার পরিণতি স্বরূপ যদি বিশ্বযুদ্ধ আসে, যদি চীন বা যে-কোন রাষ্ট্র ভারতবর্ষের উপর হামলা করে, তাহলে আমরা সবাই কি তখন হাত মিলিয়ে সরকারের পিছনে দাঁড়িয়ে লড়াইয়ের জবাব দেব পাকিস্তানের বিরুদ্ধে লড়তে বলব? বলুন না? তখন দেখবেন তখন আবার শ্রেণীতত্ত্বের আলোচনা এসে যাবে। আজকে যখন লড়াই আসবে তখন সৈনা আসবেই। আমি জ্যোতিবাবু, হরেকৃষ্ণবাবু ধুতি-পাঞ্জাবী পরে লড়ব না।

(**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** দয়া করে আপনার সাথে আমার নাম জড়াবেন না। সি আই এ-র এজেন্ট।) কে কার এজেন্ট? একটা কথা মনে পড়ছে শ্রদ্ধেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর ঐতিহাসিক উপন্যাস দেবদাস লিখবার পর বাংলাদেশের একজন খ্যাতনামা সাহিত্য সমালোচক, তিনি আজ পরলোকে। তিনি ঐ বইয়ের অত্যন্ত প্রশংসা শুনে সহ্য করতে না পেরে লিখলেন "হ্যা, শরৎবাবু গণিকালয়ের যে ছবি এঁকেছেন বড়ই নিখুঁত এবং বড়ই বাস্তবগ্রাহ্য এবং চমৎকার।" যখন শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কাছে এই সমালোচনাটা পড়ে শোনানো হল তিনি তখন বললেন, "অভিজ্ঞ ব্যক্তির কাছেই ধরা পড়েছে--এইটাই আমার সান্ত্বনা।" তা সি আই এ সম্বন্ধে এত খবর যাঁরা রাখেন তাঁরা সি আই এ স্পেশালিস্ট। ও'রা সি আই এ বলে দুনিয়াকে খেপাচ্ছেন। এই তো নকশালপন্থীদের সি আই এ বলছেন। সবাই সি আই এ ; তবে আপনারা কারা? সুতরাং এত খবর রাখছেন কি করে? দালালের খবর দালালরাই রাখে। 'দালালস্য দালাল' যাঁরা তারা রাখে।

(সরকার পক্ষের সদস্যগণের তুমুল টেবিল চাপড়ানি ও উল্লাস।)

সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে ঐতিহাসিক প্রস্তাব এসেছে তাকে আমরা সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। আমি......

(বিরোধীপক্ষের বাধাদান)

আমার বক্তৃতার সময় যতই ও'রা বাধা দিন ও 'দালাল' বলে গালাগালি দিন আমি কখনই দাঁড়াই নি বা ভবিষ্যতেও করব না এ আশ্বাস প্রত্যেককে দিচ্ছি। কিন্তু মনে রাখবেন কাচের ঘরে বাস করে রাস্তার লোককে ইট মারলে বড় বিপদ হয়। Don't pelt stones at passers-by while you are living in a glass house. রাস্তার ধারে কাচের ঘরে বাস করে লোককে ইট ছুঁড়লে যা পরিণতি হয় তার জন্য আপনারা প্রস্তুত থাকবেন। সরকারী আশ্রয় দালালি করে মেলে না। সত্য কথা বলে যাব। তাতে আপনাদের কাছে দালাল হতে পারি। চিরদিন ভারতবর্ষের আপামর জনসাধারণের দালাল হব। চীনের দালাল হব না, আমেরিকার দালাল হব না এবং বিড়লার দালাল হব না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় খেয়ে খেয়েও পেট ভরছে না। আমেরিকার কাছ থেকে, চীনের কাছ থেকে, রাশিয়ার কাছ থেকে খেয়েও পেট ভরে নি, শেষকালে টাটা-বিড়লার কাছে গিয়ে হাত পাতছে। সুতরাং ওসব কথা বলে লাভ নেই।

(সরকার পক্ষের তুমুল হর্ষধ্বনি)

ওসব নাটক করে লাভ নেই। আমরা জানি হু ইজ হু অ্যান্ড হোয়াট ইজ হোয়াট। এখনও চ্যালেঞ্জ করছি হরেকৃষ্ণবাবু ও তাঁর দলের কাছে--বলুন--ভারতবর্ষ স্বীকৃতি দিক, ভারতবর্ষ অস্ত্র দিক, আমরা দাঁড়িয়ে বলছি পাকিস্তান কি চীন হামলা করলে আমরা এক সাথে দাঁড়িয়ে লড়ব। ঘরের লড়াই আমরা বিচার করব। কিন্তু সে উত্তর আসবে না। সুতরাং এখান থেকেই বুঝবেন আসল লক্ষ্যটা কি।

আমি আমার বক্তব্য শেষ করবার আগে আবার বলছি যে বাঙলাদেশ .....

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে তো হাউসের শান্তি রক্ষা করতে হবে। তা না হলে এটা তো একতরফা যাবে না। আপনাকে তো আমাকে প্রোটেক্ট করতে হবে। তা না হলে প্রিভিলেজ আমারও ভায়োলেটেড হবে।

আজকে তাই বলছি, যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি এবং ওপার বাংলায় যে ঐতিহাসিক লড়াই চলছে তাকে কেউ ব্যর্থ করে দিতে পারবে না। যাঁরা বলছেন ওপার বাংলা থেকে আমাদের প্রেরণা পাবার কিছু নেই তাঁরা ভুল। যদি ভিয়েৎনাম থেকে প্রেরণা পাওয়া যেতে পারে, যদি রুশ বিপ্লব থেকে প্রেরণা পাওয়া যেতে পারে তাহলে আমি বলব ভারতবর্ষের ৫৩ কোটি মানুষ আজকে সবচেয়ে বেশি প্রেরণা পাবে ওপার বাংলায় বঙ্গবন্ধু মুজিবের নেতৃত্বে যে লড়াই হচ্ছে। এবং সর্বশেষে বিশ্বকবি রবীন্দ্রনাথের কথায় বলি:—

(বিরোধী পক্ষে হাস্যরোল।)

বিশ্বকবির নাম হতেই এত ব্যঙ্গ, কেন বুঝতে পারছেন। কারণ রবীন্দ্রনাথ ওদের কাছে বুর্জোয়া কবি।

"মৃত্যুর অন্তরে পশি অমৃত না পাই যদি খুঁজে
সত্য যদি নাহি মেলে, দুঃখ সাথে যুঝে
পাপ যদি নাহি মরে আপনার প্রকাশ লজ্জায়,
অহংকার নাহি মরে আপনার অসহ্য সজ্জায়।"

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এইরকমভাবে একটা অশালীন আচরণ যদি একটা দল করে তাহলে অন্যায় হয়।.....(এ ভয়েসঃ প্রেস লিখছে।) প্রেস আমাদের লোক নয়। প্রেস আপনাদের ভয় করে, আমাদের ভয় করে না। আপনারা আনন্দবাজার, যুগান্তরের সাংবাদিকদের মেরেছেন, ভ্যান জ্বালিয়ে দিয়েছেন। ঐ আনন্দবাজারের লোকেদের সঙ্গে আপনাদের দলের নেতা জ্যোতি-বাবু গ্রান্ড হোটেলে ভোজন করেছেন। ঐ আনন্দবাজার, হিন্দুস্থান স্টান্ডার্ড, যুগান্তর ইত্যাদিরা ফলাও করে আপনাদের খবর বের করে। . (গোলমাল) "বীরের রক্তস্রোত, মাতার অশ্রুধারা ; এর যত মূল্য সে কি ধরার ধূলায় হবে হারা"। এই রক্তস্রোত কখনও ব্যর্থ হবে না। মুজিবরের নেতৃত্বে যে আন্দোলন চলছে সেই আন্দোলন জয়যুক্ত হবেই। ওঁরা কাবুল প্রেরণা পান, না পান তাতে কিছু আসে যায় না। আমরা প্রেরণা পেয়েছি, গোটা বিশ্ব প্রেরণা পেয়েছে। জয় হিন্দ।

শ্রীআনন্দকুমার মান্না: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি গণতান্ত্রিক কোয়ালিশন সরকারের মুখ্যমন্ত্রী বাংলাদেশকে স্বীকৃতিদানের যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবে অন্তরের সঙ্গে সমর্থন করছি। সেই সঙ্গে সমর্থন জানাই আজ বিরোধী পক্ষ ও সরকার পক্ষ একত্রিত হয়ে এই বিরাট মানুষের অধিকার অর্জনের যে অধিকার সেই অধিকারকে আজ উভয় পক্ষ মেনে নিয়েছেন এবং সেই তাঁদের জানাই আমাদের অন্তরের আন্তরিকতা। আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে বিরোধী নেতা তাঁর বক্তব্যে একটা কথা বলে গেছেন যে আজ এই প্রস্তাব শুধু প্রস্তাব থেকে যাবে না। এর ভেতরে আন্তরিকতা আছে--আমি এ বিষয়ে তাঁর সঙ্গে একমত। আমি বলতে চাই যে, আজ এক মাস অতিক্রান্ত হয়ে গেল পশ্চিম পাকিস্তানের জঙ্গীশাহী শাসনের বর্বর অত্যাচারে ওপার বাংলার হাজার হাজার শিশু, বৃদ্ধ নরনারী তাদের জীবনের সমস্ত দিয়ে লাঞ্ছিত হচ্ছে, নিষ্পেষিত হচ্ছে। আজও তারা ঐ রকম জঙ্গীশাহী ট্যাঙ্ক, বুলেটের বাড়ে নিষ্পেষিত হচ্ছে কিন্তু ঐ জঙ্গীশাহী শাসনের অবসান করতে পারে নি। কিন্তু আজও তারা পূর্ব বাংলার ওপারে মানুষের উপর নির্যাতন এবং পশ্চিমশাহী জঙ্গী শাসনের অবসান করতে পারে নি, তাদের সেই প্রস্তাব প্রস্তাবেই থেকে গেছে তাদের মুখের কথা মুখের কথাই থেকে গেছে। তার সুরাহা করতে বা সেই জঙ্গী শাসনের অবসানকল্পে কোনরকম একটা প্রস্তাব ভারত সরকার বা পৃথিবীর অন্য কোন রাষ্ট্র করে নি। যারা আজকে পৃথিবীর বড় বড় রাষ্ট্র যাদের কথায় পৃথিবীর প্রতিটি মানুষ উঠে বসে আজ তারা কোথায়, আজকে তারা নীরব কেন? আমি তাদের প্রশ্ন করি বাঙ্গালী জাতির প্রতি তাদের কি কোন কর্তব্য নেই? আজকে পূর্ব বাংলার এই যুদ্ধ কি ইতিহাসের যুদ্ধের মতই থেকে যাবে? একটা দেশ আর একটা দেশকে জোর করে দখল করছে তাদের ভূখণ্ড হরণ করে নিয়েছে এই সমস্ত মানুষগুলির বাঁচার অধিকারকে পশ্চিমীশাহী জঙ্গী শাসন বছরের পর বছর ধরে হরণ করে রেখেছে, সেই অধিকারকে অর্জন করার জন্য আজকের এই সংগ্রাম। আজকে আমরা দেখতে পাচ্ছি যে, ভারত সরকার তাদের স্বীকৃতি দিচ্ছে না। আজকে আমি ইন্দিরা সরকারকে প্রশ্ন করব কেন তোমরা ওপারের বাঙ্গালীর বাঁচার অধিকারকে আজও স্বীকৃতি দিচ্ছ না। আজকে আন্তর্জাতিক স্বীকৃতিতে কোন বাধা নেই, কারণ পূর্ব বাংলা তাদের নিজস্ব ভূখণ্ড এবং সেখানে ৯৯.৬ শতাংশ গণতান্ত্রিক ভোটে জনগণ তাদের রায় দিয়েছে সেখানে জাতীয় সভার সভ্যদের নির্বাচিত করেছে অথচ কেন তাহলে আজকে ভারত সরকার তাদের স্বীকৃতি দিচ্ছে না--এই প্রশ্ন আজকে প্রতিটি ভারতবাসীর এই প্রশ্ন আজকে বাঙ্গালী জাতির এই প্রশ্ন আজকে প্রতিটি শোষিত মানুষের। যখন আমরা দেখতে পাচ্ছি পশ্চিম বাংলার হাজার হাজার মানুষ দুবেলা খেতে পাচ্ছে না যখন তারা তাদের জীবনকে মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছে তখন আমরা দেখতে পাচ্ছি যে, পূর্ব বাংলা থেকে হাজার হাজার মানুষ

এসে ভারতের বিশেষ করে পশ্চিম বাংলার এই সমস্যাকে আরও সমস্যাসঙ্কুল করে তুলছে। আজকে ইন্দিরা সরাকার বোধহয় মনে করছে যদি আমরা পূর্ব বাংলাকে স্বীকৃতি দিই তাহলে আবার অন্য কোন রাষ্ট্র চীন, রাশিয়া বা আমেরিকা আমাদের আক্রমণ করবে বা অন্য কোন রাষ্ট্র আমাদের আক্রমণ করবে -এই ভয়ই ইন্দিরা সরকারের প্রধান বাধা। কিন্তু তাঁরা দেখেছেন যে, ১৯৬২ সালে যখন চীনের দ্বারা আমাদের দেশ আক্রান্ত হয়, যখন ১৯৬৪ সালে পাকিস্তান আমাদের দেশ আক্রমণ করে তখন এটা প্রমাণ হয়ে গেছে যে, ভারতবর্ষের মানুষ তার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে, তারা দেখিয়েছে যে, ঐরকমভাবে নিজেদের আত্মপ্রতিষ্ঠার জন্য যে-কোন সংগ্রামের পেছনে তারা রয়েছে, তার জন্য নিজেদের শক্তি, নিজেদের রক্ত, নিজেদের সমস্ত অধিকারকে তারা বিলিয়ে দিয়েছে। যে-কোন আন্তর্জাতিক শক্তি, যে-কোন রাষ্ট্র যদি আমাদের ভারতকে আক্রমণ করে- আমরা একতাবদ্ধ হয়ে সমস্ত জাতি যদি রুখে দাঁড়াই তাহলে কোন শত্রু আমাদের উপর ঝাঁপিয়ে পড়তে পারবে না এই বিষয়ে আমরা সুনিশ্চিত। তাই আমি বলতে চাই, পূর্ব বাংলার মানুষের অধিকার রক্ষার জন্য ভারত সরকারকে অবিলম্বে স্বীকৃতি দিতে হবে, শুধু ঐ প্রস্তাবের ভেতর সীমাবদ্ধ না রেখে আমাদের জনমত সংগ্রহ করতে হবে, আমাদের এখানে ভারত সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে হবে, যে আন্দোলনের ফলে বাধ্য হয়ে ভারত সরকার এবং অন্যান্য আন্তর্জাতিক রাষ্ট্রগুলি তাদের স্বীকৃতি দেবে এবং বাঙ্গালী জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকারকে তারা মেনে নেবে এই বলেই আমি শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীপ্রয়াগ মণ্ডল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রস্তাব বাংলাদেশ সম্বন্ধে রেখেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি এবং সমর্থন করার সঙ্গে সঙ্গে বলছি যে, এই প্রস্তাব সম্বন্ধে কোন আন্তরিকতা আছে কিনা সেই প্রশ্ন বিভিন্ন দিক থেকে উঠেছে এবং এটা ওঠাই স্বাভাবিক। কারণ আমরা জানি অনেক সময় অনেক প্রস্তাব নেওয়া হয়ে থাকে কিন্তু সেই প্রস্তাবগুলি ঠিকভাবে কার্যকরী হয় না। প্রস্তাব বা চুক্তি এগুলি নেওয়া এক কথা এবং এগুলিকে কার্যে পরিণত করা আর এক কথা। সুতরাং আমি একমত যে এটার মধ্যে আন্তরিকতা আছে কিনা। নেহেরু লিয়াকৎ যে চুক্তি ছিল সেই চুক্তি মানা হয় নি। তা ছাড়া জেনেভা এগ্রিমেন্ট যেটা আছে সেটাও হয়ত মানা হয় নি এবং আমাদের পূর্ব বাংলা থেকে ইয়াহিয়ার জঙ্গীশাহী আক্রমণ সেটা আমাদের পশ্চিম বাংলার ৪-৫ কিলোমিটারের মধ্যে হয়ত এসে পড়েছে এবং অনেক লোক সেখানে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি আরও বলতে চাই যে, আমাদের এই সমস্ত ক্ষতিগ্রস্ত লোকদের পূর্ব বাংলার ক্ষতিগ্রস্ত লোকদের মত গণ্য করতে হবে। আমি বলতে চাই সরকার পক্ষকে যে, এই প্রস্তাব শুধু কাগজে না লিখে মুখ্যমন্ত্রী তো দিল্লী যাচ্ছেন, তিনি বলুন কেন্দ্রীয় সরকারকে যে এদের স্বীকৃতি দিতে হবে। আমি আনন্দিত যে, এই প্রস্তাবের মধ্যে অস্ত্রশস্ত্র কথাটি আছে এবং তার সঙ্গে আছে প্রয়োজনীয় দ্রব্যাদি। এখানে আমি একটু বলতে চাই, অস্ত্রশস্ত্র কথাটাকে গৌণ করে মুখ্য হিসাবে যদি চাল, মুড়ি, বিড়ি এগুলিকে ধরা হয় তাহলে খারাপ হবে এবং এই প্রস্তাবের কোন অর্থ থাকবে না। তাই আমি বলছি এক মাস বারো দিন পরে কেন এই প্রস্তাব নিতে হবে, এটা আপনারা তো ইচ্ছা করলেই করতে পারেন। আপনারা দিল্লীতে গিয়ে বলুন বা সমস্ত জায়গা থেকে দিল্লীতে গিয়ে আবেদন করুন যে, সেই সরকারকে স্বীকৃতি দেওয়া হোক বা অস্ত্রশস্ত্র দেওয়া হোক। যাই হোক এ ছাড়া এই প্রস্তাবের মধ্যে অন্যান্য যেসমস্ত কথা রয়েছে যে, ইয়াহিয়া খান খারাপ লোক বা তার গণহত্যা অভিযানকে ধিক্কার জানানো হোক—এগুলি জানিয়ে লাভ নেই কারণ এক একটা শ্রেণীর এক একটা চরিত্র থাকে এবং সেই চরিত্র মত সে কাজ করে যাচ্ছে। প্রতিক্রিয়াশীলদের পায়ের তলা থেকে যখন মাটি সরে যায় তখন তারা সন্ত্রস্ত হয়ে উঠে এবং শেষ কামড় দিয়ে যাওয়ার চেষ্টা করে এবং সেটাই পূর্ব বাংলায় হচ্ছে এবং তার ঢেউ এখানে এসেছে। ঠিক ইলেকশনের আগে প্রেসিডেন্ট রুলের সময় আমরা দেখেছি যে, বিভিন্ন জায়গাতে গ্রামে সি আর পি মিলিটারি পাঠিয়ে দেওয়া হয়েছে, কিন্তু আমাদের সীমান্তে চীন আছে, যে-কোন সময় তারা আক্রমণ করতে পারে—এগুলি প্রতিক্রিয়াশীলদের পয়েন্ট, একে ঠেকা দেওয়ার জন্য তাঁরা অনেক কথা বলেন। এগুলি যাঁরা করেন সেই সরকার কি করে পূর্ব বাংলার আন্দোলনকে সমর্থন জানাবেন? যা হোক সরকার পক্ষ থেকে

শুনলাম যে, তাঁদের না কি আন্তরিকতা আছে। ভাল কথা আনন্দের কথা। আমাদের এই পশ্চিম বাংলার মানুষ যখন জাগবে, যারা অত্যাচারিত, নিষ্পেষিত তারা একদিন না একদিন জাগবে এটা খুব পরিষ্কার। তখন তাঁরা মন্ত্রিসভায় থাকুন আর নাই থাকুন, পশ্চিম বাংলার নাগরিক হিসাবে তাঁদের যে আন্দোলন হবে তাকে অন্ততঃ অন্তর থেকে সমর্থন জানাব এই বলে আমি শেষ করছি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন, সে প্রস্তব আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। শুধু মুখ্যমন্ত্রী মহাশয় এই প্রস্তাব এনেছেন বলেই নয়, বঙ্গবন্ধু মুজিবব রহমান যেমন বাংলাদেশের মানুষকে সেখানে সমস্ত শক্তিকে ঐক্যবদ্ধ করেছেন, আজকে এই হাউসে এই যে প্রস্তাব এসেছে সেটা চার কোটি পশ্চিমবঙ্গবাসীর প্রতিভূ এই বিধানসভার সদস্যদের পক্ষ থেকে এসেছে। সেজন্য এর একটা মৌলিক গুরুত্ব আছে। সাধরাণভাবে অনেক সময় অনেক প্রস্তাব এখানে সমর্থিত হয়, সেটা একটা দিক, আজকে উপাধ্যক্ষ মহাশয়, যদি প্রস্তাবটা দেখেন, দেখবেন এটা শুধু সমর্থনসূচক নয়, এই প্রস্তাবের একটা গভীর তাৎপর্য রয়েছে। প্রতিটি প্যারাতে দেখবেন একটা কার্যকরী সমন্বিত ধারা রয়েছে। আমি সেদিক সম্বন্ধে আপনার মাধ্যমে এই সভায় উপস্থিত করতে চাই। সেটা হচ্ছে---আপনি লক্ষ্য করেছেন, বাংলাদেশে যে লড়াইটা হচ্ছে সেই লড়াই অত্যাচারীব বিরুদ্ধে লড়াই নয়, এটা একটা ঔপনিবেশিক দাসত্ব থেকে মুক্তির লড়াই। লিবারেশন স্ট্রাগল ফ্রম কলোনিয়াল অপ্রেশন। এটা আমাদের বুঝতে হবে। আমারও বাড়ি পূর্ববঙ্গে। আপনারা প্রায়ই বনগাঁর নাম শুনে থাকেন, সেই বনগাঁ থেকে ঝিগরগাছা ১৯ মাইল দূরে, সেখানে গেলে দেখতে পাবেন সেখানে নূতন বাড়ি ১১ খানার বেশি হয় নি এই অত্যাচারী শাসনেব অধীনে। ওখানে বেনাপোলের বাজার, নাভারণ বাজার, ঝিকবগাছা বাজাব যতদূরে যাবেন দেখতে পাবেন কত অন্যায় হয়েছে। একটা ঔপনিবেশিক দেশে যে অবস্থা দেশকে সেই অবস্থায়ই রেখে দিয়েছে। আমরা এটা বুঝি কেননা আমরা এই ঔপনিবেশিক দাসত্বের মধ্যে ছিলাম, আমরা জানি বৃটিশের অত্যাচার কি, সেই অত্যাচারের কাহিনী মনে রেখে আমরা এই জিনিস উপলব্ধি করতে পারি। কারণ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে তীব্র লড়াই পশ্চিমবঙ্গবাসী করেছিল। আজকে ওখানে যে লড়াই চলেছে, সেই লড়াইয়ের প্রতি সেদিক দিয়ে আমাদেব সহানুভূতি আরও গভীর। এরা কি অত্যাচারই না করেছিল। আপনি উপাধ্যক্ষ মহাশয়, জানেন ইয়াহিয়া জন্তু-জানোয়ারকেও ছাড়িয়ে গেছে। যশোবে পোলের হাট বলে একটা জায়গা আছে। সেখানে বাড়িতে চার জন মরা পড়ে আছে। একটা কুকুর, পোষা কুকুরই হবে, সেই মরাগুলোকে শকুনের হাত থেকে রক্ষা করবার জন্যই হয়ত পাহারা দিচ্ছে। একটা কুকুরের যে বোধ আছে ইয়াহিয়ার সে বোধও নাই। শিশু নারী বৃদ্ধ নির্বিচারে হত্যা করে চলেছে। সাড়ে সাত কোটি মানুষ কোথায় এসে দাঁড়িয়েছে। আপনি নিশ্চয়ই খবর রাখেন, মাননীয় সদস্যরা অনেকে জানেন, খবরের কাগজে দেখে থাকবেন, লোকমুখেও শুনে থাকবেন এই লড়াইয়ের কাহিনী। তাদের অনেকে দশ-বার দিন পর্যন্ত স্নান করতে পারে নি, তার মধ্য থেকেই লড়েছে, তাদের দেহ বন্ধ হয়ে আসছে কিন্তু এর মধ্যে থেকেই সেখানে লড়াইয়ের মোকাবিলা করতে হচ্ছে। এই অবস্থার মধ্যে তারা এতদিন রয়েছে। এক মাসের বেশি হয়ে গেল আজ পর্যন্ত তাদের স্বীকৃতি দিতে পারলেন না। প্রথম দিকে কথা উঠেছিল কিভাবে সমর্থন দেব? গভর্ণমেন্ট কোথায়? তারপর সেখানে প্রতিষ্ঠিত হল, এখন সে প্রশ্ন উঠতে পারে না। প্রশ্ন হতে পারে, আমরা তো দিতে পারি কিন্তু পৃথিবীতে তো অনেক দেশ আছে কই কিছু তাঁরা তো করলেন না? কেন্দ্রীয় সরকার যদি এই ভেবে বসে থাকেন যে আরও অন্যান্য দেশ সমর্থন করুন তখন আমরাও সমর্থন করব, তাহলে বুঝতে হবে, খানিকটা মজা দেখার মনোভাব নিয়ে তাঁরা থাকছেন। এখানে এই প্রস্তাব এককভাবে হয়েছে এবং জ্যোতিবাবু বলেছেন আমরা দিল্লী যেতে চাই। আমি বলি দিল্লী যাবেন তাতে আমাদের সমর্থন আছে, কিন্তু মনে রাখবেন দিল্লী সব নয়। আমরা যখন একসঙ্গে বসে প্রস্তাব রচনা করেছি তখন কেন তাকে কার্যকরী করার ব্যবস্থা করতে পারব না? কেন তার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করতে পারব না? কাজেই আমি মনে করি যখন এককভাবে সর্ববাদীসম্মত প্রস্তাব এসেছে তখন একে কার্যকরী কববার জন্য একটা সুপরিকল্পনা আমাদের একসঙ্গে বসে করতে হবে যাতে অদূরভবিষ্যতে এর জন্য আমরা ব্যবস্থা করতে পারি। আপনারা

নিশ্চয়ই জানেন যুদ্ধে যেমন সামনের ফ্রন্ট লড়াই করে ঠিক তেমনি রিয়ারেরও একটা কাজ থাকে। এখানে যারা এসেছে, এই সরকার তাদের বাস্তুহারা বলে মনে করেন। তাঁরা মনে করেন না যে, লক্ষ লক্ষ সৈনিক এসেছে ওই রিয়ারের। এদের শুধু খাওয়া-দাওয়ার ব্যবস্থাই নয়, মুখ্যমন্ত্রী মনে রাখবেন এই সমস্ত সৈনিক যারা এসেছে তাদের অস্ত্র দিয়ে, ট্রেনিং দিয়ে এরকম ব্যবস্থা করতে হবে যাতে তারা আবার ওখানে যেতে পারে। আমি সুবোধবাবুর সঙ্গে সুর মিলিয়ে বলছি আমাদের দেশেও ভলান্টিয়ার রেইজ করতে হবে এবং তাদের হাতে অস্ত্র দিতে হবে। সেটা তারা আমার বুকে মারবে, না কার বুকে মারবে সেই আতঙ্ক করে কোন লাভ নেই। দরকার হলে যারা উপনিবেশ করতে চায় তাদের বিরুদ্ধে লড়াই করতে হবে একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সামায়ুন বিশ্বাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় বাংলা-দেশের নির্যাতিত সাড়ে সাত কোটি জনসাধারণের সমর্থনে এবং তাদের সর্বপ্রকার সাহায্য করবার জন্য যে প্রস্তাব এনেছেন মুসলিম লীগের তরফ থেকে আমি সেই প্রস্তাবকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। বলা বাহুল্য ইন্ডিয়ান ইউনিয়ন অব মুসলিম লীগের সভাপতি জনাব কায়েদেমুল্লা ইসমাইল সাহেব এবং পশ্চিম বাংলা রাজ্য মুসলিম লীগের সভাপতি সেকেন্দার আলি মোল্লা বাংলাদেশের নিপীড়িত লোকের সমর্থনে এক যুক্ত বিবৃতি দিয়েছেন। খুবই পরিতাপের বিষয় সংবাদপত্রগুলি এই মুসলিম লীগের প্রতি বৈমাতৃসুলভ আচরণ করেন এবং সেইজন্যই বিরোধীপক্ষ অনেক কথা সোচ্চারে বলেন। আর একটা কথা বলছি, যখন আমরা এই গভর্ণমেন্টের অংশীদার তখন মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন না করার প্রশ্ন কি উঠতে পারে? কাজেই আমরা এই প্রস্তাব সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি জ্যোতিবাবুকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই। তিনি যে কিছুদিন আগে কমিউনিস্ট দেশগুলি ঘুরে এলেন সেখানে তিনি এই বাংলাদেশের নিপীড়িত লোকদের জন্য কোন বক্তব্য রেখেছেন কি? অথবা বাংলাদেশের জনগণকে সমর্থন করবার জন্য কোন সক্রিয় ভূমিকা নিতে বলেছেন কিংবা সরাসরি তিনি কোন বক্তব্য রেখেছেন কি? এই পর্যন্ত সংবাদপত্র পড়ে যা দেখেছি তাতে দেখছি তিনি সেইরকম কোন বক্তব্য রাখেন নি। কাজেই এখানে এক রকম কথা বললেন এবং অন্যভাবে শলা-পরামর্শ করবেন এটা বিস্ময়কর। দ্বিতীয় কথা মুসলিম লীগ সম্বন্ধে একটা চার্জ এনেছেন। পরিতাপের বিষয় যে, আমরা বারবার বলেছি যে, মুসলিম লীগ সাম্প্রদায়িক দল নয়, আসলে মুসলিম লীগের জন্ম হয়েছে তাদের প্রতি বৈমাতৃসুলভ আচরণ দেখাবার ফলে। যদি নিরপেক্ষ দৃষ্টি থাকত তাহলে হয়ত এই মুসলিম লীগের জন্ম হত না। আমরা নব কংগ্রেসকে সমর্থন জানিয়েছি সত্য। যখন জাতীয় কংগ্রেস যুক্ত ছিল তখন তাদের প্রতি আমাদের আস্থা ছিল না। তাদের মধ্যে বৈমাতৃ-সুলভ আচরণ ছিল এটা অত্যন্ত বেদনার কথা। তাই তাদের পাশে আমরা দাঁড়াতে পারি নি। আজকে আমরা নব কংগ্রেসকে সমর্থন জানিয়েছি—কারণ তাদের প্রতি আমাদের পূর্ণ সমর্থন আছে। এক্ষেত্রে উল্লেখযোগ্য যে, যখন যুক্তফ্রন্ট সরকার বার বার সরকার গঠন করেছেন তখন তারা এই সমস্ত মুসলিমদের প্রতি দৃষ্টি দেয় নি। তখন তারা ছলে বলে কৌশলে অন্য কথা বলেছেন। তাঁরা সাম্প্রদায়িক চার্জ এনে অনেক কথা বলেছিলেন। আপনারা যেভাবে ব্যঙ্গ বা কুৎসা করে চলেছেন তাতে জনকল্যাণ হওয়া শক্ত। আপনাদের এই কি প্রগতিশীলতার পরিচয়? কেরলে যখন মুসলিম লীগের সঙ্গে কমিউনিস্ট দল জোট বেঁধেছিল তখন কি মুসলিম লীগ সাম্প্রদায়িক দল ছিল না? তখন যদি না হয়ে থাকে তাহলে এখন নব কংগ্রেসের সঙ্গে মিলিত হল বলে তারা সাম্প্রদায়িক হল কি করে? আজকে বাংলাদেশের জনগণ হিন্দু-মুসলমান এক মনে এক প্রাণে আমাদের কাছে সাহায্য চাচ্ছে এবং সেই সাহায্যের ভিত্তিতে আমরা যে প্রস্তাব নিয়ে এসেছি সেই প্রস্তাব কার্যকরী করবার জন্য আমরা এক মন এক প্রাণ হয়েছি।

(গোলমাল)

আজ যদি চীন হুমকি দেয় তাহলে জ্যোতিবাবু কি আগিয়ে যাবেন না, না পিছিয়ে যাবেন? আর একটা প্রশ্ন রাখছি যে, প্রতিদিনের আমাদের সমস্যা আছে, আমাদের সকলেরই সমস্যা আছে এবং এই সমস্যা থাকা সত্ত্বেও আমি এই স্বীকৃতি জানিয়ে আমি বিদায় নিচ্ছি।

শ্রীমহম্মদ আমিন: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বাংলাদেশের বিষয়ে যে প্রস্তাব মুখ্য-মন্ত্রী এনেছেন তা আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে একটি মন্তব্যের প্রতি আমি লক্ষ্য রাখছি। একটু আগে শুনলাম কংগ্রেস বেঞ্চ থেকে কেউ বললেন যে, কমিউনিষ্ট লিডারের বাড়িতে নাকি সি আর পি আছে পাহারা দেবার জন্য। তিনি কোথা থেকে জানলেন জানি না। তবে শুনে মনে হল যে, কংগ্রেস হলেই কি মিথ্যা কথা না বললে হয় না? এইরকম একটা কথা তাঁরা বললেন কি করে? আমি বলতে পারি যে, কোন সি পি এম লিডারের বাড়িতে কোন সি আর পি নাই। একথা সম্পূর্ণ অসত্য। দ্বিতীয়তঃ, এখানে অনেক মাননীয় সদস্যের কথা শুনলাম। একটু আগে মুসলিম লীগের একজন যুক্তি দিয়ে বললেন যে, এখানে মুসলিম লীগ করা হয়েছে তার কারণ মুসলমানদের প্রতি বৈষম্যমূলক আচরণ করা হত। তিনি এইটুকুই কেন বললেন আমি জানি না। তাঁর এটা বলা উচিত ছিল এবং আমাদের পার্টি এই কথাই বলেছে যে, কংগ্রেসী রাজত্বে মুসলমানদের প্রতি শুধু বৈষম্যমূলক আচরণই নয় তাঁদের দ্বিতীয় শ্রেণীর নাগরিক বানিয়ে রাখা হয়েছে। একথা বলার সংসাহস তাঁদের নেই কিন্তু আমাদের পার্টি বলেছে এবং আমরা সংগ্রামও করেছি। সংখ্যালঘুদের যে সমস্যা সেটা আমরা জানি কিন্তু তাদের সমর্থনের জন্য মুসলিম লীগ গঠন করার দরকার হয় না। তাই যাঁরা মুসলিম লীগের সদস্য আছেন তাঁদের ভেবে দেখতে অনুরোধ করব যে আজকে পাকিস্তানে যা হচ্ছে সেই পাকিস্তানই কি করে হল? অতীতের সেই তিক্ত অভিজ্ঞতা কি আমরা ভুলে যাব। আমি খুশি হলাম সাত্তার সাহেব যখন বললেন যে, এতদিন পরে প্রমাণ হল দ্বিজাতিতত্ত্ব ভুল, এটা শুনে। এটা প্রমাণ হবেই, কিন্তু অনেক ক্ষয়ক্ষতির পরে। এত মূল্য দিতে হবে স্বাধীনতার একথা কেউ জানে না। আমার মনে পড়ে না যে, এইভাবে কোন দেশ স্বাধীন হয়েছে যাতে লক্ষ লক্ষ মানুষ তাদের ঘরবাড়ি পুড়ে গিয়েছে, তাদের হত্যা করা হয়েছে। এত নির্যাতন পৃথিবীর ইতিহাসে খুঁজে পাওয়া যাবে না। আজকে যাঁরা মুসলিম লীগ করছেন তাঁদের মনে সত্যিই জানি না মুসলমানদের ভাল করবার ইচ্ছা আছে কিনা, তা যদি থেকেও থাকে তাহলে এটা কি বুঝতে পারছেন না যে, মুসলিম লীগ করা মানেই হিন্দু সাম্প্রদায়িকতা মাথা চাড়া দিয়ে উঠবে। তাঁরা কি বুঝতে পারছেন না যে, মুসলিম লীগ বাড়লেই জনসঙ্ঘও বাড়তে বাধ্য। এখন বাংলাদেশের আবহাওয়া বিষাক্ত হবে এবং তাতে সবচেয়ে বেশি ক্ষতি হবে সংখ্যালঘু সম্প্রদায়ের, যাদের কথা নিয়ে তাঁরা বলছেন। তারপরে ওঁরা বলেছেন ডেমোক্রেটিক কোয়ালিশনে যোগদান করেছি। ডেমোক্রেটিক কোয়ালিশন, এলিয়াস, ১৪৪, এই হচ্ছে ডেমোক্রেটিক কোয়ালিশন। যেদিন স্যার, এই গভর্ণমেন্টের জন্ম হল সেইদিন থেকে ১৪৪ ধারা। আর স্যার, আমার বিশ্বাস, যেদিন এর মৃত্যু ঘটবে সেদিন পর্যন্ত ১৪৪ ধারাকে টেনে নিয়ে যাওয়া হবে, যা ইতিপূর্বে হয়েছে। বাংলাদেশের মানুষের সে অভিজ্ঞতা আছে, ১৪৪ ধারা, মিলিটারি, সি আর পি, এসব দেখা গিয়েছে। সংগ্রামের মাঠে তার ফয়সালা হবে একথা বলেছেন আমাদের কমরেড হরেকৃষ্ণ কোঙার। তিনি বলেছেন, সংগঠনের জোর যদি আমাদের থাকে, মানুষকে যদি আমরা ঐক্যবদ্ধ করতে পারি তাহলে দেখে নেব। আর একটি কথা বলেই আমি শেষ করব। স্যার, বাংলাদেশে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা হঠাৎ হয়ে যায় নি। এখানে অনেক মাননীয় সদস্য বলেছেন, আমি সেকথার পুনরাবৃত্তি করতে চাই না, শুধু এইটুকুই বলব, পাকিস্তান হবার পর থেকেই সেখানে এই আন্দোলন চলছে। কোনদিনই পাকিস্তানের জনগণ এই স্বেচ্ছাচার শাসনকে মেনে নেয় নি। পাকিস্তান হবার পর থেকেই তাঁরা দাবি করে আসছেন গণতন্ত্রের, যে দাবি এমন কিছুই ছিল না। ২৫এ মার্চের আগে পর্যন্ত তাঁদের এইটুকুই দাবি ছিল। সেখানে ঐ ইয়াহিয়া খান যিনি এত অত্যাচার করলেন, তিনি এটাকে মিলিটারি দিয়ে দাবিয়ে দিতে চেয়েছেন। পাকিস্তানের জনগণকে আমি এই কথাই বলতে চাই যে, আমাদের বাংলাদেশের এই আন্দোলন সম্পর্কে যে মনোভাব সেটা শুধু এই জন্য নয় যে, পাকিস্তান আমাদের প্রতিবেশী, তার থেকেও যেটা বেশি সেটা হল ২৩ বছর আগে আমরা একই ছিলাম। আমাদের একই ভাষা, একই ঐতিহ্য, একই ইতিহাস একই সমস্ত জিনিস আমাদের কোন জিনিসে কোন পার্থক্য করা যায় না। আমাদের দেশে যখন জাতীয় মুক্তি আন্দোলন বেড়ে গেল, বিদেশী সাম্রাজ্যবাদীরা যখন বুঝল যে, সরাসরি এই দেশে আর শাসন করা যায় না তখন তারা এই ষড়যন্ত্র করেছিল। তারা দেখল যে, ধর্মের নামে এর মধ্যে একটা বিভেদ আনা যায়, এবং শুধু একথা বললে সম্পূর্ণ হবে না। তারপর মুসলিম লীগ পাকিস্তানের দাবি

তুলল এবং তারপর দেশ বিভক্ত হল। শুধু এইটুকু বললেই সম্পূর্ণ বলা হবে না। কেন না, মুসলিম লীগ তাতে কৃতকার্য হত না যদি না এই ষড়যন্ত্রের শেষের দিকে কংগ্রেস নেতারা লিপ্ত হয়ে যেতেন। সেজন্য বলছি, এতবড় অবিচার, এতবড় অন্যায় যা হল তার জন্য সেই কংগ্রেস এবং সেই মুসলিম লীগ দায়ী। যাদের কোনদিন ইতিহাস ক্ষমা করবে না। আজকে দেখছি ইতিহাসের পরিহাস। সেই দুটি দল আবার মিলিতভাবে এখানে ডেমোক্রেটিক কোয়ালিশন করছে এবং আমাদের কাছে শিক্ষা দেবার চেষ্টা করছে যে, তারা নাকি দেশের ভাল করছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার শেষ কথা বলে আমার বক্তব্য শেষ করছি। আমাদের নেতা জ্যোতিবাবু যে কথা বলেছেন যে, আমরা নিশ্চয়ই এই প্রস্তাবটি পাশ করাব। কিন্তু এর মধ্যে ঐ ট্রেজারী বেঞ্চের লোকেদের কতটা আন্তরিকতা আছে সেটা আমাদের ভেবে দেখতে হবে এবং সেভাবে এটাকে বিচার করতে হবে। আমরা আশা করি এই প্রস্তাবকে কার্যকরী করার জন্য আমরা সমস্ত শক্তি নিয়ে এগিয়ে যাব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রফুল্লকুমার সরকার: মাননীয় স্পীকার মহাশয়, আজ মুখ্যমন্ত্রী যে প্রস্তাব বাংলাদেশ সম্পর্কে এই সভায় উপস্থাপনা করেছেন আমি ভারতীয় জনসংঘ দলের পক্ষ থেকে সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন প্রসঙ্গে আমি কিছু আলোচনা এই সভার সামনে উত্থাপন করতে চাই। মাননীয় স্পীকার মহাশয় নিশ্চয়ই জানেন যে, দ্বিজাতিতত্ত্বের উপর ভিত্তি করে পাকিস্তান সৃষ্টি হয়েছিল। তৎকালীন মুসলিম সম্প্রদায়ের নেতা মুসলিম লীগ নেতা জিন্না সাহেব ভারতবর্ষের মুসলমান সমাজকে বুঝিয়েছিলেন একথা যে, ভারতবর্ষের মুসলমান তারা জাতি হিসাবে ভারতীয় নয় ভারতবর্ষের মুসলমান জাতি হিসাবে মুসলমান এবং তার জন্য একটা আলাদা রাষ্ট্র চাই। বৃটিশ সরকার মুসলিম লীগের এই দাবির ভিত্তিতে তৎকালীন ভারতবর্ষের কংগ্রেস দলের নেতৃবৃন্দ এই দাবিকে স্বীকার করে নিয়ে ভারতবর্ষকে দ্বিধা বিভক্ত করেছিল। একদিকে পাকিস্তান আর একদিকে ভারতবর্ষ তৈরি করা হয়েছিল। বাংলাদেশ বিভক্ত হয়েছিল এবং বাংলাদেশের একটা অংশ পূর্ব পাকিস্তান নামে খ্যাত হয়েছিল। কিন্তু মুসলিম লীগের এই সাম্প্রদায়িক প্ররোচনার জন্য ভারতবর্ষ বিভক্ত হয়েছিল এবং তৎকালীন কংগ্রেস নেতৃবৃন্দ মুসলিম লীগের এই দাবি স্বীকার করে নিয়ে যে ভুল করেছিল আজকে বহু-রকমভাবে ভারতবর্ষের জনতাকে এবং পূর্ববঙ্গের জনতাকে তার খেসারত দিতে হচ্ছে। স্পীকার মহাশয় ধর্মের ভিত্তিতে রাষ্ট্র গঠন করা যায় না। ধর্ম এক হলেও একটা জাতি হয় না। আজকে দিবালোকের মত এটা পরিষ্কার হয়ে গেছে যে, মুসলমান হিসাবে তারা যে জাতি গঠন করতে চেয়েছিল—পাকিস্তানের এক অংশের মুসলমান আর এক অংশের মুসলমানদের উপর আক্রমণ চালাচ্ছে। পাঞ্জাবী, বেলুচী মুসলমানরা বাংগালী মুসলমানদের উপর আজকে অত্যাচার চালাচ্ছে। জাতি হিসাবে ধর্ম দিয়ে যে জাতি গড়া যায় না এটা তার পরিষ্কার নিদর্শন। এবং দ্বিজাতি-তত্ত্ব সম্পূর্ণরূপে ভ্রান্ত নীতির উপর প্রতিষ্ঠিত হয়েছিল তা আজকে প্রমাণিত হয়েছে। স্পীকার মহাশয় আজকে মুজিবর রহমানকে দেশদ্রোহী বলা হচ্ছে। মুজিবর রহমান দেশদ্রোহী নয় এবং আওয়ামী লীগ প্রকৃতপক্ষে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের প্রতিনিধিত্বমূলক সরকার। এই কথা আমি এইজন্য বলছি যে, পূর্ববঙ্গে আজকে যে ঘটনা সংঘটিত হচ্ছে সেই ঘটনার পটভূমিকা হচ্ছে দীর্ঘদিন ধরে ভারতবর্ষ বিভক্ত হবার পর থেকে পাকিস্তান সৃষ্টি হবার পর থেকে পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানের জনগণের উপর যে নির্মম শাসন এবং শোষণ চালিয়ে আসা হচ্ছিল, শুধু শাসন এবং শোষণ নয়, তাদের কালচারের উপর, তাদের কৃষ্টির উপর, বাংগালী সভ্যতার উপর, বাংলা ভাষার উপর যেভাবে অত্যাচার চালানো হচ্ছিল বাংগালী জাতিকে যেভাবে শ্বাসরোধ করে মারার উপক্রম করা হয়েছিল আজকের ঘটনাবলী তারই বিস্ফোরণ মাত্র। মুজিবর পাকিস্তানকে বিচ্ছিন্ন করে দিতে চান নি। মুজিবর চেয়েছিলেন যে পাকিস্তানের সংবিধান এমনভাবে তৈরি করা হোক যে, সংবিধানের মধ্যে পশ্চিম পাকিস্তান পূর্ব পাকিস্তানকে শোষণ, শাসন, অত্যাচার করতে না পারে তার ব্যবস্থা থাকবে। কিন্তু কেন্দ্রে একটা সরকার থাকুক এটা মুজিবর রহমান বা আওয়ামী লীগ চেয়েছিলেন এবং প্রাদেশিক স্বায়ত্তশাসনের দাবিও আওয়ামী লীগের পক্ষ থেকে রাখা হয়েছিল। কিন্তু ইয়াহিয়া আর

ভুট্টো ষড়যন্ত্র করে। কিন্তু আওয়ামী লীগ বিপুল ভোটাধিক্যে জয়লাভ করেছিলেন এবং পূর্ব-বঙ্গের মানুষদের একত্রিত করে সংঘটিত করে এক জায়গায় এনেছিলেন। তার ফলে পশ্চিম পাকিস্তানী সামরিক শাসকরা ভীত এবং সন্ত্রস্ত হয়েছিলেন। তাই কিভাবে এই জাতিকে নস্যাৎ করা যায় সেই চক্রান্ত তাঁরা করেছিলেন এবং তারপর ১১ দিন ধরে সেখানে আলাপ-আলোচনার নাম করে ভিতরে ভিতরে সামরিক সমস্ত প্রস্তুতি চালিয়ে তাঁরা গণতন্ত্রের প্রতি বিশ্বাসঘাতকতা করেছিলেন এবং গণতন্ত্রের বিশ্বাসঘাতকতা করে হঠাৎ ২৫ তারিখে আলোচনা ভেঙ্গে দিয়ে আবার নতুন করে সামরিক শাসন প্রবর্তন করেছিলেন। তখন সঙ্গে সঙ্গে যুদ্ধ ঘোষণা হয়ে গেল, এবং মুজিবর স্বাধীনতা ঘোষণা করলেন। তাই আজকে বাঙ্গালী জাতি সেখানে মরণপণ করে স্বাধীনতার জন্য লড়ছেন। আমরা বাঙ্গালী হিসাবে মনে করি ওরা আমাদের স্বজাতি, তারা বাঙ্গালী জাতি, পাকিস্তানী নয়, মুসলমান নন, বাঙ্গালী জাতি। সেখানে হিন্দুরাও স্বাধীনতার জন্য লড়ছেন, মুসলমানরাও স্বাধীনতার জন্য লড়ছেন। কাজেই সেখানকার স্বাধীনতা সংগ্রামকে বাঙ্গালী জাতি হিসাবে—এটা আমাদের দেশের একটা অংশ ছিল, ভারতবর্ষের একটা অংশ ছিল, সেই অংশে ঐ সামরিক একনায়কত্বের কবল থেকে ছিনিয়ে আনবার জন্য আমাদের সর্বপ্রকার সাহায্য দান করা প্রয়োজন। যদি অস্ত্রসাহায্যের প্রয়োজন হয় সেই সাহায্য আমাদের করতে হবে। আমি সঙ্গে সঙ্গে উল্লেখ করতে চাই যে, "আজকে বিরোধী দলের মাননীয় নেতা তাঁর বক্তব্যের সময় মুসলিম লীগ সম্পর্কে কটাক্ষ করেছেন, এখন এই কটাক্ষের সময় নয়।" আর একটি কথা আমি এখানে উল্লেখ করতে চাই যে, সীমান্তের ওপার থেকে দশ লক্ষের বেশী লোক এখানে এসে উপস্থিত হয়েছে এবং তারা সম্পূর্ণ নিরাশ্রয় এবং আরও বহুসংখ্যক লোক আমাদের এখানে এসে উপস্থিত হবে। আমি মুর্শিদাবাদের সীমান্ত থেকে এসেছি। আমাদের এলাকা থেকে সংবাদ পেয়েছি যে, প্রতিদিন ১০ হাজার করে লোক একমাত্র জলঙ্গী সীমান্ত অতিক্রম করে উপস্থিত হচ্ছে। হাজার হাজার মানুষ রাস্তার উপর অবস্থান করছেন এবং হাজার হাজার মানুষের কোন রকম আশ্রয়ের ব্যবস্থা করা হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি সরকারের কাছে অনুরোধ রাখবেন যেন এই সমস্ত লোকদের জন্য উপযুক্ত আশ্রয়ের ব্যবস্থা অবলম্বন করা হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোপাল বসু: মিঃ স্পীকার, স্যার, সবার বিভিন্ন জায়গায় যাওয়া-আসার অধিকার আপনি খর্ব করতে চান? আপনি কি এস বি-র লোকদের এখানে থাকতে অনুমতি দিয়েছেন? তা না হলে তারা এখানে কি করে আসে? সেদিনও এই নিয়ে গোলমাল হয়েছে, আজকে আবার তারা এখানে এসে ঘোরাফেরা করছে। আমি জানি আপনি পারমিশন দেন নি, অথচ তারা এখানে ঘোরাফেরা করছে। আমাদের মেম্বারদের অসুবিধা সৃষ্টি করছে। এটা যদি এইভাবে চালান তাহলে আপনি আমাদের বলে দিন যে, পারমিশন দিয়েছি—তাহলে আমরা বুঝতে পারি আপনার অনুমতি আছে, আর যদি না হয় সেটা খুলে বলুন। আর যদি না হয় সেটা আপনি পারমিশন দেবেন না—আমাদের অধিকার ক্ষুণ্ণ করবার জন্য নয়, অধিকার রক্ষা করবার জন্য। কাজেই ওটা যাতে বন্ধ হয়—তার জন্য সিকিউরিটি আপনার অফিসকে বলুন।

মিঃ স্পীকার: এর আগেও আপনাদের অভিযোগ আমি লক্ষ্য করেছিলাম। আজও আপনি অভিযোগ করলেন। আমি দেখব যাতে কোন মাননীয় সদস্যের অধিকার ক্ষুণ্ণ না হয়।

শ্রীদিলীপকুমার রায়: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে যে প্রস্তাব রেখেছেন, তাঁর প্রতি আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখতে চাই। তার সাথে সাথে ওপার বাংলার যারা শোষণ থেকে মুক্তির জন্য সংগ্রাম করছে, তাদের জানাই আমার অভিনন্দন।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৪৭ সালে হিন্দু-মুসলমান এরা দুই জাতি—এই ভিত্তিতে ভারতকে ভাগ করা হয়েছিল। সেদিন আমরা ফরওয়ার্ড ব্লকের তরফ থেকে তীব্র

বিরোধিতা করেছিলাম। আজকে অনেক মাননীয় সদস্য এখানে উপস্থিত আছেন তাঁরা সেদিন তাদের দ্বিজাতিতত্ত্বকে মেনে নিয়ে এই দেশ বিভাগকে স্বীকার করে নিয়েছিলেন। আজ ওপার বাংলায় যা ঘটছে নিঃসন্দেহে প্রমাণ করে যে দ্বিজাতিতত্ত্ব ভ্রান্ত এবং তাঁদের বক্তব্যও ভ্রান্ত।

মাননীয় স্পীকার, স্যার, আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, ওপার বাংলায় ইয়াহিয়া সরকার যে বর্বর আক্রমণ চালাচ্ছে, সেই ঘটনার বিবরণ দেওয়ার ভাষা আমি খুঁজে পাচ্ছি না। তবু আমি বলতে চাই - ওপারের যে আন্দোলন, যে আন্দোলন জাতীয়তাবাদের আন্দোলন দেশপ্রেমের সংগ্রাম গণতন্ত্র রক্ষার সংগ্রাম। কিন্তু আমরা কি দেখছি! ভোটে নির্বাচিত প্রতিনিধিদের হাতে সরকারী ক্ষমতা হস্তান্তরিত না করে ইয়াহিয়া চক্র যে ব্যাপক হারে হঠাৎ গণহত্যা আরম্ভ করেছে, আজকে অনেক প্রগতিশীল রাষ্ট্র যারা সাম্রাজ্যবাদ ও পুঁজিবাদের বিরুদ্ধে সোচ্চার, তারা নীরব হয়ে আছে। দক্ষিণ আফ্রিকা, রোডেশিয়া, আরব এদের প্রশ্নে যারা সোচ্চার, ভিয়েৎ-নামের নামে যারা মুখরিত, আজকে তাদের নীরবতার কি কারণ খুঁজে পাচ্ছি না। আমি মনে করি, এই হাউসের পক্ষ থেকে এই নীরবতার বিরুদ্ধে ধিক্কার জানানো হোক।

আমি সীমান্তের কোচবিহার জেলার প্রতিনিধি। আমি সেখানে বিভিন্ন জায়গায় গিয়েছি মুক্তিফৌজের অনেকের সঙ্গে কথাবার্তা বলেছি। আমি তাদের অটুট মনোবল লক্ষ্য করেছি। তাঁরা আমায় এই কথা বলেছেন, আমাদের দেশে দুর্ভিক্ষ আসে নি আমাদের দেশ বন্যাপীড়িত নয়, আমাদের দেশে মহামারী দেখা দেয় নাই। কাজেই শুধু অন্নবস্ত্রের এই সাহায্য দিলে চলবে না আমাদের অস্ত্র দিন যাতে ইয়াহিয়া সরকারের আক্রমণকে প্রতিহত করতে পারি। এই দুঃখের দিনে আমরা আক্রান্ত হলেও ভারত সরকার নীরব। আজকে যে প্রস্তাব দেওয়া হয়েছে অস্ত্রশস্ত্র দেওয়ার কথা তার উল্লেখ করে আমি বলতে চাই শুধু অস্ত্রশস্ত্র নয়, আমাদের এমন গণ-আন্দোলন ও জনমত সৃষ্টি করতে হবে যাতে বিশ্বের অন্যান্য রাষ্ট্র স্বাধীন বাংলা সরকারকে স্বীকৃতি দেয় এবং সর্বতোভাবে সাহায্য করে তাদের সংগ্রামকে সাফল্যমণ্ডিত করতে সচেষ্ট হয়। এই প্রসঙ্গে আমি বলতে চাই ওপার বাংলা থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু এই বাংলায় এসেছে। আমি দেখেছি আমাদের হলদিবাড়ি থানায় প্রায় দু' লক্ষ লোক এসেছে। মাননীয় মন্ত্রী সংশ্লিষ্ট মহাশয় সেখানে গিয়েছিলেন, কিন্তু আজকে ১৫-১৬ দিন হল লক্ষ লক্ষ লোক পথে পড়ে রয়েছে, কোন আশ্রয় পাচ্ছে না, কোন খাদ্য পাচ্ছে না তাদের দীন অবস্থা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে সব কথা জানিয়েছি অথচ এখন পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয় নি। এখানে সরকারী দানের কথা উল্লেখ করে বলতে চাই যে যুদ্ধকালীন ব্যবস্থা যেরকমভাবে নেওয়া হয় সেইরকমভাবে যেন অতি সত্বর এই ব্যবস্থা গ্রহণ করা হয়। এই দাবি রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ি: মাননীয় স্পীকার মহাশয় আজকের এই সভায় আমাদের মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবের বিশেষ তাৎপর্য দেখছি দিল্লীর মসনদে গণতন্ত্রের ধ্বজাধারী কংগ্রেস সরকার সেই মসনদে সুপ্রতিষ্ঠিত। যে কংগ্রেস সরকার গণতন্ত্রের কথা না বলে, প্রগতিবাদের কথা না বলে, সকালবেলা জল গ্রহণ করেন না সেই সরকারের কাছে আজকে আমাদের বাংলাদেশের স্বাধীন সরকারের দাবি এবং ইয়াহিয়া সরকারের আধুনিক অস্ত্রশস্ত্র বাংলাদেশের জনগণের উপর যে ব্যবহার হচ্ছে তার বিরুদ্ধে আধুনিক অস্ত্রশস্ত্রের প্রয়োজনের দাবি জানানো হয়েছে। মনে হচ্ছে এই দাবি যেন একটা কাগজে লেখা ছাড়া আর কিছুই নয়। কেন না, আজকে দীর্ঘদিন পরে দেখছি--প্রায় দেড় মাস হয়ে গেল নিছক একটা ভাঁওতা দিয়ে ইন্দিরা সরকার সামান্য একটা ইঙ্গিত দিয়েছেন যে ঘোষণা করবই অস্ত্রশস্ত্র দেবই। এই ঘোষণা দিলেই আমাদের অস্ত্রশস্ত্র দিতে বেশি দেরি লাগবে না। কিন্তু দেখছি আজকে প্রায় দেড় মাস হয়ে গেল এখনও সেই ঘোষণা এল না, অস্ত্রশস্ত্রের কথা তো আলাদা। সেই সঙ্গে সঙ্গে দেখতে পাচ্ছি পূর্ব বাংলার জনগণ ইয়াহিয়া সরকারের অত্যাচারে

—আমাদের মা-বোনেরা যেভাবে আজকে পদ্মা পেরিয়ে এবং বিভিন্ন বর্ডার পেরিয়ে আমাদের এই অঞ্চলে বাংলাদেশ তথা ভারতবর্ষে আশ্রয় নিয়েছে তার প্রতি কণামাত্র সাহায্য তো দূরের কথা, সমবেদনা পর্যন্ত দেখাতে পারছে না, এটা দুঃখের বিষয়। যে কংগ্রেস সরকার বাংলাদেশের মুসলিম লীগের সঙ্গে কোয়ালিশন করেছেন, সেই মুসলিম লীগের কোন সদস্যকে আজকে দেখতে পাচ্ছি না। বেলেডাঙ্গায় প্রায় এক মাস আগে মস্ত বড় জনসভা করে মুসলিম লীগের মন্ত্রিগণ অনেক কথা বলেছেন এবং প্রচুর লোক তাঁদের কাছে প্রশ্ন করেছিল যে আপনারা পূর্ব বাংলায় যে জনযুদ্ধ বা গণমুক্তির যুদ্ধ চলছে সেই যুদ্ধের ব্যাপারে আপনাদের ভূমিকা কি? বড় দুঃখ, লজ্জা, ক্ষোভের সঙ্গে আজকে আমাকে সভায় বলতে হচ্ছে যে তাঁদের মুখ দিয়ে একটা কণা কথাও বেরোয় নি। তাঁর কাছে অনেক মুসলমান ছেলে আমার দলের অনেক মুসলমান লোক চিরকুট দিয়ে বলেছিলেন যে মোল্লা সাহেব, বলুন পূর্ব পাকিস্তানে যে লড়াই চলছে সেই লড়াই সম্পর্কে আপনাদের ভূমিকা কি? সেই ভূমিকা আমরা গণতন্ত্রের ধ্বজাধারী কংগ্রেসীরা যে কোয়ালিশন সরকার প্রতিষ্ঠিত করেছে তাদের কাছে কতখানি আশা করব। ওঁরা আবার গণতন্ত্রের কথা বলেন। ভাঁওতা দিয়ে সংখ্যাগরিষ্ঠতা বজায় রেখেছেন। আমরা তাই দেখতে পাচ্ছি অবিলম্বে কথাটা তাঁরা ব্যবহার করেছেন। আমরা পূর্বেই দেখেছি এই সমস্ত কথা ব্যবহার করা হয় সাধারণ মানুষকে ধোঁকা বা ভাঁওতা দেবার জন্য। আমরা তাই বলতে চাই অবিলম্বে কথাটা বাদ দিয়ে একটা সময় বেঁধে দেওয়া হোক দশ দিন কি সাত দিন কি পনের দিন সেই সময়ের ভেতর যদি ইন্ডিয়া সরকার আমাদের দাবি মেনে না নেন তাহলে আন্দোলনের মাধ্যমে তা আমাদের আদায় করে নিতে হবে এই কথা এই সভায় সমস্ত সদস্যের বিবেক বুদ্ধির প্রশ্ন নিয়ে বলা উচিত। জয়নাল আবেদিন মহাশয় অনেক বড় বড় সুন্দর সুন্দর কথা বললেন। কিন্তু তাঁদের কাছে আমার প্রশ্ন তাঁরা তো বলেছিলেন আকারে ইঙ্গিতে যে, আমরা স্বাধীনতা ঘোষণা করে দিচ্ছি অস্ত্রশস্ত্র দিচ্ছি। কিন্তু কোথায় দিচ্ছেন? কই তাঁদের ইন্দিরা সরকার তো এখনও দিচ্ছেন না। বড় গলা করে জোতদার জমিদারদের বিরুদ্ধে বলেছিলেন, কিন্তু বাংলাদেশের অবস্থা আমরা দেখতে পাচ্ছি। সামান্য গরীব জমির মালিক সি আর পি-র অত্যাচারে ও তাঁদের সহযোগিতায় জমি থেকে উৎখাত হচ্ছে। এই সমস্ত দেখে আমাদের লজ্জা লাগে। আমরা ইন্দিরা সরকারের চরিত্র দেখতে পাচ্ছি। এই সরকারের কাছে মৌলিক একটা প্রশ্ন দিলেই আমাদের সমস্ত দাবি আদায় হবে না। আমাদের দাবি আদায় করতে হবে গণআন্দোলনের মাধ্যমে। গণ আন্দোলন ছাড়া প্রতিক্রিয়াশীল চক্রের কাছ থেকে কোন দাবি আদায় করা যাবে না। মিঃ স্পীকার স্যার কবির সুরে একটা কবিতা আমার মনে জেগে উঠেছে—

সাবাস বাংলাদেশ
এ পৃথিবী অবাক তাকিয়ে রয়
জ্বলে পুড়ে মরে ছারখার তবু
মাথা নোয়াবার নয়।

মিঃ স্পীকার স্যার, বাংলাদেশের যেসমস্ত অগণিত যুবক ছাত্র অগণিত ভাই মা বোন যে বিপ্লবী চেতনা যে বিপ্লবী উন্মাদনা তুলে ধরেছেন তাকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুধীরচন্দ্র বেরাঃ মাননীয় স্পীকার মহোদয়, আমি মুখ্যমন্ত্রী কর্তৃক যে প্রস্তাব এই সভায় আনা হয়েছে তা সর্বান্তঃকরণে এবং পূর্ণভাবে সমর্থন করি। আমি এখানে দেখলাম আলোচনার মাধ্যমে এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে কোন কোন রাজনৈতিক দল নিজেদের রাজনৈতিক মূলধন বাড়াবার চেষ্টা করেছেন। এটা আমি তীব্রভাবে নিন্দা করছি। পূর্ব বাংলার এই স্বাধীনতা সংগ্রাম বিশেষ গুরুত্বপূর্ণ। কারণ স্বাধীনতার জন্য মানুষের সংগ্রাম জন্মগত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি ইতিহাসের দিকে তাকিয়ে দেখেন তাহলে দেখবেন মানুষ তার আত্মনিয়ন্ত্রণাধিকার অর্জনের জন্য অনেক রক্ত, অনেক জীবন দিয়েছে।

আমেরিকার স্বাধীনতার যুদ্ধ থেকে আরম্ভ করে, ফরাসী বিপ্লব প্রভৃতির মধ্য দিয়ে এ কথাই স্বীকৃত হয়ে এসেছে যে, প্রতিটি জাতির তার স্বাধিকার রক্ষার অধিকার থাকবে, তার আত্মনিয়ণাধিকার থাকবে। পূর্ব বাংলার লোক যখন তাদের সেই স্বাধিকার প্রয়োগ করতে গেল তখন সাম্রাজ্যবাদী মদগর্বী ইয়াহিয়ার আঘাত লাগল ; তিনি পাল্টা আঘাত লাগালেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন পূর্ব বাংলার যে সংগ্রাম, হিন্দু মুসলমান, বৌদ্ধ, খৃস্টানের যে মিলিত সংগ্রাম এর নজির ভারতবর্ষের ইতিহাসে পাওয়া খুবই দুর্লভ এবং এই সংগ্রামের নজির পৃথিবীতে আছে কিনা সন্দেহ। এই স্বাধীনতা সংগ্রাম তিনটি পর্যায়ে বিভক্ত দেখতে পাই। প্রথম হচ্ছে অহিংস অসহযোগ আন্দোলন, দ্বিতীয় হচ্ছে—সশস্ত্র সংগ্রাম এবং তৃতীয় হচ্ছে - স্বাধীনতা ঘোষণা। ভারতবর্ষের মধ্যে অনেকে অভিযোগ করেছেন—কংগ্রেস সরকার দেড় মাস পর্যন্ত ঘুমিয়েছিলেন। তাঁরা যদি একটু ভেবে দেখেন তাহলে দেখবেন বাংলাদেশ স্বাধীনতা ঘোষণা করার আগে পর্যন্ত এটা পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার ছিল এবং আন্তর্জাতিক আইনে আমরা সেখানে হস্তক্ষেপ করতে পারতাম না। কিন্তু যে মুহূর্তে তাঁরা সরকার তৈরি করেছেন এবং স্বাধীনতা ঘোষণা করেছেন সেই মুহূর্ত থেকে সংগ্রামী রূপ বদলে গিয়েছে এবং আজকে তাদের স্বীকৃতি দিলে সার্বভৌম সরকার হবে এবং তার উপর হস্তক্ষেপ করলে আন্তর্জাতিক আইন লঙ্ঘনের আওতায় পড়ে। দুঃখের বিষয়, আজ বড় শক্তি, বিগ পাওয়ার্স যাদের বিগ ব্রাদার্স হওয়া উচিত ছিল, তারা স্বীকৃতি দেয় নি এবং আমরা স্বীকৃতি দাবি করছি কারণ আমরা মনে করি বাংলাদেশ সরকার।

Government of the people, by the people and for the people shall never perish from this earth.

এই বলে বাংলাদেশের সরকার এবং জনগণকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, before we finish I rise on a point of order Yesterday we had a talk regarding transport arrangements but it is unfortunate that from the Government side we have received on information, or even an indication that arrangements would be made regarding transport to carry the members as they used to have that privilege previously I heard yesterday that certain parties have made arrangement for themeselves but that does not suit the purpose of all the members. There were arrangements for transport since 1962 but suddenly today when I came here I find all arrangements upset. That is why I raised this matter and the Government side promised to make some arrangements but nothing has been done up till now.

Mr. Speaker: Mr. Besterwitch, I enquired of this from other members. You made the suggestion to me that there must be some conveyance arrangements for the members to go back to their residences. I consulted some of the members of the Opposition Party. They told me that they have their own arrangements. On this side also I have got no proposal from the Chief Whip of the Government Party, nor is there such a proposal from the Chief Whip of the Opposition Party. So I find that Mr. Besterwitch alone is pressing me hard for his conveyance but no other honourable member just like him has pressed me that arrangements for transport should be made. If a sufficient number of honourable members want conveyance from this House to be arranged by me or by the Government and if the leaders of different parties or

the Whips of different parties approach me, I can take up the matter with the Government. But up till now, except Mr. Besterwitch, no one else has approached me. So, I have thought it not justified move the Government in the matter. At any rate, if you have got serious grievance, I will request you to consult also the Whips and Leaders of the different political parties and to meet me in my Chamber. Then, I will request the Government to make necessary arrangement.

Shri A. H. Besterwitch: Sir, in 1962 and 1967 also it was Besterwitch who brought up this subject of conveyance for the members and, again, this time also it is Besterwitch, on behalf of other members, who has brought up this matter If arrangements are made by some members for themselves that does not hold water for othr members We are poor people We cannot make such arrangements We have to walk all the way because taxis or buses are not available at late hours in the night.

Mr. Speaker: It is unfortunate Mr. Besterwitch, no one is supporting your proposal

Shri Sudhin Kumar: There are quite a few who would avail of the opportunity if it is provided by you or the Government

Mr. Speaker: I will request the hon'ble members to meet me on 12th or 13th in my Chamber.

Shri Subodh Banerjee: Sir, it is no good consulting all the members of the House The Government had been doing all these things for the last few years Let Government make the same arrangement this time also What is the harm?

Mr. Speaker: I was told by Mr. Gopal Basu and some other members that they had made their own arrangements

শ্রীজ্যোতি বসুঃ ঐ ব্যবস্থাটা কংগ্রেস গভর্নমেন্টেরও ছিল। তিনটা রুটে তিনটা বাস ছিল। যে রুট দিয়ে যে যে বাস যেত মেম্বাররা সেই বাসে চলে যেতেন। এখন আমরা নিজেরাই ব্যবস্থা করেছি। কারণ জীবন নিয়ে টানাটানি। বাস থেকে টেনে নিয়ে মারছে। ও পক্ষ একটা ব্যবস্থা করেছেন। কিন্তু অন্যেরা এইসব বাস অ্যাভেল করতে পারছেন না। সেজন্য বলছি যে, সোমবার থেকে একটা কিছু ব্যবস্থা যদি করেন তাহলে ভালই হয়।

মিঃ স্পীকারঃ আমার কোন আপত্তি নেই।

শ্রীরাম চ্যাটার্জিঃ আমাদের যেটা আছে সেটা রাখতে হবে। কারুর পকেট থেকে দিতে বলছি না। গভর্নমেন্টের খরচে বাস আসে যায়। এতে এক পক্ষ লাভ করবে আর এক পক্ষ লাভ করবে না, সেটা হবে না। আমাদের মেম্বাররা হাঁটতে হাঁটতে ফিরছে, আর এক পক্ষ বাসে করে চলেছে সেটা হবে না।

Shri Ajit Kumar Panja : So far as Government is concerned, until now neither has there been any request nor any direction from any of the members for making transport arrangements. However, if such request is made we will certainly look into the matter.

শ্রীগোপাল বসু : আপনি তো একটা অ্যারেঞ্জমেন্ট করে দিলেই পারেন।

মিঃ স্পীকার : আপনারা নিজেরাই বলেছিলেন যে, আপনাদের নিজেদের ব্যবস্থা করে নিয়েছেন, আমিও দেখলাম অলমোস্ট অল দি মেম্বার্স তাঁরা নিজেদের ব্যবস্থা করে নিয়েছেন। হয়ত দু-চার জনের কিছু অসুবিধা হতে পারে সেজন্যই বোধ হয় তাঁরা কিছু বলেন নি।

শ্রীসুবোধ ব্যানার্জি : গভর্নমেন্ট শুনেছেন, অ্যারেঞ্জমেন্ট করবেন। এতে এত আলোচনার দরকার কি আছে? ও'রা তো শুনেছেন। আগে যেরকমভাবে চলত সেই রকম একটা অ্যারেঞ্জমেন্ট করবেন। আটটা বেজে গেছে। আমাদের শুধু জীবন নয়, প্রেস গ্যালারীও আছে। ওদেরও আমাদের দেখতে হবে। কাজেই আমরা একটু তাড়াতাড়ি ফিনিস করি।

Mr. Speaker : Now I request the Chief Minister to give a reply.

Shri Ajoy Kumar Mukhopadhyay : I have nothing more to add to what I have already stated.

Shri Subodh Banerjee : It's a very good reply.

Mr. Speaker : The discussion is over.

The motion of Shri Ajoy Kumar Mukherjee that,—

"বিগত ডিসেম্বর মাসে অনুষ্ঠিত নির্বাচনে মুজিবর রহমানের নেতৃত্বে পরিচালিত আওয়ামী লীগের অসামান্য ও ঐতিহাসিক সাফল্যের মধ্যে প্রকাশিত জনগণের সুস্পষ্ট রায়কে পদদলিত করিয়া বাংলাদেশের সাড়ে সাত কোটি জনগণের বিরুদ্ধে পাকিস্তানের সামরিক শাসকচক্র যে নারকীয় গণহত্যাভিযান চালাইতেছেন পশ্চিমবঙ্গ বিধানসভা তাকে তীব্র ধিক্কার জানাইতেছে এবং বাংলাদেশের জনগণ পূর্ণ জাতীয় স্বাধীনতার জন্য যে মরণপণ সশস্ত্র সংগ্রাম চালাইতেছেন তার প্রতি অকুণ্ঠ সমর্থন ও সেই সঙ্গে সংগ্রামী জনগণকে আন্তরিক অভিনন্দন জানাইতেছে।

পাকিস্তানের সামরিক শাসকচক্র যাহাতে অবিলম্বে এই বর্বর গণহত্যা বন্ধ করিতে এবং বাংলাদেশ হইতে তাহার সমস্ত সামরিক বাহিনী তুলিয়া লইতে বাধ্য হয় তাহার জন্য উপযুক্ত কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এই বিধানসভা ভারত সরকার সহ অন্যান্য দেশের সরকারের নিকট আবেদন করিতেছে।

পশ্চিমবঙ্গ বিধানসভা এই বিশ্বাস রাখে যে, তাহাদের সংগ্রাম বর্তমানে যতই কঠোর ও প্রতিকূল অবস্থার সম্মুখীন হউক না কেন বাংলাদেশের সংগ্রামী জনগণ শেষ পর্যন্ত জয়লাভ করিবেনই। এই সভা আরও আশা রাখে যে, যেহেতু এই রক্তক্ষয়ী সংগ্রাম সর্বপ্রকার আধুনিক মারণাস্ত্রে সুসজ্জিত পাকিস্তানের সামরিক শাসকচক্র কর্তৃক বাংলাদেশের নিরস্ত্র জনগণের উপর চাপাইয়া দেওয়া হইয়াছে এবং ইহা জাতীয় স্বাধীনতার জন্য অত্যন্ত ন্যায়সঙ্গত সংগ্রাম সেই হেতু ইহা শুধু ভারতীয় জনগণের

নিকট হইতে নহে, পৃথিবীর অন্যান্য দেশের এমন কি পাকিস্তানের বিভিন্ন রাজ্যের জনগণের নিকট হইতেও ক্রমবর্ধমান সক্রিয় সমর্থন লাভ করিবে।

বাংলাদেশের জনগণের জাতীয় স্বাধীনতার জন্য মরণপণ সংগ্রামের প্রতি ভারতের আশু ও জরুরী কর্তব্যের কথা বিবেচনা করিয়া এই বিধানসভা ভারত সরকারের নিকট দাবি জানাইতেছে যে, অনতিবিলম্বে বাংলাদেশের সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও তাহার সরকারকে স্বীকৃতি এবং অস্ত্রশস্ত্র সহ সর্বপ্রকার প্রয়োজনীয় কার্যকরী সাহায্য দিতে হইবে। বাংলাদেশের লক্ষ লক্ষ নরনারী যখন বুকের রক্ত দিতেছেন তখন পশ্চিমবঙ্গের জনগণ ইহার কমে কিছুতেই রাজী হইতে পারেন না।

এই ব্যবস্থাগুলি গ্রহণ করিতে যতই দেরি হইতেছে ততই বাংলাদেশের জনগণের দুঃখ, দুর্গতি ও লাঞ্ছনা বৃদ্ধি পাইতেছে। ইহাতে পশ্চিমবঙ্গের বিধানসভা ও জনগণ গভীর উদ্বেগ বোধ করিতেছে। এই অবস্থায় যাহাতে অবিলম্বে উক্ত দাবিগুলি স্বীকৃত হয় তাহার জন্য ভারত সরকারের উপর প্রয়োজনীয় চাপ সৃষ্টি করার জন্য বিধানসভা পশ্চিমবঙ্গের জনগণ ও সরকারের নিকট আহ্বান জানাইতেছে।

ব্যাপক নরহত্যার মুখে বাংলাদেশের লক্ষ লক্ষ নারী পুরুষ, শিশু, বৃদ্ধ সীমান্ত পার হইয়া পশ্চিম বাংলায় চলিয়া আসিতে বাধ্য হইতেছেন। সৌভ্রাত্রের ও মানবতার অপরিহার্য অঙ্গ হিসাবে তাহাদের জন্য সবরকম প্রয়োজনীয় ব্যবস্থা করা একান্ত দরকার। ইহা পশ্চিমবঙ্গের ও উহার পার্শ্ববর্তী সীমান্ত রাজ্যগুলির আর্থিক ক্ষমতার বাহিরে। এই কঠিন সত্য বিবেচনা করিয়া পশ্চিমবঙ্গের বিধানসভা ভারত সরকারের নিকট এই বিষয়ে যাবতীয় ব্যয়ভার বহনের দাবি জানাইতেছি।

was then put put and agreed to unanimously

Mr. Speaker : Today's business is over

শিরোনাম	সূত্র	তারিখ
বুদ্ধিজীবীদের উদ্যোগে 'সংগ্রামী স্বাধীন বাংলাদেশ সহায়ক সমিতি' গঠিত।	দৈনিক আনন্দবাজার	৮ এপ্রিল ১৯৭১

বুদ্ধিজীবী সাহিত্যিক শিক্ষাবিদদের সংস্থা

সংগ্রামী স্বাধীন 'বাংলাদেশ' সহায়ক সমিতি

গত ৪ঠা এপ্রিল পশ্চিম বাংলার বিশিষ্ট বুদ্ধিজীবী, প্রখ্যাত শিক্ষাবিদ, আইনজীবী, সমাজকর্মী, সাংবাদিক প্রভৃতি ভারতীয় সংস্কৃতি ভবনে মিলিত হয়ে "সংগ্রামী স্বাধীন বাংলাদেশ সহায়ক সমিতি" নামে একটি সংস্থা গঠন করেন। বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সম্ভাব্য সকল উপায়ে সাহায্য করা এই সমিতির উদ্দেশ্য।

ইতিপূর্বে মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ের নেতৃত্বে মুক্তিযোদ্ধা সহায়ক কমিটি (কমিটি ফর অ্যাসিসট্যান্স টু দি ফ্রিডম স্ট্রাগল ইন বাংলাদেশ) নামে যে সংস্থা গঠিত হয়েছে, এই সমিতি তাঁর সংগে যোগ রেখে কাজ করবে এবং সমিতির অর্থ সংগ্রহ এবং অন্যান্য সাহায্য ওই কমিটির মাধ্যমে যথাস্থানে পাঠানো হবে।

নতুন এই সমিতির সভাপতি নির্বাচিত হয়েছেন শ্রীতারা শংকর বন্দোপাধ্যায়। শ্রীসন্তোষকুমার ঘোষ এবং শ্রীবিনয় সরকার যথাক্রমে কোষাধ্যক্ষ এবং যুগ্ম-সম্পাদক। সমিতির কার্যালয়: ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন হল, ৬২, বিপনবিহারী গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা।

সর্বসম্মতিক্রমে গৃহীত একটি প্রস্তাবে সমিতি বাংলাদেশে পশ্চিম পাকিস্তানী জংগীশাহীর গণহত্যা, ধ্বংসলীলা, নারীধর্ষণ এবং লুণ্ঠনের তীব্র নিন্দা করেন। প্রস্তাবে বলা হয়, ভারত সরকার যেন কালবিলম্ব না করে শেখ মুজিবর রহমানের নেতৃত্বে গঠিত বাংলাদেশকে স্বীকৃতি দেন এবং মুক্তিযোদ্ধাদের উপবাদি এবং অন্যান্য সকল রকম সাহায্য পাঠানোর ব্যবস্থা করেন।

সেদিনের সভায় বাংলাদেশের বুদ্ধিজীবীদের হত্যার জন্য এবং ওখানে রেড-ক্রসের প্রবেশ নিষিদ্ধ করার জন্য পাকিস্তানী জংগীশাহীর প্রতি ধিক্কার প্রকাশ করা হয়। বাংলাদেশের অবস্থা নিরূপণ করার জন্য রাষ্ট্রপুঞ্জকে একজন পরিদর্শক পাঠানোর ব্যবস্থা করতেও অনুরোধ করা হয়।

মুক্তিযোদ্ধাদের নানা রকম সাহায্যের দরকার। সকলকে তাঁদের সাধ্যমত দান সমিতির দফতরে শ্রীসন্তোষকুমার ঘোষের নিকট পাঠাতে অনুরোধ করা হয়েছে।

দৈনন্দিন কাজ চালানোর জন্য একটি স্টিয়ারিং কমিটি গঠিত হয়েছে। তার সভাপতি শ্রী এস পি মিত্র।

প্রথম দিনের সভায় উপস্থিত ছিলেন: সর্বশ্রী তুষারকান্তি ঘোষ, মনোজ বসু, এস পি মিত্র, নির্মল ভট্টাচার্য, বিবেকানন্দ মুখোপধ্যায়, শৈবাল গুপ্ত, প্রবোধকুমার সান্যাল, এন দত্ত মজুমদার, পি বসু মল্লিক, এস কে দত্ত, রঘুবীর চক্রবর্তী, এস ব্যানার্জী, ও পি শাহা। এ ছাড়া সমিতিতে আছেন শ্রীসুনীতিকুমার চট্টোপধ্যায়, শ্রী এস এন সেন, শ্রীমতি রমা চৌধুরী, শ্রী পি কে বসু প্রভৃতি।

৬ এপ্রিল সমিতির অপর এক সভায় একটি কো-অরডিনেশন কমিটি গঠিত হয়। এই কমিটিতে আছেন: সর্বশ্রী মনোজ বসু, প্রবোধকুমার সান্যাল, অজিত রায় মুখারজি, হরেন মজুমদার, নির্মল ভট্টাচার্য, সুশীল রায়, শৈবাল গুপ্ত, সন্তোষকুমার ঘোষ (শেষোক্ত দুইজন যুগ্ম-আহ্বায়ক)। অন্যান্য যে-সব সংস্থা বাংলাদেশের সাহায্যকল্পে কাজ করছেন, কো-অরডিনেশন কমিটি তাদের সংগে যোগ রক্ষা করবেন এবং দেখবেন যাতে সকলের কাজ যুক্ত হয়ে বাংলাদেশের সংগ্রামকে তার লক্ষ্যের পথে নিয়ে যেতে সাহায্য করে।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্বাঞ্চলের পাঁচজন মুখ্যমন্ত্রীর আহবান: শরণার্থী প্রশ্নকে জাতীয় সমস্যা হিসেবে গণ্য করা হোক।	দৈনিক 'আনন্দবাজার'	৯ মে, ১৯৭১

শরণার্থীদের প্রশ্নকে জাতীয় সমস্যা হিসেবে গণ্য করা হোক

কলকাতায় মুখ্যমন্ত্রীদের আবেদন

(স্টাফ রিপোর্টার)

শনিবার মহাকরণে পূর্বাঞ্চলের পাঁচটি রাজ্যের মুখ্যমন্ত্রীদের জরুরী বৈঠকে স্থির হয় যে, কেন্দ্রকে তাঁরা এই অনুরোধ জানাবেন যে, বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের সমস্যাটি শুধু সংশ্লিষ্ট রাজ্যগুলির সমস্যা বলে গণ্য না করে জাতীয় সমস্যা বলে গণ্য করা হোক।

দলে দলে আগত এই আশ্রয়প্রার্থীদের আশ্রয়, খাদ্য, স্বাস্থ্যরক্ষা ইত্যাদি গুরুদায়িত্ব বহনে অংশগ্রহণের জন্য মুখ্যমন্ত্রীরা আন্তর্জাতিক সংস্থাগুলি এবং সব স্বাধীন রাষ্ট্রকে অনুরোধ জানাতে মনস্থ করেন।

জানা গিয়াছে যে পশ্চিম বংগে বিধান সভায় বাংলাদেশকে স্বীকৃতি দানের দাবী জানিয়ে গৃহীত সবসম্মত প্রস্তাবটি কেন্দ্রীয় সরকারকে পাঠানো হচ্ছে।

এদিন রাত্রে দিল্লিতে প্রধান মন্ত্রী শ্রীমতি গান্ধীর সংগে ওই সমস্যা নিয়ে আলোচনা করতে যাওয়ার প্রাককালে পাঁচটি রাজ্যের মুখ্যমন্ত্রী একত্রে মিলিত হয়ে একটি সর্বসম্মত বক্তব্য প্রণয়ন করেন। এই বৈঠকে আসামের মুখ্যমন্ত্রী শ্রীমহেন্দ্রমোহন চৌধুরী, বিহারের মুখ্যমন্ত্রী শ্রীকর্পুরী ঠাকুর, ত্রিপুরার মুখ্যমন্ত্রী শ্রীশচীন্দ্রলাল সিংহ, মেঘালয়ের মুখ্যমন্ত্রী শ্রী ইলিয়মসন সংমা এবং পশ্চিম বংগের মুখ্যমন্ত্রী শ্রী অজয় কুমার মুখোপধ্যায় প্রায় দুঘণ্টা ধরে আলোচনা করেন। এছাড়া বৈঠকে পশ্চিম বংগের উপমুখ্যমন্ত্রী শ্রীবিজয় সিংহ নাহার রাজ্য মন্ত্রীসভায় বাংলাদেশ সাব-কমিটির সদস্য হিসেবে শ্রীসন্তোষ রায় এবং ডা: জয়নাল আবেদিনও উপস্থিত ছিলেন।

বৈঠকে কেন্দ্রের কাছে এইরূপ আবেদন করা হবে বলে স্থির হয় যে, এমন অবস্থার সৃষ্টি করতে হবে যাতে এই শরণার্থীরা আবার বাংলাদেশে ফিরে যেতে পারে এবং সেই জন্য কেন্দ্রকে অবিলম্বে উদ্যোগী হতে হবে। আরও বলা হয় যে, শরণার্থীদের ভারতের অন্যান্য রাজ্যেও পাঠাবার ব্যবস্থা করতে হবে যাতে সংশ্লিষ্ট অর্থনীতি বিপর্যস্ত না হয়ে পড়ে।

আরও নিরাপত্তা ও পুলিশ ব্যবস্থার দাবী

বৈঠকের পর পশ্চিম বংগের মুখ্যমন্ত্রী শ্রীমুখারজি সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, এই বিপুল সংখ্যক শরণার্থীদের জন্য আশ্রয় ও খাদ্যের ব্যবস্থার জন্য যা অর্থ লাগে কেন্দ্র সবই দেবেন বলেছেন। কিন্তু এছাড়া আইন শৃংখলা রক্ষা ইত্যাদি আরও নানা প্রশ্ন ও সমস্যা আছে। এদিনের বৈঠকে মোটামোটি ঠিক হয়েছে তাঁরা সীমান্তে আরও নিরাপত্তা ও পুলিশী ব্যবস্থার জন্য যে অর্থ লাগে তাও কেন্দ্রকে দিতে বলবেন।

মুখ্যমন্ত্রী আরও বলেন, সীমান্তের অস্থায়ী শিবিরগুলিতে বড় জোর পাঁচ লক্ষ শরণার্থীদের সাময়িক আশ্রয়ের ব্যবস্থা আছে। এর উদবৃত্তের সংগে সংগে অন্যান্য রাজ্যে পাঠিয়ে দেওয়ার ব্যবস্থার ভার কেন্দ্রকে নিতে হবে।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রীর প্রতিনিধিরূপে শ্রীরাম নারায়ন ত্রিপাঠিও এদিন অজয় বাবুর সাথে সাক্ষাত করে বাংলাদেশের শরণার্থীদের ব্যাপারে তাঁরা কীভাবে সাহায্য করতে পারেন তা জানতে চান। ইউপি সিটিজেনস কাউন্সিলের সাধারণ সম্পাদক শ্রীত্রিপাঠি রবি ও সোমবার কয়েকটি শরণার্থী শিবির পরিদর্শন করবেন।

বৈঠকে আলোচনা ও আবেদন

বাংলাদেশ থেকে শরণার্থীদের অভূতপূর্ব ভিড়ের চাপে যে অবস্থার সৃষ্টি হয়েছে পাঁচটি রাজ্যের মুখ্যমন্ত্রীরা তা আলোচনা করেন। ইতিমধ্যে সংশ্লিষ্ট রাজ্যগুলিতে আশ্রয়প্রার্থীর সংখ্যা আঠারো লক্ষ ছাড়িয়ে গিয়েছে তাঁরা এভাবে আসতে থাকলে অবিলম্বে এই সংখ্যা বিশ লক্ষের উপরে উঠে যাবে।

বৈঠকে এই মত প্রকাশ করা হয় যে শুধু সংশ্লিষ্ট রাজ্যগুলির বহন করার পক্ষে এ সমস্যা অত্যন্ত গুরুভার। বহু জায়গায় এই শরণার্থীদের মাথার উপর কোন আচ্ছাদন নাই। কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রিত মাত্রায় যে খাদ্যশস্য মঞ্জুর করছেন তার সরবরাহও অনিয়মিত। লবণ, চিনি, কেরোসিন, বাসনপত্র এবং কাপড়চোপড়ের সরবরাহও সর্বদা প্রয়োজনের তুলনায় নগণ্য। যানবাহনের ঘাটতির ফলে পাঠাবার ব্যবস্থাও ব্যাহত হচ্ছে। স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি রক্ষা সম্পর্কে সমস্যা দেখা দিয়েছে। কলেরা দেখা দিচ্ছে বলে খবর আসছে।

মুখ্যমন্ত্রীরা আশা করেন, তাঁদের আবেদনে ভারতের সব রাজ্য এই গুরুদায়িত্ব বহন করতে এগিয়ে আসবে। বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের জন্য দিকে দিকে স্বতঃস্ফূর্ত সহানুভূতির প্রকাশ ঘটেছে। বাংলাদেশের [illegible] কবল থেকে যারা দলে দলে চলে আসছেন অবিলম্বে তাঁদের খাদ্য, আশ্রয় ও স্বাস্থ্যরক্ষার ব্যাপারে এই সহানুভূতিকে সক্রিয় করে তোলা প্রয়োজন।

মানবিকতার প্রশ্নে ভারতের এই দায়িত্ব বহনে অংশগ্রহণের জন্য মুখ্যমন্ত্রীরা আন্তর্জাতিক সংস্থাগুলি এবং সব স্বাধীন রাষ্ট্রের কাছে অনুরোধ জানাতে মনস্থ করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
শরণার্থী সমস্যা নিয়ে প্রধানমন্ত্রীর সাথে পশ্চিম বংগের মুখ্যমন্ত্রীর আলোচনা।	দৈনিক 'যুগান্তর'	১০ মে, ১৯৭১

শরণার্থী সমস্যা

প্রধানমন্ত্রীকে জানিয়েছি

—মুখ্যমন্ত্রী

(স্টাফ রিপোর্টার)

রবিবার সকালে দিল্লি থেকে ফিরে মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় দমদমে সাংবাদিকদের বলেন, বাংলাদেশ থেকে বিপুল সংখ্যায় চলে আসা শরণার্থীদের নিয়ে যে সব সমস্যার উদ্ভব হয়েছে সে সম্পর্কে আমরা প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীকে বোঝাতে সক্ষম হয়েছি।

মুখ্যমন্ত্রী বলেন, এই সব সমস্যা সমাধানের জন্য যত দ্রুত সম্ভব কার্যকর ব্যবস্থা গ্রহণ করতেও আমরা তাঁকে অনুরোধ করেছি।

উপমুখ্যমন্ত্রী শ্রী বিজয় সিংহ নাহার মুখ্যমন্ত্রীর সংগে দিল্লি গিয়েছিলেন। তিনি বলেন আমাদের দিল্লী যাওয়ার উদ্দেশ্য সফল হয়েছে।

আসাম, ত্রিপুরা, বিহার, মেঘালয়, পশ্চিম বংগ নিয়ে পাঁচটি রাজ্যের মুখ্যমন্ত্রী শনিবার কলকাতায় এক বৈঠকে মিলিত হওয়ার পর দিল্লি যান এবং সেখানে শরণার্থী পুনর্বাসনের প্রশ্ন নিয়ে প্রধানমন্ত্রীর সংগে আলোচনা করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
শরণার্থীদের পশ্চিম বংগের বাইরে পাঠানোর জন্য কেন্দ্রের প্রতি রাজ্য মন্ত্রিসভার দাবী।	'যুগান্তর'	৫ জুন, ১৯৭১

প্রধানমন্ত্রীর কাছে রাজ্য মন্ত্রিসভা দাবী করবেন-

শরণার্থীদের পশ্চিমবঙ্গের বাইরে পাঠাতে হবে

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ৪ঠা জুন—প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর কাছে প: বঙ্গ মন্ত্রীসভার সদস্যরা আগামীকাল যৌথভাবে দাবি জানাবেন: বাংলাদেশ থেকে আগত প্রায় অর্ধ কোটি শরণার্থীর রক্ষণাবেক্ষণের পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে। রাজ্য সরকার তার সামগ্রিক সামর্থ নিয়োগ করেও শরণার্থী আগমনজনিত সমস্যার মোকাবিলা করতে পাচ্ছে না। ভারতের অন্যান্য রাজ্যে তাদের জন্য শিবির স্থাপন করে তাদের স্থানান্তরিত করতে হবে।

স্বাস্থ্যমন্ত্রী ডা: জয়নাল আবেদিন বলেছেন, কেন্দ্রীয় সরকার যদি শরণার্থীদের সম্পূর্ণ দায়িত্ব না নেয় তবে রাজ্য সরকারকে বিকল্প ব্যবস্থা গ্রহণের কথা ভাবতে হবে। ত্রাণ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রীআনন্দমোহন বিশ্বাসও বলেছেন, শরণার্থীদের বিষয়ে যে গুরুত্ব কেন্দ্রীয় সরকারের দেওয়া উচিত ছিল তা তাঁরা দেননি।

মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রী দুজনেই আজ সাংবাদিকদের বলেছেন: শরণার্থীরা এখন আশ্রয় ও ত্রাণের জন্য ক্রমশ:ই শহরের দিকে এগিয়ে আসছে। সীমান্ত জেলাগুলিতে স্থানীয় অধিবাসীদের সঙ্গে শরণার্থীদের সম্পর্কের অবনতি হচ্ছে, যার ফলে আইন শৃংখলার প্রশ্ন দেখা দিতে পারে।

মুখ্যমন্ত্রী বলেছেন: কোন কোন জায়গায় সাম্প্রদায়িক উত্তেজনা দেখা দিয়েছে। স্বাস্থ্যমন্ত্রী বলেছেন: শরণার্থীদের মধ্যে কলেরা এবং মহামারী ব্যাপক আকার ধারণ করেছে। মুখ্যমন্ত্রী শ্রীঅজয় মুখার্জী প্রধান মন্ত্রীর সঙ্গে রাজভবনে তাঁর বৈঠকে সরাসরি বলবেন: শরণার্থীদের বিভিন্ন রাজ্যে নিয়ে যাবার ব্যবস্থা করুন। বিভিন্ন রাজ্য সরকারের উপর চাপ দিন। নচেৎ প: বঙ্গের অর্থনীতি ভেঙ্গে পড়বে।

উপমুখ্যমন্ত্রী শ্রীবিজয়সিং নাহার সাংবাদিকদের বলেছেন: এখন প: বঙ্গের সমস্ত উন্নয়ন কাজ বন্ধ হবার উপক্রম হয়েছে। "ওদের আশ্রয় দিতে পারছি না, খেতে দিতে পারছি না।" ওদের সম্পূর্ণ আলাদাভাবে রাখা দরকার।

স্বাস্থ্যমন্ত্রীর বিবরণ

রাজ্য স্বাস্থ্যমন্ত্রী ডা: জয়নাল আবেদিন আজ সাংবাদিকদের জানান যে, কলেরা ও অন্যান্য রোগে পীড়িত দেড় লক্ষ শরণার্থীকে এ পর্যন্ত সরকারী ব্যবস্থায় চিকিৎসা করা হয়েছে। হাসপাতাল ও আশ্রয় শিবিরে ৮৯৪ জন শরণার্থী শিবিরে মারা গেছেন। বাইরে আরও অনেকে মারা গেছেন, এটা ধরে নেওয়া যায়।

রাজ্য স্বাস্থ্য দপ্তর সাড়ে পনের লক্ষ শরণার্থীকে কলেরার টিকা এবং সাড়ে এগার লক্ষ শরণার্থীকে বসন্তের টিকা দিয়েছেন।

ডাঃ আবেদিন বলেন, এ পর্যন্ত সাধ্যমত সব কিছুই করা হয়েছে। কিন্তু যেভাবে আজ পর্যন্ত আশ্রয়প্রার্থীরা আসছেন তাতে মনে হচ্ছে বাংলাদেশ উজাড় করে সবাই এখানে চলে আসবেন। রাজ্য প্রশাসন ও স্বাস্থ্য দপ্তরের এই অবস্থার মোকাবিলার সাধ্য নাই বলে তিনি মনে করেন। পরিস্থিতি এখন যা দাঁড়িয়েছে তাতে তাঁর মনে হয়, অবস্থা নিয়ন্ত্রণের বাইরে যেতে বসেছে।

কেন্দ্রীয় সরকার সমস্ত শক্তি নিয়ে এবং রাজ্যগুলি তাদের সামর্থ নিয়ে আশ্রয়প্রার্থীদের সাহায্যে এই মুহূর্তে এগিয়ে না এলে পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যাবে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন।

কেন্দ্র এবং রাজ্যগুলি এই বিষয়ে কার্যকরী উপযুক্ত তৎপরতা না দেখালে রাজ্য সরকারকে অন্য পন্থা নেবার কথা ভাবতে হবে বলে তিনি মনে করেন।

ত্রাণমন্ত্রীর অভিযোগ

রাজ্য ত্রাণ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রীআনন্দমোহন বিশ্বাস অভিযোগ করেন এই সংকট মুহূর্তে কেন্দ্রের যতটা তৎপর হওয়া উচিত ছিল তা দেখা যাচ্ছে না। অন্যদিকে রাজ্য সরকারী কর্মচারীদের একাংশও একই মনোভাব দেখাচ্ছেন। ফলে গণতান্ত্রিক কোয়ালিশন মন্ত্রিসভা যত দ্রুত ও সুষ্ঠুভাবে আশ্রয়প্রার্থীদের সাহায্য করতে চাইছেন, তা সম্ভব হচ্ছে না।

সল্ট লেকে আশ্রয়

কলকাতা অভিমুখী শরণার্থীদের সল্ট-লেক এলাকায় অস্থায়ীভাবে আশ্রয় দেবার ব্যবস্থা হয়েছে। উপমুখ্যমন্ত্রী অবশ্য বলেছেন, ওদের ওখান থেকে সরিয়ে নেওয়া দরকার।

শিরোনাম	সূত্র	তারিখ
সীমান্ত পরিস্থিতি এবং অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার প্রশ্নে পশ্চিম বংগ সরকারের উচ্চ পর্যায়ের বৈঠকের ওপর প্রতিবেদন।	দৈনিক 'আনন্দবাজার' ..	২২ অক্টোবর, ১৯৭১

অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা প্রস্তুত রাখার নির্দেশ। সীমান্ত পরিস্থিতি নিয়ে দীর্ঘ বৈঠক

(স্টাফ রিপোর্টার)

ভারত-বাংলাদেশ সীমান্তে পাক ফৌজের ব্যাপক সমাবেশ ঘটায় পশ্চিমবঙ্গ তথা পূর্ব ভারতের প্রতিরক্ষা ও আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা সম্পর্কে বৃহস্পতিবার রাত্রে রাজভবনে এক উচ্চ পর্যায়ের বৈঠক বসে। আক্রান্ত হলে পাল্টা আঘাত হানার ব্যাপারেও ওই বৈঠকে কতকগুলি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়। তিন ঘন্টাকাল স্থায়ী এই বৈঠকে রাজ্যপাল শ্রী এ, এল, ডায়াস, মুখ্যসচিব শ্রী এন সি, সেনগুপ্ত, কেন্দ্রীয় স্বরাষ্ট্র দফতরের অতিরিক্ত সচিব শ্রী বি আর গুপ্ত ছাড়া দিল্লি থেকে আগত কয়েকজন পদস্থ ব্যক্তি যোগ দেন। কেন্দ্রীয় মন্ত্রী শ্রীসিদ্ধার্থ শংকর রায়ও ওই বৈঠকে নানান বিষয় নিয়ে আলোচনা করেন।

যে কোন মুহূর্তে ডাকলেই যাতে পাওয়া যায় সেইজন্য অসামরিক প্রতিরক্ষায় লোকদের প্রস্তুত থাকার জন্য কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছেন।

বৃহস্পতিবার মহাকরণে কেন্দ্রীয় অসামরিক প্রতিরক্ষা দফতরের ডিরেক্টর জেনারেল লে: জেনারেল মতিসাগর রাজ্যের সংশ্লিষ্ট দফতরের কয়েকজন পদস্থ অফিসারের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে ওই নির্দেশের কথা জানান।

এদিন লে: জেনারেল মতিসাগর রাজভবনে রাজ্যপাল শ্রী এ এল ডায়াসের সঙ্গেও মিলিত হন। পৌরসভা, পুলিশ ও দমকলের অফিসারদের সঙ্গে তিনি অপর একটি বৈঠক করেন। রাজভবনের বৈঠকে মুখ্য সচিব ও অন্যান্য পদস্থ অফিসাররা উপস্থিত ছিলেন।

আজ শুক্রবার সকালে মহাকরণে লে: জেনারেল মতিসাগর বিভিন্ন জেলার জেলা শাসকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হচ্ছেন। ওই বৈঠকে রাজ্যপাল শ্রী ডায়াস পৌরোহিত্য করবেন।

তাছাড়া এই দিন রাজ্য পুলিশের শ্রীরঞ্জিত গুপ্তের উপর অসামরিক প্রতিরক্ষা দফতরের তদারকির দায়িত্ব ন্যস্ত হয়েছে। আজ, শুক্রবার থেকেই পুরাদমে এই দফতরের কাজ করার জন্য বৃহস্পতিবার রাজ্যপাল শ্রী এ এল ডায়াস শ্রীগুপ্তকে নির্দেশ দেন। স্বরাষ্ট্র সচিবের অধীনে থেকে শ্রীগুপ্ত ওই তদারকির কাজকর্ম করবেন।

শিরোনাম	সূত্র	তারিখ
শরণার্থীদের সাথে পাকিস্তানী দুষ্কৃতি-কারীরা ভারতে অনুপ্রবেশ করছে বলে আসামের অর্থমন্ত্রীর উক্তি।	দৈনিক 'হিন্দুস্তান স্ট্যাণ্ডার্ড'।	১৬ মে, ১৯৭১

PINDI SENDING SABOTEURS ALONG WITH EVACUEES

—Assam Minister

SHILLONG, MAY 15.—The Assam Finance Minister, Mr. K.P. Tripathy, said today that Pakistan's "deliberate Government action" to push millions of citizens to India was equivalent to waging a war on this country, says UNI.

In a statement here the Finance Minister said Pakistan was doing this not merely deliberately but intentionally by calling its own citizens as Indian infiltrators and suggested the "only effective solution of this problem is that India should create such conditions so that the evacuees may go back home safely".

Mr. Tripathy also charged Pakistan Government with sending spies, saboteurs and agent provocateurs along with the evacuees.

"The agent provocateurs might try to create riots along the lines of existing social tensions, might take the shape of Hindu-Muslim riots in West Bengal, Tripura and Cachar and anti-Bengalee riots in Assam vally and Bihar, or any variations of the same."

The Finance Minister cautioned that the saboteurs might try to disrup our transport and major industrial projects and even through actuating destructive trade union action.

শিরোনাম	সূত্র	তারিখ
শরণার্থীদের ভেতরে বাংলাদেশ বিরোধীদের তৎপরতা চলছে বলে আসামের মন্ত্রীর বিবৃতি।	দৈনিক 'হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড'।	২০ জুন, ১৯৭১

ANTI BANGLA FORCES ACTIVE AMONG EVACUEES, TRIPATHI

From Our Shillong Office

JUNE 18—"Some interests are pulling strings from a dislance to produce evacuee baiting with a view to creating anti-Bangladesh fixation in some areas of heavy evacuee influx. But processions they organised inadvertently betrayed their source when slogans of Yahya Khan Zindabad were shouted," said Mr. K P. Tripathi, Assam's Finance Minister, in a statement to the Press yesterday.

"The Government has not taken any action, but was keeping watch as a national emergency has not been declared", he added.

"Neighbouring States have asked for evancuee dispersal which the Government of India has accepted This was not to ill-treat evacuees, but to ameliorate their condition on humanitarian grounds But the ultimate solution of the problem does not lie in dispersal. It lies in enabling evacuees to go back home," Mr. Tripathi continued.

"For this India has sent emissaries abroad to convince great Powers that conditions must be created in East Bengal so that evacuees may go back Otherwise confrontation cannot be avoided. The problem is not a question of digesting 10 million refugees. The problem is the restoration of a democratic Government in Bangladesh.

"In the last war England and America fought for democracy Now they are keeping mum when democracy is being crucified in East Bengal.

"Nintynine per cent of the people of Bangladesh and Pakistan voted for autonomy of Bangladesh which the Paistan military regime wants to crush with Hitlerite methods and inhuman cruelty. Should England and America. which fought the last war to save democracy, watch on? Does it mean that democracy and human rights are a consideration in the civilised world only when the conflict is between Germany and England and such considerations are not there when it becomes a conflict between two wings of the same conutry?

"The question arises whether democracy and human rights will form points of consideration for an intervention in an internal conflict.

"India is getting involved in a conflict as a result of continuous pushing in of millions of refugees by the Pakistan army action. The matter is no longer a mere occurrence in-side Pakistan. The consequence of what is happening inside Pakistan is invitably drawing India into conflict.

"This question needs an immediate answer. Will India's emissaries abroad get satisfactory reply?"

শিরোনাম	সূত্র	তারিখ
উড়িষ্যায় বাংলাদেশের শরণার্থীদের আশ্রয়দান প্রসংগে রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে মুখ্যমন্ত্রীর আলোচনা।	দৈনিক 'হিন্দুস্তান স্ট্যাণ্ডার্ড'	১৭ জুলাই, ১৯৭১

CM INVITES LEADERS TO DISCUSS EVACUEE ISSUE

From Our Bhubaneswar Office

JULY 16.—The deadlock over accommodation of the Bangladesh refugees in Mayurbhanj district of Orissa seems to be nearing its end as the Chief Minister Mr. Biswanath Das, as understood to have invited leaders of all political parties to a meeting on Monday to discuss the issue.

The Chief Minister is understood to have invited the party leaders after he received a letter from the Prime Minister, requesting him to reconsider the issue and allow Bangladesh refugees temporary rehabilitation in Mayurbhanj district.

It will be recalled that the State Government had rejected the Centre's desire to settle about 50,000 refugees in the Gorumahisani area of Mayurbhanj district because of some "special problems" of that area and had suggested some alternative sites.

One of the reasons given out by the Rehabilition Minister, Mr. Brundaban Nayak, in the State Assembly was that none of the Union Ministers had contacted the State Government leaders in this regard and no such decision should have been imposed without prior consultation.

According to some responsible sources, the reason for the State's rejection was that its vanity was pricked as the Government leaders were ignored by the Centre in this regard and everything had been done at the "officer's level".

A request from the Prime Minister herself having come now, it is likely that the State may reconsider the issue and allow Bangladesh regugees temporary settlement in Mayurbhanj district.

শিরোনাম	সূত্র	তারিখ
উড়িষ্যায় বাংলাদেশের শরণার্থীদের আশ্রয়দানের প্রশ্নে রাজ্য সরকারের অভিমত।	দৈনিক 'হিন্দুস্তান স্ট্যাণ্ডার্ড'	২৩ জুলাই, ১৯৭১

ORISSA FIRM ON CAMP SITES ISSUE

From Our Staff Correspondent

BHUBANESWAR, JULY 22.—As the Orissa Government virtually rejects the Prime Minister's request to reconsider the State's decision not to give temporary accommodation to Bangladesh evacuees in Mayurbhanj district, Centre is likely to yield to the State's stand for accommodation of evacuees elsewhere in Orissa.

Leaders of all the political parties in the Orissa Assembly, including Mr. Binasyak Acharya, Ruling Congress Opposition Leader said at a meeting Mayurbhanj district was "not at all suitable area" for sheltering Bangladesh evacuees.

Disclosing this at a news conference here yesterday in the evening, the Chief Minister. Mr. Biswanath Das, said that the meeting agreed with and approved three alternative sites—two in Koraput and one in Boudh-Phulbani district—suggested by the State Government for sheltering the evacuees.

The Chief Minister said that he had summoned the meeting to discuss a letter he had received from Mrs. Gandhi requesting the State Government to reconsider its decision not to shelter Bangladesh evacuees in Mayurbhanj district and north Balasore.

Mrs. Gandhi's letter was in reply to one he had written expressing the 'Difficulties of the State Government in those areas'.

The difficulties were economic, administrative, and law and security reasons, Mr. Das said.

The tenements of at Gorumahisani, selected by the Central Government, were now occupied by retrenched workers, as such no evacuees could be rehabilitated there, it is reported.

Meanwhile, a Union Rehabilitation official in a letter to the Orissa Chief. Secretary has intimated Centre's desire to open camps for 350,000 evacuees. A team would also visit Orissa soon to inspect alternative sites suggested by the State Government.

The suggested sites are Gunakhol, near Thiruvali. Simlibencu, near Motu in Koraput district, Durgaprasad in Phulbani and Chilka in Puri.

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের দুষ্কৃতকারীরা আসামে ধ্বংসাত্মক তৎপরতা চালাচ্ছে বলে প্রধান মন্ত্রীর কাছে মুখ্যমন্ত্রীর রিপোর্ট।	দৈনিক 'হিন্দুস্তান স্ট্যাণ্ডার্ড'	৩ সেপ্টেম্বর, ১৯৭১

C.M. TELLS MRS. GANDHI

Pak Saboteurs Inciting Violence In Assam

(From our Special Representative) NEW DELHI, Sept. 2.—The Centre is said to be extremely concerned at reports that "thousands of Pakistan spies and saboteurs" who had been earlier deported by the Assam Government have returned to the State in the garb of Bangladesh refugees.

Assam's Chief Minister, Mr Mahendra Mohan Choudhury, came to Delhi to acquaint the Prime Minister with the serious problem of insecurity Assam is facing at present. At the meeting with the Prime Minister, he reportedly informed Mrs Gandhi that the saboteurs were inciting violent activities in Assam. Besides, they were trying to damage the communication system and other important installations.

Mr Choudhury has reportedly asked the Prime Minister to strengthen immediately security measures along the State's 1,300-km border with East Bengal. It may be recalled that during one of his earlier visits, the Chief Minister had suggested reinforcement of the Central Reserve Police along the border to stop the sabotaging activities by suspected Pakistani agents in several parts of Assam.

Answering a question from reporters Mr Choudhury said today that the Assam Government had arrested as many as 50 such susrected Pakistani agents "in the last few weeks". Last month there was an attempt to blow up a train in Cachar district.

Yesterday, Mr Choudhury met the Defence Minister and reportedly told him that the resources of the State were not adequate for the situation. The Centre must takes steps to prevent the situation from deteriorating. He will meet the Prime Minister again tomorrow. The Chief Minister also discussed with Mrs Gandhi the draft Bill for formation of three new States in the eastern region—Meghalaya, Manipur and Tripura.

At another meeting with Mrs Nandini Satpathy, Minister of State for information and Broadcasting, Mr Choudhury and his colleague, Mr Biswadev Sharma, pleaded that border publicity in Assam should be intensified and as a first step a radio station should be opened in Cachar, adjacent to Bangladesh. Rumours were being constantly set afloat by Pakistani agents and spies in that district spreading panic among people.

Mrs Satpathy is reported to have said that a radio satations would be opened in Cachar soon. The land for this purpose had been acquired and the equipment was being awaited. But Mr Choudhury said that construction of a building would take a long time. He, therefore, suggested that a radio centre be opened in a rented house without delay. Mrs Satpathy is reported to have agreed to consider the proposal favourably.

The Assam Chief Minister also met the Minister for Petroleum and Chemicals, Mr P.C. Sethi, to press for a quick decision on the proposed pertochemical complex. Mr Sethi has assured him that the final choice of the site for the complex would be made before the end of this month. Mr Sethi added that he would visit Assam next month to inaugurate formally the petro-chemical complex.

The Chief Minister had discussions also with the Union Minister of Home Affairs. Mr K.C. Pant, on the draft Bill to create three new States in the eastern region. He will meet Mr Pant again tomorrow.

ভারতের বেসরকারী প্রতিক্রিয়া

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশে পাক সেনাদের হত্যাকাণ্ডের প্রতিবাদে পশ্চিম বংগে সভা ও মিছিল।	দৈনিক 'যুগান্তর'	২৮ মার্চ, ১৯৭১

পূর্ববঙ্গে জঙ্গী তাণ্ডবের প্রতিবাদে পঃ বঙ্গ উত্তাল

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ২৭শে মার্চ—সমাজের সর্বস্তরের মানুষ আজ পূর্ব বাংলার মুক্তি সংগ্রামের সমর্থনে সভা-সমিতি আর বিক্ষোভ মিছিলে "পরম আত্মীয় মুজিবর"কে অকুণ্ঠ সমর্থন জানায়। মুজিবরের জয়ধ্বনিতে মহানগরী আজ মুখরিত ছিল। স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে ছাত্ররা ধর্মঘট করে। পরে ১৪৪ ধারা অমান্য করে তারা পাকিস্তান ডেপুটি হাই কমিশন অফিসের সামনে গিয়ে বিক্ষোভ জানায়।

পাকিস্তানের প্রেসিডেন্ট শ্রী ইয়াহিয়া খানের কুশপুত্তলিকা দাহ করে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেটের সভা এদিন প্রস্তাব নিয়েছে—বাংলাদেশে গণহত্যা বন্ধ এবং বঙ্গবন্ধু মুজিবরের নিরাপত্তাবিধানের জন্য ভারত সরকার অবিলম্বে জাতিপুঞ্জের হস্তক্ষেপ প্রার্থনা করুন।

দলমতনির্বিশেষে বিভিন্ন রাজনৈতিক দল, ট্রেড ইউনিয়ন, ছাত্র-শিক্ষক-যুবক এবং শিক্ষাবিদগণ জাতীয়তাবাদী-নায়ক মুজিবরের নেতৃত্বে পূর্ব বাঙ্গলার মুক্তি সংগ্রামকে সমর্থন এবং সেখানে অমানুষিক গণহত্যা বন্ধের দাবী জানিয়ে প্রস্তাব গ্রহণ করেছেন, বিবৃতি দিয়েছেন। তাঁরা দাবী করেছেন—স্বাধীন বাংলাদেশকে পূর্ণ রাষ্ট্রিয় মর্যাদায় স্বীকতি দিতে হবে।

সারা বাংলায় ছাত্র ধর্মঘট

আজ সারা বাঙ্গলায় ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। বিভিন্ন সভায় ছাত্ররা প্রস্তাব নিয়েছে "পশ্চিম বাঙ্গলার গণতান্ত্রিক ছাত্র সমাজের এই সমাবেশ শেখ মুজিবর রহমানের নেতৃত্বে "বাংলাদেশের" স্বায়ত্তশাসনের অধিকারের সংগ্রামকে পূর্ণ সমর্থন করছে। এবং ইয়াহিয়া খার নেতৃত্বে যে গণহত্যা অভিযান শুরু হয়েছে তার তীব্র নিন্দা করছে।

এই সভা ভারত সরকারের কাছে সার্বভৌম স্বাধীন সাধারণতন্ত্রী বাঙ্গলাদেশকে স্বীকৃতি দেওয়া এবং নৈতিক ও বৈষয়িক সাহায্যদান করার দাবী জানাচ্ছে।"

কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসভায় সভাপতি ছিলেন শ্রীপরিমল রাউত। স্টুডেন্টস হলের ছাত্রসভায় শ্রীরণজিৎ গুহ সভাপতি ছিলেন। আলাদা আলাদাভাবে আজকের ছাত্র ধর্মঘটের ডাক দেন দুই ছাত্র ফেডারেশন, ছাত্র পরিষদ, ডি-এস-ও, পি-এস-ইউ, এফ-আর-এস ইত্যাদি কেন্দ্রীয় ছাত্র সংগঠনগুলি এবং কয়েকটি যুব-সংগঠন। প্রত্যেকটি সংস্থাই আজ কলকাতা সহ রাজ্যের সর্বত্র শান্তিপূর্ণভাবে শিক্ষায়তনে ধর্মঘট সফল হওয়ায় ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানিয়ে বিবৃতি দিয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে পশ্চিম বংগের লেখক ও বুদ্ধিজীবীদের বিবৃতি।	দৈনিক 'যুগান্তর'	২৮ মার্চ, ১৯৭১

আমরা প্রতিবাদ জানাই, আমরা তীব্র নিন্দা করি

'স্বাধীন বাংলাদেশ'-এর উন্নত-শির নাগরিকগণ এবং তাঁদের প্রিয় নেতা শেখ মুজিব-উর-রহমান ইতিমধ্যে আমাদের হৃদয় জয় করেছেন। অসম সাহস, অফুরন্ত প্রাণশক্তি এবং অতি-সীমিত অস্ত্রবল নিয়ে তারা মোকাবিলা করছেন নবতম অস্ত্রশস্ত্রে সুসজ্জিত পশ্চিম পাকিস্তানের কয়েক ডিভিশন সেনাবাহিনীর সঙ্গে। বিশ্বের বিধানে সত্যের জয়, শুভের জয় সর্বদাই হয় তা বলতে পারি না, কিন্তু শেষ পর্যন্ত যে হয় তা আমরা বিশ্বাস করি। তাই আমরা বিশ্বাস করি যে, স্বাধীন বাংলাদেশ-এর জয় হবেই। কিন্তু এই মুহূর্তে বাংলাদেশ আক্রান্ত হয়েছে সুদূর পশ্চিম পাকিস্তানের সত্তর হাজার যুদ্ধপটু সৈনিকের দ্বারা; তাদের ক্ষমতামদমত্ত সেনাপতির আদেশে তারা ট্যাঙ্ক ও সাঁজোয়া গাড়ি নিয়ে, কামান-মেশিনগান-স্টেন গান নিয়ে হাজার হাজার শান্তিপ্রিয় স্বাধীনতাকামী যুবক এবং বালবৃদ্ধবণিতার রক্তে পূর্ব বাংলার নগর-গ্রাম, পথঘাট-মাঠ লাল করে দিচ্ছে। এই বেপরোয়া গণহত্যার ফলে হতাহতের সংখ্যা কিছু দিনের মধ্যে কয়েক লক্ষে পৌঁছবে বলে আমরা আশঙ্কা করি।

সভ্য ও সংস্কৃতিবান দেশের উপর বনবান, যন্ত্রবান, বর্বরদের আক্রমণ ইতিহাসে বহুবার ঘটেছে, একাধিকবার পশুশক্তির সাময়িক আধিপত্য দেখা দিয়েছে, বর্বর বিজেতারা সভ্য মানুষের ছিন্নমস্তক স্তূপীকৃত করে তার চারিদিকে দাঁড়িয়ে অট্টহাসি করেছে। আজ ১৯৭১ সালেও কি আমরা তারই পুনরাবৃত্তি দেখব?

পৃথিবীতে আজ বহু দেশ আছে, বহু জাতি আছে যারা নিজেদের সুসভ্য বলে দাবি করে। সে দাবি অনেকাংশে স্বীকার্য। তাদের বিবেক কি আজ সাড়া দেবে না? আমরা পশ্চিম-বঙ্গের সংস্কৃতি কর্মীরা বিশেষ করে আবেদন জানাই পৃথিবীর সব দেশের শিল্পস্রষ্টা ও জ্ঞান-তপস্বীদের কাছে। আমাদের প্রতিবেশী রাষ্ট্রে এই বিভৎস বিরাট নরহত্যার সংবাদ তাঁরা পেয়েছেন নিশ্চয়ই। তাঁদের সকলের তীব্র প্রতিবাদ ঘোষিত হোক, তাঁদের সরকারকে তাঁরা উদ্বুদ্ধ করুন এই অধর্মহীন নৃশংসতার নিন্দা করতে, প্রতিরোধ করতে, এ বিষয়ে তাঁদের যথোচিত কর্তব্য পালন করতে। আমাদের সরকার কবে স্বাধীন বাংলাদেশ-এর রাষ্ট্রিক মর্যাদা স্বীকার করবেন, ঐ দেশের সংগ্রামী নিপীড়িত মানুষকে সর্ব প্রকার অসামরিক সাহায্য দানে উদ্যোগী হবেন?

আমাদের পশ্চিমবঙ্গের শিল্প-সাহিত্য-শিক্ষাসেবীদের বেদনা বিশেষ রূপে গভীর। বাংলা সাহিত্য ও সংস্কৃতির খুব বড় অংশ গিয়ে পড়েছে সমগ্র বাংলার সেই অংশে যাকে ২৬শে মার্চে তার অপ্রতিদ্বন্দ্বিত সর্বজনপ্রিয় নেতা মুজিব-উর-রহমান সাহেব স্বাধীন বাংলাদেশ বলে ঘোষণা করেছেন। গত দুই দশক ধরে এ দেশের নবজাগরণ, নব উদ্দীপনা, নব কর্মশক্তি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বিষয়ে নব চেতনা এবং কাব্যে উপন্যাসে প্রবন্ধে এ দের বলিষ্ঠ প্রকাশ দেখে আমরা অত্যন্ত আনন্দিত হয়েছি, অনেক আশা বুকে বেঁধেছি। যাদের নিয়ে সেই আনন্দ ও আশা তাদের উদ্বুদ্ধ জীবনের সকল সাধনা ও সিদ্ধিকে বুটের তলায় মাড়িয়ে দিতে এসেছে এক বিরাট বর্বর সেনাবাহিনী। এতে কি আমাদের বেদনা সকলের অপেক্ষা তীব্র হবে না, কণ্ঠ সকলের অপেক্ষা সোচ্চার হবে না?

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, সত্যজিৎ রায়, মৈত্রেয়ী দেবী, আবু সয়ীদ আইয়ুব, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, শম্ভু মিত্র, যশোভন সরকার, সৌমিত্র চট্টোপাধ্যায়, তৃপ্তি মিত্র, প্রবোধচন্দ্র সেন, তারাপদ মুখোপাধ্যায়, অম্লান দত্ত, গৌরকিশোর ঘোষ, সন্তোষ কুমার ঘোষ, নীরেন্দ্র নাথ চক্রবর্তী।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের ঘটনাবলীতে ভারতের বিভিন্ন মহলের প্রতিক্রিয়া।	দৈনিক 'যুগান্তর' ..	২৮ মার্চ, ১৯৭১

কলকাতায় পাক দূতাবাসের সামনে বিক্ষোভ, মিছিল

রবিবার সকালে পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদের (চৌরঙ্গী) উদ্যোগে পূর্ব বঙ্গে মিলিটারি দাপটের প্রতিবাদে এবং সেখানকার জনগণের আন্দোলনের সমর্থনে একটি বিক্ষোভ মিছিল পাক ডেপুটি হাই কমিশন ভবনের সামনে সমবেত হয়।

ভবনের গেটের উপরে বাংলা দেশ এবং কংগ্রেস পতাকা টাঙ্গিয়ে দেওয়া হয়।

ছাত্র পরিষদ কর্মীদের অনশন ধর্মঘট

বাংলাদেশের সাংগ্রামী জনতার সমর্থনে ছাত্র পরিষদের (মহাজাতি সদনের) সভ্যগণ রবিবার ডাঃ সুন্দরী মোহন এভেনিউ ও হাতিবাগান রোডের মোড়ে সারা দিনব্যাপী অনশন ধর্মঘট পালন করেন। ছাত্ররা গান্ধীজীর মাল্যভূষিত মূর্তি সামনে রেখে দেশাত্মবোধক সংগীত ও কাজী নজরুল এবং কবিগুরু রবীন্দ্রনাথের কবিতা পাঠ করেন।

শেখ মুজিবরের প্রতি ছাত্রসমাজের অকুণ্ঠ সমর্থন জানিয়ে বিভিন্ন ছাত্রকর্মী ও নেতা ওখানে সারাদিন তাঁদের বক্তব্য রাখেন।

বালকদের অনশন

"বাংলাদেশের" শোষণ মুক্তির সংগ্রামে সমর্থন এবং পাকিস্তান সরকারের অত্যাচারী দমন পীড়নের প্রতিবাদে যুব কংগ্রেসের ডাকে বি ও আর ক্যাম্প: কলিকাতা ৪০-এর মাঠে নিম্ন-লিখিত ১০ থেকে ১৪ বৎসর বয়স বালকরা রবিবার অনশনের মাধ্যমে ক্ষোভ প্রকাশ করেন:- দিলীপকুমার দাস, সুজিত ঘোষ, বিষ্ণু বসু, গৌতম রায়, অমিক্রম দাস, বীর বিক্রম দাস,, সুবিক্রম দাস, ফটিক দে, রঞ্জন গোস্বামী, নির্মলকৃষ্ণ দে, ত্রিবিক্রম দাস ও সুবীর সরকার। এছাড়া শ্রীমতী নীলা বসু (৫৯) ও শ্রীমতী টুকুরানী দাস (৪২) অনশন করেন।

স্বাধীন সরকারকে স্বীকৃতি দিতে জনসংঘের দাবি

রবিবার বিকালে ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে জনসংঘের আহ্বানে এক জনসভায় বঙ্গবন্ধু মুজিবর রহমানের প্রতি পূর্ণ সমর্থন জানান হয়। সভাপতিত্ব করেন অধ্যাপক হরিপদ ভারতী।

অধ্যাপক ভারতী বলেন: বাংলাদেশকে বঙ্গবন্ধু মুজিবর রহমান স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র রূপে ঘোষণার সাথে সাথে পশ্চিম পাকিস্তানের ফৌজী নায়ক যুদ্ধবাজ খুনী ইয়াহিয়া খাঁ ও তাঁর অনুগামীরা ব্যাপক গণহত্যা শুরু করা সত্ত্বেও বাংলাদেশের তরুণ মুক্তি যোদ্ধারা যেভাবে রক্ত দিয়ে সমস্ত আক্রমণের মোকাবিলা করছেন তার জন্য এপার বাংলার মানুষরূপে আমরা গর্বিত। আমরা মনে করছি বাংলা দেশের স্বাধীনতার যুদ্ধ আগামী দিনে অখণ্ড ভারত প্রতিষ্ঠার দিকনির্ণয় করবে।

অধ্যাপক ভারতী তার ভাষণে বাংলাদেশের স্বাধীন সরকারকে স্বীকৃতি দান এবং বিশ্বের জনমতকে জাগ্রত করে রাষ্ট্র সংঘের মাধ্যমে সাহায্য দানের ব্যবস্থা করার দাবি করেন।

সভায় শ্রী শক্তিশেখর দাস বাংলাদেশের তরুণদের কাছ থেকে দেশপ্রেমের এবং দেশের জন্য ত্যাগ স্বীকারের শিক্ষা নেবার আহ্বান জানিয়ে বক্তৃতা করেন।

সর্বশ্রী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, দুর্গাপ্রসাদ নাথানী, জ্ঞান ব্যানার্জী প্রমুখ নেতৃবৃন্দ [illegible] দেন।

জনসংঘের মশাল মিছিল

সন্ধ্যায় ভারতীয় জনসংঘের কলকাতা শাখার পক্ষ থেকে ইউনিভার্সিটি [illegible] হল থেকে বাংলার স্বাধীনতা সংগ্রামের সমর্থনে এক মশাল মিছিল বের হয়। [illegible] রাজভবনের সামনে গিয়ে স্বাধীন বাংলার স্বীকৃতি দাবি করে বিক্ষোভ দেখায় এবং [illegible] খানের কুশপুত্তলিকা দাহ করা হয়।

বাংলা জাতীয় দলের দাবি

বাংলা জাতীয় দলের উদ্যোগে আহূত এবং শ্রীবিশ্বদেব চৌধুরীর [illegible] মহাবোধি সোসাইটি হলে বিশিষ্ট নাগরিকবৃন্দের এক সভায় স্বাধীন [illegible] করে নেওয়ার জন্য দাবি জানানো হয়। সভার শেষে একটি মিছিল [illegible] প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে উপরোক্ত দাবি সম্বলিত এক স্মারকলিপি পেশ করা হয়।

দিল্লি পাক হাইকমিশনের সামনে বিক্ষোভ

নয়াদিল্লি, ২৭ মার্চ—বাংলাদেশে জনগণের স্বাধীনতা সংগ্রামে [illegible] পাকিস্তানী জংগী প্রশাসন যে সেনাবাহিনী নিয়োগ করেছে তার [illegible] বিক্ষোভ প্রদর্শন করে। তারা পাকিস্তান বিরোধী ধ্বনি দেয় এবং কালো পতাকা [illegible] করে।

শ্রীকর্পূরী ঠাকুরের বিবৃতি

পাটনা, ২৮ মারচ—এস এস পি-র চেয়ারম্যান ও বিহারের মুখ্যমন্ত্রী [illegible] ভারতের জনগণকে বাংলাদেশের স্বাধীনতা প্রেমিক ভাইদের পাশে দাঁড়াতে [illegible]।

নিঃ ভাঃ ফরওয়ারড ব্লক

নয়াদিল্লি, ২৮ মারচ—নিখিল ভারত ফরওয়ারড ব্লকের কেন্দ্রীয় কমিটি [illegible] তান্ত্রিক অধিকার হরণের জন্য পাক প্রেসিডেন্ট ইয়াহিয়া খান যে [illegible] করেছেন তার তীব্র নিন্দা করেন এবং বাংলাদেশকে সমর্থনের জন্য ভারত [illegible] আবেদন করেন।

লেখক, শিক্ষক ও ছাত্রদের সহানুভূতি

রাইপুর, ২৮ মার্চ—স্থানীয় লেখক, সংবাদিক, শিক্ষক ও ছাত্ররা বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে সমর্থন জানান।

ভারতীয় বার্তাজীবী সংঘ

পশ্চিম পাকিস্তানী প্রশাসন বাংলাদেশে বিদেশী সাংবাদিকদের কর্তব্য সম্পাদনে যেভাবে বাধা দিচ্ছেন ভারতীয় বার্তাজীবী সংঘ আজ তীব্র ভাষায় তার নিন্দা করেন।

গণতান্ত্রিক অধিকার রক্ষায় বাংলাদেশের সাংবাদিকরা যেভাবে আত্মনিয়োগ করেছেন সংঘের সভাপতি শ্রী ভি এন ভূষণ রাও আন্তরিকভাবে তার সমর্থন জানান।

—পি টি আই ও ইউ এন আই

বোমবাইয়ে বাংলাদেশ সংহতি কমিটি গঠিত

বোমবাই, ২৭ মার্চ—বাংলাদেশের জনসাধারণের গণতান্ত্রিক অভ্যুত্থানকে সমর্থন করবার জন্য এই শহরে বাংলাদেশ সংহতি কমিটি গঠন করা হয়েছে।

স্থানীয় বামপন্থী রাজনৈতিক দলগুলির ট্রেড ইউনিয়ন সংস্থাগুলির প্রতিনিধিদের একটি সভায় এই কমিটি গঠিত হয়।

পাক সহ-হাই কমিশনারের অফিসের সামনে বিক্ষোভ

শহরে পাকিস্তানী সহকারী হাই কমিশনারের অফিসের সামনে বাংলাদেশে পাক সৈন্য-বাহিনীর ব্যাপক গণহত্যার প্রতিবাদে শত শত লোক বিক্ষোভ প্রদর্শন করেন।

রাষ্ট্রীয় লোকসেনার বোমবাই শাখার ৪০০০ লোকের এক মোরচা অবিলম্বে গণহত্যা বন্ধ করার দাবি জানিয়ে এক স্মারকলিপি পেশ করে।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশে হত্যাকাণ্ডের প্রতিবাদে কোলকাতায় নাগরিক সমাবেশ।	দৈনিক 'যুগান্তর'	২৮ মার্চ, ১৯৭১

রবিবার ময়দান সমাবেশে দাবি

ওদের পাশে গিয়ে লড়ব, আমরাও রক্ত দেব।

(স্টাফ রিপোর্টার)

সংগ্রামী বাংলাদেশের জন্য এই বাংলার মানুষের যে কী গভীর উদ্বেগ ও উৎকণ্ঠা রবিবার কলকাতার নাগরিক সভায় তা প্রকাশ পেল। শ্রীবিজয় সিংহ নাহার বললেন, বাংলাদেশের মুক্তি যুদ্ধের সমর্থনে প: বঙ্গে স্বেচ্ছাসেবক-বাহিনী গড়ে তুলুন। ভারত সরকারকে বলব 'আমাদের অনুমতি দিন, আমরা ওদের পাশে গিয়ে লড়তে চাই।' শ্রী অজয় মুখারজি ঘোষণা করলেন—আমরা নীরব দর্শক হয়ে থাকতে পারি না।

এর আগে ময়দানে বহু সভা-সমাবেশের রিপোর্ট করেছি। কিন্তু এদিনের জমায়েতের চরিত্র ছিল সম্পূর্ণ আলাদা। সমস্ত প: বঙ্গের মানুষের মন আজ বাংলাদেশের মুক্তি যোদ্ধাদের সমর্থনে যে আবেগে উদ্বেল এই সভায় তাই প্রতিফলিত। এদিকের সমস্ত মানুষ সারাদিন যে অসীম আগ্রহ নিয়ে ট্র্যানজিস্টারের সামনে বসে আছেন স্বাধীন বাংলার বেতার ঘোষণা শোনার জন্য, যে উন্মাদনায় এপারের সহস্র সহস্র যুবক ছুটে চলেছেন সীমান্তের দিকে সেই উত্তেজনায় সমস্ত সভা সারাক্ষণ থরথর করে কেঁপেছে।

যখনই কোন বক্তা বলেছেন ওপারে পাক দখলদার ফৌজের বুলেটে আহত হয়ে শত শত ভাই এপারে আশ্রয় নিচ্ছেন, তাঁদের সাহায্যের জন্য রক্ত দিতে হবে। সঙ্গে সঙ্গে সভায় সহস্র কণ্ঠের আকুল জিজ্ঞাসা—কোথায় কোথায় রক্ত দিতে হবে। সবাই দেবার জন্য তৈয়ার। (অসম্পূর্ণ)

শিরোনাম	সূত্র	তারিখ
কোলকাতায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির জন সমাবেশে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের দাবী।	দৈনিক আনন্দবাজার	২৯ মার্চ, ১৯৭১

বাংলাদেশে অস্থায়ী সরকারকে স্বীকৃতি দানের দাবী

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ২৮শে মার্চ,--দুই বাংলার বেড়া ভেঙ্গে দিয়ে স্বাধীন বাংলাদেশের অস্থায়ী সরকারকে অবিলম্বে স্বীকৃতি দেবার জন্য মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতা শ্রীজ্যোতি বসু আজ শহীদ মিনার ময়দানে এক বিশাল জনসভায় কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানিয়েছেন।

শ্রীবসু বাংলাদেশের সংগ্রামী মানুষের লড়াইয়ের জন্য অস্ত্র সরবরাহেরও দাবী জানিয়েছেন। তিনি কেন্দ্রীয় কংগ্রেসী সরকারের "মিষ্টি মিষ্টি" কথার সমর্থনের বদলে বাংলাদেশকে সর্বপ্রকার সাহায্যের দাবী জানান। শ্রীবসু অবশ্য বলেন, এ সাহায্য কেন্দ্রের কংগ্রেসী সরকার দেবেন না। কেন্দ্রীয় সরকারের আচরণকে তিনি 'ভণ্ডামি' বলে বর্ণনা করেন।

সভার আর এক বক্তা শ্রী হরেকৃষ্ণ কোঙার তথ্য ও তত্ত্ব উপস্থিত করে বলেন, নির্বাচনে বিপুলভাবে জয়ী হয়েও মুজিবর রহমানকে সরকার গড়তে দেওয়া হয় নি। তাই পশ্চিমবঙ্গে সামান্য কিছু বেশী আসন পেলে সংযুক্ত বামপন্থী-ফ্রন্টকেও সরকার করতে দেওয়া হতো কি না সন্দেহ। তিনি বলেন, ইয়াহিয়া খাঁ আর ইন্দিরা গান্ধী এই প্রসঙ্গে এক এবং অভিন্ন। বিচ্ছিন্ন তার অভিযোগ ইন্দিরা গান্ধীও তার লেজুড় ডান কমুনিষ্টরা তুলেছে আমার পার্টির বিরুদ্ধে এবং একই অভিযোগ তুলেছে ইয়াহিয়া খাঁ মুজিবর রহমানের বিরুদ্ধে।

সংযুক্ত বামপন্থী ফ্রন্টের ডাকে আজকের এই জনসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শ্রীজ্যোতি বসু। শহরের বিভিন্ন অঞ্চল থেকে মিছিল করে বহু নরনারী জনসভায় যোগ দেন।

শ্রীজ্যোতি বসু বলেন, পূর্ব বাংলার মানুষ যে সংগ্রাম করছে, তা থেকে আমাদের শিক্ষা গ্রহণ করতে হবে। আজ তারা অস্থায়ী সরকার গঠন করেছে সংগ্রামের মধ্য দিয়ে। নির্বাচনে ওরা অভূতপূর্ব সাফল্য লাভ করেছে। দীর্ঘ এগারো বছর সামরিক শাসনের অধীনে থেকেছে পূর্ব বাংলার মানুষ। তবু সমস্ত সাম্প্রদায়িকতা ভুলে ঐক্যবদ্ধ এই অভিযান বিস্ময়কর। তিনি অভিনন্দন জানিয়ে বলেন, আমরা ওঁদের পাশে আছি। পূর্ব বাংলার লড়াই আমাদেরও লড়াই, ওঁদের পরাজয় আমাদেরও পরাজয়।

শ্রীবসু বলেন, আমার বিশ্বাস আমরা ওঁদের সাহায্য করতে পারব। সমস্ত বাধা অতিক্রম করে কংগ্রেস সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে। ওঁদের অস্ত্রের প্রয়োজন। অস্ত্র ওঁরা কেড়ে নিয়েছেন এটাই মুক্তিযুদ্ধের নিয়ম। এমনকি মেয়েরাও লড়াই করছেন। ওষুধ-ডাক্তার দরকার। কমপক্ষে ওয়াটার বটলও আমরা পাঠাতে পারি।

তিনি এ প্রসঙ্গে টাকার দরকারের কথা বলেন। তাই একদিনের মাইনে বা দু-এক ঘন্টা বেশী কাজ করে মজুরী দানের কথা বলেন।

প্রস্তাব

সভায় গৃহীত প্রস্তাবে বলা হয়েছে যে ঐতিহাসিক সংগ্রামে পূর্ব বাংলার মানুষের পাশে কাঁধে কাঁধ লাগিয়ে পশ্চিম বাংলার মানুষেরা দাঁড়াবে। শুধু নৈতিক কর্তব্যবোধেই নয় গণতান্ত্রিক সংগ্রামের বাস্তব প্রয়োজনে ভারতের জনসাধারণ বাংলাদেশের জঙ্গী আক্রমণকে প্রতিহত করার জন্য ঐ দেশের মানুষকে সাহায্য করবে।

প্রস্তাবে আরো বলা হয়েছে শুধু মৌখিক সমর্থনই বাংলাদেশের মানুষের কিছু উপকার করবে না। প্রস্তাবে তাই প্রকৃত সাহায্য দেবার জন্য এবং অবিলম্বে বাংলা দেশের সার্বভৌম স্বাধীন প্রজাতন্ত্রকে ভারত সরকার যাতে স্বীকৃতি দেন তার জন্য দাবী তোলা হয়েছে।

সংযুক্ত বামপন্থী ফ্রন্টের আহ্বায়ক শ্রী সুধীনকুমার সভায় প্রস্তাবটি পেশ করেন।

শ্রী হরেকৃষ্ণ কোঙার বলেন, জনগণের রায়ে পূর্ব বাংলার মানুষরা নিজেদের অধিকার প্রতিষ্ঠা করার জন্য এগিয়ে গিয়েছিলেন। কিন্তু তা বাধা পেল কায়েমী স্বার্থগোষ্ঠির কাছে। তাই তাঁদের কাছে খোলা ছিল গোলামীর পথ অথবা মুক্তির পথ। গর্বের বিষয় যে, তাঁরা মুক্তির পথই বেছে নিয়েছেন। সংগ্রামের মধ্য দিয়েই তাঁরা বেছে নিয়েছেন মুক্তির পথ। তাই তাঁদের সঙ্গে আমরা আছি। পূর্ব বাংলার মানুষকে আজ অস্ত্র, রসদ, ওষুধপত্র প্রভৃতি দিয়ে সাহায্য করা উচিত। তিনি সাধারণ মানুষকে সতর্ক করে দিয়ে আরো বলেন, পূর্ব বাংলার সংগ্রামকে নিয়ে রাজনৈতিক কাজে লাগাবার জন্য প্রতিক্রিয়াশীলরা বিভ্রান্তিকর প্রচার চালাচ্ছে। তাতে যেন কেউ সায় না দেন।

সর্বশ্রী জ্যোতি ভট্টাচার্য, সুকুমার রায়, রাম চ্যাটার্জি, নেপাল ভট্টাচার্য প্রমুখও বক্তৃতা করেন।

হাওড়ার নাগরিকদের সভা।

যুগান্তরের হাওড়া অফিস থেকে জানান হয়েছে যে, সোমবার হাওড়া টাউন হলে নাগরিকদের এক সভায় স্বাধীন বাংলাদেশের সংগ্রামী মানুষদের অভিনন্দন জানিয়ে তাঁদের প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করা হয়েছে। কেবল মাত্র সি-পি-এম ব্যতীত প্রায় সব দলই এই সভার উদ্যোক্তা ছিল। শ্রী সুরেশ্বর দত্তের পৌরোহিত্যে সম্পন্ন এই সভায় ইয়াহিয়া বর্বর অত্যাচারের প্রতিবাদ করে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে যোগদানের জন্য পশ্চিমবঙ্গ তথা ভারতের যুবশক্তির প্রতি আহ্বান জানানো হয়।

সর্বশ্রী অরবিন্দ ঘোষাল—ফঃ বঃ, সরদিন্দু শেঠ—কংগ্রেস সংগঠন, সর্দার আমজাদ আলী-বাং কং, প্রফুল্ল রায়—কং অমর মজুমদার —সি,পি,আই, শংকর বন্দোপাধ্যায় - কংগ্রেস সং, রামপ্রসাদ শর্মা,---পি-এস-পি, কৃষ্ণপদ রায় -কংশা, দিলীপ দাশ ও সুবোধ কর প্রভৃতি এই সভায় বক্তৃতা করেন।

হাওড়া ছাত্র মিছিল

আজ হাওড়া শহরের সব স্কুল কলেজের ছাত্রছাত্রীরা কালো ব্যাজ পরেন। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যায়। বিরাট এক ছাত্র মিছিল হাওড়া শহর পরিক্রমা করে স্বাধীন বাংলাদেশের মুক্তিফৌজকে অভিনন্দন জানায়। নরসিংহ দত্ত কলেজ, ব্যাঁটরা মধুসূদন পালচৌধুরী বিদ্যালয়, ব্যাঁটরা শিক্ষায়তন, রামকৃষ্ণ ইনষ্টিটিউট মিছিলের আয়োজন করে।

ছাত্ররা ব্যাঁটরা থানার সামনে পাক প্রেসিডেন্ট ইয়াহিয়া খাঁয়ের একটি কুশপুত্তলিকা দাহ করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
সারা বিশ্বের প্রতি পাকিস্তানের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর আহবান জানিয়ে গৃহীত শাসক কংগ্রেস নির্বাহী পরিষদের প্রস্তাব।	'শিকাগো সান টাইমস'	৩১ মার্চ, ১৯৭১

INDIA PARTY ASKS VOCAL SYMPATHY FOR E. PAKISTAN

NEW DELHI (AP).—Prime Minister Indira Gandhi's ruling Congress Party urged the people of India Sunday to lend their whole-hearted support to the East Pakistan independence movement.

But a resolution adopted unanimously by the Party's 700 national committee members avoided any commitment of direct aid to the East Pakistanis.

"What we are doing is to raise our voice in the capitals of the world and in the United Nations over the brutal massacre across our borders," Mrs. Gandhi said in rejecting demands from some delegates that India give arms to the East Pakistanis.

The Prime Minister also rejected criticism from President Agha Mohammad Yahya Khan's Government that India had no business commenting on the developments in East Pakistan.

"India has no desire to interfere in the internal affairs of another country", Mrs. Gandhi said. "But it cannot remain silent over the oppression and wanton killing across the border".

Calls for calm consideration

"What is happening there makes one angry, but one must get over this and consider things calmly. We should be careful that we do not say or do any thing that will only add to the suffering in East Bengal."

United News of India said in a despatch from the border town of krishnagar that Pakistani jet fighters violated India air space while bombing East Pakistani independence forces shortly before dawn Sunday. There was no confirmation from the Indian air force.

Radio Pakistan said India was flying additional border security forces from New Delhi to reinforce trops already along the border with East Pakistan. Indian Foreign Ministry sources denied any build-up, and added that the only function of the security forces was to insure that the border did not become vulnerable.

Foreign Minister Swaran Singh of India said the Pakistani government's claim that developments in its Eastern province were an internal matter could not be accepted by the world community. He proposed the party resolution.

'Our brethren and neighbours'

"For India, in particular, this is a matter of special concern," he said, "because the people against whom tanks and sophisticated weapons have been deployed

are our own brethren and our neighbours. We cannot remain unaffected by what happens there."

The Foreign Minister turned down demands from some delegates that India should grant immediate diplomatic recognition to an independent government of East Pakistan.

"There is an appropriate time for all such actions", he commented "If we hasten such actions, the very objective itself will get defeated I do not want it to become a matter of public debate or controversy".

The Congress Party resolution appealed to all nations to take "urgent and constructive steps to put an end to these inhuman atrocities".

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে কোলকাতায় ডাক্তারদের মিছিল।	দৈনিক 'যুগান্তর'	৩১ মার্চ, ১৯৭১

বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে ডাক্তারদের মিছিল

কলকাতা, ৩০শে মার্চ,–বাংলাদেশের মানুষদের নৃশংসভাবে হত্যা করার প্রতিবাদে আজ পাঁচ শতাধিক ডাক্তার ও মেডিকেল ছাত্র মৌন মিছিল করে কলকাতাস্থ পাকিস্তান হাই কমিশন অফিসে যান।

[illegible] কমিটির চেয়ারম্যান ডাঃ নরেশ ব্যানার্জীর নেতৃত্বে একদল প্রতিনিধি [illegible]। ডেপুটি হাইকমিশনারের হাতে এক স্মারকলিপি দেন।

স্মারকলিপিতে পশ্চিম পাকিস্তানী সৈন্য নিরস্ত্র মানুষদের বর্বরোচিতভাবে হত্যা করায় বিক্ষোভ জানানো হয়েছে। বলা হয়েছে যে, পাকিস্তানী সৈন্যরা হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান সহ অনেক সম্পত্তি নষ্ট করেছে। এতে সমগ্র বিশ্বের মানুষের মনে ঘৃণা জেগে উঠেছে। অবিলম্বে নিরীহ মানুষদের উপর আক্রমণ বন্ধ করতে হবে।

ডাক্তার ও ছাত্ররা বাংলাদেশের নিপীড়িত মানুষদের সেবা ও সাহায্য করতে সর্বসময় প্রস্তুত থাকছে বলে স্মারকলিপিতে উল্লেখ আছে।

— —

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের সমর্থনে সারা পশ্চিম বংগে হরতাল পালিত।	দৈনিক যুগান্তর,	১ এপ্রিল, ১৯৭১।

ওপারের লড়াই এপারের সমর্থন
সারা পশ্চিমবঙ্গ হরতালে সামিল
(ষ্টাফ রিপোর্টার)

কলকাতা ৩১ মার্চ—বাঙ্গলাদেশের মানুষের বিপ্লবাত্মক আন্দোলনের প্রতি সমর্থন, সহানুভূতি এবং একাত্মতা জানিয়ে পশ্চিম বাঙ্গলার মানুষ আজ স্বতঃস্ফূর্তভাবে সাধারণ ধর্মঘট ও হরতাল পালন করেছেন। জীবন-মরণ যুদ্ধে লিপ্ত ও বাঙ্গলার সাত কোটি মানুষের পাশে এসে দাঁড়িয়েছেন এ বাঙ্গলার পাঁচ কোটি বাঙ্গালী। তাঁদের [illegible] ব্যথিত, উদ্বেগ ও উৎকণ্ঠার ভাগীদার।

বাঙ্গলা বিভক্ত হবার পর এই প্রথম এ-বাঙ্গলার মানুষ ও-বাঙ্গলার বাঙ্গালীর প্রতি প্রকাশ্যে এবং গোটা [illegible] সহানুভূতি ও সমর্থন জানালেন।

দোকান-পাট, বাজার-হাট, কল-কারখানা বন্ধ রেখে, যানবাহন তুলে রেখে, সমস্ত অনুষ্ঠান বাতিল করে দিয়ে এ বাঙ্গলার বাঙ্গালী তাঁর একান্ত আপনজন ও বাঙ্গালার বাঙ্গালী বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধার নিদর্শনরূপে আজ 'শোকদিবস' পালন করে বর্বরতার বিরুদ্ধে তীব্র ধিক্কার ও ঘৃণা প্রকাশ করেছেন।

পরম আত্মীয়ের বিয়োগ ব্যথায় মহানগরীর সর্বত্র আজ কালো পতাকা। পথের মোড়ে মোড়ে শহীদ বেদী। শ্বেতশুভ্র শহীদ বেদীগুলি ধূপধূনা আর ফুলে ফুলে সাজানো।

শহীদ বেদীর পাশে অর্ধনমিত জাতীয় পতাকা। আর কালো পতাকা। নাগরিকদের বুকে কালো ব্যাজ। এই 'কালিমা' একাধারে প্রতিবাদ অন্যদিকে বিক্ষোভের। স্বাধিকার আন্দোলনে নিহত সৈনিকদের জন্য শোকের ছায়া সর্বত্র পরিব্যাপ্ত।

বাঙ্গালীর বাঁচার লড়াইর সমর্থনে এই শহরে সকালে এবং বিকালে অনেকগুলি প্রতিবাদ মিছিল ও বের হয়। মিছিলের আওয়াজ বাঙ্গালীর জয়ধ্বনি। উদ্যোক্তা বিভিন্ন রাজনৈতিক দল। কতকগুলি প্রতিষ্ঠানের পক্ষ থেকে শহরের নানান এলাকায় অর্থ সংগ্রহ অভিযানও শুরু হয়েছে। অর্থ সংগ্রহ অভিযানে মহিলারাও এগিয়ে আসেন।

বিনা হাঙ্গামায় এমন সর্বাত্মক ধর্মঘট কলকাতা ইতিপূর্বে খুব কমই প্রত্যক্ষ করেছে। দোকান-পাট বন্ধের জন্য এদিন কাউকে শাসাতে হয় নি। কিম্বা মিছিল নিয়ে গিয়ে বোমাও নিক্ষেপ করতে হয় নি। রেল লাইন অবরোধ করবার আগেই ট্রেন বন্ধ। লোক্যাল ট্রেন ত চলেই নি, দূর পাল্লার ট্রেনগুলি পর্য্যন্ত আজ এ রাজ্যে ঢোকেনি। হাওড়া—শিয়ালদা খাঁ খাঁ করছে। ষ্ট্যাণ্ডে রিকসা আছে—কিন্তু চালক নেই।

বন্দরেও একই দৃশ্য। দেশের অর্থনৈতিক কাঠামো যে কর্মবহুল বন্দর বাঁচিয়ে রাখছে সেই কোলাহলমুখর কলকাতা বন্দরেও আজ কোন সাড়াশব্দ নেই। সারি সারি জাহাজ দাঁড়িয়ে আছে, কোন কাজ হয় নি। শ্রমিকরা কাজ করেনি।

বিমান বন্দরে

দু'দিন আগে বিমান ধর্মঘট মিটেছে। কিন্তু বাংলাদেশে নিরস্ত্র মানুষের উপর জঙ্গীশাহীর বর্বরতার প্রতিবাদে বৈমানিকরা আজ বিমান চালায়নি। আনন্দানুষ্ঠান—সিনেমা, থিয়েটারগুলিও আজ পুরোপুরি বন্ধ ছিল।

বাংলাদেশের সার্বভৌম স্বাধীন রাষ্ট্রকে অবিলম্বে কূটনৈতিক স্বীকৃতি দেবার দাবীতে এবং বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের উপর জঙ্গীশাহীর বর্বর আক্রমণের প্রতিবাদে আজ পশ্চিম বাংলার এই ধর্মঘটের ডাক দিয়েছিলেন রাজ্যের রাজনৈতিক দলগুলি, বিভিন্ন ট্রেড ইউনিয়ন এবং ছাত্র সংগঠনগুলি।

এদিন সকাল থেকেই দফায় দফায় যুবকরা-ছাত্ররা শেখ মুজিবরের জয়ধ্বনি দিতে দিতে পাকিস্তান ডেপুটি হাইকমিশন অফিসে এসে জঙ্গীশাহীর বিরুদ্ধে বিক্ষোভ জানান। একদল যুবক এবং ছাত্র বার ঘন্টার জন্য অনশন ধর্মঘট শুরু করেছেন এই অফিসের সামনে।

উত্তর থেকে দক্ষিণে, পূব থেকে পশ্চিমে সর্বত্র ঘুরেছি আজকের ধর্মঘট নিয়ে কোথাও কোন হাঙ্গামার খবর পাই নি। বেলেঘাটা, শোভাবাজার, দমদম, জোড়াবাগান, বরানগর ইত্যাদি অশান্ত এলাকাগুলিও বাংলাদেশের স্বাধিকার প্রতিষ্ঠা আন্দোলনের সমর্থনে এদিন শান্ত ছিল। পথের মোড়ে মোড়ে যুবকদের জটলা এ দৃশ্য বরানগরীর সর্বত্র।

রাজপথগুলি খালি পেয়ে ফুটবল হকি এমনকি ডাণ্ডাগুলি খেলোয়াড়েরা তা দখল করে নেয়।

দক্ষিণের কয়েকটি স্থানে দেখলাম শহীদ বেদীর সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতি। হাত দিয়ে তিনি নির্দেশ দিচ্ছেন—তার নীচে লেখা 'এত তাজা প্রাণ বলি হচ্ছে, তবু দুর্গম যাত্রাপথে কোন বাধা মানব না।' কোথাও কোথাও বাড়ীর শীর্ষেও অর্ধনমিত জাতীয় পতাকার সঙ্গে কালো পতাকা উড়তে দেখা যায়। সরকারী, আধা-সরকারী, বেসরকারী অফিসে, কল-কারখানায় সর্বত্র তালাবন্ধ।

যুব কংগ্রেসের অনশন

স্বাধীন বাংলাদেশের মানুষের উপর পাক সেনাবাহিনীর অত্যাচারের প্রতিবাদে এন্টালী যুব কংগ্রেসের উদ্যোগে সিডল রোড ও সি, আই, টি, রোডে এবং এন্টালী মার্কেটের কাছে ১২ ঘণ্টার জন্য অনশন পালন করা হয়।

হাওড়ায় হরতাল

হাওড়া শহর ও গ্রামাঞ্চলে আজ স্বতঃস্ফূর্ত হরতাল পালিত হয়। ট্রাম, বাস, ট্রেন ও অন্য যানবাহন বন্ধ ছিল। বিনা পিকেটিং-এ হরতালের দিন হাওড়ায় কল-কারখানা বন্ধ হওয়ার ঘটনা এই প্রথম।

পাকিস্তান সৈন্য বাহিনীর অত্যাচারের প্রতিবাদে শহরে ২৩টি বড় বড় মিছিল এবং উত্তর হাওড়া ও শিবপুরে শাসক কংগ্রেসের উদ্যোগে দুটি বড় জনসভা বাংলা দেশের মুক্তিফৌজকে অভিনন্দন জানায়।

সারা পশ্চিম বঙ্গে হরতাল

আবেগ মথিত হৃদয়ে ও বাজনার মানুষের সঙ্গে এ-বাজনার মানুষ ধ্বনি তুলেছেন 'শহীদের রক্ত তারা বৃথা যেতে দেবে না'।

উত্তরে দার্জিলিং থেকে দক্ষিণে বঙ্গোপসাগর পর্যন্ত গোটা পশ্চিম বাঙলায় আজ সফল ধর্মঘট ও হরতাল পালিত হওয়ায় রাজ্যের রাজনৈতিক দল, ট্রেড ইউনিয়ন সংস্থা, ছাত্র-শিক্ষক-যুব এবং মহিলা সংগঠনগুলিও বুদ্ধিজীবী সংস্থাগুলির পক্ষ থেকে আলাদা আলাদা বিবৃতিতে এবাঙলার সংগ্রামী মানুষকে অভিনন্দন জানিয়েছেন।

যাঁরা বিবৃতি পাঠিয়েছেন: সি-পি-এম, সি-পি-আই, ছয় পার্টির আহ্বায়ক, বিদ্রোহী পি-এস-পি, ভারতীয় বলশেভিক পার্টি, সারা বাংলা প্রাথমিক শিক্ষক সমিতি, পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি, দুই ছাত্র ফেডারেশন, পি-এস-ইউ, ডি-এস-ও, এস-ইউ-সি, আর-এস-পি, ইউ-টি-ইউ,সি, ক্যালকাটা প্রেস ওয়ার্কস ইউনিয়ন, নিখিল-বঙ্গ মহিলা সংঘ,পশ্চিম বঙ্গ নার্সেস ক্যাডার্স এসোসিয়েশন, ইউ-টি-ইউ-সি, সারা বাংলা মাধ্যমিক শিক্ষক সমিতি, বিপ্লবী যুব সংস্থা, ইউনাইটেড কিসাণ সভা, হাইকোর্টের বার এসোসিয়েশন—ইত্যাদি।

মহিলাদের সভা

বাংলাদেশের মুক্তি সংগ্রামের সমর্থনে ১লা এপ্রিল বিকাল ৫টায় ইণ্ডিয়ান এ্যাসোসিয়েশন হলে ভারতীয় মহিলা ফেডারেশনের উদ্যোগে মহিলাদের এক সভা হবে।

আরো যাঁরা বিবৃতি দিয়েছেন—ফরোয়ার্ড ব্লক, এস-এস-পি, ছাত্র পরিষদ, মানিকতলা গভ: হাউসিং এষ্টেট, টেনেন্টস এসোসিয়েশন, লেখক, শিল্পী-শিক্ষাব্রতী, ও সমাজকর্মী সংঘ যুব কংগ্রেস।

———

শিরোনাম	সূত্র	তারিখ
স্বীকৃতিদানের আহবান জানিয়ে প্রকাশিত সম্পাদকীয়: অবিলম্বে স্বীকৃতি দিন	"দৈনিক আনন্দবাজার" (সম্পাদকীয়)	৩ এপ্রিল, ১৯৭১।

অবিলম্বে স্বীকৃতি দিন

এই চ্যালেঞ্জ কাহার প্রতি? পূর্ব বংগ বা 'বাংলা দেশের কোটি কোটি সাধারণ মানুষের? সে তো নিশ্চয়ই। মরণপণ এক সংগ্রামে তাঁহারা জড়াইয়া পড়িয়াছেন। সভ্যতার ইতিহাসে চরম এক সংকটের, ভয়ংকর এক দুর্যোগের সাত-সাতটা দিন পার হইয়া গেল, তাঁহাদের অগ্নি পরীক্ষার এখনও শেষ নাই। সেই আগুনে কত জনপথ পুড়িয়া ছাই হইল, ওই বাংলার নদী-অপমান মৃত প্রান্তর ছারেখারে গেল, বীরের রক্তস্রোত, অশ্রু ধারার সংগে মিশিয়া লবনাক্ত মোহনার পর মোহনার দিকে বহিয়া গেল, কিন্তু কী আশ্চর্য বাহির বিশ্বের কাহারো যেন তন্দ্রা আজও ছুটিল না।

অথচ এাবহমান কালে ইতিহাসে এমন দৃশ্য কোথাও দেখা গিয়াছে কিনা সন্দেহ। একটা জোড়াতালি রাষ্ট্রের মাইনরিটি মেজরিটিকে পায়ের তলায় থেঁতলাইয়া দিতে চায় শুধু তাহা না, দরকার হইলে গোটা একটা মানবগোষ্ঠীকে তাহারা উৎসাদন করিবে, এই তাহাদের আস্ফালন। নতুবা পশ্চিম পাক, ফৌজ কীসের আশায় ওখানে চড়াও হইয়াছে, তাহার অন্য কোনও ব্যাখ্যা হয় না। একটা জাতীকে বিলকুল কোৎল করিয়া নূতন পত্তনি স্থাপন না করিলে তো তাদের মতলব হাসিল হয় না। পারিবে কি পারিবে না সেটা স্বতন্ত্র প্রশ্ন। তবে ইহা ঠিক, তুড়ি মারিয়া সব ঠাণ্ডা করার—কেল্লাফতে করার —লড়াই ইহা নয়।

সবচেয়ে লজ্জার কথা এই—বাহিরের গোটা দুনিয়ায় যেন ঠুঁটো বক্ক, অপ্রকাশিত দিকে চুপ করিয়া সব দেখিতেছে। হতমান, হতবল ব্রিটেনের কথা না বলাই ভাল—তথাকথিত কমন ওয়েলথের একটি দেশের দুই ভাগে যুদ্ধ। ব্রিটেন অতএব পড়িয়াছে উভয় সংকটে। আর এক মুরুব্বী আমেরিকা এখনও সুযোগ সন্ধানী বেড়ার উপর বসিয়া, নিজেদের দেশের বাঁশি বাজাইতেছে। নীরো ইহার চেয়ে বড় অপরাধ করেন নাই। রুশ আচরণের সংগে ওই দেশের ঐতিহ্যের মিল আছে। কী করিয়াছিলেন ষ্টালিন, ত্রিশের দশকে স্পেনের প্রজাতন্ত্রী বাহিনী যখন জবরদস্ত হুকুমতের সংগে লড়াই করে? পিকিংয়ের কথা না তোলাই ভাল। পিণ্ডিচক্রের সংগে তার দোস্তি সুবিদিত। আর রাষ্ট্রপুঞ্জের নায়ক প্রগতিবাদী শ্রীযুক্ত উথান্ট? হস্তক্ষেপ দূরে থাক, তিনি মানবতার তাগিদে আন্তর্জাতিক রেডক্রসকে নিয়ে এগুতে দিতে চান না —বরাত দিয়েছেন ভারতকে কি গণতন্ত্রের, কি সমাজতন্ত্রের ধ্বজাধারী—সব পুরোহিতই নির্বাক।

আরও চমকপ্রদ ছোটখাট প্রতিবেশী বা কাছাকাছি দেশগুলির ভূমিকা। ভারতের উপর দিয়া বন্ধ আকাশপথটি ঘুরপথে খোলা রাখার সব রকম সুবন্দোবস্ত করিয়া দিয়াছে বামপন্থী রাষ্ট্র সিংহল। সেখানকার অধিনেত্রী শ্রীমতি বন্দরনায়েককে "মা" বলিয়া ডাকা, নৈতিক ও কূটনৈতিক চাপ, কিছুতেই সিংহলের মন টলে নাই। শতাধিক বিমান এযাবৎ পূর্ব বংগ হইতে পশ্চিমে ফেরার পথে সিংহলে নামিয়াছে। কিন্তু পশ্চিম হইতে রোজ কত জেট গিয়াছে পূর্বে তাহার নাকি কোন সরকারী হিসাব নাই। আর বর্মার নে উইন-সরকার পাক জাহাজকে তেল দিতেছেন। তেল দেওয়াটা আক্ষরিক ও রূপক উভয় অর্থে। এবং শ্রী নে উইনও নাকি সমাজতন্ত্রী। "বাংলা দেশ" সরকার করুণ আবেদন জানাইয়াছেন বিশ্বকে "পশ্চিম পাকিস্তানকে আর মারণাস্ত্র জোগাই-বেন না। আপনাদের নিকট হইতে পাওয়া আয়ুধে উহারা আমাদেরই মারিতেছে।"

বৃথা এ ক্রন্দন। সব কর্ণ বধির কেহ শুনিবে না। সব চক্ষুর মন জানে, রুটির কোন্ দিকটায় মাখন-মাখানো। অতএব বিশেষ দায় আসিয়া পড়িতেছে ভারতেরই উপর। এ দায় নৈতিক এ দায় মানবিক। এদেশে হৃদয়াবেগের বান ডাকিয়াছে ঠিকই কিন্তু ওদেশে যে বান ডাকিয়াছে রক্তের। অতীতে এই ভারতই আফ্রো-এশিয়ার হইয়া পিসীমার ভূমিকা অনেক লইয়াছে, কিন্তু বিনিময়ে পাইয়াছে গলাধাক্কা— অন্ততঃ কোনায়। আরবদের হইয়া গলা ফাটাইয়া ইজরাইলকে আসামী বানাইয়াছে, অথচ কাশ্মীরের ব্যাপারে এক ছটাক আরব নেক নজরও কুড়াইতে পারে নাই। এবার যাহা ঘটিতেছে, তাহা কিন্তু ভারতেরই দ্বারপান্তে। ঝাপটা ঝটকা সব এই দেশের গায়েই লাগিবে। যদি—যদির কথা বলিতেছি—"বাংলা দেশের প্রজ্বলিত প্রাণাগ্নি নিবু-নিবু হয় তবে দলে দলে হিন্দু মুসলমান নির্বিশেষে বিপন্ন বিতাড়িত মানুষের জোয়ার এ দেশের তটে আছড়াইয়া পড়ে ঠেকাইবে কে? প্রশ্নটা তাই ভারতের পক্ষে শুধু মানবতার নয়—আত্মরক্ষার। ওখানকার সংগ্রাম আমাদেরও সংগ্রাম।

ওই দেশের অগনিত মানুষ আজ বড় আশায় এ দেশের দিকে চাহিয়া আছে। আমরা কী দিব তাহাদের কী দিতে পারি? শুধু মামুলী বিলিফ নয়। সেটা এই পরিস্থিতিতে যাহারা রুটি চায় তাহাদের পাথর মালিয়া ফিরাইয়া দেওয়ার মতন। এমনকি শুধু হাল্কা হাতিয়ারে কুলাইবে না। রণাংগনের শেষের দিকটার রিপোর্টে ক্রমশ: স্পষ্ট হইয়া উঠিতেছে যে, "বাংলা দেশের" মুক্তিফৌজের সব আছে—বীরত্ব সাহস ইত্যাদি সব কিছু—কিন্তু শুধু সাহস, এমন কী শুধু শত-সহস্র নরবলি ডালি দিয়াও এ যুগের যুদ্ধ শেষ পর্যন্ত হয়তো জেতা যায় না। ভারী অস্ত্র এবং মাথার উপর "বিমানছত্র" চাই। ওই একটি বিষয় বাংলার মুক্তি-ফৌজ আজও অসহায় হইয়া আছে, বিপক্ষ তাহার পূর্ণ সুযোগ লইতেছে। জেনারেল মনসুন কবে দেখা দিবেন কে জানে, তাহার আগে বাংলাকে বাঁচানো চাই—বাঁচানোর উপকরণ সরবরাহ একান্ত জরুরী। যতটা তাহাদের স্বার্থে ততটা আমাদেরও। যদি কূটনৈতিক কলংকের ভয়টাই বাধা হইয়া থাকে তবে সেটাকেও দূর করার সোজা রাস্তা আছে—সে-রাস্তা লওয়ার বিস্তর ঐতিহাসিক নজিরও বর্তমান ও বিদ্যমান—অস্থায়ী "বাংলাদেশ" সরকারকে অবিলম্বে স্বীকৃতি।

শিরোনাম	সূত্র	তারিখ
পশ্চিম বঙ্গের মুখ্য মন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের সাহায্যে 'মুক্তি সংগ্রাম সহায়ক সমিতি' গঠিত	দৈনিক যুগান্তর'	৬ এপ্রিল, ১৯৭১

মুক্তি সংগ্রাম সহায়ক সমিতি

সর্ববিধ সাহায্যের ব্যাপক ব্যবস্থা

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ৫ই এপ্রিল—বাংলাদেশ মুক্তি সংগ্রাম সহায়ক সমিতি আগামী রবিবার, ১১ই এপ্রিল, সন্ধ্যা সাড়ে পাঁচটায় যে জনসভা ডেকেছেন, বাংলাদেশের মুক্তি ফৌজের কয়েকজন নেতা তাতে বক্তৃতা করতে চেয়েছেন। সমিতির সভাপতি শ্রীঅজয় মুখোপাধ্যায় ঐ জনসভায় সভাপতিত্ব করবেন।

ঐদিন সকালে সমিতির চাঁদা সংগ্রহের জন্য দক্ষিণ ও উত্তর কলকাতা থেকে দুটি মিছিল বার হবে। মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রী এই দুটি মিছিল পরিচালনা করবেন। বিশিষ্ট শিল্পী, ক্রীড়াবিদ, সাহিত্যিক, সাংবাদিক ও বুদ্ধিজীবিরা এই মিছিলে থাকিবেন। একটি মিছিল শ্যামবাজার পাঁচ মাথা থেকে সুবোধ মল্লিক স্কোয়ার এবং অন্যটি গড়িয়াহাট থেকে চৌরংগীর দিকে যাবে।

আজ সমিতির এক জরুরী বৈঠকের পর সভাপতি শ্রীঅজয় মুখোপাধ্যায় সাংবাদিকদের জানান তাঁরা কৌটো করে চাঁদা সংগ্রহ পছন্দ করে না। এভাবে সংগৃহীত অর্থের অপব্যয় হতে পারে। তাঁরা চান দাতারা মনিঅর্ডার অথবা চেকে অর্থ পাঠান। ৩৪নং ইণ্ডিয়ান মিরার ষ্ট্রীট (ফোন ২৪-২০২০) তাঁদের অফিস খোলা হয়েছে। সেখানে রসিদ দিয়ে দান গ্রহণ করা হবে।

নির্ধারিত কোন দিন কৌটো করে চাঁদা সংগ্রহ করা হলে আগে তা সংবাদপত্রের মাধ্যমে জানান হবে। রবিবার এইভাবে চাঁদা সংগৃহীত হবে।

শ্রীমুখোপাধ্যায় জানান, তাঁরা রাজ্যের জনসাধারণের কাছ থেকে অর্থ ও অন্যান্য দ্রব্য সামগ্রী সংগ্রহ করবেন। মুক্তি সংগ্রামীদের জন্য প্রয়োজনীয় ঔষধ, চিকিৎসার যন্ত্রপাতি, পথ্য প্রভৃতির ব্যবস্থা করবেন এবং চিকিৎসকদের দ্বারা সাহায্য দেবেন। আহত মুক্তি সংগ্রামীদের জন্য রক্ত (প্লাজমা) সংগ্রহ করবেন। সীমান্ত এলাকায় চিকিৎসার জন্য মেডিক্যাল ইউনিট স্থাপন করবেন। মুক্তি সংগ্রামীদের জন্য প্রয়োজনীয় খাদ্য বস্ত্র প্রভৃতি প্রেরণ করবেন। বাংলাদেশ থেকে যাঁরা সীমান্তের এপারে চলে আসতে বাধ্য হবেন তাঁদের সর্বতোভাবে সাহায্য করবেন। স্বেচ্ছা-সেবক সংগ্রহ করবেন এবং বাংলাদেশের প্রকৃত ঘটনা এবং পাকিস্তানী সামরিক চক্রের পৈশাচিক নির্যাতনের কাহিনী সংগ্রহ করে তা প্রচারের ব্যবস্থা করবেন।

২। সহায়ক সমিতির আজকের সভায় গৃহীত এক প্রস্তাবে বাংলা দেশের জনসাধারণকে তাঁদের বীরত্বপূর্ণ সংগ্রামের জন্য অভিনন্দন জানান হয় এবং পাকিস্তানী সামরিক চক্রের দ্বারা সংগঠিত গণহত্যা ও নির্যাতনের তীব্র নিন্দা করা হয়।

প্রস্তাবে অবিলম্বে স্বাধীন সার্বভৌম প্রজাতন্ত্র বাংলাদেশকে স্বীকৃতি দেবার জন্য ভারতের কেন্দ্রীয় সরকারের নিকট দাবী জানানো হয়েছে এবং বাংলাদেশে পাকিস্তানী সৈন্যবাহিনীর

গণহত্যা ও নির্মম অত্যাচার বন্ধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে রাষ্ট্রসংগকে অনুরোধ করার জন্য এবং এই ব্যাপারে বিশ্বের সকল রাষ্ট্র বিশেষ করে আফ্রো-এশীয় রাষ্ট্রগুলি যাতে উদ্যোগী হয় তার জন্য কেন্দ্রীয় সরকারকে সচেষ্ট হতে অনুরোধ করা হয়।

মুক্তি যোদ্ধাদের সমর্থন

বাংলা দেশের মুক্তিযোদ্ধাদের সমর্থনে তাঁদের সর্বতোভাবে সাহায্যর আবেদন জানিয়ে এবং বাংলাদেশের সরকারকে স্বীকৃতি দানের দাবী জানিয়ে এই রাজ্যের বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে বিবৃতি দেওয়া হয়েছে।

ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন রাজ্য শাখা রক্ত দানের ডাক দিয়েছেন।

ইনষ্টিটিউট অফ এশিয়ান এ্যাণ্ড আফ্রিকান রিলেশনস্-এর এক সভায় বাংলাদেশে পাকিস্তান সামরিক বাহিনী যে গণহত্যা চালাচ্ছে আজ তার নিন্দা করা হয়েছে।

কলকাতা বন্দরের শ্রমিক, জাহাজের মালিক, নিয়োগকর্তা, অফিসার এবং কর্মীদের এক সভায় আজ বাংলাদেশের মুক্তি যোদ্ধাদের সর্বতোভাবে সাহায্যদানের প্রস্তাব গৃহীত হয়। পোর্ট কমিশনারসের চেয়ারম্যান শ্রী কে কে রায় সভাপতিত্ব করেন।

ব্যাংক কর্মীরা একদিনের বেতন দিয়ে মুক্তি যোদ্ধাদের সাহায্য করবেন বলে বংগীয় প্রাদেশিক ব্যাংক কর্মী এসোসিয়েশন এক বিবৃতিতে বলেছে।

বাংলাদেশের মুক্তি যোদ্ধাদের সমর্থনে কলকাতা পোর্ট শ্রমিক ইউনিয়ন সামিল হয়েছে।

কলকাতার একদল মেডিক্যাল ছাত্র চুয়াডাংগা-দর্শনায় মেডিক্যাল মিশনে গিয়েছিল। তাঁদের মারফৎ চুয়াডাংগা মহকুমা আওয়ামী লীগের সম্পাদক মোহাম্মদ তাহের উদ্দিন একটি লিখিত পত্রে এ বাঙলার সংগ্রামী যুব-ছাত্রদের কাছে সকল প্রকার সাহায্যের আবেদন জানিয়েছেন। বাঙলাদেশের মুক্তি সংগ্রামকে সফল করার উদ্দেশ্যে চাই সহযোগিতা।

শিরোনাম	সূত্র	তারিখ
সাহায্যের আহ্বান জানিয়ে শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী সমিতির বিবৃতি।	দৈনিক 'যুগান্তর'	৮ এপ্রিল, ১৯৭১

বাংলাদেশের সাহায্যে শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী সমিতির আবেদন

বাংলাদেশ-সহায়ক শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী সমিতি নামে একটি সংস্থা সম্প্রতি গঠিত হয়েছে। ঐ সমিতির সভাপতি নির্বাচিত হয়েছেন শ্রী তারাশংকর বন্দোপাধ্যায়, এবং সম্পাদক হিসেবে আছেন, শ্রীমণিন্দ্র রায়, শ্রীনীরেন্দ্রনাথ চক্রবর্তী ও শ্রীদীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। সমিতির কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন ডাঃ মণীন্দ্রলাল বিশ্বাস এবং সহ-সভাপতিমণ্ডলীতে আছেন-সর্বশ্রী অজিত দত্ত, অন্নদা শংকর রায়, অমলাশংকর, উদয়শংকর, জ্ঞানপ্রকাশ ঘোষ, গোপাল হালদার, জ্যোতি দাশগুপ্ত, দক্ষিণারঞ্জন বসু, ডাঃ নীহার কুমার মুন্সী, প্রেমেন্দ্র মিত্র, বিষ্ণু দে, বিবেকানন্দ মুখোপাধ্যায়, মনোজ বসু, মন্মথ রায়, শম্ভু মিত্র, সন্তোষকুমার ঘোষ, সরযুবালা দেবী, সুচিত্রা মিত্র, সুভাষ মুখোপাধ্যায়, সুশোভন সরকার এবং হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

সমিতির পক্ষ থেকে বাংলাদেশের বর্তমান যুদ্ধ-পরিস্থিতি সম্পর্কে নিম্নলিখিত আবেদন প্রচার করা হয়েছে:-

ইয়াহিয়া ও তার বর্বর সামরিক চক্র বাংলাদেশের গণতান্ত্রিক চেতনা, স্বাধিকারবোধ ও মানবিক মর্যাদার পবিত্র অনুভবকে ট্যাংকের চাকায় পিষে ফেলতে চাইছে। প্রকৃতির আশীর্বাদ, কবির স্বপ্ন নদী-মেখলা-শোভিতা এই শ্যামল ভূখণ্ড ও তার সাড়ে সাত কোটি মানব সন্তানকে আধুনিকতম মারণাস্ত্রের সাহায্যে একদল নরপিশাচ ঝলসে মারতে চায়।

নাপাম বোমার আগুনে তারা সভ্যতা ও সংস্কৃতির প্রাচীন নিদর্শনগুলি, বহু স্মৃতি ঘেরা জনবসতি অঞ্চল, এমন কি গায়ের সবুজ মাটিকে পর্যন্ত পুড়িয়ে দিচ্ছে। গোটা জাতির স্বপ্ন, শ্রম আর সম্পদে নির্মিত সেতু, বাঁধ ও প্রকল্পগুলিকে তারা বেছে বেছে ধ্বংস করছে। সারস্বত-সাধনার পীঠস্থান ঢাকা বিশ্ববিদ্যালয়কে এই জংগী চক্র কামান দেগে মাটিতে মিশিয়ে দিয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়, রংপুরের বিখ্যাত কার মাইকেল কলেজ এবং বিভিন্ন অঞ্চলের মূল্যবান গ্রন্থাগার ও গবেষণাগার ঘাতকরা ধ্বংস করেছে। সংবাদপত্রের কার্যালয়কে নিশ্চিহ্ন করা হয়েছে। বোমা ফেলে মর্টার ছুড়ে হাসপাতাল ভবনে জ্বেলেছে নরকের ভয়াবহ আগুন। মন্দির-মসজিদ-চার্চের পবিত্রতাটুকুও ঐ যুদ্ধোন্মাদ রাক্ষসদের নখ এবং দাঁতের কামড় থেকে রক্ষা পায়নি।

হত্যা ও রক্তের নেশায় জংগী ইয়াহিয়া চক্র উন্মাদ হয়ে গেছে। খবর এসেছে কয়েক লক্ষ লোক মারা গিয়েছে—নিজের দেশে মানুষের অধিকারে মায়ের ভাষায়, কথা বলে যারা শান্তিতে বাঁচতে চেয়েছিল। অতর্কিত আক্রমণের শিকার, কামানের খোরাক, কয়েক লক্ষ অমৃতের সন্তান পচা গলা শবদেহ হয়ে শহরে বন্দরে গ্রামে শকুনির খাদ্য হচ্ছে। তাদের কবর দেবার, দাহ করবার কোন ব্যবস্থা হয়নি। ইয়াহিয়ার উদ্যত সংগীন কয়েক লক্ষ শবদেহকে নিয়ত পাহারা দিচ্ছে, দেশবাসী যাতে শহীদদের প্রাপ্য মর্যাদাটুকু দিতে না পারে।

নর-নারী শিশু-বৃদ্ধ. কে মরেনি? শ্রমিক কৃষক বুদ্ধিজীবী চাকুরে ব্যবসায়ী—কে মরেনি? শিল্পী, সাহিত্যিক সংবাদিক অধ্যাপক, কে মরেনি?

দানবরা মায়ের দুই স্তন কর্তন করে রক্তের উচ্ছ্বসিত ফোয়ারার মধ্যে অবোধ শিশুর মুখ চেপে ধরেছে। আড়াই বৎসরের বাচ্চাকে বাবামের সামনে দাঁড় করিয়ে গোলা ছুড়েছে। ইজ্জত লুঠ করে তারপর বাংলাদেশের মা ও বোনদের সংগীন দিয়ে খুচিয়ে মেরেছে। কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের মহান আচার্যদের সারিবন্দি দাঁড় করিয়ে গুলি ছুঁড়েছে। হাসপাতালের প্রত্যেকটি রোগীকে গুণে গুণে খুন করেছে।

কিন্তু নতুন মর্যাদাবোধে উদ্বুদ্ধ সত্য ও সুন্দরের উপাসক বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ মৃত্যুঞ্জয় প্রতিরোধে রুখে দাঁড়িয়েছে। বীর রোশেনারা যেমন বুকে মাইন বেঁধে জল্লাদের ট্যাংকের ওপর ঝাঁপিয়ে পড়ে নিজের কিশোরী দেহের সংগে একটা আস্ত প্যাটন ট্যাংককেই ছিন্নভিন্ন করে দিয়েছে। মুক্তিযোদ্ধারা ফৌজীদের হাত থেকে একের পর এক ঘাঁটি কেড়ে নিচ্ছে। গোটা বাংলাদেশ আজ একটি অস্তিত্ব হয়ে মুক্তিযুদ্ধ করছে। বাংলা-দেশ জিতছে।

পশ্চিম বংগের শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী আমরা, রবীন্দ্রনাথের উত্তর পুরুষ আমরা, এই ঐতিহাসিক মুহূর্তে নীরব বা নিষ্ক্রিয় থাকতে পারি না। আমরা ভুলিনি স্পেনের গৃহযুদ্ধে রবীন্দ্র-নাথ এবং ভারতবর্ষের ভূমিকা। আমরা আমাদের মহান ঐতিহ্যকে কিছুতেই ভুলতে পারি না।

তাই আমরা 'বাংলাদেশ-সহায়ক শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী সমিতি' গঠন করেছি।

আমাদের নিজ নিজ ক্ষেত্র ও নিজ নিজ সৃষ্টির মধ্য দিয়ে আমরা এক ভাবগত আন্দোলন গড়ে তুলতে চাই। আমরা চাই শুধু পশ্চিম বংগ নয়, শুধু ভারতবর্ষ নয়, গোটা পৃথিবীর গণতান্ত্রিক চেতনা ও মানবিক শুভবুদ্ধি বাংলাদেশের নবজাত সরকারকে অবিলম্বে স্বীকৃতি দেওয়ার এবং সর্ববিধ সাহায্য নিয়ে তার পাশে এসে দাঁড়ানোর জন্য এক ঐক্যবদ্ধ সংগ্রাম শুরু করুক।

সেই সংগে আমরা বিপন্ন মানবতার পক্ষে বাস্তব ও প্রত্যক্ষ সাহায্যও সংগ্রহ করতে চাই। সীমান্তের ওপারে এই মুহূর্তে দরকার ঔষুধ, চিকিৎসার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, গুঁড়ো দুধ ও বিস্কুট জাতীয় শুকনো খাদ্য। আর তা কেনার জন্য দরকার টাকা পয়সা।

পশ্চিম বংগের মানুষ। রাজপথ, বস্তি, কুটির অথবা অট্টালিকা—যেখানেই আপনি বাস করুন, অবিলম্বে আপনার যতখানি সামর্থ্য তার থেকেও বেশি সাহায্য নিয়ে এগিয়ে আসুন। ১৪৪ লেনিন সরণি, কলকাতা-১৩ (টেলিফোন: ২৪-৩৯৩০)—এই ঠিকানায় সমিতির কার্যালয়ে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত উপযুক্ত রসিদের বিনিময়ে আপনার সাহায্য ধন্যবাদের সংগে গৃহীত হবে।

সীমান্তের ওপারে এই মুহূর্তে দরকার রক্ত। পশ্চিমবংগের মানুষ রাজপথ, বস্তি, কুটির অথবা অট্টালিকা —যেখানেই আপনি বাস করুন অবিলম্বে ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশনের কার্যালয়ে (৬৪ লেনিন সরণি, কলকাতা-১৩। সময়: বেলা ২টো থেকে ৬টা) গিয়ে রক্ত দান করুন। আপনার এই ভালবাসা কৃতজ্ঞতার সংগে গৃহীত হবে।

পশ্চিম বংগের মানুষ—বাংলাদেশের আহ্বানে সাড়া দিন। সেই শিশুটিকে স্মরণ করুন—মায়ের বুকের রক্তের ফোয়ারায় যার মুখ গুজে ধরা হয়েছিল। ওর খাদ্য দরকার। সেই জননীকে স্মরণ করুন—পশুরা যার অংগচ্ছেদ ঘটিয়েছে। মা-র চিকিৎসার দরকার। সেই কিশোরটির কথা স্মরণ করুন—ক্রাচে আহত যে-বীর ক্যাম্পে শুয়ে আছে দুই চোখে অধীর প্রত্যাশা নিয়ে যে তাকিয়ে আছে আপনার দিকে, পশ্চিমবংগের দিকে। ওর রক্ত দরকার পশ্চিমবংগের মানুষ আপনি যেই হোন, যেখানেই থাকুন, একবার বিপন্ন বাংলাদেশের কথা ভাবুন। তার দরকার টাকা। কারণ ঔষুধ আর খাদ্য কিনতে হবে।

আমাদের মনুষ্যত্ব জাগ্রত হোক। আমাদের বিবেক শুভবুদ্ধির আহ্বানে সাড়া দিক। যেন ভুলে না যাই ইতিহাসের অগ্নি-পরীক্ষায় আমাদেরও উত্তীর্ণ হতে হবে।

শিরোনাম।	সূত্র।	তারিখ।
বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে কোলকাতায় অধ্যাপকদের বিক্ষোভ মিছিল।	দৈনিক 'যুগান্তর'	৯ এপ্রিল, ১৯৭১

বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে

অধ্যাপকদের বিক্ষোভ মিছিল

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ৮ই এপ্রিল–পরাস্ত যেসাবাল ইয়াহিয়ার সৈন্যরা বাংলা দেশে যে বেপরোয়া গণহত্যা চালাচ্ছে তার প্রতিবাদে আজ পশ্চিম বাংলার অধ্যাপকরা মহানগরীতে একটি বিক্ষোভ মিছিল বের করেন। তার আগে রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে একটি প্রতিবাদ সভাও হয়।

সভার পর রাজ্যের অধ্যাপকদের বিক্ষোভ মিছিল বিভিন্ন পথ পরিক্রমা করে পাকিস্তান ডেপুটি হাইকমিশন এবং পরে বর্মার দূতাবাসের সামনে যায়। অধ্যাপক সমিতির পক্ষ থেকে দুই দূতাবাসের প্রতিনিধিদের উদ্দেশ্যে দুটি স্মারকলিপি প্রদান করা হয়।

স্মারকলিপিতে বাংলা দেশের স্বাধিকার প্রতিষ্ঠা আন্দোলনের প্রতি পূর্ণ সমর্থন জানান হয়।

শিক্ষক সমিতি

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি, পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি বাংলা দেশের সাহায্যে দেশবাসীকে এগিয়ে আসতে আহ্বান জানিয়েছেন।

শিরোনাম।	সূত্র।	তারিখ।
কোলকাতায় ছাত্র যুবকদের বিক্ষোভ মিছিল।	দৈনিক 'যুগান্তর'	১১ এপ্রিল, ১৯৭১।

কলকাতায় মিছিল: পাক জঙ্গীশাহীর বিরুদ্ধে ধিক্কার

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ১০ই এপ্রিল-বাঙ্গলাদেশে স্বাধিকার প্রতিষ্ঠা আন্দোলনে অদম্য মুজিব সেনাদের জয়ধ্বনিতে আর মরীয়া জঙ্গীশাহীর বেপরোয়া হত্যালীলা ও বর্বরোচিত অত্যাচারের বিরুদ্ধে ঘৃণায় ধিক্কারে এই শহরের রাজপথ আজ মুখরিত ছিল।

বঙ্গীয় প্রাদেশিক ছাত্র ফেডারেশন এবং গণতান্ত্রিক যুব ফেডারেশনের ডাকে এদিন ছাত্র-যুবকরা মহানগরীর পথে পথে বিক্ষোভ মিছিল করে।

তার আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের লনে এক বিরাট সমাবেশে একটি প্রস্তাব নেওয়া হয়েছে।

প্রস্তাবে দাবী জানান হয়েছে বাঙ্গলাদেশের স্বাধীন সরকারকে স্বীকৃতি দিতে হবে। অস্ত্র সহ মুক্তি যোদ্ধাদের সমস্ত রকম সাহায্য পাঠান হোক সীমান্তের বেড়া তুলে দিয়ে মুক্তি সংগ্রামকে সাহায্য করা হোক।

প্রস্তাবে আরও বলা হয়েছে যে, ইয়াহিয়া খাঁর নেতৃত্বে পাকিস্তানের জঙ্গী শাসকচক্র একদিকে যেমন মার্কিন, অস্ত্রগুলি ব্যবহার করছে বাঙ্গলাদেশের জনসাধারণের বিরুদ্ধে। অপর দিকে সমাজতান্ত্রিক রুশ ও চীনের অস্ত্রও ব্যবহৃত হচ্ছে।

সভায় সভাপতিত্ব করেন শ্রী দীনেশ মজুমদার, এম-এল-এ। প্রস্তাব পেশ করেন শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য। বক্তা ছিলেন সর্ব শ্রী বিমান বসু, সুভাষ চক্রবর্তী, শ্যামল চক্রবর্তী প্রমুখ।

বিশ্ববিদ্যালয় লনে স্থানাভাব হওয়ায় ছাত্র-ছাত্রীরা কর্ণওয়ালিশ স্ট্রীটে ট্রাম লাইনে এসেও জমায়েত হয়।

সভায় বক্তারা দুই বাঙ্গলার সীমান্তে গিয়ে অহেতুক ভীড় না করার জন্য সবার কাছে অনুরোধ জানিয়েছেন।

সভার পর যুব ছাত্রদের মিছিল বিভিন্ন পথ পরিক্রমা করে এসপ্লানেড ইষ্টে যায়। সেখান থেকে রাজ্যপালের উদ্দেশ্যে একটি স্মারকলিপি পাঠান হয়।

পাক ডেঃ হাইকমিশনের সামনে বিক্ষোভ

পত্রিকা গ্রুপের সাংবাদিক এবং অসাংবাদিকরা আজ এখানে পাক ডেপুটি হাইকমিশনের অফিসের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করে বাঙ্গলাদেশে অবিলম্বে গণহত্যা বন্ধ করার দাবী জানাতে থাকেন।

অমৃতবাজার পত্রিকা, যুগান্তর এবং অমৃতের কর্মীরা যে স্মারকলিপি দিয়ে আসেন, তাতে শ্রীদীপক বন্দোপাধ্যায় (অমৃতবাজার পত্রিকা) এবং শ্রীসুরজিত ঘোষালের অবিলম্বে মুক্তি দাবী করা হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের স্বীকৃতির প্রশ্ন : ভারত সরকারের এত দ্বিধা, এত ভয় কেন? বিবেকানন্দ মুখোপাধ্যায় লিখিত নিবন্ধ।	দৈনিক 'যুগান্তর'	১৩ই এপ্রিল, ১৯৭১।

ভারত সরকারের এত দ্বিধা, এত ভয় কেন?

—বিবেকানন্দ মুখোপাধ্যায়

আমাদের চোখের সামনে ভারতীয় উপমহাদেশ এবং দক্ষিণ এশিয়ায় এক আশ্চর্য নাটক অভিনীত হইতেছে। পশ্চিম পাকিস্তানের ধাপ্পাবাজী, শঠতা এবং গণতন্ত্র হত্যার বর্বরতা অবসান হইতে চলিয়াছে। জাতি-বিদ্বেষ ও সম্প্রদায়-বিদ্বেষে অন্ধ রাওয়ালপিণ্ডি যে শয়তানি চক্র একদিকে ভারতবর্ষ এবং অন্যদিকে বাঙালীর জাতীয় সত্ত্বা ও স্বাধীনতাকে ধ্বংস করিবার জন্য গত ২৪ বৎসর ধরিয়া নিরন্তর শত্রুতা করিয়া আসিতেছিল, আজ তার প্রতিরোধের পালা শুরু হইয়াছে। আজ ইতিহাসের চাকা বিপরীত দিকে ঘুরিতে আরম্ভ করিয়াছে। রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ঘাত প্রতিঘাত সম্পর্কে যারা অজ্ঞ, উদাসীন একমাত্র তারা ছাড়া আর সকলেই উপলব্ধি করিতেছেন যে, দক্ষিণ এশিয়ায় যে বৈপ্লবিক পরিবর্তনের তরঙ্গ সুরু হইয়াছে, আগামী দিনগুলিতে সেই তরঙ্গ উত্তাল হইয়া সমগ্র মহাদেশে নতুন প্লাবন ডাকিয়া আনিবে। গত ১৭ই এপ্রিল কুষ্টিয়া জেলার মুজিবনগরের আম্রকুঞ্জে এক অনাড়ম্বর উৎসবের মধ্যে স্বাধীন গণতান্ত্রিক প্রজাতন্ত্রী বাঙলা রাষ্ট্রের যে উদ্বোধন অনুষ্ঠিত হইয়াছে, সংশয়বাদীরা তাঁকে তাচ্ছিল্য করিতে পারেন, অতি বুদ্ধিমানেরা তাকে উপহাস করিতে পারেন। কিন্তু অগ্নিগর্ভ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দিকে তাকাইয়া আমরা বলিতে পারি যে, রাষ্ট্র স্বাধীনতার যে বীজ মুজিবনগরে উপ্ত হইয়াছে, আজ থেকে কাল থেকে—পাঁচ থেকে দশ বছরের মধ্যে কিম্বা তার আগেই সে বিরাট মহীরূহে পরিণত হইবে। কামান, বন্দুক, ট্যাঙ্ক, বোমারুর দ্বারা বাঙলাদেশের স্বাধীনতার জয়যাত্রাকে শেষ পর্যন্ত পাকিস্তানী হানাদারেরা ঠেকাইয়া রাখিতে পারিবে না। কারণ যে স্বাধীন রাষ্ট্র জন্মলাভ করিতেছে সাত কোটি বাঙালী তাকে বুকের রক্ত দিয়া রক্ষা করিবে। জননীর মমতা এবং জনকের শক্তি দিয়া এই নবজাতককে জীবনের পথে অগ্রসর করিয়া দেওয়া হইবে। এই বিষয়ে কাহারও সন্দেহ ও সংশয় থাকা উচিত নয়। এই পুরানো পৃথিবী ভাঙ্গিয়া পড়িতেছে এবং সেই ধ্বংস, হত্যাকাণ্ড ও রক্ত হইতে নতুন পৃথিবী জন্মলাভ করিতেছে। ভুট্টো-ইয়াহিয়া খান এবং ধনিক-বণিক-সামরিক চক্র অবশ্যই ক্ষেপা কুকুরের মত যত্রতত্র কামড় বসাইবে, কিন্তু ইতিহাস এই ক্ষিপ্ত জানোয়ার আগাইয়া যাইবে।

বাঙলাদেশের স্বাধীন রাষ্ট্র পল্লীর এক নিভৃত ভূমিতে জন্মলাভ করিয়াছে। গ্রামময় বাঙলাদেশের পক্ষে এটাই স্বাভাবিক। নিভৃত পল্লীর এই দীপশিখা ইতিমধ্যেই জ্বলন্ত মশালের রূপ ধারণ করিতে চলিয়াছে। স্বাধীন গণ-প্রজাতন্ত্রী বাঙলার রাষ্ট্রপ্রধান, মন্ত্রিসভা এবং সশস্ত্র বাহিনী নতুন রাষ্ট্রের প্রতি আনুগত্যের শপথ গ্রহণ করিয়াছেন। দেশ-বিদেশে এই বার্তা সংবাদপত্র ও রেডিও মারফৎ ছড়াইয়া পড়িয়াছে। সর্বত্র নিদারুণ ঔৎসুক্য ও উত্তেজনা। এই রাষ্ট্রের পক্ষ থেকে সর্বপ্রথম বিদেশী দূতাবাস ভারতবর্ষ—এই কলিকাতায় প্রতিষ্ঠিত হইয়াছে। গত ১৮ই এপ্রিল কলিকাতার পাক-ডেপুটি হাইকমিশনারের অফিস থেকে পাকিস্তানী পতাকা নামাইয়া ফেলা হইয়াছে এবং স্বাধীন বাঙলা রাষ্ট্রের নূতন জাতীয় পতাকা উড্ডীন হইয়াছে। ডেপুটি হাইকমিশনার জনাব হোসেন আলী এবং তাঁর সহকর্মী বাঙালী অফিসারবৃন্দ নূতন বাঙলা রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা করিয়াছেন। অর্থাৎ স্বাধীন বাঙলা সরকারের কূটনৈতিক প্রধানরূপে জনাব হোসেন আলী তাঁর রাষ্ট্রীয় দায়িত্ব গ্রহণের কথা

বাংলাদেশের অনুকূলে জনমত সৃষ্টির উদ্দেশ্যে বিদেশ সফরশেষে সংবাদ পত্রে প্রদত্ত জয়প্রকাশ নারায়ণের অভিজ্ঞতা ও বলিষ্ঠ বিবৃতি।	বিবৃতি	২১ জুন, ১৯৭১

PRESS STATEMENT

A. **Left Delhi** 16th May and **returned** 27th June. In all 47 days.

B. **Places visited:** Cairo, Romo, Belgrade Moscow, Helsinki, Stockholm, **Bonn**, Paris, London, Washington, New york, Ottawa, Vancouver, Tokyo, Bangkok (for rest—no interviews), Djakarta, Singapore, Kaula Lumpur, Bangkok (to catch Air India flight to Delhi).

1. I had undertaken this mission as a servant of peace on behalf of the Sarva Seva Sangh and the Gandhi Peace Foundation. I am very thankfull indeed, for all the help, financial and otherwise, that I received from them.

2. Equally, I must express my warm appreciation of all the help and hospitality that we received from our country's representatives in all the capitals we visited. We are most thankfull to them in particular and to the Government of India in general for all that they did to make my mission as useful as possible.

3. It was not to beg for aid for refugee relief or only to talk about human suffering and to arouse the moral conscience of the world that I undertook the arduous trip. Succour for millions of refugees who have fled to India, as well as succour for many millions more subjected to terror in Bangla Desh and faced with famine and epidemic there, is of course urgent and I naturally spoke about it. As for the moral conscience of the world or what is left of it, the press everywhere except for Cairo, have done, and I think are still doing, a wonderful job.

4. My greater concern was with the political issues involved and the need for their urgent resolution, because as I tried to point out, to those whom I met, the refugee probelem and the humanitarian problem were only by-products of the underlying political problem.

5. Thanks to the world press as well as to other sources of information including their own diplomatic channels, I found that governments were fairly well posted in regard to the political aspects of the question. I think it was generally felt that the Government of Pakistan by using its brutal might to suppress the democratic verdict of the people of Bangla desh had put into jeopardy the very survival of Pakistan as a united nation. Yet, I found the spokesmen of some governments clutching at the straw of hope that some links between the two wings might still be preserved. Therefore, they all seemed to be pressing Pakistan to stop military operations and seek a political accomodation—this was the popular term in Washington—with the leaders of Bangla Desh. When questioned if they had accommodation with stooges in their mind, they were emphatic in dielaiming any such thought. Again, when confronted with the veiw that after what the Pakistan army had done in Bangla

Desh no self-respecting Bengali would accept even a "tenous link" with West Pakistan, wishful thinking took the place of hard reason.

6. The fact of the matter is, and left this be understood clearly in this country, that the great powers are all anxious to preserve the *status quo* in terms of the balance of power already established in the world. Some of them are particularly keen to preserve the balance in South Absia which has been created by them through a deliberate policy of neutralising India by lostering up Pakistan.

7. The adverse consquences of a prolonged guerilla warfare in Bangla-Desh for the Stability and progress of the sub-continent are also realised, but the hope is nourished that somehow the evil might be warded off.

8. Some of the policy-markers in world capitals still remain to be convinced of the inevitability of the emergence of a strong resistance movement in Bangla Desh. It is not untill the freedom fighters in Bangla Desh convincingly disprove the Pakistani claims of "normalcy" that they can be expected to face the realities of the situation.

9. For the r.st they will continue to render "friendly" advice to President Yahya to put his house in order and may even refuse to provide all the aid that he wants from them.

10. In any event, it is India that is immediately concerned and will have to face the consequences of Pakistan's action, and I found no evidence anywhere that any one was prepared to pull the chestnuts out of the fire for us.

11. Some of the econimic burden of caring after the refugees they may be prepared to share—though our estimate of numbers perhaps appeared exaggerated to them—but it is obvious that the social and political burdens will have to be borne by India alone. And heaven knows these burdens are far heavier than the economic ones.

12. The decision of the Aid Pakistan Consortium is a welcome decision. But, first of all, it does not rule out bilateral aid by members of the consortium, and, secondly, it remains to be seen if a quisling set-up in Bangla Desh, such as the President of Pakistan seems to be envisaging, will be accepted by the consortium as a fulfilment of its conditions.

13. To sum up the impressions of my tour, we in India must understand that we cannot expect others to solve our difficulties for us. We have to do that ourselves. Secondly, we have to decide if continued suppression of the people of Bangla Desh, with all its attendant economic, political and social consequences, will be in our national interest This is not the same as asking whether a break-up of Pakistan will be in India's national interest. President Yahya Khan and his advisers have already succeeded in breaking up their nation. The question to be answered is whether the attempt by West Pakistan to occupy Bangla Desh by force, with all its present and future consquences for us, is a spectacle which we can continue to behold with little more than brave words. For myself, I am quite clear in my mind that it would be a grave betrayal of India's national interests to delay action much longer.

14. It is quite obvious from the shocking statement made by President Yahya Khan yesterday that Islamabad has neither the willingness nor the ability

to devise a satisfactory political solution of the problem it has created in Bangla Desh. It is not contemplating any agreement with the elected leaders of Bangla Desh and is in fact planning to hold farcical new elections in a large number of constituencies to legitimise its colonial stranglehold over Bangla Desh. It should now be clear to us and to the whole world that it is chimerical to expect the present rulers of Pakistan to revise their basic attitudes to Bangla Desh. This has, in fact, made the hope of a political sttlement in Pakistan more unrealisable than before.

15. Everyone, I met abroad was full of praise for the Prime Minister's restraint and statesmanship in dealing with a difficult crisis. I too admire her for that. But she must decide now if the time for action has not arrived. Action, not from any altruistic motives of rescuing East Bengalis from Pakistan terror and restoring to them their lost democracy, but to prevent Yahya Khan from exporting his internal chaos into this country and achieving a demographic re-distribution of his population at our cost, and, above all, to defend our national security and our political, economic and social institutions. I concede that the Prime Minister must choose her time because she alone is in a position to know and weigh all the pros and cons involved. But even to a private citizen like me the basic considerations are clear and it is on that ground that my plea for action is being advanced.

NEW DELHI;
June 29, 1971.

JAYAPRAKASH NARAYAN

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ সম্পর্কে ভারতের সোশ্যালিস্ট ওয়ার্কার্স পার্টির বক্তব্য	পুস্তিকা	জুলাই, ১৯৭১

বাংলাদেশ সম্পর্কে বক্তব্য

প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ও অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রীদের ভাষণ ও বিবৃতি থেকে মনে হয় নয়া দিল্লীর আশা "আন্তর্জাতিক চাপের ফলে বাংলাদেশের জনগণের সমস্যা আগামী ছয় মাসের মধ্যে শেষ হবে। এ-মন্ত্রীদের ধারনা যে, যে-৭০ লক্ষ শরণার্থী পশ্চিম বাংলা, আসাম, মেঘালয় ও ত্রিপুরাতে এসেছে তারা ঐসময়ের মধ্যে স্বেচ্ছায় তাদের জন্মভূমিতে ফিরে যাবে।

আওয়ামী লীগের নেতা যাঁরা মুজিব নগর থেকে বাংলাদেশ সরকার চালাচ্ছেন তাঁরাও এ-রকমই আশাবাদী। এঁদের সকলেরই ধারণা ইয়াহিয়া গোষ্ঠি আজ ভীষণ চাপের তলায় আছে। শুধু যে দেশের আর্থিক সমস্যা প্রবল হয়ে তাদের দুর্বল করেছে তা নয়। রুশ ও আমেরিকা প্রমুখ শক্তিশালী দেশগুলিও মুজিবরের সঙ্গে রাজনৈতিক বোঝাপড়া বা মীমাংসার জন্য চাপ দিচ্ছে।

কেউ কেউ একথাও বলেন ইয়াহিয়া খান শেখ মুজিবের নরমপন্থী সহযোগাদের সঙ্গে মীমাংসা না করে পারবেন না। পশ্চিম পাকিস্তানের সামরিক গোষ্ঠিকে বাঁচাবার এ-ছাড়া আর পথ নেই। দেরী হলে বিপ্লবের নেতৃত্ব বামপন্থী বা চরমপন্থীদের হাতে চলে যাবে। তখনকোন মীমাংসাও হবে না আর এ-গোষ্ঠিকেও বাঁচিয়ে রাখা চলবে না। মুক্তি ফৌজের গেরিলা আক্রমণের জোর এখন আগের তুলনায় অনেক বেশী, ফৌজের শক্তিও বেড়েছে—অনেক নতুন লোক অস্ত্র শিক্ষা পেয়েছে। এ-সমস্তই ঠিক কিন্তু উদ্দেশ্য হোল ইয়াহিয়া গোষ্টির উপর চাপ-বৃদ্ধি। গেরিলা আক্রমণের পক্ষে, বর্ষাকাল খুবই উপযোগী। একেই পাক সৈন্যের মনোবল ক্রমেই হ্রাস পাচ্ছে। তার উপর গেরিলাদের তৎপরতা চলছে বেড়ে। ফলে পাক সেনা বাহিনী ভেঙ্গে পড়তে বাধ্য। এ-হোল আওয়ামী লীগের নেতাদের বিচার। ইচ্ছা পূরণ ছাড়া একে আর কি বলা যায়।

মুক্তি ফৌজের যে সমস্ত নেতারা হাতে হাতিয়ার নিয়ে লড়াই করছেন তাঁরা কিন্তু এতটা আশাবাদী নন। অল্প কিছুদিন আগে জাতীয় আওয়ামী পার্টির মৌলানা ভাসানী এক সাংবাদিক সম্মেলনে বলেন যে অন্য বামপন্থী দলগুলি গ্রামে গ্রামে সর্বদলীয় কর্ম পরিষদ গড়ছে। উদ্দেশ্য হোল পাকিস্তানের বিরুদ্ধে দীর্ঘস্থায়ী যুদ্ধের জন্য গণ-প্রস্তুতি।

তাঁকে জিজ্ঞাসা করা হয় যে সংগ্রাম দীর্ঘস্থায়ী হলে কি নতুন নেতৃত্বের উদ্ভব হবে না। উত্তরে তিনি একটি গুরুত্বপূর্ণ মন্তব্য করেন, বাঘ কখনও মানুষের রক্তের স্বাদ ভুলতে পারে না। বাংলা দেশে শিক্ষিত বেকারের সংখ্যা ১৩ লক্ষ। হাতে হাতিয়ার পেলে মানুষের চাল-চলন, ধ্যান-ধারনা ও আচার-ব্যবহার সবই বদলে যায়। অধ্যাপক জাফর আহমেদের জাতীয় আওয়ামী পার্টি, পূর্ব বাংলার কম্যুনিষ্ট পার্টি (মস্কোপন্থী) ও অন্য কম্যুনিষ্ট গোষ্ঠি (যারা এক কালে মাও নীতি ঘেঁসা ছিল) এ-সমস্ত দলের নেতাদের ধারনা বিপ্লব কষ্টসাধ্য ও দীর্ঘায়িত হবে। এর জন্য প্রয়োজন সশস্ত্র মোকাবেলার উপযুক্ত রণকৌশল ও বাংলা দেশের অভ্যন্তরে জনগণের রাজনৈতিক প্রতিরোধের কার্যক্রম। বৈপ্লবিক দলগুলির মধ্যে পূর্ব বাংলা কম্যুনিষ্ট পার্টি যার নেতা মতিন আলাউদ্দীন ও কম্যুনিষ্ট গ্রুপ যার নেতা আবদুল জাফর ও রসিদ খাঁ মেনন। তৃতীয়টি হোল পূর্ব বাংলা কম্যুনিষ্ট পার্টি (মার্ক্সিলেনিনিষ্ট) এর নেতা মহম্মদ তোহা। এ দলটি পিকিং

পন্থীর কাছ ঘেঁষেই চলে। কাজেই বর্তমান বিপ্লব সম্পর্কে এর নীতি দ্বিধাগ্রস্ত ও অস্পষ্ট। কিন্তু তাতেও পাকিস্তানী জঙ্গী বাহিনীর হাতে একে মার খেতে হয়েছে।

মুক্তি ফৌজের নেতাদের মধ্যে কারু কারু অভিমত যে জমি ও শিল্প নিয়ন্ত্রণ-জাতীয় শ্রমিক কৃষকদের নিজস্ব দাবী মেনে নিলে ভাবতে শরণার্থীদের সংখ্যা কিছু কম হোত। প্রকৃত চাষীদের মধ্যে জমি বেটে দেওয়ার কথা বাংলাদেশ সরকারের পক্ষে এখনও ঘোষণা করা সম্ভব। শিল্প ও অন্যান্য শ্রমিক এবং অনেকেই স্বদেশ ছেড়ে এদেশে আসেননি ও মধ্যম শ্রেণীর চাকুরী জীবিদের জন্য উপযুক্ত কার্য্যক্রম ঘোষণা করা যায়। কিন্তু আওয়ামী লীগের নেতারা এ-জাতীয় শ্রেণী স্বার্থ পোষণ কার্য্যক্রম গ্রহণ করতে রাজী নন। তাঁদের যুক্তি এ-কাজ করলে মুক্তি ফৌজের মধ্যে অন্তর্বিরোধ দেখা দেবে। এর অর্থ হোল জোতদার, ব্যবসায়ী দোকানী ও সম্পত্তিশালী ব্যক্তিরা যাঁরা এখন আওয়ামী লীগের সমর্থক তাঁরা লীগ গড়া ছেড়ে দিতে পারেন। আওয়ামী লীগের নেতারা বামপন্থীদের আরও একটি দাবী মানতে রাজী নন। বামপন্থীরা চেয়েছিলেন সমস্ত প্রতিরোধকারী শক্তিদের নিয়ে জাতীয় মুক্তিফ্রন্ট হোক। দাবী প্রত্যাখ্যানের যুক্তি জনগণের সমর্থন শুধু আওয়ামী লীগেরই আছে।

বাংলাদেশ জাতীয় শ্রমিক লীগের অস্থায়ী সভাপতি মহম্মদ শাজাহান বলেন বাংলাদেশ সংঘবদ্ধ শিল্প শ্রমিকের সংখ্যা প্রায় ৪০ লক্ষ। এদের মধ্যে বেশীর ভাগই ইউনিয়নের সদস্য। সামরিক শাসন বাধা দিতে পারেনি। এক লক্ষের উপর শ্রমিক পাকিস্তানী জঙ্গী বাহিনীর সঙ্গে যুদ্ধে প্রাণ দিয়েছে। তাঁর বক্তব্য ১৯৬৭ সালে আওয়ামী লীগ নারা লাগান লাঙ্গল যার জমি তার। ১৯৭০ সালে ঢাকার মে দিবস সমাবেশে শেখ মুজিব যে বাণী পাঠান তাতে একথা বলা ছিল, সেদিন আর দূরে নয় যেদিন শ্রমিকরাই হবে উৎপাদন শক্তির মালিক এর উপর সামাজিক কর্তৃত্ব স্থাপনের প্রথম ধাপ হিসাবে তিনি ব্যাঙ্ক, ইনসিওরেন্স কোম্পানী, পাট রপ্তানী ব্যবসায়ী, মূল শিল্পসমূহ ও জনস্বার্থ সম্পৃক্ত সেবা প্রতিষ্ঠান প্রভৃতির রাষ্ট্রীয়করণ সমর্থন করেন। আওয়ামী লীগের ম্যানিফেষ্টো ন্যায়ভিত্তিক সাম্যবাদী সমাজ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ ও সমাজতান্ত্রিক অর্থনীতিতে আস্থাশীল। প্রথম পদক্ষেপ হিসাবে কোন কোন শিল্প ব্যক্তিগত মালিকানা লোপ করা হবে তারও ফিরিস্তি আছে ম্যানিফেষ্টোতে।

উপরন্তু মুজিব নাকি ৭ই মার্চ তারিখে নির্দেশ দেন যে আওয়ামী লীগের নেতারা হঠাৎ গ্রেফতার বা নিহত হলে জনগণ যেন বিভিন্ন মতাবলম্বী লোকদের নিয়ে বিভিন্ন স্তরে কর্ম পরিষদ গড়ে ফেলে। সর্বতোভাবে পাক সৈন্যদের সঙ্গে অসহযোগ করে, রেল ও সড়ক পরিবহন ব্যবস্থা বানচাল করে দিয়ে এবং প্রত্যেক গ্রামকে প্রতিরোধের দুর্গে পরিণত করে।

বিদ্রোহী জনগণ এ নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করেছে। কিন্তু বাঙলাদেশ সরকারের বিভিন্ন ঘোষণার বিপ্লবের এ-জাতীয় ভবিষ্যৎ পরিণতির কোন আভাস বা ইঙ্গিত নেই। বাঙলা-দেশের বিপ্লবী বামপন্থীদের এ-খুঁত, এ-ত্রুটি দূর করতে হবে।

এ প্রসঙ্গে বলা যায় যে পাক সৈন্যদের নৃশংসতা বন্ধ করতে হলে চাই জনগণের হাতে অস্ত্র। আত্মরক্ষার জন্য জনগণের হাতে তুলে দিতে হবে হাতিয়ার। সমস্ত গণ-বিপ্লবেই এমন একটা সময় আসে যখন জনগণের হাতে হাতিয়ার তুলে দেওয়া ছাড়া আর কোন উপায়েই বিপ্লবকে বাঁচান যায়না। বর্তমানেও পাকিস্তানী সেনাবাহিনীর সন্ত্রাসের জবাব দেবার এবং জনগণের মনোবল দৃঢ় করার জন্য চাই জনতাকে সশস্ত্র করা। আজ মুক্তিফৌজে আছে ৩০,০০০ সৈনিক। আরও ৩০,০০০ এর চলছে শিক্ষা পর্ব।

মুক্তিফৌজের নেতাদের আজ কাজ হোল গেরিলা আক্রমণের সঙ্গে স্থানীয় জনগণের প্রতিরোধের সমন্বয় ঘটান। জনগণের সক্রিয় সহযোগ ছাড়া শুধু গেরিলা আক্রমণ মারফত বিপ্লবের বিস্তৃতি ঘটান সম্ভব নয়। জনগণকে এমন কিছু দিতে হবে যার জন্য তারা লড়তে ও মরতে রাজী হয়। শুধু স্বাধীনতার নামে এ কাজ হয়না, হতে পারেনা। অন্য কথায় বলতে গেলে বর্তমান বুর্জোয়া গণতান্ত্রিক বিপ্লবকে সমাজতান্ত্রিক বিপ্লবের রূপ দেবার জন্য সচেষ্ট হতে হবে।

ভারতে ৭০ লক্ষ শরণার্থীর প্রবেশে অসুবিধা ও বিপদ নিশ্চয়ই দেখা দিয়েছে। তাতে এখানকার বুর্জোয়া সরকারের সুবিধাও হয়েছে এ সমস্যার উপর সমস্ত গুরুত্ব আরোপ করতে এমন বুর্জোয়া রাজনীতিক আছেন যাঁরা বলেন—ইয়াহিয়া সরকার যদি বাংলাদেশে গণহত্যার জন্য দিন ১ কোটি টাকা খরচ করে আমরা দৈনিক খরচ করছি ১ কোটি টাকা ৫০ লক্ষ শরণার্থীকে প্রাণে বাঁচাতে।

এ অর্থ বাংলাদেশ এখন আর শুধু পাকিস্তানের ঘরোয়া ব্যাপার নয়। এটা এখন ভারতেরও ঘরোয়া সমস্যা হয়ে দাঁড়িয়েছে। শরণার্থীদের ভরণ পোষণ ও আশ্রয়ের ব্যবস্থা করতে আজ ভারতের বুর্জোয়া শাসকরা ন্যায়ত ধর্মত দায়ী. ভারতের পার্লামেন্ট সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করেছিল বাংলাদেশের জনগণের মুক্তি আন্দোলনের সমর্থনে ও তার সঙ্গে সংহতি জানিয়ে।

নয়াদিল্লী অবশ্য বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেয়নি। বিশ্বের দরবারে শরণার্থীদের জন্য সাহায্য ভিক্ষা করাই এর প্রধান কাজ। সাম্রাজ্যবাদী শক্তিরা বিশেষ করে আমেরিকা ব্রিটেন যাদের পাকিস্তানের দু-অংশেই প্রচুর মূলধনের বিনিয়োগ আছে, তাদের বিবেককে শান্ত করার জন্য শরণার্থীদের জন্য কিছু ঔষধ পত্র পাঠাচ্ছে

এদিকে চীনের মাও-আমলাতন্ত্র ইয়াহিয়া সরকারকে প্রকাশ্যে মদত যোগাচ্ছে আর সোভিয়েট আমলাতন্ত্র তার দায় সেরেছে বাংলাদেশের জনগণকে মৌখিক সমবেদনা জানিয়ে। পূর্ব বাংলার কম্যুনিষ্ট পার্টির যে প্রতিনিধিদল সোভিয়েট কম্যুনিষ্ট পার্টির চব্বিশতিতম সম্মেলনের জন্য মস্কো যায় সে দল গভীর আশাভঙ্গ নিয়ে ফিরে এসেছে। সোভিয়েট নেতাদের বাংলাদেশ সম্পর্কে কোন ঔৎসুক্য এ-দল দেখেনি। সোভিয়েট নেতারা শরণার্থী পুনর্বাসনের জন্য আমেরিকার সঙ্গে সহযোগিতা ছাড়া আর কিছু করতে প্রস্তুত নন বলে এ-প্রতিনিধিদলের ধারণা।

বিপ্লবের বিভিন্ন তাৎপর্য যতই পরিষ্কার হচ্ছে ভারতের রাজনীতিকদের মতামতে ততই পার্থক্য দেখা যাচ্ছে। এখন আর বাংলাদেশের জনগণের সংগ্রামের সমর্থনে পূর্বের ঐকামত নেই। বাংলাদেশের সংগ্রামের ভিতর এখন অনেকে বিচ্ছেদের ও বিভেদের ভূত দেখছেন। তাদের শুধু একথা মনে করিয়ে দিলেই চলবে যে বিচ্ছেদ ও বিভেদ ইচ্ছা করলেই ঘটান যায় না আর তা ঘটবার হলে কিছুতেই ঠেকান যায় না। ইয়াহিয়া খানের হাতে কমপক্ষে ১০ লক্ষ লোকের প্রাণ গেছে। কিন্তু তাতে বাংলাদেশ সংগ্রাম কাবু হয়নি। আবার সি, পি, এর শত চেষ্টা করলেও পশ্চিম বাংলায় বাংলাদেশের গণবিদ্রোহ সৃষ্টি করতে পারবে না।

এখানে একথা বলা অপ্রাসঙ্গিক নয় যে বাংলাদেশ সম্পর্কে এদেশে প্রথমে যে স্বস্তিবোধ দেখা দিয়েছিল তা সবটাই ন্যায্য ও যুক্তিযুক্ত নয়। ধর্মীয় রাষ্ট্র পাকিস্তানের অবমাননায় অনেক ভারতবাসীই তাঁর উগ্র জাতীয়তাবাদের লাভ দেখেছেন। কিছু লোক হিন্দু সাম্প্রদায়িক মনোভাব নিয়ে বাংলাদেশের বিদ্রোহকে দেখেছেন। আর পুঁজিপতিরা ও তাদের উৎপন্ন মালের জন্য বাজারের প্রসার হবে এ স্বপ্নে মশগুল।

বাংলাদেশের বিপ্লবের প্রকৃতি অর্থ যতই পরিষ্কার হবে ততই প্রতিক্রিয়াশীল দলগুলি এ-সমস্যাকে সাম্প্রদায়িক মোচড় দেবে। বাংলাদেশে সফল সমাজতান্ত্রিক বিপ্লবকে ভারতীয় পুঁজিপতিদের ভীষণ ভয়। এ-বিপ্লবের ফল তাদের সপক্ষে হবে মারাত্মক।

একথা অবশ্যই স্বীকার্য্য যে বাইরের লোকের পক্ষে বাংলাদেশের বিপ্লবের রূপ ও তাৎপর্য্য নির্দ্দিষ্ট করে দেওয়া সম্ভব নয়।

ভারতের বিপ্লবী বামপন্থীরা যদি বাংলাদেশ বিপ্লবের স্বরূপ বুঝতে পারেন। বিপ্লব যে সামাজিক শক্তিগুলিকে শৃংখলমুক্ত করেছে তাদের গতি প্রকৃতি যদি তাঁরা ধরতে পারেন তবেই বাংলাদেশ বিপ্লবের হবে সর্ববৃহৎ সাহায্য। এ-ছাড়া অবশ্য অন্যান্য ভৌতিক ও নৈতিক সমর্থন ও সাহায্য করতেই হবে। মিথ্যা ভয় ও অপপ্রচারে বামপন্থীদের কোন লাভ নেই।

এ বিপ্লব এক অভূত-পূর্ব গণতান্ত্রিক বিপ্লব। চীন বিপ্লবের পর এটাই এশিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা। যদি এ বিপ্লবকে সফল করতে হয় তবে একে সমাজতান্ত্রিক বিপ্লবে পরিণত করতে হবে আর সে কাজে নেতা হবে বাংলাদেশেরই শ্রমিক শ্রেণী।

বাংলাদেশে সমাজতান্ত্রিক বিপ্লবের সাফল্য চাই। ভারত, পশ্চিম পাকিস্তান ও বাংলাদেশের শ্রমিকশ্রেণীর বিপ্লবী সংহতি চাই।

সোশালিস্ট ওয়ার্কার্স পার্টি
(চতুর্থ কমিউনিস্ট আন্তর্জাতিক ভারতের শাখা)।

শিরোনাম	সূত্র	তারিখ।
বাংলাদেশের সংগ্রামকে সহায়তা করার জন্য 'সর্ব আসাম বাংলাদেশ সহায়ক সমিতি'র আহ্বান।	পুস্তিকা	জুলাই, ১৯৭১

বাংলাদেশের সংগ্রামকে সহায়তা করুন

সর্ব আসাম বাংলাদেশ সহায়ক সমিতি

সভাপতি—শ্রী শরৎ সিংহ

উপ-সভাপতি—ডঃ ঘনশ্যাম দাস

শ্রী ফণী বরা

সাধারণ সম্পাদক—

শ্রী গৌরেশ্বর কলিতা

শ্রী বিশ্ব গোস্বামী

শ্রী দেবেন্দ্র শর্মা

শ্রী বিশ্ব গোস্বামী কর্তৃক প্রকাশিত

প্রথম প্রকাশ—জুলাই, ১৯৭১।

বাংলাদেশের সংগ্রামকে সহায়তা করুন

সর্ব আসাম বাংলাদেশ সহায়ক সমিতির আহ্বান

সামরিক শাসকের অত্যাচার এবং ঔপনিবেশিক শোষণের বিরুদ্ধে বাংলাদেশের জনগণ বিদ্রোহ করেছে। সারা বিশ্বের প্রগতিশীল জনগণ বাংলাদেশের জনগণের সহায়তার জন্য সহানুভূতির সাথে এগিয়ে এসেছে। ভারত সরকার, সকল রাজনৈতিক দল এবং ভারতের জনগণ মুক্তিযোদ্ধাদের প্রতি সমর্থন জানিয়েছে। কিন্তু এই সহায়তা ও সহানুভূতি যথেষ্ট হয়নি।

বাংলাদেশের পরিস্থিতি লক্ষ লক্ষ উদ্বাস্তুকে দেশত্যাগ করে আসাম, মেঘালয়, ত্রিপুরা, পশ্চিম বংগসহ সাবেক পূর্ব পাকিস্তানের সীমান্তবর্তী রাজ্যসমূহে আশ্রয় নিতে বাধ্য করেছে। উদ্বাস্তুর স্রোত আমাদের রাজ্য আসামকেও নাড়া দিয়েছে। সাম্প্রদায়িক মনোভাবাপন্ন হিন্দু এবং মুসলমান উভয়ই বর্তমান পরিস্থিতিতে নিজেদের উদ্দেশ্য সিদ্ধিতে ব্যস্ত হয়ে উঠেছে। আমাদের দেশের জনগণকে এ ব্যাপারে সজাগ ও সচেতন হতে হবে। তদুপরি আরো কিছু মানুষ রয়েছে যারা বাংলাদেশের মুক্তিযুদ্ধের তাৎপর্য এবং তার বিজয়ের সুদূর প্রসারী গুরুত্ব উপলব্ধি করতে পারছে না।

এই আলোকেই আমরা এই পুস্তিকার দ্বারা আমাদের দেশের জনগণের মধ্যে বাংলাদেশের মুক্তি আন্দোলন এবং তার বিজয়ের সাথে উদ্বাস্তুসহ আমাদের দেশের সমস্যা কি ভাবে জড়িত তা ব্যাখ্যার চেষ্টা করেছি।

আমরা আশা করবো যে এই পুস্তিকা বাংলাদেশের মুক্তি আন্দোলনের পক্ষে আমাদের দেশের জনগণকে ঐক্যবদ্ধ করবে এবং বিভেদ সৃষ্টিকারী সাম্প্রদায়িক আর বিদেশী শক্তির দালাল চক্রকে উৎখাত করতে সাহায্য করবে।

বাংলাদেশের ওপর পশ্চিম পাকিস্তানী সেনা বাহিনীর আক্রমণ

উনিশশ' একাত্তর সনের পঁচিশে মার্চ বাংলাদেশের জনগণের সাথে চরম বিশ্বাসঘাতকতা করে পাকিস্তানের সামরিক শাসকগোষ্ঠী অমানুষিক গণহত্যা অভিযান শুরু করে। এই নারকীয় হত্যাযজ্ঞের শিকার হয়েছে বাংলাদেশের সকল জনবসতি, স্কুল, কলেজ, ছাত্রাবাস, অধ্যাপক, শিক্ষক, উকিল এবং ডাক্তারগণসহ বুদ্ধিজীবীরা। লক্ষ লক্ষ মানুষ হয়েছে গৃহহারা, অত্যাচারের মুখে এক বিশাল জনস্রোত প্রবেশ করেছে আসাম, মেঘালয়, ত্রিপুরা এবং পশ্চিম বংগে।

সভ্যতার ইতিহাসে এই অত্যাচারের তুলনা নেই। চেংগিসখান আর হিটলারের বিভৎস হত্যাকাণ্ডও ইয়াহিয়ার কাছে ম্লান হয়ে গেছে। এই বর্বরতার উদ্দেশ্য হলো পূর্ব বাংলার জাতীয়তাবাদী ও প্রগতিশীল শক্তি সমূহকে চিরকালের জন্য উৎখাত করা। হিন্দু মুসলমান সকল সম্প্রদায়ের ছাত্র-যুবক বুদ্ধিজীবীদের হত্যা করে পূর্ব পাকিস্তানকে পশ্চিম পাকিস্তানের পূর্ণাংগ উপনিবেশে পরিণত করাই ইয়াহিয়ার উদ্দেশ্য। পশ্চিম পাকিস্তানী জমিদার সামরিক গোষ্ঠির বিরুদ্ধে পূর্ব বাংলার সামন্ত বিরোধী জাতীয়তাবাদী সংগ্রামকে ধ্বংস করতে পারলে পাকিস্তানের বালুচী, সিন্ধী আর পাখতুনদের জাতীয়তাবাদী আন্দোলনকে দমন করাও সহজ হবে। কিন্তু ইয়াহিয়াচক্র অসাধ্য সাধনের চেষ্টা করছে, ইতিহাসের চাকাকে পেছনে ঘোরানো যায়না। পাকিস্তানী শাসক গোষ্ঠীর চব্বিশ বৎসরের অনুসৃত নীতির ঐতিহাসিক পরিণতিই বাংলাদেশের বর্তমান মুক্তি সংগ্রাম। পাকিস্তানের ধ্বংসের বর্তমান পর্যায়ের জন্য দায়ী ইয়াহিয়া চক্র এবং তার সাম্রাজ্যবাদী ও সামন্তবাদী মিত্ররা। প্রাদেশিক স্বায়ত্তশাসন এবং প্রতিটি জাতি-গোষ্ঠীর ন্যায্য অধিকার স্বীকার না করে পাকিস্তান রক্ষা করা সম্ভব নয়।

মুক্তিযুদ্ধ সকলের সংগ্রাম

পাকিস্তানী শাসক গোষ্ঠীর এই অকথ্য অত্যাচারের মুখে বাংলাদেশের জনগণ প্রতিরোধ গড়ে তুলেছে। প্রথম অবস্থায় ইষ্ট বেংগল রাইফেলস, বেংগল রেজিমেণ্ট আর পুলিশ বাহিনী পাকিস্তানী সেনা বাহিনীর মুকাবেলা করে। বর্তমানে হাজার হাজার যুবক মুক্তি বাহিনীতে যোগদান করে ইতিমধ্যেই যুদ্ধে নেমে গেছে। তাদের পেছনে আছে ব্যাপক জনগণের সমর্থন। পাকিস্তানী বাহিনী জনগণ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন। ভিয়েৎনামে মার্কিনী এবং দক্ষিণ ভিয়েৎনামের সরকারী সৈন্যদের মতো তাদের অবস্থা। মুক্তিবাহিনী ইতিমধ্যেই গেরিলা কৌশল অবলম্বন করে রাজধানী ঢাকার ওপর আঘাত হানা শুরু করেছে। তারা এখনো চূড়ান্ত আঘাত হানতে পারেনি এই জন্যে যে মুক্তিবাহিনীর সেনারা নূতন এবং অনভিজ্ঞ, অন্যদিকে পাকিস্তানী বাহিনী আমেরিকা ও চীনের সাহায্যপুষ্ট এবং আধুনিক মারণাস্ত্রে সজ্জিত। কিন্তু জনগণের সক্রিয় সমর্থনে মুক্তিবাহিনী যে চূড়ান্তভাবে বিজয়ী হবে তাতে কোন সন্দেহ নেই।

বাংলাদেশের মুক্তি সংগ্রামের স্বরূপ

বাংলাদেশের জনগণ আজ আধুনিক মারণাস্ত্রে সুসজ্জিত এক পাশবিক শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ। এই ঐক্য সম্ভব হয়েছে এ জন্য যে আওয়ামী লীগ, ন্যাশনাল আওয়ামী পার্টি এবং অন্যান্য রাজনৈতিক দলসমূহ পাকিস্তানী শাসক গোষ্ঠীর হীন প্রচেষ্টা ব্যর্থ করে দিয়ে হিন্দু মুসলিম অসাম্প্রদায়িক ঐক্য গড়ে তুলতে পেরেছে। এই সংগ্রামী ঐক্যে ফাটল ধরানোর

অন্য ইয়াহিয়াচক্র মুসলিম লীগ ও জামাত-ই-ইসলামীসহ সাম্প্রদায়িক দলসমূহকে দিয়ে প্রচেষ্টা নিয়েও ব্যর্থ হয়েছে। সেজন্যে ইয়াহিয়া খান নূতন করে দালাল স্থষ্টির প্রচেষ্টা চালাচ্ছেন। ভারতকে উস্কানী দিয়ে পৃথিবীর জনমতকে বিভ্রান্ত করার উদ্দেশ্যে পাকিস্তান সীমান্তে সংঘর্ষ স্থষ্টি করছে।

এই পরিস্থিতিতে আমাদের ওপর গুরু দায়িত্ব এসে পড়েছে। বাংলাদেশের মানুষ গণতন্ত্র, মানবিক অধিকার এবং শোষণের কবল থেকে মুক্তির জন্য সংগ্রামে লিপ্ত হয়েছে। আমাদের দেশের জনগণও গণতন্ত্র রক্ষা এবং শোষণহীন সমাজের জন্যে সংগ্রাম করে আসছে। তাই বাংলাদেশের সংগ্রাম সফল হলে তা আমাদেরও সহায়তা করবে। মুক্তিসংগ্রাম জয় যুক্ত হলে বাংলাদেশে সাম্প্রদায়িক আর প্রতিক্রিয়ার শক্তি পরাজিত হবে, গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে এবং ফলে আমাদের দেশেও সাম্প্রদায়িক ও প্রতিক্রিয়ার শক্তি দুর্বল হবে। অন্যদিকে বাংলাদেশের সংগ্রাম পরাজিত হলে উভয় দেশেই সাম্প্রদায়িক আর প্রতিক্রিয়াশীল শক্তি মাথা তুলে দাঁড়াবে এবং ফলে আমাদের দেশে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা বিপন্ন হবে। স্বাধীন বাংলাদেশের জন্ম হলে সাম্প্রদায়িক ভিত্তিতে রাষ্ট্র গঠনের অলীক কল্পনা চিরকালের জন্য বিলুপ্ত হবে।

গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ বাংলাদেশের জন্ম হলে ভারতের সাথে উন্নত এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপিত হবে। দু'দেশের মাঝে বাণিজ্যিক প্রসার ঘটবে। দেশ বিভাগের পরে পাকিস্তানী শাসক গোষ্ঠীর ভারত বিরোধী মনোভাবের ফলে দু'দেশের মধ্যে বাণিজ্য বন্ধ হয়ে যায়। আগে পূর্ব বংগ থেকে আমদানীর ফলে মাছ ও অন্যান্য খাদ্য দ্রব্য আসামে অনেক কম মূল্যে পাওয়া যেতো। দু'দেশের মধ্যে বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ায় আসাম ও মেঘালয়ের অর্থ-নীতি যথেষ্ট ক্ষতিগ্রস্থ হয়। বাংলাদেশ স্বাধীন হলে সে বাণিজ্য আবার শুরু হবে এবং ফলে আসাম ও মেঘালয় রাজ্যদ্বয় বিশেষভাবে লাভবান হবে। উদ্বাস্তুরাও সকলে ফিরে যাবে।

বাংলাদেশের মুক্তিসংগ্রাম জয়যুক্ত হলে আমেরিকার যুদ্ধজোট আর চীনের চক্রান্ত ব্যর্থ হবে আমাদের সীমান্তবর্তী বাংলাদেশ হবে বন্ধুরাষ্ট্র এবং ফলে সাম্রাজ্যবাদ বিরোধী শক্তি আরো সফল হবে।

উদ্বাস্তু সমস্যা

পাকিস্তানী দস্যু বাহিনীর অকথ্য অত্যাচারের মুখে লক্ষ লক্ষ মানুষ বাংলাদেশ থেকে পালিয়ে ভারতে প্রবেশ করেছে। আসাম আর মেঘালয়েই এসেছে কয়েক লক্ষ। এদের মধ্যে শিশু, নারী আর বৃদ্ধের সংখ্যাই বেশী। এই ছিন্নমূল সবহারা মানুষদের আশ্রয় ও সকল প্রকার সহযোগিতা করা আমাদের মানবিক কর্তব্য।

এই লক্ষ লক্ষ উদ্বাস্তু স্থায়ীভাবে থাকলে মানুষের অস্তিত্ব বিপন্ন হবে—আসাম ও মেঘালয়ের জনগণের মাঝে এমনিতর ধারণা বদ্ধমূল হতে চলেছে। কিন্তু ভারত সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছে যে উদ্বাস্তুদের সাময়িকভাবে রাখা হবে। বাংলাদেশ হলেই তাদের ফেরৎ পাঠানো হবে। উদ্বাস্তু সমস্যা এক জাতীয় সমস্যা। কথা বুঝতে হবে যে বাংলাদেশের মুক্তিসংগ্রাম জয়যুক্ত হলেই কেবল তাদের ফেরৎ পাঠানোর মতো পরিবেশ স্থষ্টি হবে।

পরিস্থিতি আমাদের ওপর দুটি দায়িত্ব এনে দিয়েছে। একদিকে উদ্বাস্তুদের রক্ষণাবেক্ষণ ও সহায় শুশ্রূষা করা এবং অন্যদিকে মুক্তিযোদ্ধাদের অস্ত্রশস্ত্র ও সমর্থন যোগানো, যাতে তারা সংগ্রামে জয়লাভ করতে পারে। ইতিমধ্যেই তারা বেশ কিছু সাফল্য অর্জন করেছে। আমাদের সক্রিয় সমর্থন পেলে তারা নিশ্চিতভাবেই বিজয়ী হবে। এজন্যই আমাদের সকলকে এই সংগ্রামের সাফল্যের জন্যে এগিয়ে আসতে হবে। এর জন্য প্রয়োজন আমাদের মধ্যে

ঐক্য ও শান্তি বজায় রাখা। আমাদের মধ্যে বিভেদ সৃষ্টি হলে ইয়াহিয়া চক্রই লাভবান হবে। তাই সাম্প্রদায়িক ও বিভেদকামী শক্তির বিরুদ্ধে সতর্ক থাকতে হবে।

আমাদের সমর্থন ও সহযোগিতায় বাংলাদেশের সংগ্রামের অগ্রগতির সাথে সাথে আন্তর্জাতিক সমর্থনও এগিয়ে আসবে। ইতিমধ্যেই প্রগতিশীল বহু রাষ্ট্র বাংলাদেশের জনগণের সমর্থনে এগিয়ে এসেছে। মার্কিনীরা ইয়াহিয়া চক্রকে সামরিক সাহায্য ও সমর্থন দিয়ে পাকিস্তানী শাসক গোষ্ঠিকে ইন্ধন যোগাচ্ছে। চীন সরকারও ইয়াহিয়া চক্রকে সমর্থন দিয়ে মুক্তিসংগ্রামের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করেছে। কিন্তু আমেরিকা ও চীনের এই চক্রান্ত সত্ত্বেও মুক্তি-সংগ্রামের বিজয় সুনিশ্চিত। এই সংগ্রাম পাকিস্তানের ইতিহাসের এক অবধারিত পরিণতি। আর এর জন্য সম্পূর্ণরূপে দায়ী পাকিস্তানের শাসকগোষ্ঠী।

বাংলাদেশের মুক্তিসংগ্রাম সমগ্র এশিয়ার জন্য এক ঐতিহাসিক তাৎপর্যপূর্ণ ঘটনা। এই সংগ্রাম স্বাধীনতা, গণতন্ত্র আর শোষণমুক্তির সংগ্রাম। এর বিজয় সুনিশ্চিত। এই বিজয় যত শীঘ্র হবে ততই আমাদের উভয় দেশের জন্যই মংগল। আসুন, আমরা সকলে এই সংগ্রামকে সফল করার জন্য সঠিকভাবে নিজেদের দায়িত্ব পালন করি।

(আসামীয় ভাষায় প্রকাশিত মূল গ্রন্থ থেকে সংক্ষেপে অনুদিত)

শিরোনাম	সূত্র	তারিখ
ইয়াহিয়ার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান মন্ত্রীর প্রতি জয়প্রকাশ নারায়ণের আহবান।	হিন্দুস্তান স্টান্ডার্ড	১ জুলাই, ১৯৭১

TIME FOR PM TO DECIDE NOW AGAINST YAHYA: JP

(By A Staff Reporter)

Looking remarkably fit for his 68 years even in the hot and humid atmosphere of the Press Club on Thursday evening and in spite of conjunctivities which made him wear dark glasses. Mr. Jayprakash Narayan, back from his crusading tour of the world for the cause of Bangladesh, said he had little to add to what he had said in Delhi previously.

The great powers, Mr. Narayan said, were still interested in preserving the statusquo in Pakistan in order to maintain a political balance in South Ea t Asia. Some of them were perhaps Willing to share with India the burden of the evacuees but none would pull the chestnuts out of the fire for Bangladesh or India.

The time had come, he said, for Mrs. Gandhi to decide whether action should be taken against the Yahya regime which was exporting internal chaos to India.

Since his Delhi statement, Mr. Narayan added, two things had happened. The U.S.A. had shipped arms to Pakistan under whatever pretext it might have been. And despite the stoppage of aid by the Aid-Pakistan Consortium, she was considering resumption of aid.

This] went plump against the assurances Mr. Swaran Singh and he had received in Washington. U. S. policy makers had made it clear to Mr. Narayan that they wanted to see political accommodation made with the real representatives of Bangladesh not with stooges.

What was behind this? Mr. Narayan gave two explanations. The powerful Pentagon had close personal relations with the military rulers of Pakistan. Secondly, Mr. Nixon while he was Vice-President during the Eisen-hower administration had visited the sub-continent and had submitted a report advocating large-scale arms supply to Pakistan, which unlike-non-aligned India, was thought to be a stable and constant ally. History Mr. Narayan caustically pointed out, had falsified this assessment of staebility. But, there was no indication of Mr. Nixon having departed from it a wee hit.

The Soviet attitude, according to Mr. Narayan, was some-what more helpful The Russian President Mr. Podgorny, was the only head of a State who had expressed dis-approval,—albeit mild—of Pakistani action in his letter to Yahya Khan.

Mr. Narayan had only been to Cairo in the Arab countries and at that time it was in the throes of political disorder. He was however disappointed

by the lukewarm interest of the people and the inaequate coverage by the Press in Cairo which contrasted sharply with what he found in Indonesia or Malaysia.

Did Mujib commit a blunder by switching over from non-violent resistance to fighting? "I cannot sit in judgment on Mujib", said Mr. Narayan. In any event he saw signs of non-violent resistance in the offensive of the ill-equipped Bangladesh forces. Yahya who obviously took his lessons from Hitler was clearly determined to stamp out the freedom movement. As a true Gandhite. Mr. Narayan said that a situation which would have led to the degrading of human dignity called for the taking up of arms.

Then came up the crucial question. What should India do? Mr. Narayan made his point in no uncertain terms, "I had said even before the formation of the Bangladesh Government and respeat now, India must recognise the concept of Bangladesh and give it all possible assistance": This might conceivably to lead to Pakistani military action against India but that was an unavoidable risk. He hastened to add that he was no warmonger and was against India taking a warlike initiative. And following India recognition of Bangladesh, he hoped. material help would flow to the afflicted area from other countries.

Mr. Narayan could not say how long it would take for the evacuees to return safely to their homes. Six months, may be a year. But the right conditions for their return must be—and, he hoped, would be—created. And that of course meant Bangladesh throwing off Yahya's military Yoke.

শিরোনাম	সূত্র	
জনসংঘের সভাপতি বাজপায়ী কর্তৃক অবিলম্বে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের দাবী।	স্টেটসম্যান	১২ জুলাই, ১৯৭১

PM FLOUTING PLEDGE ON BANGLADESH: Vajpayee

(From Our Own Correspondent)

BHOPAL, JULY 11.—The Jana Sangh President Mr. Atal Behari Vajpayee' today alleged that the Prime Minister was flouting the pledge given in parliament for an effective action with regard to the Bangladesh problem.

Speaking to newsmen, he rulled out the possibility of war with Pakistan merely on the ground of recognition to Bangladesh by India.

"Under pressure of super powers Mrs. Gandhi is not recognising Bangladesh as an independent nation," he said.

The long-drawn guerilla struggle between the Mukti Fouj and the West Pakistan Army would deteriorate the situation in the eastern part of the country comprising West Bengal, Assam, Nagaland and Bihar, Arms and ammunition were being smuggled to neighbouring India States by Naxalites and others.

He urged the Prime Minister to immediately convence a meeting of the National Integration committee and wanted her "not to sidetrack the burning issue of Bangladesh under the bogey of communalism."

Agencies add: Recognition of Bangladesh should no longer be delayed, otherwise the history to Tibet might be repeated here. After recognition all sorts of aid including military aid could be made available to them, Mr Vajpayee added.

Mr Vajpayee alleged that a sum of Rs. 42 lakhs had been withdrawn through fraudulent means from the branch of a Nationalised bank in Ahmedabad sometime before the recent mid term poll.

Talking to newsmen, Mr. Vajpyace said that according to his original information, Rs 80 lakhs had been withdrawn but the Union Finance Minister, Mr. Y.B. Chavan in a letter to him yesterday, had said that the amount involved was Rs. 42 lakhs.

Mr. Chavan had also stated in his letter that some persons, including some employees, had been taken into custody and a part of the amount had been recovered since, Mr Vajpayee said.

Mr. Vajpayee, however, declined to name the bank and said the case was similar to the one that occurred at the State Bank of India in Delhi.

He wanted a high power commission to inquire into the two cases.

শিরোনাম	সূত্র	তারিখ
'বাংলাদেশের স্বীকৃতির প্রশ্নে সবাই একমত, তবু সরকার নীরব কেন ?' মি: সমর গুহ, এম, পি'র প্রবন্ধ।	আনন্দবাজার	১২ জুলাই, ১৯৭১

বাংলাদেশের স্বীকৃতির প্রশ্নে সবাই একমত, তবু সরকার নীরব কেন ?

বাংলাদেশকে অবিলম্বে স্বীকৃতি দেওয়ার প্রশ্নে ভারতের জাতীয় জনমত প্রায় সর্বসম্মতভাবে এক। ভারতের অধিকাংশ বিধানসভা, প্রতিটি বিরোধী দল, উচ্চ সারির আইনজীবি এবং অগণিত জনসভা বাংলাদেশের আশু স্বীকৃতি দাবী করছে। একমাত্র মুসলীম লীগ এবং মজলিস-ই-মাসারওয়াত ছাড়া প্রতিটি মুসলিম সংগঠন এবং রাজ্য বিধান সভা ও পার্লামেন্টের মুসলিম সদস্যরাও এই দাবী সমর্থন করেছেন। বাংলাদেশকে আশু স্বীকৃতিদানের প্রস্তাব নিয়ে সম্প্রতি পার্লামেন্টে যে বিতর্ক হয়েছে তার পরিপ্রেক্ষিতে কংগ্রেস পার্লামেন্টারি দলে পর পর তিনদিন যে আলোচনা হয়েছে, তাতে সব বক্তাই শুধু যে স্বীকৃতি দাবী করেছেন তাই নয় পাকিস্তানের বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্যও সরকারের কাছে তীব্রভাবে অনেকে দাবী জানিয়েছেন। পার্লামেন্টের দু'দিনের বিতর্কে প্রায় প্রতিটি সদস্য আশু স্বীকৃতি দানের প্রস্তাব সমর্থন করেছেন। ফ্রী ভোট হলে প্রস্তাবটি ভোটাধিক্যে গৃহীত হ'ত। অর্থাৎ গোটা দেশ এবং রাজনীতিকেরা প্রায় সবাই একমত। শুধু সরকার আশ্চর্য্যজনকভাবে নীরব। একটি গণতান্ত্রিক দেশে সরকার ও জাতীয় জনমতের এমন পার্থক্য অত্যন্ত অসংগত।

বাংলাদেশ ও বিশ্বজনমত।

বাংলাদেশের উপরে ইয়াহিয়াশাহীর গণহত্যার বর্বর অভিযানের বিরুদ্ধে এবং বাঙ্গালীর স্বাধীকারের সমর্থনে আজ বিশ্বের সংবাদপত্র এবং জনমত সোচ্চার—এমন আন্তর্জাতীয় ঘটনা, যুদ্ধোত্তর বিশ্বের ইতিহাসে খুব বেশী ঘটেনি।

ভারতের পররাষ্ট্র মন্ত্রী বলেছেন যে, ভারত ছাড়া বিশ্বের কোন রাষ্ট্রই বাংলাদেশকে স্বীকৃতি দিতে রাজী নয়। কিন্তু শ্রী জয়প্রকাশ নারায়ন ৪৮ দিন ১৮টি বিদেশী রাষ্ট্রে সফর করে বলেছেন যে, ভারত স্বীকৃতি দিলে অবিলম্বে অন্তত বিশ্বের চার পাঁচটি রাষ্ট্রও বাংলাদেশকে স্বীকৃতি দেবে। শুক্রবারের মস্কো মিশন নয়াদিল্লীকে জানিয়েছে, 'রাশিয়া বাংলাদেশের অস্তিত্ব বাস্তব ঘটনা বলে মেনে নিয়েছে।' বাংলাদেশের স্বীকৃতির প্রশ্নে ভারতীয় কমুনিষ্ট পার্টির সোচ্চার ধ্বনি শুনেও নিশ্চিন্তে এই সিদ্ধান্ত করা যায় যে, রাশিয়া এরূপ রাজনৈতিক সিদ্ধান্তের বিরোধী নয়। বিদেশের বহু রাষ্ট্রবিদ বলেছেন যে, বাংলাদেশকে স্বীকৃতিদানের প্রশ্নে পথ দেখাতে হবে ভারতকে।

সরকারী আপত্তি কেন ?

নীতিগতভাবে বাংলাদেশকে স্বীকৃতিদানের বিরোধী নন ভারত সরকার। তবে, ভারত সরকার মনে করেন যে, এখন স্বীকৃতি দিলে বাংলাদেশের পক্ষে সহায়ক হবে না, ক্ষতি করা হবে। অর্থাৎ সরকারী ভাষায় "হেলপফুল হবেনা, হার্মফুল হবে।" এদিকে বাংলাদেশের জাতীয় সরকার এবং সমগ্র জাতীয় দল বার বার বিশ্বের কাছে বাংলাদেশকে স্বীকৃতি দানের আবেদন জানাচ্ছেন। বাংলাদেশের পক্ষে কোনটা স্বার্থসম্মত এবং কোন্ কাজ ক্ষতিকর সেই বিচারের প্রধান যোগ্যতা এবং অধিকার যে বাংলাদেশের সরকারের,—এই মূল কথাটি স্বীকার করে নিয়ে ভারত সরকারের বরং স্পষ্ট করে বলা উচিত যে, ভারতের স্বার্থে ভারত সরকারের পক্ষে এখন বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া সম্ভব নয়—যদিও, ভারতীয় জনমত মনে করে যে, বাংলাদেশকে আশু স্বীকৃতি দেওয়াই ভারতের পক্ষে স্বার্থসম্মত।

ভারতের প্রধানমন্ত্রী বাংলাদেশ সম্বন্ধে বলেছেন 'রাইট টাইমে রাইট ডিসিশন' নেওয়া হবে। এই সঠিক সিদ্ধান্তের ঠিক সময়টি কখন আসবে? ঠিক সময় ও ঠিক সিদ্ধান্তের নিয়ামক বা নির্ণায়ক অথবা পারিপার্শ্বিকতার সূচকই বা কি?

সরকারী ধারণা নির্ভুল নয়

বাংলাদেশের গণঅভ্যুত্থানের পরে ভারত সরকার মনে করেছিলেন যে, পিণ্ডি সরকার পশ্চিম পাক সীমান্ত থেকে পূর্ব বাংলায় ফৌজ পাঠাতে সাহসী হবে না। প্রধানমন্ত্রীর সংগে বিরোধী দলের নেতাদের বৈঠকে প্রতিরক্ষা মন্ত্রী শ্রী জগজীবন রাম বলেন যে, ৩০ লক্ষের বেশী শরণার্থী ভারতে আসবে না। ভারত সরকারের আরও ধারণা হয়েছিল যে, সামরিক খরচ এবং পূর্ব বাংলার বিপর্যয়ের কারণে পাকিস্তানের অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়বে। ভারত সরকারের এই তিনটি ধারণার একটি ধারণাও সঠিক প্রমাণিত হয় নি।

পাকিস্তানের সঙ্গে যুদ্ধের বিকল্প

পাকিস্তানের সঙ্গে যুদ্ধ পরিহারের একমাত্র রাজনৈতিক বিকল্প পন্থা হলো বাংলাদেশের আশু স্বীকৃতি দান। বাংলাদেশের সরকার স্বীকৃতি লাভ করলে যে রাজনৈতিক ও সামরিক উদ্যমের স্বাধীনতা লাভ করবে তার সুযোগে শুধু ভারতের কাছ থেকেই নয় বিশ্বের আরও কয়েকটি রাষ্ট্র থেকে বাংলাদেশ যে সামরিক ও রাজনৈতিক এবং আর্থিক সহযোগিতা লাভ করবে তার সংবাদ ভারত সরকারেরও অজানা নয়।

স্বীকৃতি লাভ করলে বাংলাদেশ সরকারের পক্ষে ভারতে আগত উদ্বাস্তুদের ভিতর থেকে এক লক্ষ শক্তির গেরিলা বাহিনী গড়ে তোলাও অসম্ভব হবে না। স্বীকৃতি লাভ করে যে প্রকাশ্য ও প্রত্যক্ষ সাহায্য লাভের সুযোগ বাংলাদেশ সরকার পাবে, সেই সুযোগ গ্রহণ করে মুক্তি ফৌজের পক্ষেই পাক ফৌজের কবল থেকে বাংলাদেশকে মুক্ত করে বাংলাদেশের স্বাধীনতা সম্পূর্ণ করা সম্ভব হবে।

শিরোনাম।	সূত্র।	তারিখ।
বিহার রাজ্যে বাংলাদেশ সম্মেলন সমিতির জনসভায় জয়প্রকাশ নারায়ণের দাবী: অবিলম্বে বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেয়া হোক।	'কম্পাস'	১৭ জুলাই, ১৯৭১

বাংলাদেশের স্বীকৃতি সম্পর্কে জয়প্রকাশ নারায়ণ

সম্প্রতি ৬ই জুলাই পাটনায় বিহার রাজ্যে বাংলাদেশ সম্মেলন সমিতি কর্তৃক আয়োজিত এক জনসভায় দেশের সব রাজনৈতিক দল, শ্রমিক সংস্থা এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের উদ্দেশ্যে সর্বোদয় নেতা শ্রী জয়প্রকাশ নারায়ন এই মর্মে আবেদন করেন যে বাংলাদেশে আওয়ামী লীগ সরকারকে অবিলম্বে স্বীকৃতি দেওয়ার জন্য সকলেই যেন পারস্পরিক মতভেদ ও মত পার্থক্য ভুলে গিয়ে ভারত সরকারের ওপর বিশেষ চাপ দেবার ব্যবস্থা করেন। বাংলাদেশ স্বীকৃতি পেলেই ঐ দেশের মুক্তিযোদ্ধাদের পক্ষে উপযুক্ত পরিমাণ অস্ত্র-শস্ত্র পেয়ে ইয়াহিয়া খানের হানাদারী বাহিনীর বিরুদ্ধে মোকাবেলা করা, সহজ হয়ে উঠবে।

শ্রী নারায়ণ এই অভিমত প্রকাশ করেন যে, বাংলাদেশে ইয়াহিয়া খানের সেনারা যে যুদ্ধ সুরু করে দিয়েছে তার ফলে ভারতকে এক ভীষণ সংকটের সম্মুখীন হতে হয়েছে। এই সংকটের মধ্য দিয়েই ভারতকে প্রকৃত পরীক্ষা দিতে হবে রাজনৈতিক ক্ষেত্রে। এই সংকটের মাঝেই ভারত সুদৃঢ়ভাবে ঐক্যবদ্ধ হবে অথবা তাকে ভাঙ্গনের মুখে দাঁড়াতে হবে। আজ বাংলাদেশে যে যুদ্ধ চলছে, তার বোঝা ভারতকে বহন করতেই হবে। বাংলাদেশ পরাজিত হলে, পরিণামে ভারতকেও পরাজয় বরণ করতে হবে। এটা মনে রাখা প্রয়োজন যে বাংলাদেশের মুক্তিকামী জনগণের সংগ্রামের সংগে ভারত সামিল হয়ে গেছে।

শ্রী নারায়ণ বলেন যে পাকিস্তানের ওপর অন্যান্য রাষ্ট্রের রাজনৈতিক চাপ সৃষ্টির জন্য ভারত অপেক্ষা করতে পারে না। বাংলাদেশের জনগণ যে রায় দিয়েছেন তার মর্যাদা ভারতকে দিতে হবে। পাকিস্তান বাংলাদেশে যে নিপীড়ন ও অত্যাচার চালিয়ে যাচ্ছে, তা থেকে সে সরে দাঁড়াবে না। আর তার নীতির ও পরিবর্তন ঘটাবে না। এমতাবস্থায় এখুনিই বাংলাদেশকে স্বীকৃতি দিতে হবে আর অস্ত্রশস্ত্রের যোগান দিতে হবে। ভারতের স্বার্থেই এ কাজটা করতে হবে। কারণ, বাংলাদেশ থেকে যারা শরণার্থী হিসেবে ভারতে আশ্রয় নিচ্ছে, তাদের আগমনের ফলে এদেশের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে নানা রকমের জটিল সমস্যার উদ্ভব হয়েছে। বর্তমানে অবস্থা এমন দাঁড়িয়েছে যে বাংলাদেশে সামরিক অভিযান চালাতে গিয়ে পাকিস্তানের সামরিক চক্র যে টাকা খরচ করছেন, তার চাইতেও তিনচারগুণ বেশী টাকা খরচ করতে হচ্ছে ভারতকে বিনা যুদ্ধেই। যদি কেউ মনে করেন যে, যুদ্ধ চলতে থাকলে পাকিস্তানের অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়বে, তাহলে তিনি ভুল করবেন। পাকিস্তানের অর্থনীতি খানখান হয়ে যাওয়ার কোন চিহ্ন দেখা যায় না। পক্ষান্তরে, এখন পাকিস্তান বাংলাদেশে দীর্ঘকাল ধরে যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্য আরও দু ডিভিসন সৈন্য সংগ্রহ করছে।

তিনি আরও বলেন যে, বাংলাদেশে যে যুদ্ধ চলছে, তাকে বাইরে থেকে মনে হবে গৃহযুদ্ধ। কিন্তু বাস্তবে এ যুদ্ধ গৃহযুদ্ধ নয়। এ যুদ্ধকে সাম্রাজ্যবাদী একটা জাতির সংগে একটি মুক্তিকামী ঔপনিবেশিক রাষ্ট্রের জনগণের যুদ্ধ হিসেবে গণ্য করা উচিত হবে। বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বার্তা বহন করে তিনি এটা উপলব্ধি করেছেন যে, বাংলাদেশের

ব্যাপারে বিদেশে পাকিস্তানী সামরিক চক্রের ভারত বিরোধী প্রচারকার্য্য ব্যর্থ হয়েছে। পাকিস্তান বিদেশে এরকম একটা ধারণা সৃষ্টি করতে চেয়েছিল যে পাকিস্তানে বাংলাদেশকে নিয়ে যে রাজনৈতিক সংকট দেখা দিয়েছে তার মূলে আছে ভারত। অবশ্য পাকিস্তানের এরকম ধারণা সৃষ্টির চেষ্টা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। তবে বাংলাদেশের সমস্যাবলী নিয়ে বিশ্বের দুটি রাষ্ট্র অর্থাৎ আমেরিকা ও ফ্রান্স অদ্ভুত দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র সরকার ভারতের পররাষ্ট্রমন্ত্রী এবং তাঁকে এই মর্মে প্রতিশ্রুতি দিয়েছিলো যে পাকিস্তানকে আর অস্ত্রশস্ত্র সরবরাহ করা হবে না। কিন্তু পরবর্তী কালে দেখা গেল, যুক্তরাষ্ট্র সরকার পাকিস্তানে আরও ছ'সাত জাহাজ বোঝাই অস্ত্র-শস্ত্র পাঠিয়েছে। ফ্রান্স সরাসরি পাকিস্তানকে অস্ত্র-শস্ত্র না পাঠালেও, সেখানে খোলা বাজারে পাকিস্তানের জনগণের কাছে অস্ত্র-শস্ত্র বিক্রী করা হচ্ছে। আন্তর্জাতিক (Aid-Pakistan) কমিটি সাহায্য দেওয়া বন্ধ রাখলেও, দ্বিপাক্ষিক চুক্তি বলে পাকিস্তান সাহায্য পেতে থাকবেই।

এখন ভারতের প্রায় ৭০ লক্ষ শরণার্থী এসেছে বাংলাদেশ থেকে। অদূর ভবিষ্যতে এই সংখ্যা এক কোটিতে দাঁড়াবে। পাকিস্তান এমন একটা কৌশল অবলম্বন করতে চাইছে যার ফলে এদেশে হিন্দু ও মুসলমানের মধ্যে সাম্প্রদায়িক দাঙ্গা বাধে। এ ব্যাপারে ভারতকে সতর্ক থাকতে হবে। যদি ভারতে সাম্প্রদায়িক দাঙ্গা বেধে যায়, তাহলে পাকিস্তানের হাত বাংলাদেশে আরও শক্ত হবে এবং পরিণামে বাংলাদেশে মুক্তিযোদ্ধাদের সংগ্রাম বিপর্য্যস্ত হয়ে পড়বে। কিছুকাল আগে প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী তাঁকে বলেছিলেন সময় এলেই বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া হবে। এখন প্রশ্ন হলো, সে সময় আসবে কবে? বাংলাদেশকে স্বীকৃতি দেওয়ার ব্যাপারে গড়িমসি করা হলে, ভারতের সমস্যাবলী আরও জটিল হয়ে পড়বে। অথচ, এটা ঠিক যে একদিন না একদিন বাংলাদেশকে স্বীকৃতি দিতেই হবে। বাংলাদেশকে এখুনি স্বীকৃতি না দিলে আমাদের জাতীয় স্বার্থের প্রতি বিশ্বাসঘাতকতা করা হবে। আর সারা দক্ষিণ পূর্ব এশিয়ায় শান্তি বিঘ্নিত ও বিপন্ন হবে। এজন্য যদি যুদ্ধ আমাদের ওপর চাপিয়ে দেওয়া হয়, আমাদের অবশ্যই যুদ্ধ করতে হবে।

বিহার রাজ্য বাংলাদেশ সম্মেলন সমিতির ঐ সভায় সভাপতিত্ব করেন রাজ্যপাল শ্রী দেবকান্ত বড়ুয়া।

শ্রী বড়ুয়া বলেন যে ভারত পাকিস্তানের একনায়কতন্ত্রের বিরোধী. আজ বাংলাদেশে যে কায়দায় বুদ্ধিজীবিদের হত্যা করা হচ্ছে, ঠিক সে কায়দায় একদিন হিটলার বুদ্ধিজীবিদের হত্যা করেছিলেন। কিন্তু ইতিহাস এই সাক্ষ্য বহন করছে যে, পাশবিক কার্য্যাবলী কখনই পরিণামে টিকে থাকে না। এর অন্যথা হলে, হিটলার অবশ্যই চূড়ান্ত পর্য্যায়ে সফলকাম হতেন।

তিনি আরও বলেন যে বাংলাদেশের মুক্তি সংগ্রামীদের ও দুর্গত শরণার্থীদের সাহায্য দেওয়ার জন্য এ পর্যন্ত বিহারের জনগণ ২৭ লক্ষ টাকা সংগ্রহ করেছেন। এ দেখেই বুঝা যাব বিহারের আপামর জনসাধারণ বাংলাদেশের এই মুক্তি সংগ্রাম সম্পর্কে কী সহানভূতিশীল মনোভাব গ্রহণ করেছেন। বিহারের অধিবাসীগণ বাংলাদেশের শরণার্থীদেব জন্য ৫০ লক্ষ টাকা সংগ্রহ করার এক কর্মসূচী নিয়েছেন।

সারাভারত এস্‌,এস্‌,পি, দলের সভাপতি শ্রী কর্পূরী ঠাকুরও বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সমর্থনে ভাষণ দেন।

বাংলাদেশের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ এ,কে, মল্লিক বলেন, বাংলাদেশের মুক্তি আন্দোলনে বিহারের জনগণ যে ভূমিকা গ্রহণ করেছেন তা কোনদিনই বাংলাদেশের মানুষ ভুলবেনা। তিনি আরও বলেন যে বাংলাদেশের মানুষ স্বায়ত্বশাসনের অধিকার চেয়েছিল পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে চায়নি। স্বায়ত্বশাসনের যে দাবী বাংলাদেশের মানুষরা

করেছিলেন, সেই অপরাধে ২৫শে মার্চের মধ্যরাত্র থেকে পাকিস্তানী সামরিক চক্র নিরস্ত্র ও নিরীহ জনসাধারণের ওপর হত্যার অভিযান শুরু করে দেয় এবং এই হত্যাকাণ্ডই শেষ পর্যন্ত বাংলাদেশ নামে এক নতুন রাষ্ট্রের জন্ম দেয়। বাংলাদেশে বাঙ্গালী হিন্দুদের মধ্যে সন্ত্রাস সৃষ্টি করে পাকিস্তানী কর্তৃপক্ষ যে কৌশল অবলম্বন করেছেন, তার মূল লক্ষ্য হল ভারতে সাম্প্রদায়িক দাঙ্গা বাধিয়ে দিয়ে বাংলাদেশের মুক্তিযুদ্ধকে বানচাল করে দেওয়া। এ সম্পর্কে ভারতের জনগণকে সজাগ ও সচেতন থাকতে হবে।

ড: মল্লিক আরও বলেন যে, বাংলাদেশে বাঙ্গালী হিন্দু ও বাঙালী মুসলমানের মধ্যে কোন শক্তিই ফাটল ধরাতে পারবে না। শেষ পর্যন্ত বাংলার মুক্তিকামী মানুষ জয়ী হবেই। এটা মনে রাখা প্রয়োজন যে বাংলাদেশে এখন যে যুদ্ধ চলছে তা হল গণতন্ত্রের বিরুদ্ধে সাম্প্রদায়িকতার যুদ্ধ। এমতাবস্থায় গণতান্ত্রিক ভারতের জনগণ যদি বাংলাদেশকে অবিলম্বে স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করেন তা হলে বাংলাদেশের মুক্তি আরও ত্বরান্বিত হবে।

শিরোনাম	সূত্র	তারিখ
'সেন্ট্রাল এ্যাকশন কমিটি অব বাংলাদেশ' এর বিবৃতি এবং খসড়া প্রস্তাব।	পুস্তিকা	জুলাই, ১৯৭১

CENTRAL
ACTION COMMITTEE ON BANGLADESH

Chairman .. .. .. Jayaprakash Narayan

Treasurer .. .. .. Mrs. Savitri Nigam

Convener .. .. .. S.K. Doy

Jt. Convener .. .. .. S.D. Sharma

MEMBER INSTITUTIONS

1. Sarva Seva Sangh, Gopuri, Wardha
2. Delhi Sarvodaya Mandal, Rajghat, New Delhi
3. Gandhi Samrak Nidhi, Rajghat, New Delhi
4. National Committee for Gandhi Museums, New Delhi
5. Gandhi Peace Foundation, Deen Dayal Upadhyaya Marg, New Delhi
6. Servants of the People Society, Lajpat Bhawan, New Delhi
7. Loktantra Raksha Parishad, Lajpat Bhawan, New Delhi
8. All India Prohibition Council, 28 Theatre Communication Building, Connaught Place, New Delhi
9. Association of Voluntary Agencies for Rural Development (AVARD) A-23, Kailash Colony, New Delhi
10. All India Panchayat Parishad, A-33, Kailash Colony, New Delhi.

Printed at the Kapur Printing Press, Delhi and published by S D. Sharma for Central Action Committee on Bangla Desh, New Delhi.

CENTRAL

ACTION COMMITTEE ON BANGLADESH

STATEMENT

25th of March 1971 was the Black day in the history of the people of Bangla Desh (erstwhile East Pakistan). On this day, the Army Junta of West Pakistan backed by monopoly business interests, who have been exploiting East Bengal as a colony ever since the creation of Pakistan, launched their massive plan of genocide against the unarmed people. The crime of which the Bangla Desh people are guilty is, that in the national general elections held in December 1970, the people gave their verdict in favour of the Awami League headed by Sheikh Mujib-ur-Rahman assuring it a comfortable majority in the National Constituent Assembly and a virtual monopoly in the State Legislature. The Awami League's victory was based on a six-point programme which claimed effective autonomy for the people of Bangla Desh.

2. During the intervening months, countless men, women and children have lost their lives and atrocities have been perpetrated by the Pakistan Army which surpass that of the notirious Chengez Khan. In fact there could be no greater violation of the United Nations Charter, the Human Rights Declaration and the Geneva Convention regarding protection of civilian persons. The oppressed who have sought refuge in India already number seven million. The influx of Bengalees fleeing for life continues unabated, inflicting on this country an unprecedented burden, political economic and social.

3. Sheikh Mujib-ur-Rahman's party reacting to the compulsion of events, has declared Independence of Bangla Desh and has established a provisional Government. Although the World Press, by and large, has awakened to the tragic happening in Bangla Desh, the Governments of many countries in the world have failed to condemn this unprecedented crime. What is wrose, arms still continue to flow from some countries to aid the Army Junta in West Pakistan in its sinister design, with the result that the security of the Indian sub-continent has been put in jeopardy. The latest statement of the President of Pakistan has further dashed any hope of a political solution coming from the Army Junta.

4. The ruling party in our Parliament, the Opposition and the people in the country in general, are aware that our democracy in India is threatened if we fail to render help in this emergency to the people of Bangla Desh. In this grave crisis our Government, in pursuance of the unanimous resolution passed by the Parliament, should recognise the provisional Government of Bangla Desh, based on the will of the people constitutionally expressed. Only then could all possible moral and material aid be extended to the Government and the people of Bangla Desh. Other foreign Governments will not take a lead in this matter unless India first recognises Bangla Desh. There can be no hope for the millions of refugees ever returning to Bangla Desh unless favourable conditions are created at the earliest for this purpose and this cannot be done so long as Bengla Desh continues to groan under the heels of the Army Junta of West Pakistan.

5. Perhaps, what is standing in the way of action on the part of our Government is the absence of a visible demonstration of the people's will in

this matter supported by a clear understanding by one and all, of the implica tions that must follow as a logical corollary to recognition. This matter has been discussed by many an organisation concerned over the matter during recent days. It has been decided that a purely non-party and non-official Action Committee on Bangla Desh be constituted under the Chairmanship of Shri Jayaprakash Narayan who has just come back after a long trek across the wide world explaning the issues at stake in Bangla Desh. This Committee will act on behalf of Sarva Seva Sangh, Servants of the People Society, Loktantra Raksha Parishad, All India Panchayat Parshad, Association of Voluntary Agencies for Rural Development, Delhi Sarvodaya Mandal, Gandhi Smarak. Nidhi, Gandhi Peace Foundation, and all others who join the programmel They will launch a campaign throughout the country and take action in all States to mobilise non-official institutions and organisations who are wedded to democracy and human rights. The programme envisaged in the first instance will cover the following:

(a) Resolutions (on the lines indicated in the attached draft) to be passed by public organisations and institutions and by people in meetings specially called over the subject of action on Bangla Desh in villages, towns and cities and in the capitals of the States and Union Territories including the national capital. The resolutions passed in these meeings will be conveyed to the Prime Minister.

(b) A signature campaign urging on the Government of India to accord recognation to the provisional Government of Bangla Desh.

(c) Peaceful demonstrations and selective basis at the appropriate time.

6. It is expected that public debates on politically non-partisan lines will be conducted over the country as a whole to lend moral and material support to the Government of India when it takes firm action on the Bangla Desh issue. These will prepare the people of India for the eventualities that may follow in the wake of the recognition of Bangla Desh as an independent entity. If the Government proves reluctant to take this step, the campaign will be intensified to generate sufficient pressure in the country to make the Government act. It will also help to rouse world opinion to the gravity of the situation in this sensitive region in South Asia.

7. The Chairman Shri Jayaprakash Narayan in a meeting held at the Gandhi Peace Foundation on Sunday the 4th of July has formed an Action Committee for this purpose with Shri S.K. Dey, President of the All India Panchayat Parishad as the Convenor and Shri S.D. Sharama, Secretary of the Loktantra Raksha Parishad of Servants of the : ople Society as the Joint Convenor. It has been decided that the head quarters of the Action Committee on Bangla Desh shall be located at Lajpat Bhawan, Lajpat Nagar, New Del 24 where all letters, telegrams and contributions to the cause of Bangla Desh may kindly be sent.

Lajpat Bhawan, Lajpat Nagar,
New Delhi-24.
July 12, 1971.

RESOLUTION

This meeting of the..hereby

Places on record its deep sympathy and support for the people of Bangla Desh in their hour of trial and agony;

Condemns unequivocally the inhuman atrocities and genocide perpetrated by the military regime on the unarmed men, women and children of Bangla Desh resulting in the exodus of millions of Bengalees to India inflicting an unprecedented burden—political, economic and social—on this country;

Deplores the suppression of democratic urges of the people of Bangla Desh and their duly elected representatives by the Army Junta of West Pakistan in utter violation of the U.N. Charter and the Human Rights Declaration;

আমি বলছিলাম গণতন্ত্রের যে সংগ্রাম চলছে তাতে আমাদের করণীয় কি। এখন স্বীকৃতি দেয়া হবে কি না। আমাদের আজাদ হিন্দের সরকার গঠিত হয়েছিল নেতাজীর নেতৃত্বে, কোন সরকার স্বীকৃতি দিল কি দিলনা আমরা যুদ্ধে গেছি। আমি সে বিষয়ের গভীরতায় যেতে চাইনা। স্বীকৃতি দিলে কাল যুদ্ধ শুরু হয়ে যাবে আমি এটাও মানিনা। পাকিস্তান আজ ভাঙ্গছে ভুট্টোর নির্বুদ্ধিতায়, ইয়াহিয়া খানের ভুলে পাকিস্তান ভাঙ্গনের প্রান্তে এবং চূড়ান্তভাবে ভাঙ্গবে কিন্তু আমাদের সরকার কি ভূমিকা পালন করবে। দ্বিজাতিতত্ত্ব চিরকালের জন্য নির্মূল করবে না কি করবে। সে যদি এখনই কোন পদক্ষেপ না নেয় তবে পূর্ববর্তী বক্তাগণ যেমন বলেছেন, তাদের সাহায্যার্থে অন্যকেউ আসবে, বাংলাদেশের লোক আপনাকে ধন্যবাদ জানাবে, (বলবে), যতখানি করেছেন ঠিক করেছেন, কিন্তু শুধু বাংলাদেশই নয়, সম্পূর্ণ ইস্টার্ণ জোন আপনার হাত থেকে বেরিয়ে যাবে, এরূপ ফোর্সেস আছে আমি আপনাকে সাবধানী দিচ্ছি। সরকার কখন এ্যাকশন নেবেন কখন কি করবেন, আমি জানিনা। কিন্তু সরকার বাংলাদেশে যুদ্ধরত মুক্তিফৌজের সাহায্য করা উচিত এটা নিশ্চিত করুন। অনেকেই একথা তোলেন যে, সাহায্য কিভাবে দেয়া হবে? পাকিস্তান কিভাবে করছে, বিদ্রোহী নাগাদের ট্রেনিং ঢাকাতে হয় মিজোদের হয় তারা বলেনা তারা, কিন্তু আপনি করেননি। আমাদের সরকার কি করেছেন? বিজু পেটনায়ক আশ্চর্য কথা বলেন, তাঁর বক্তৃতায় তিনি বলেছেন, মুক্তিফৌজের যুদ্ধ কাগজের যুদ্ধ তিনি নিজেকে সৈনিক বলেন কিন্তু সংবুদ্ধি একটুও নেই। তারা কত বীরত্বের সংগে যুদ্ধ করছে। ফ্রন্টে গিয়ে আপনি তাদের মনোবল দেখুন আপনি দেখে আশ্চর্য হবেন, নেতাজীর নেতৃত্বে যে আজাদ হিন্দ ফৌজ যুদ্ধ করছিল তাদের চেয়ে এদের মনোবল বেশী উঁচু। মুক্তি ফৌজে যত যোদ্ধা আছেন কারো স্ত্রী নিহত হয়েছে, কারো কন্যা, কারো অন্য কেউ মারা গেছে কিন্তু তাদের চেহারায় কোন উদাসীন্য নেই। তাদের এই হুশও থাকেনা যে তারা খেতে

পাবে কি না। আজাদ হিন্দ ফৌজ যোদ্ধাদের স্ত্রী কন্যারা তো নিরাপদ ছিল, তাদের চেয়ে এরূপ অতিরিক্ত কষ্ট সয়ে এরা লড়ছে।

এজন্য সোজাকথায় আমি সরকারকে বলতে চাই যে, সরকার বাংলাদেশের স্বীকৃতি ঘোষণা করুন বা না করুন কিন্তু তাদেরকে সাহায্য দানের ঘোষণা যেন অবশ্যই করেন। রাজনারায়ন বাবু বলেছেন, শুধু পার্লামেন্টের যুদ্ধ ঘোষণা করলে চলেনা। কূটনীতিও সংসারে একটি বড় জিনিষ। উত্তম কূটনীতি হচ্ছে, মিথ্যা কতভাল বলা যায় তা জানা থাকা চাই। উত্তম কূটনীতি অনুসারে আপনার যা করণীয় তা করুন কিন্তু এটা বলবেন না। আমাদের চাণক্য ও কৃষ্ণের নীতি অনুসরণ করা উচিত। "অশ্বত্থামা হতঃ নরো ব কুঞ্জরঃ" নীতি গ্রহণ করে আমাদের শ্রীকৃষ্ণ ও চাণক্যের প্রদর্শিত পথে চলে কার্যসিদ্ধি করতে হবে। মুক্তিফৌজকে আমাদের সাহায্য করতে হবে এবং আমরা সাহায্যও করছি কিন্তু আমরা কিছু বলবনা। এভাবে তাদেরকে আরো রসদ ( ) দিয়ে সাহায্য করা আবশ্যক। যেভাবে চলছে সেভাবে কাজ হবেনা। এই প্রেক্ষাপটে আমাদের প্রধান মন্ত্রী এই সংসদেই ঘোষণা করেছেন যে, বাংলাদেশের জন্য ভারতবর্ষের লোকদের যদি জাহান্নামে যাবার প্রয়োজন হয় তাহলে সেখানে যাবার জন্যও প্রস্তুত থাকা চাই। আগেও পাকিস্তান যখন গোলমাল (গড়বড়) করেছিল তখন আমরা লাহোর ও শিয়ালকোট পর্যন্ত গিয়েছিলাম ভবিষ্যতেও যদি দরকার হয় আবার আমরা তাই করবো।

শ্রী পীতাম্বর দাসঃ আপনি পরোক্ষভাবে লাহোরকে জাহান্নাম বানিয়ে দিলেন।

শ্রী শীলভদ্র ইয়াজী ঃ এ ব্যাপারে সমাধানের প্রশ্ন যতটুকু তা আমিকে করতে হবে আমি তা মানিনা। সিভিলিয়ান সরকারই সমাধান করবে। আমাদেরকে অতিসত্বর সমাধানে পৌঁছুতে হবে ..জেনারেল কায়ল ( ) এর কথা আমি সমর্থন করিনা। আমার বোঝা হয়ে গেছে আমেরিকা কতখানি গণতন্ত্রপ্রিয়, রাশিয়া কতখানি গণতন্ত্রপ্রিয়, চীন কতখানি গণতন্ত্রপ্রিয় সকলের মুখোশ উন্মোচন হচ্ছে। আজ বাংলাদেশে যে যুদ্ধ হচ্ছে তা গণতন্ত্র রক্ষার জন্য। ওটি শুধু মুজিবর রহমান ও আওয়ামী লীগের লড়াই নয়। তাদের থামানোর জন্য সারা বিশ্বের মানুষ ওঠে আসতে পারে।

সরকারের কাছে আমার নিবেদন, বাংলাদেশের স্বীকৃতির প্রশ্নে আমি রাজনারায়ন মহাশয়ের সংগে একমত। কিন্তু আমি এও চাই যে, তাদেরকে এমন সাহায্য দেয়া উচিত যা দিয়ে সেখানে যত জুলুম অত্যাচার হচ্ছে সত্বর তার অবসান ঘটে। এভাবে যে দ্বিজাতিতত্বের ভিত্তিতে পাকিস্তান রচিত হয়েছিল সে তত্বের শেষ আপনাআপনি হয়ে যাবে। এর সাথে সাথে সেখানে সমাজবাদের প্রতিষ্ঠার জন্য যে ঘোষণা হয়েছে, সমাজবাদের নামের ওপর ভারত ও পাকিস্তানের মধ্যে যে কৃত্রিম প্রাচীর দাঁড়িয়ে আছে তাকে ধূলিসাৎ করতে আমরা সফল হবো। আজ বিশ্বে যখন কোরিয়া ও জার্মানীর একত্রীকরণের কথা হচ্ছে, তখন পাকিস্তানের ব্যাপারে বিশ্বশক্তিসমূহের আপন নীতির ওপর লজ্জা হয়না। বিশ্বশক্তিসমূহ যখন বলছে জার্মানীর একত্রীকরণ হওয়া উচিত, ভিয়েতনামের একত্রীকরণ হওয়া উচিত, তাহলে তাঁরা আজকে বাংলাদেশের ব্যাপারে নীরব কেন? সমাজবাদের নামে অতিসত্বর আমাদেরকে টু-নেশন থিওরী'র বিলোপ ঘটাতে হবে। এরই মধ্যে আমাদের কল্যাণ, আমাদের দেশের কল্যাণ, বাংলাদেশের কল্যাণ রয়েছে এবং সারা বিশ্বের যত গণতন্ত্রপ্রিয় মানুষ আছে তাদেরও কল্যাণ রয়েছে। এসব কথার সংগে শ্রী মুখার্জী বাংলাদেশকে স্বীকৃতি দানের যে প্রস্তাব রেখেছেন আমি তাকেও সমর্থন জানাই। সংগে সংগে পুরকায়স্থ মহাশয় ও সীতারাম মহাশয়ের সংশোধনীও আমি সমর্থন করছি। পরিশেষে আমি এই বলে বসে যাচ্ছি যে কচ্ছপগতিতে কাজ চলবেনা। আপনাকে আরো দৃঢ়তার সংগে অগ্রসর হতে হবে। জয় হিন্দ, জয় বাংলাদেশ।

[MR. DEPUTY CHAIRMAN IN THE CHAIR.]

SHRI S. G. SARDESAI (Maharashtra) : Mr. Deputy Chairman, the demand for the recognition of the Government of Bangla Desh has been placed before this house as well as the other House. And government has often taken the position that they are not oppoesd to this demand in principle, they accept it in principle, but they would give recognition to the Government of Bangla Desh at the appropriate time. But the fact remains that the insistence that this thing must be done immediately without any further delay has been growing not only in this House and the other house. but all over the country. This is the thing about which government must think today. This insistence is growing within the ruling Party it self. It is not just the question of opposition Parties. Why is this insistence grow. It is growing for certain patent fact which everybody can see, namely, that if this issue is delayed any longer, then it will bring greatest disaster in future not only for Bangla Desh but for our own country. Government very often comes forward and says that they have been giving a ceram assisance to the freedom fighters of Bangla Desh. That need not be denied. It is also a fact that the Mukti forces inside Bangla Desh are getting better organsised and their actions are more effective and are carried out in a Co-ordinated way.

But the other side of the picture is there and it is that which causes us concern, namely, that despite all these activities, week after week and month after month, this government is being forced into a defensive position. It is being concerned, it is being outmanouvered and it is being put in a position where the final victory for which we are fighting becomes diffcult. Take the very recent period. Refugees are growing in number. We go on saying that the number was 3½ millions till a few weeks ago—and which was a staggering figure—and now it is 8 million. One does not know where it is going to end. Only a few nonths ago Yahya Khan said that he wants no war with India and he is convinced that the Indian Prime Minister wants no war. This very Yahya Khan now threatens India with war. Even when the Foreign Minister was touring the United States, he was assured that no further supply of arms will be made to Pakistan by them. Now not only has that been accepted, but openly they say that they are going to continue supply of arms to Pakistan. The idea which was first floated by prince Sadruddin is now taken up by the Secretary General of the United Nations and is now openly being pressed for by the United States, namely, that United Nations observers should be sent to India. What is its meaning? Its meaning is very simple, namely, that the Western powers, the United States and China in its own fashion want to continue to arm Pakistan's military junta to enable it to butcher and massacre the people of Bangla Desh and to drive millions and millions of them into India and to go on giving us all sorts of sermons and on the top of that they want to send these observers to India to gag us hand and foot so that we are not able to support and help Bangla Desh. This is happening day after day. If there is any objectivity or any judgement based on facts, I wast to tell the Foreign Minister that the taste of the pudding is in the eating I want to ask him : Is our policy yielding the result which we want? If not, it is no use going on saying that you have good intentions. It is said in the Bible also, and not in an ironical sense, that the path of haeaven is also paved with food intentions. The question is this : What is the actual, concrete, total result of this policy? What is the total result after four months? Our aim is to strengthen India, strengthen the freedom fighters for Bangla Desh to fight Pakistan, to defeat the regime and to establish a free government of Bangla

Desh, which is the only way on the basis of which the refugees will go back. And, if the reply is that we are not in a position to do it, then we would be where we were in the earlier period. That is why a distinctly new thinking is needed; that is why courageous steps must be taken, and that is precisely why we have come to a stage where the recognition of the Bangla Desh Goverenment has become a vital issue, has become something which you cannot bypass.

Sir, this Government has been saying all the time in the past that this issue is between the people of Bangla Desh and the rulers of Pakistan and that this is not an Indo-Pak issue. Sir, I want to ask this Government and I want to ask the Foreign Minister to give me a very clear reply. Who are the people of Bangla Desh ? Are they like the Indian Brahma, which is supposed to be here and there, but which has no shape, no form, "Nirakar Nirguna"? The people of Bangla Desh are a corporate reality, and it can have only one meaning and that is the elected representatives of the people who have formed a Government of Bangla Desh. The Government of Bangla Desh means the people of Bangla Desh and if we do not say so clearly then we will be sinking deeper and deeper into the mire Sir, what is the latest conspiracy of the United States and the Pakistani rulers? The latest conspiracy is, not *de jure*, but *de facto*, not overnight, but step by step, to compel this government to come to a position when it will be said that the issue is between India and Pakistan. We have been protesting against it. This is not an Indo-Pak issue. It is an issue of the people of Bangla Desh and Pakistan. But you have been driven to it and you are being driven to it more and more The only thing is to declare to the whole world that we recognise this Bangla Desh Government. We have got to recognise it. We have to say that no other settlement will be acceptable to this country excepting the one which is arrived at between Mujibur Rahman, the Awami League leaders and the Pakistani rulers Unless you make it absolutely clear, our position is going to worsen from day to day.

Sir, I can tell you other things; I can tell you other facts In this very Parliament we have unanimously passed a resolution to support the struggle That was done unanimously. In a subsequent statement in this very Parliament, the Prime Minister also said that we cannot allow the Pakistani rulers to settle their internal problems at the cost of India and on the Indian soil. Subsequently, she said that India would have to pass through a hellfire if we have to settle this question It was also said later on that if the international community does not take cognizance of the political aspect of this question, which is the basic aspect, India will be compelled to take unilateral action. This was stated in the House, that India will have to take unilateral action But nobody knows what is meant by this unilateral action. I do not say that we want the armed forces of India to be moved to Pakistan. But unilateral action must mean something and it must begin somewhere In this connection, whenever the External Affairs Minister has been asked, "Why don't you a send stronger notes? You were openly told that the Us arms will not be given to Pakistan but that was a lie and it was exposed. Why don't you say U. S. help to Pakistan is an a abetment of Pakistan, and that it is an unfriendly act." then we are told that it has got diplomatic implications. It should have diplomatic implications. Why not? We are not pushing the army there. Nobody pushes the army there. But, if you want the world to understand it, you is must send stronger notes. This is the kind of insult that they heap on us, the Pakistani rulers are driving the people into

India and now they have got the temerity to say that they would send the observers there. So, these notes have to become stronger.

But you do not send stronger notes. Implications ! What conclusion will they have? The one conclusion they are drawing and they have already drawn is that India is not going to act further. That is why the question of recognition of Bangla Desh is a practical, vital question. It is not a doctrinaire question. It would not do any longer to say that we accept it in principle but we will think when the time comes. The time is there. In this conneetion the time is short—certain references will have to be made. My friend, Mr Yajee, said "national interests". I want to understand this thing. How do you equate the postion of the Soviet Union and the U. S. A. from the point of view of our own national interest? My friend is always talking of national interest. On behlf of the Soviet Government it was catigorically stated that for the whole of 1970-71 they had not supplied arms to Pakistan. They have made this thing clear. They have categorically asked no only for the ending of the genocide but also for the recognition of the people of Bangla Desh and to come to a settlement with them. The GDR also has come out with these very words. Bulgaria has come out with this point So many socialist countries have come out with that. May I ask the Government whether in such a situation they expect the Soviet Union to take the next step? We are the people involved; it is our problem; it is our brothers who are fighting. Let us go one step further; they have gone as far as they have gone. Settle with the elected representatives of the people. That is what they have also said. We would not move an inch further, and expect them to take further steps

My friend, Mr. Yajee, will say this and that Today the responsibility of taking the next step lies with us and I have not the remotest doubt that if this country takes the next step, these sympathetic countries would support it. But we cannot expect them to pull our chestnuts out of the fire. It is wrong It is our responsibility, our right. This is what we ought to do. If you recognise Bangla Desh, it has one clear meaning. We declare to the whole world not only politically, not only emotionally but also constitutionally and juridically that India does not consider this as a conflict between our country and Pakistan but India considers this as a conflict between the people of Bangla Desh and the rulers and, what is most important, India will not accept any solution to the problem which is not acceptable to the leaders of the Awami League. This has to be the public declaration to the whole world. As soon as we do it, so many advantages will follow. This question of separating the refugee problem from the freedom of Bangla Desh, the military problem from the diplomatic aspect and all those things will come to an and the moment we say that this is te Government we recognise. They will settle it with Mujibur Rahman and the refugee problem will be solved. You are not going to separate the refugee problem from the problem of recognition because the basic solution is the same. That is why this Government must realise that any further delay is going to be disastorous and this country is definitely not going to accept any U. N. observers. We are waiting for time like Micawber for something to turn up. But nothing is going to turn up. It is our action which will decide these things. On this question there are no other factors. It cannot be "their interests and our interests". May I know what are the interest? What are the interest which are delaying the matter? On the countrary, any further delay would take India into a worse and worse position and we might find ourselves in a position where India will be compelled finally to accept these observers. Please take my words it will not come in a fortnight; in a month; but if you continue like this, a day will come when it will be impossi-

ble for you not to accept the U. N observers. They are graeat manoeuvers they know how to do things. They do not do it overnight; gradually they will bring in the idea and then they will push forward. Already Pakistan is doing it. They say "Why do you not accept the observers; you have something to hide". Of course, we have Nothing to hide. We cannot go on telling indefinitely this and that. That is why let us look at time. I am not raising the question only from the emotional point of view or from the moral point of view on which we are all agreed.

I am raising this question from the extremely pragmatic, practical and immediate point of view of what must be done here and now,. Recognise it. It has been said and very correctly said about aid. Everybody knows that the Government of India is helping them but the fact is, if you want to help them more effectively, you have to recognise that Government otherwise you have to go about it in a stealthy and clandestine fashion. The whole world knows it. Do it more effectively. Once you recognise the Government, then you can come up and say: 'These guerillas are fighting and we are going to help' Then thousands of Indian volunteers can go, What did North Vietnam do? Everybody knows that North Vietnam gave full support and North Vietnam never pushed its army but they openly declared; 'They are our brothers, we are helping them. We will fight for them'. So let us recognise it Tomorrow the Indian youths and the Government can say; 'We are helping them'. Before the Indian Army went to Goa; we were going there as satyagrahis with the full help of the Government Nehru was saying; 'We are not intervening in Goa' Goa saying like that. If you want to effectively intervene, if you want to arm them sufficiently, if you want them to be effective, without recognition it cannot be done. Thinkering with the problem will lead nowhere. I do not agree with Mr. Biju Patnaik when said that the guerillas cannot liberate whole areas. . Actually whole areas have been liberated in South Vietnam by the guerillas. The North Vietnam aeroplanes did not go there, their tanks did not go there. Nobody said that the North Vietnams tanks were there. So all this can be done. In this connection, for goodness sake, do not raise the bogey of war. Nobody wants war. It is one thing to say that we do not a want war, it is another thing not to go fullsteam with. political and diplomatic decisions and such decisions as regards material help which are the immediate need. Let us do this within the next 2 or 3 months. After that we will judge the situation again. Give them recognition. Strengthen the guerillas. Diplomartically tell the whole world; 'Settle with Mujeeb. India refuses to nogotiate whether in the U. S. or anywhere else. We refuse just to negotiate the question of the refugees. You tell them; 'Accept the simple position and settle with Mujeeb, we would not talk about anything else. Then the Government will have the fullest support of all Indians and there is no doubt about it. World opinion is eith us. Do not be worried about it but the moment has come when further hesitation or vacillation will not help. We are not questioning your motives but there are some moments in history when decisions are taken at a ginven moment. If you fail, history is not going to pardon this Government So deal with the concrete situation and do specific things right now, here and now and in that sense, I agree with Mr. Chagla who said; 'Why at the end of the session, we should recognise this Government to-day'. Do it immediately. All this kind of thing-acceptance in principle, rejection in practice-please save us from this situation.

SHRI SASANKASEKHAR SANYAL (West Bengal): Hon. Mr. Deputy Chairman, Sir, the official language of Bangla Desh is Bengali. The official

language of my State is also Bengali. I, therefore, would like to speak in that language when Bangla Desh issue is being discussed in the House.

SOME HONBL'E MEMBERS : He shall not follow you.

SHRIMATI PURABI MUKHOPADHYAY (West Bengal) : Mr. Deputy Chairman, Sir, we also do not follow many things here. This is the function of the Interpreter to interpret the speeches. The way he has been received here, I am shocked to see. But the thing is this that we have right to speak in our own language in this House and that has been accepted by the Government and Parliament.

MR. DEPUTY CHAIRMAN : No body denies that right.

SHRI SASANKASEKHAR SANYAL : Sir I am very much happy to in that my old friend and sister, Shrimati Purabi Mukhopadhyay, has come to my rescue. So I am not afraid of anybody.

Sir, on the 31st March, 1971, both Houses of Parliament passed a unanimous Resolution on the issue of Bangla Desh. At that time the image of India appeared in all her glory of past traditions to the entire world. The people of the world were astonished to find how a few freedom fighters were prepared to sacrifice their lives as they were carrying on a non-violent struggle in East Bengal in order to bring a democratically elected Government into power there. It seemed to us that those freedom fighters must have received the blessings of Gandhiji; they must have been inspired by Gandhiji's non-violent struggle. So Gand iji's philosop'iy of non violent s rugle found practical application in East Bengal. The people of the West, who do not understand the effectiveness of non-violent struggle, were for some time taken aback by such a non-violent struggle in East Bengal. But, ultimately, they were moved by it.

What is the condition today after four months We were all parties to that unanimous Resolution passed by Parliament. Today the people of I dia have put the Government of India and Parliament to the dock. They say that we were responsible for generating this hope in their minds that in the near future East Bengal would come out from the clutches of dictatorial rule of Pakistan. On account of that hope they dreamed that two Bengals again would establish cultural links, two Bengals again would be bound by the ties of friendship. The refugees, who came to India after the partition of the country, hoped that they would be able to go back to their homeland. The same hope was being harboured by the refugees who are coming at present from Bangla Desh to India. But after four months all their hopes are dashed to the ground. Why has it been so? The freedom fighters of Bangla Desh now feel that we are not sincere to fulfil the commitments, made to them. The Military Government of Pakistan has already accused us of interfering into their internal affairs. The Government of Pakistan is already displeased with us. We now find ourselves in a very awkward situation. What should be our answer to the people of India when they have already put us to the dock over the question of Bangla Desh.

Mr. Deputy Chairman, Sir, during our childhood days we studied appropriate proposition in Rowe and Webb's English Grammar. We have come to know that this recognition will be given at the appropriate time. The appropriate time was when we expressed our solidarity with the freedom struggle

in Bangla Desh. At that time, in our heart of hearts, we recognised the Government of Bangla Desh. Therefore, it is now our duty to give formal recognition to that Government.

When Parliament passed the unanimous Resolution on Bangla Desh on the 31st March, 1971, we felt that Government of India would take another fifteen days to complete certain formalities before giving formal recognition to the Government of Bangla Desh. But many months have passed since the date of passing that unanimous Resolultion by Parliament. We are still in a dilemma over the question of giving formal recognition to the Government of Bangla Desh. We should take into account the merits and demerits of giving formal recognition to the Government of Bangla Desh now. If we had given formal recognition to the Government of Bangla Desh shortly after the unanimous Resolution was passed by Parliament, we would have been able to give all material help to the freedom fighters. We could have induced the refugees from Bangla Desh, including the refugees who came to our country after the partition of the country, to fight in the liberation struggle of Bangla Desh after having equipped them with necessary arms and ammunition. We could have told the people of Bangla Desh not to come as refugees but to fight for their liberation They would have certainly listened to us if we had stood behind them with all help. In this manner we could have prevented heavy influx of refugees to our country.

Sir, in March, 1971, the military junta in East Bengal was totally unprepared for any war. If we had given all material help to the freedom fighters at that time, East Bengal would have achieved her independence within fifteen days. Once an independent country, no world power or the world body could have snatched that independence away; of course, some world powers might have raised hue and cry for that independence. If Bangla Desh becomes an independent country, India can live in friendship with her. We are waiting for that opportunity to come.

Sir, what has actually happened within these four months? Pakistan has increased her military powers as she is receiving arms aid from foreign countries. She is trying to make it appear that the conflict between East Bangal and West Pakistan is actually a conflict between India and Pakistan. In such an effort, she has been successful to some extent.

Pakistan may start a war against us. Perhaps we are delaying recognition to the Government of Bangla Desh in order to avoid a confrontation with Pakistan. But may I know from my friend, Sardar Swaran Singh, that Pakistan will not attack us if we do not recognise the Government of Bangla Desh? Pakistan attacked our country even when she was comparatively a weak country. She has now become powerful; so she must attack us. In a sense, it is attacking us daily on our borders. If these border attacks become someday widespread, we shall have to counter-attack then in self-defence. But Pakistan will accuse us of being offensive and that accusation of Pakistan will be accepted by many big powers of the world. In the world body we shall find ourselves in the dock. Therefore, Sir, my humble submission is that we must recognise the Government of Bangladesh immediately, although there has been considerable delay to that effect. As one has said "delayed is denied" but I will say, "better late than never". So we should give immediate recommition to the Government of Bangladesh. It will enable us to send the demoralised refugees back to their homeland. It may save us from further influx of refugees to our country.

War with Pakistan is inevitable. Pakistan will definitely impose war upon us. In order to save Pakistan from her present difficulties in Bangladesh the United States of America will surely induce her to have a war with India I suspect Shrimati Indira Gandhi may also go on American line. Perhaps. she desires a war with Pakistan. I may be excused for saying so by my Congress friends, Pakistan now requires a war with India in order to thwart the freedom struggle in Bangladesh. Similarly a war with Pakistan will enable Shrimati Indira Gandhi to relegate her pledge of "Garibi Hatao" to the back ground. Again by war with Pakistan, the bureaucratic machinery, capitalists and monopolists of our country will be most benefited. Then, progressives like Sheel Bhadra Yajee, Arjun Arora and Chandra Shekhar will not be able to guide Shrimati Gandhi. She will then be guided by bureaucrats and monopolists.

The world powers, for some time past, have been hatching a Plot to corner India on Bangladesh issue. Their conspiracy against India is also meant for the destruction of freedom struggle in Bangladesh. We should not give them further scope for conspiracy against us and the freedom struggle in Bangladesh.

Sir, we should gird up our loins and give a helping hand to the freedom fighters of Bangladesh. Their victory will be our victory; their defeat will be our defeat

Thank you.

শ্রী সীতারাম কেশরী (বিহার) : উপ-সভাপতি মহোদয়, কিছুদিন পূর্বে আমার বন্ধু শ্রী রাজনারায়ণ বাবু বাংলাদেশের ওপর তাঁর ভাষণে বলেছেন ভারত সরকারের কার্যাবলী দেশদ্রোহী। আমি মনে করি এ ধরণের কথা বলে তিনি পাকিস্তানের হাত শক্ত করেছেন। স্বীকৃতি সম্বন্ধে ১৯৭১ সালের ১লা জুনে মাসানী সাহেব যে ভাষণ দিয়েছিলেন তাতে পরিষ্কারভাবে ভারত সরকার কর্তৃক প্রদর্শিত সহানুভূতির স্বাগত জানানো হয়েছে। ভারত সরকার যে এযাবত স্বীকৃতি দেননি এটা একথাই প্রমাণ করে যে ওই দেশ সৃষ্ট সংকটে ভারত সরকারের কোন হাত নেই। আমি বলতে চাই. আমার বন্ধু এ অবসরে যে ধরণের কথাবার্তা বলছেন তা ঠিক নয়। দ্বিতীয় কথা, বন্ধুবর বলেছেন. ৬৫ লক্ষ হিন্দু ও ৫ লক্ষ মুসলমান এসেছে। আমি তাঁকে বলব, তারা ৭০ লক্ষ হিন্দু হোক বা ৭০ লক্ষ মুসলমান হোক আমাদের কাছে তারা পাকিস্তানী এবং পাকিস্তানের নাগরিক। এজন্য আমি মনে করি, হিন্দু ও মুসলমানের নামে এদেশে সাম্প্রদায়িক চিন্তাধারা কখনই প্রচার করা উচিত হবেনা। এর ফলে বাংলাদেশের কাজে অনেক বড় আঘাত আসছে। আমি আরেকটি কথা বলছি, রাশিয়ার প্রেসিডেন্ট বাংলাদেশ সংক্রান্ত নির্ভীকতা ও বিশ্বস্ততার সাথে তাঁর যে রায় প্রদান করেছেন সেজন্য তিনি প্রশংসার পাত্র। এজন্য রাশিয়ার রাষ্ট্রপ্রধানকে আমি ধন্যবাদ জানাই। অন্যদিকে আমেরিকা আমাদের শত্রুরাষ্ট্র চীনের সাথে হাত মিলিয়ে নীচতাপূর্ণ কাজ করেছে। সে পাকিস্তানকে তার এজেন্ট বানিয়েছে, তেলেসমাতীরূপে কিসিঞ্জারকে চীনে পাঠিয়ে বাংলাদেশের অসহায় জনগণের ও তাদের নির্বাচিত প্রতিনিধিদের আশা-আকাঙ্খার বিরুদ্ধে বিশ্বের দেশে দেশে এক বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করেছে। এটা নিন্দনীয়। আমি আরেকটি কথা বলেছি আমেরিকা কি চায়? চীন কি চায়? এরা উভয়ে চাচ্ছে ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধ হোক। তারা চায়না বাংলাদেশের মানুষের আশা-আকাঙ্খা পূর্ণ হোক। তারা চায় সমাজবাদের ভিত্তিতে প্রগতিশীল ও সমৃদ্ধিশীল ভারতকে পাকিস্তানের সাথে এভাবে জড়িয়ে দেয়া যায় কিনা যার মধ্যে সে হাবুডুবু খায়। এজন্য আমি উভয়কে বলব বাংলাদেশে একটা ক্রান্তি চলছে. আর সে ক্রান্তির পেছনে ওই দেশের মানুষের ভাগ্য নিহিত. এই ক্রান্তির পেছনে ওই দেশের মানুষ অর্থনৈতিক

বৈষম্যের বিরুদ্ধে, পাকিস্তানের অত্যাচারের বিরুদ্ধে, ইয়াহিয়া সরকারের নিপীড়নের বিরুদ্ধে একটা আন্দোলন চালাচ্ছে. এই আন্দোলনে কোনপ্রকার ঘা লাগে আমাদের এমনকোন কথা বলা উচিত হবেনা। এজন্য আমি আমার বন্ধুদের বলব

আমি আরেকটি কথা বলছি। বাংলাদেশে যা ঘটছে সারা বিশ্ব তা জানে। আমাদের দেশের সকল লোক বাংলাদেশের স্বীকৃতি চায়. আমিও চাই কিন্তু স্বীকৃতির সময় হতে হবে। অনেক অবস্থা, অনেক ব্যাপার আছে যা স্বীকৃতি দেবার আগে দেখতে হয়। তাকে সমর্থন করতে প্রস্তুত এমন রাষ্ট্র ক'টি আছে, এমন কতলোক আছে। আমি আরেকটি কথা বলছি, যারা মনে করেন. ভারত বিদেশী শক্তির ওপর নির্ভর করে যুদ্ধ করবে, তাঁরা ভুল বুঝছেন। এটা বিদেশী লোকদের মন জয় করার জন্য. বিদেশীদের ভাববার জন্য, বিদেশীদের মূল্যায়নের বিদেশীদের ধারণার একটা রীতি ও অভ্যাস। এটা কথা বলার একটা পদ্ধতি। মীমাংসা আমরা করব. পদক্ষেপ আমরা নেব- ইস্পাত দৃঢ় পদক্ষেপ. আমরা সিদ্ধান্ত নেব যুদ্ধ কখন বাধাতে হবে আর কখন নয়। একটা কথা আমি শোনাতে চাই। আপনারা জানতে চাচ্ছেন এর পরে কি আছে। প্রধানমন্ত্রী যখন বলছেন, ভারতে আগত শরণার্থীদের ফিরে যেতে হবে। আমি বলব. আপনারা সত্য উপলব্ধি চেষ্টা করুন। এ সত্যের পেছনে কোন দুর্ভাবনা নেই। এই সুচিন্তিত কথার পেছনে কি মহৎ ইস্পাত কঠিন ধারণা আছে নীতির মানদণ্ডে তা ইন্টারপ্রেট করুন বিচারনীতি অনুসারে এই বিবৃতির ব্যাখ্যা করুন। যদি আপনারা নিজেদের জন্য নিজেদের ধারণায় ব্যাখ্যা করেন তাহলে সেটি সম্ভব হবেনা।

আমি জানি দেশে একটা ষড়যন্ত্র চলছে। কি সেটা নির্বাচনে কিছু লোক হেরে গেছে কিছু দলের বিলোপ ঘটেছে. তারা চাচ্ছে এ অবস্থার সুযোগ নিতে। কিন্তু আপনারা সুবিধা করতে পারবেননা কেননা ভারতবাসী আপনাদেরকে ভালভাবে চিনে আপনাদের এসব প্রচার ও এরূপ প্রোপাগাণ্ডার পেছনে কি অভিসন্ধি কাজ করছে। আপনি দেখছেন তারা আন্দোলন চালাচ্ছেনা। আপনি দেখছেন, তারা আপনার পথে চলছেন. আপনাকে জনসাধারণ নির্বাচিত করছেনা তাই আপনি হিন্দু মুসলমান প্রশ্নে কথা বলতে শুরু করেছেন। ·

শ্রী রাজনারায়ন মহোদয় বাংলাদেশকে এখন পর্যন্ত স্বীকৃতি না দেয়া আমাদের ভুল এ ব্যাপারে আমি সুনিশ্চিত আমি আরো সুনিশ্চিত যে বাংলাদেশকে স্বীকৃতি দিতে যত বিলম্ব হবে ততই নতুন নতুন সমস্যার উদ্ভব হবে এবং ভারত প্রতিনিয়ত তার জটিজালে জড়িয়ে পড়বে।

নিশ্চিতভাবে আমাদের নিরপেক্ষতা বাক্যসর্বস্বই থাকবে। এখন যারা তাৎক্ষণিক স্বীকৃতি দেবার পক্ষপাতী নন যারা নিশ্চয় জানতে চাইছেন স্বীকৃতি দিতে কেন বিলম্ব হচ্ছে। ৩১শে মার্চ সংসদ সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করেছে— এ মহাদ্বীপের মানুষ বহু শতাব্দী ধরে ভারতের ভৌগলিক অবস্থান ও ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্যের বন্ধনে আবদ্ধ হওয়ার কারণ এই সভা তার আপন সীমান্তের এত কাছাকাছি ঘটমান থাকতে পারেনা। বর্তমান সময়ে সরকার নিরপরাধ মানুষের ওপর যে নজীরবিহীন উপায়ে অত্যাচার চালানো হচ্ছে আমাদের সারা দেশের জনগণ দ্ব্যর্থহীন ভাষায় তারা নিন্দা করছে।

এই সভা গণতান্ত্রিক (লোকতন্ত্রাত্মক) জীবন ব্যবস্থার জন্য পূর্ব বাংলার জনগণের সংগ্রামের প্রতি গভীর সহানুভূতি ও একাত্মতা ব্যক্ত করছে। এই সভা তাদের এই আশ্বাস প্রদান করছে যে তাদের সংগ্রাম ও ত্যাগ ভারতের জনগণের আন্তরিক সহানুভূতি ও সমর্থন লাভ করেছে।" আমি বলতে চাই যে, এই প্রস্তাবের পরে সাথে সাথে তাৎক্ষণিক স্বীকৃতি প্রদান করা কি আমাদের নৈতিক ও রাজনৈতিক কর্তব্য হয়ে দাঁড়ায়নি?

মুজিবর রহমান স্বাধীনতা ঘোষণা করেছেন এ ব্যাপারে সময় দেয়া উচিত। ১৭ই এপ্রিল স্বাধীন বাংলাদেশ স্থাপিত হয়েছিল। ১৫ই মার্চ ইয়াহিয়া খাঁ ৩.৩ মিনিটে ঢাকা পৌঁছেন। ১৫ই মার্চেই মুজিবর রহমান শাসন ক্ষমতা নিজের হাতে নেন এবং নিজেকে এদেশের শাসক বলে ঘোষণা করেন। ১৫ই মার্চে তিনি একথা বলেন। ১৫ই মার্চের পর আমি ২৫শে মার্চের কথায় আসছিনা। আমার কথা হচ্ছে ১৫ই মার্চেই ভারত সরকারের মুজিব সরকারকে স্বীকৃতি দেয়া উচিত ছিল।

আমি বন্ধুবর শ্রী শীলভদ্র ইযাজীকে বলতে চাই যাঁরা বলেন স্বীকৃতির প্রশ্নে আমরা একমত কিন্তু এটি সরকারের হাতে ছেড়ে দেয়া উচিত। তাঁদের আমি বিনয়ের সাথে বলব, তিব্বত সমস্যা কি ভারত সরকারের ওপর ছেড়ে দেয়া হয়নি? তিব্বতে আমাদের ১২টি ডাক বাংলো ছিল, তিব্বতে আমাদের ৩ টি সামরিক তথ্যকেন্দ্র (ক্যানশার) ছিল, তিব্বতে আমাদের ডাকঘর চিঠিঘর এবং টেলিফোনঘর ছিল এবং এভাবে তিব্বত চীনের খুনী কব্জায় চলে গেছে। আমার ভয় হচ্ছে, দালাইলামার নেতৃত্বে এখানে যে ৬১ হাজার তিব্বতী শরণার্থী পড়ে আছে এ সরকার তাদেরকেও আবার চীন সরকারের হাতে সমর্পণ না করেন। আমি এই ভয়ও পাচ্ছি যে বাংলাদেশের শরণার্থী যারা এখানে এসে পড়েছে সরকার তাদেরকেও অন্যকোন রাষ্ট্রের হাতে সমর্পণ না করেন। অতএব, আমি বলতে চাই এ বিষয়ে আমার কোন ব্যক্তিগত প্রশ্ন নেই, এ প্রশ্ন সারা দেশের, সারা বিশ্বের, সমগ্র মানবের এবং সকল গণতান্ত্রিকের ব্যবহার, এ প্রশ্ন কোন ব্যক্তিবিশেষের ওপর আরোপ করলে চলবেনা।

সুতরাং আমি দেশের জনগণের উদ্দেশ্যে বলব, জনগণ উঠুন এবং উঠে এসে সরকারের ওপর প্রচণ্ডভাবে চাপ প্রয়োগ করুন যে আজই এখনই এই অধিবেশন শেষ হতে হতেই স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দানের কথা এবং নৈতিক, বৈষয়িক, সামরিক সর্বপ্রকার সাহায্যের কথা ঘোষণা করা হোক।

মহোদয়, আমি চাগলা সাহেবকে ধন্যবাদ জানাচ্ছি। চাগলা সাহেবের পুরো ভাষণ আমি নিজের ভাষণরূপে মেনে নিতে প্রস্তুত। চাগলা সাহেব বলেছেন, ইয়াহিয়া টু নেশন মত সমর্থক। তিনি ঠিকই বলেছেন আমিও তাই বলি। ইয়াহিয়া দুই রাষ্ট্রের তত্ত্বের পক্ষে এজন্য তিনি স্বাধীন বাংলাদেশ হতে ওই লোকদের বের করে দিতে চান যারা ইয়াহিয়ার মত সমর্থন করেন না। তিনি চান সকল ইয়াহিয়া সমর্থক সেখানে থাক খাঁটি মুসলিম লীগার ও মুসলিম পন্থাবলী সেখানে থাক। চাগলা সাহেব অত্যন্ত আন্তরিকতার সাথে তাঁর বিতর্কে একথা প্রতিষ্ঠিত করেছেন

এখন আমি বলব স্বীকৃতি দিলে কি লাভ হয় স্বীকৃতি দিলে শুধু ভারতের অস্ত্রই যাবেনা বিশ্বে এরূপ অনেক দেশ আছে যারা, ভারত স্বীকৃতি দিলে, ভারতের দ্বারা স্বাধীন বাংলাদেশ সরকারকে অস্ত্র দেবে। তাদের অস্ত্র পাঠাতে কোন অসুবিধা হবেনা। স্বীকৃতি দিলে সবচে বড় লাভ হয় এইযে আমরা স্বাধীন বাংলাদেশকে একটি স্বতন্ত্র রাষ্ট্ররূপে মেনে নিচ্ছি এবং স্বতন্ত্র রাষ্ট্রের মর্যাদা পেলে তার শক্তিসামর্থ বেড়ে যাবে। তাই আমি বুঝতে পারিনা আমাদের সরকার স্বাধীন বাংলাদেশ সরকারকে কেন স্বীকৃতি দিচ্ছেননা। মুজিবর রহমান মহাশয় বলছেন আমাদেরকে স্বীকৃতি দিন। তাঁর ভার-প্রাপ্ত প্রেসিডেন্ট বলছেন আমাদেরকে স্বীকৃতি দিন। তাজুদ্দিন সাহেব বলছেন আমাদেরকে স্বীকৃতি দিন। তাঁদের পরিষদ সদস্য যারা এখানে এসেছেন তাঁরা বলছেন আমাদেরকে স্বীকৃতি দিন। তারা বলেছেন, পৃথিবীর অন্যদেশ আমাদেরকে স্বীকৃতি দিক বা না দিক আমরা তো ভারতের কোলের মধ্যে আছি, তিনদিক হতে আমরা ভারতের

দ্বারা বেষ্টিত এজন্য ভারত আমাদের স্বীকৃতি দিক। এও তাদের বক্তব্য যে ২৩ বছর পূর্বে আমরা এক ছিলাম এবং আমাদের রক্ত এক। তাজুদ্দিন সাহেব এতদূর বলেছেন, ভারত সরকার স্বীকৃতি দিতে যত দেরী করছেন তার ফলে এক একদিনে হাজার হাজার লোকের প্রাণহানী ঘটছে। তাজুদ্দিন সাহেবের এ কথা সত্বেও ভারত সরকার বলেছেন আমরা তোমাদের স্বীকৃতি দেবনা।

শ্রী শীলভদ্র ইয়াজী : সরকার কোথায় একথা বলেছেন যে স্বীকৃতি দেবনা?

শ্রী রাজনারায়ণ : হাঁ এটিই তো বলছেন ভারত সরকার। নিজের দেশের স্বার্থে, বাংলাদেশের অভ্যন্তরে কি হবে তা দেখে. যখন সময় হবে, তখন স্বীকৃতি দেয়ার কথা বিবেচনা করব। যাজী মহাশয়কে বলছি আপনার সংগে আছি। কিন্তু প্রশ্ন এটিই যে, আজ আপনার ৫০ টাকার দরকার হলো, তিনি বলেন, এখন তোমার দরকার নেই, তোমার কখন দরকার হবে সেটা আমি বুঝব। অনুরূপভাবে স্বাধীন বাংলাদেশ বলেছে আমাদেরকে অবিলম্বে সাহায্য দিন, এখনই স্বীকৃতি দিন, এক একদিনে হাজার হাজার মানুষকে প্রাণপাত করতে হচ্ছে। কিন্তু ভারত সরকারের বক্তব্য হচ্ছে, এখনও উপযুক্ত সময় আসেনি, ধৈর্য ধারণ কর, যখন সময় হবে তখন স্বীকৃতি দেব। এখনও ভারত সরকার ভাবছেন যে কখন স্বীকৃতি দেবেন, কখন দেবেন না। যেখানে গ্রামের পর গ্রাম সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে, যেখানে কোন ফসল অবশিষ্ট নেই, যেখানে মানুষের খাবার নেই, সেখানের জন্য ভারত সরকারের বক্তব্য হচ্ছে স্বীকৃতি দেবার সময় হয়নি। যখন পর্যন্ত সরকারের মাথায় এ ধরনের বুদ্ধি থাকবে তখন পর্যন্ত ওই সময় কখনো আসবেনা। একারণে বুদ্ধি ঠিক করার জন্য আমি ভারতের মানুষের কাছে আহবান জানাব হে ভারতবাসী, ওঠ, ভারত সরকারকে চাপ দাও যাতে অবিলম্বে স্বাধীন বাংলাদেশ স্বীকৃতি লাভ করে এবং স্বীকৃতি পেয়ে সে সর্ব প্রকার সহায়তা পায় এবং অন্যরাও তাকে সহায়তা দান করে।.. আমি আজ আবার একটি পুরাতন বিষয় আপনাদের সামনে রাখতে চাই, হতে পারে সম্মানিত সদস্যগণ বিস্মৃত হয়েছেন। আমি ডঃ লোহিয়ার লেখা একটি উদ্ধৃত করছি। সে সময়ের চিন্তাধারা কি ছিল এবং আমাদের কাছে সময়ের চাহিদা কি আমরা সেটা জানতে পারব। ডঃ লোহিয়া মহোদয় লিখেছেন, একথা ভারতের জন্য প্রযোজ্য হয়না। কেননা ভারতের এমন কোন অংশ নেই যা তার স্বাভাবিক অংগ নয় কিংবা তার থেকে আলাদা নয়। অন্যদিকে পাকিস্তানের সৃষ্টি সম্পূর্ণ কৃত্রিম, তার দুই অংশের মাঝখানে এক হাজার মাইল ভারতের ভূখণ্ড। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের বর্তমান সম্পর্ক টিকতে পারেনা। পূর্ব পাকিস্তান হয় পশ্চিম পাকিস্তানের দাস হয়ে পড়বে নয়ত পশ্চিম পাকিস্তানের সংগে তার সম্পর্ক শিথিল হতে থাকবে এবং তাকে ভারতের প্রতিবেশীর ভূখণ্ডের সাথে সম্পর্কস্থাপন করতে হবে। পশ্চিম পাকিস্তানের কাছে এমন সামরিক শক্তি নেই যে, সে পূর্ব পাকিস্তানকে দাসে পরিণত করবে,

প্রভাব নিঃসন্দেহে আছে কিন্তু কতদিন পর্যন্ত টিকে থাকবে বলা যায়না। এরূপ দাসত্ব অপেক্ষা স্বাধীনতাচিন্তা ভাল। ইতিহাসের পরিণতি হতে অব্যাহতি নেই। শ্রী শীলভদ্র ইয়াজী মহাশয়, একটু শুনে রাখুন, ভারত যদি তাকে কোন সাহায্য নাও করে তথাপি পাকিস্তান সন্দেহ করবে এবং স্বাভাবিকভাবে বিকাশমান স্বাধীন বাংলাদেশের ব্যাপারটি ভারতের ওপর চাপাবে। এখনই, ভাষা ও আমলাতন্ত্র (নওকর শাহী) প্রশ্নে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে কিছুটা বিবাদ সৃষ্টি হয়েছে, আর সামনেও হবে। এসকল বিবাদ বুদ্ধিমত্তার সাথে মীমাংসার পরিবর্তে পাকিস্তান হিন্দু-মুসলিম ও হিন্দুস্থান-পাকিস্তানের সীমান্ত নিয়ে দ্বন্দ্ব সৃষ্টির মারাত্মক পন্থা গ্রহণ করেছে।

শ্রী মহাবীর ত্যাগী : এটাকে লিখেছেন?

শ্রী রাজনারায়ণ : ডঃ লোহিয়া

অনেক মাননীয় সদস্য : কবে লিখেছেন?

শ্রী রাজনারায়ণ : ১৯৪৮ সালে। আপনি একটু মনোযোগ দিন, এটি ১৯৪৮ সালে লেখা হয়েছে। ১৯৪৮ সালেরই একটি ভবিষ্যদ্বাণী আমি আবার করতে চাই।

মহোদয়, সম্মানিত সদস্যদের আমি একথাও বলব, ডঃ লোহিয়া সেকালেই সাবধানী উচ্চারণ করেছিলেন, পূর্ব বাংলা যখন স্বাধীনতা সংগ্রাম করবে তখন ভারত সরকার তটস্থ থাকতে পারে কিন্তু ভারতের জনগণ যেন কখনই এরূপ অন্যায় না করেন। ডঃ লোহিয়া ভারত সরকার ও ভারতের জনগণকে আলাদা করেছিলেন। তিনি সাবধানী দিয়েছিলেন, ভারত সরকার সরে থাকতে পারে কিন্তু হে ভারতবাসী, ভারত সরকার যদি সরে থাকেন তবে আপনারাও অনুরূপ করবেননা। সেটা হবে মহা অন্যায় স্বাধীন বাংলার সংগ্রামে আপনারা ত্যাগ স্বীকার করবেন।

মহোদয় এই নিবন্ধের শেষের দিকে আছে ১৯৪৮ সালে দেশ বিভাগের কয়মাস পরে আমি বলেছিলাম তিনটির মধ্যে কোন একটি কিংবা তিনভাবেই পাকিস্তানের অবসান হবে? আলোচনার মাধ্যমে সংগঠিত ঐক্য, ভারতে সমাজবাদী ক্রান্তি এবং পাকিস্তানের হামলার জবাবে ভারতের আক্রমণ। এই ভাষণে পাকিস্তানের তদানিন্তন গভর্ণর জেনারেল মিঃ জিন্নাহ চটে গিয়েছিলেন। মহাত্মা গান্ধীও সেসময় জীবিত ছিলেন। তাঁর মৃত্যুর ফলে ঐক্যের সমস্ত ক্রম ভেংগে গেছে, একারণ ছাড়া আমি এই মত পরিবর্তনের কোন প্রয়োজন বোধ করিনা। যতটুকু বিলম্ব ঘটছে তার দায়দায়িত্ব কট্টরপন্থী হিন্দুদের ওপর। এটি তাঁর মত।

মহোদয় এখন আমি আপনার অনুমতি নিয়ে বন্ধু শ্রী শীলভদ্র ইয়াজী সরদার শরণ সিংহ এবং দীক্ষিত মহাশয়কে বলব, ইতিহাসকে ভুলে যাবেন না। অতীতকে ভুলে যাবেননা। যে প্রস্তাবে দেশ বিভাগ মেনে নেয়া হয়েছিল তার মধ্যেও কি কোন অঙ্গীকার করা হয়েছিল? ১৪-১৫ জুন, ১৯৪৭ দিল্লী। গান্ধীজী এ আই, সি, সি ছিলেন। প্রস্তাবে আছে : কংগ্রেস—সে কংগ্রেস তো মরে গেছে, ১৯৬৮ সালের ৩০শে জানুয়ারীতেই ওই কংগ্রেসের মৃত্যু হয়েছে যার নেতা ছিলেন গান্ধীজী-কংগ্রেস তার জন্ম লগ্ন হতে একটি অখন্ড স্বাধীন ভারতের স্বপ্ন দেখেছে তাকে পেতে লক্ষ লক্ষ নরনারী কষ্ট সয়েছে। আমাদের ভারত যাকে পৃথিবী, যাকে ইতিহাস, যাকে ভূগোল, সমুদ্র, পাহাড় এক স্বপ্ন বানিয়েছে পৃথিবীর কোন বড় শক্তি তার ভাগ্য প্রতিহত করতে পারবেনা। যে ভারতের স্বপ্ন আমরা দেখেছি তা সর্বকাল সর্বক্ষণ আমাদের হৃদয়ে ও ধ্যানে জাগরুক থাকবে। আমি শরণ সিং মহাশয়কে জিজ্ঞেস করব এর অর্থ কি? এর অর্থ হল এই যে, আমাদের ভারতের স্বরূপ তাই হবে আমরা যা অংগিকার করেছিলাম ১৯৪৭ সালের ১৪-১৫ জুনে।

আমি আবার আপনার মাধ্যমে একথার পুনরাবৃত্তি করতে চাই আমাদের সংসদের কেন্দ্রীয় ভবনে রাষ্ট্রীয় সমিতির যে তিনজন প্রতিনিধি এসেছিলেন তাঁরা কি একথা বলেননি যে তাঁদের পক্ষে চিরদিনের জন্য পাকিস্তানের সমাধি হয়েছে? বাংলাদেশ প্রধান তাজুদ্দীন কি একথা বলেননা, আর কোন শক্তি বাংলাদেশ ও পাকিস্তানকে এক করতে পারবেনা, আগের সম্পর্ক আর পুনঃপ্রতিষ্ঠা করা সম্ভবপর নয়। ইয়াহিয়া খানই পাকিস্তানের

সমাধি ঘটিয়েছে। ইয়াহিয়া খাঁর সামরিক শক্তি পাকিস্তানকে খতম করেছে। অতএব আপনারা কেন ভয় পান যে পাকিস্তানের বিলোপ ঘটানোর কথা বললে আমরা কোন বড় পাপ করে ফেলব। আপন মনের দুর্বলতা ঢাকার জন্য, নিজের অকর্মণ্যতা লুকানোর জন্য একথা বলা হয় আমরা তো পাকিস্তানকে মেনে চলি। ওদিকে পাকিস্তান হতে পাখতুনিস্থান চলে যাচ্ছে বেলুচিস্তান চলে যাচ্ছে। সবকিছু আপন আপন স্থানে এসে যাবে, এভাবে ইতিহাসের পরিণতি হতে রেহাই পাওয়া যাবেনা।

এ প্রসংগে আজ মুজিবর রহমানকে শাস্তি দেয়ার কথা শোনা যাচ্ছে. আমি চাই এই পরিষদ (সদন) একই কন্ঠে আওয়াজ তুলুন, সাবধান, তোমরা যদি মুজিবকে শাস্তি দাও, ফাঁসি দাও, তবে ভারতের প্রতিটি নাগরিক নিজের ফাঁসি মনে করে সম্মিলিত শক্তিতে সারা বিশ্বে ফাঁসির কথা ছড়িয়ে দেবে যাতে মুজিবর রহমান আমাদের মধ্যে হতে হারিয়ে না যায়। মহোদয়, আমি বলতে চাই স্বাধীন বাংলাদেশকে যদি স্বীকৃতি দিয়ে দেয়া হত তাহলে কি মুজিবরের ফাঁসির কথা উঠতো? কখনো উঠতোনা। বাংলাদেশকে এযাবত স্বীকৃতি না দেয়ার পরিণতি আসছে আজ মুজিবর রহমানের ফাঁসি দেয়ার কথা উঠেছে, মামলা চালানোর কথা হচ্ছে। এর দায় দায়িত্ব ভারত সরকারের। আমি বলতে চাই, স্বাধীন ভারতের শহীদগণের রক্তে কি ভারত সরকারের হাত রঞ্জিত হয়নি? আপনারা বলছেন, শরণার্থী সমস্যা আছে। শরণার্থী সমস্যার উদ্ভব হয়েছে ভারত সরকার স্বীকৃতি না দেয়ার ফলে, কেননা, ২৫শে মার্চের পর ১৫ই এপ্রিল পর্যন্ত- আমি এখানকার লোকদের সংগে আলাপ করেছি—একজন শরণার্থীও আসেনি। ১৭ই এপ্রিল মুজিবর রহমানের সরকার মুজিবনগরে গঠিত হয়, সরকার গঠনের ঘোষণা হয়ে গিয়েছিল। আমি ভারত সরকারকে বললাম এখনও স্বীকৃতি দিন আপনারা বলতেন, সরকার কোথায়, কিন্তু সরকার তো এখন গঠিত হয়েছে। ভারত সরকার কোন জবাব দেননি।

মহোদয়, দুঃখের সাথে আমাকে স্যার চার্লস বেলস-এর মন্তব্য পুনরুল্লেখ করতে হচ্ছে যা ১৯২৪ সালে তিনি বলেছিলেন। আমি আজ এ পরিষদের সম্মানিত সদস্যগণকে তাঁর কথা স্মরণ করিয়ে দিতে চাই যাঁর কথা সরকার উপেক্ষা করেছেন। তিনি বলেছিলেন, তিব্বত যদি চীনের কব্জায় চলে যায় তাহলে নেপাল, ভুটান ও সিকিম ভারত হতে মুখ ফিরিয়ে চীনের দিকে তাকাবে। আমি বলতে চাই, বাংলাদেশের মানুষ আজ সংসদে আমাদের সংগে আলোচনা করতে এসেছেন। আজ যদি বাংলাদেশকে ভারত স্বীকৃতি না দেন এবং বাংলাদেশ ভারত হতে বিমুখ হয় তাহলে নেপাল ভুটান ও সিকিম কোথায় যাবে? নেপালের লোকেরা আমাদের সাথে লেখা পড়া করেছে। সেখানে যাঁরা মন্ত্রী প্রধানমন্ত্রী হয়েছেন তাঁরা সকলে আমাদের সহপাঠি ছিলেন। আন্দোলনে জেলে তাঁরা আমাদের সংগে ছিলেন। তাঁরা সকলে আমাকে বলেন, যখন তোমরা শক্তিশালী হবে, তখনই তো তোমাদের সংগে থাকব। তোমাদের শক্তি নেই, আমরা কোথায় কাদের সংগে থাকব তোমাদের সংগে থাকলে আমাদের স্বার্থরক্ষা কি করে হবে? আজ স্বাধীন বাংলাদেশের মানুষ ও সেখানকার নেতা বলছেন, হে ভারতবাসী, আমাদের স্বার্থ রক্ষা করতে না পেরে তোমরা নিজেদের স্বার্থই ক্ষুন্ন করছ। অতএব আমি বিনা দ্বিধায় বলতে চাই বাংলাদেশের ওপর যে আক্রমণ হয়েছে তা সোজাসুজি ভারতের ওপরই হয়েছে, ভারতের অকপটে বলা উচিত, এ আক্রমণ ভারতের ওপর হয়েছে। এতে সাম্প্রদায়িকতা কিভাবে আসে?

মহোদয়, আমি আপনাকে বলতে চাই, স্বাধীন বাংলাদেশ ভারতের সমস্ত সমস্যার যে সমাধান বের করেছে তাকে আর নষ্ট হতে দেয়া ঠিক নয়। স্বাধীন বাংলাদেশের মুজিবর রহমানের আওয়ামী পার্টিই সবচেয়ে বড় পার্টি এবং আমাদের স্বার্থের বড় রক্ষক। বাংলাদেশ মানুষ চীৎকার করে বলছে ধর্ম রাষ্ট্রের ভিত্তি হতে পারেনা। হিন্দু ও মুসলিম একে অন্যের

গলা কাটার জন্য সৃষ্টি হয়নি। ভ্রষ্ট ও দুষ্ট মস্তিষ্কের মুসলমান মুসলমানের গলা কাটবে এবং হিন্দুর গলা কাটবে। ভ্রষ্ট ও দুষ্ট মস্তিষ্কের হিন্দু হিন্দুর গলা কাটবে এবং মুসলমানের গলা কাটবে এক মায়ের পেট হতে জাত দুই সহোদর ভাই একে অন্যের গলা কাটে। বিভিন্ন মায়ের সন্তান পরস্পরকে বধ করে। এজন্য আমি পরিষদের মাধ্যমে ভারতের মুসলমানগণের কাছে আবেদন জানাচ্ছি, এখানে যে সাড়ে ছয় কোটি মুসলমান আছেন তাঁরা কি ইসলামে বিশ্বাস রাখেননা? ইয়াহিয়া খান সাহেব কি ইসলামে বিশ্বাস রাখেননা? মুজিবর রহমান সাহেব ইসলাম সমর্থন করেননা? একজন মুসলিম মাতার সন্তান ইয়াহিয়া খাঁ আরেক মুসলিম মাতার সন্তান মুজিবের গলা কাটছে, ওখানে তারা বলছে, আমরা ইসলামে বিশ্বাসী, আর এখানে সাড়ে ছয় কোটি মুসলমান আছে আমার বক্তব্য হল, ইয়াহিয়া খাঁর সৈন্যরা আমাদের মা, বোন, স্ত্রী ও কন্যাদের ওপর বলাৎকার করছে, দিনে দুপুরে করছে, পথে-ঘাটে বলাৎকার করছে. আমি জানতে চাই এরা কি ইসলাম শেখাচ্ছে? ইসলাম বিশ্বাসী।

যারা আজ মুজিবের ওপর আওয়ামী লীগের ওপর, বাংলাদেশের মুসলমানদের ওপর ইয়াহিয়া কর্তৃক ছড়ানো এই গজবের বিরুদ্ধে আওয়াজ তোলেন তারা মুসলমান নয়। তাদের মুসলমান বলে দাবী করার অধিকার নেই। যদি মুসলমান থাকে তাহলে সাড়ে ছয় কোটি মুসলমানের ইজ্জত আজ বিপজ্জনক হয়েছে ও সম্মানহীন, তাদের স্ত্রী কন্যা আমাদেরই স্ত্রী কন্যা, তাদের দেশের মুসলমান আমাদেরই মুসলমান আমি তো মনে করি তারা আমাদেরই। সম্প্রদায়বাদের স্রোতের মধ্যে থেকে তারা স্বীকৃতি দেবার বিরোধিতা করছে, স্বীকৃতি দিতে বিলম্ব করছে। এজন্য আমি বলব আল্লাহর ওয়াস্তে ঈশ্বরের জন্য মানবের জন্য, মানবতার জন্য বাংলাদেশকে স্বীকৃতি দিন।

এ ব্যাপারে আমি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কাছে উপস্থিত সকল বিধানসভা সদস্যদের কাছে, সকল রাজনৈতিক দলের কাছে পত্র লিখেছি।

শ্রী অর্জুন অরোড়া : একটু পড়ে শোনান।

শ্রী রাজনারায়ণ : অন্য কোন দিন পড়ে শোনাব। আমি জানতে চাচ্ছি, স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দিতে আপনাদের সরকার এগিয়ে আসছেনা কেন আপনারা কেন অগ্রবর্তী হচ্ছেননা?

মহোদয়, ৯ই আগষ্ট, ১৯৪২ সালে আমরা ইংরেজদের স্বীকার নিয়েছিলাম। ইংরেজ সাম্রাজ্যবাদের অবসান ঘটানোর জন্য আমরা চিরদিনের জন্য কিতাব বন্ধ করে দিয়েছিলাম। ১৯৭১ সালের ৯ই আগষ্ট আমরা ইয়াহিয়া খাঁর স্বীকার করে নিয়ে সক্রিয়ভাবে তার বিরোধী-তায় অনশন করার ঘোষণা দিয়েছি। ১লা এপ্রিল, ২রা এপ্রিল, ৩রা এপ্রিল এমন কোনদিন যায়নি যেদিন আমরা বাংলাদেশের প্রশ্ন তুলিনি। ২রা জুন আমরা সত্যাগ্রহ করেছি। এই সরকারকে প্রভাবিত করার জন্য আমরা যত উপায় ও সাধন ছিল সবই প্রয়োগ করেছি, এখন আপনি বলুন আমরা কি করব। শ্রী শীলভদ্র যাজীর ভাষায় জনগণ এমন নিষ্ক্রীয় হয়ে পড়েন যে ভারত সরকারকে আর প্রভাবিত করতে পারেননা. এরূপ একটি বৃহৎ ও সঠিক কার্য করার জন্য আমাদের পূর্ণ অধিকার আছে. ৯ই আগষ্ট আমরা অনশন শুরু করব। আমি বিনয়ের সাথে বলছি যে আমরা কারো সাথে চ্যালেঞ্জ করছিনা। আমরা কারো ওপর প্রভাব বিস্তার করার জন্য কোন কাজ করিনা। আমার পক্ষে আমি লিখেছি, প্রধানমন্ত্রীকেও লিখেছি যে আমরা নিজেদের মধ্যে আত্মশক্তি সৃষ্টির জন্য, দেশের নাগরিকদের মধ্যে আত্মশক্তি সৃষ্টির জন্য, সরকারের মধ্যে আত্মশক্তি সৃষ্টির জন্য এই পবিত্র ও পুণ্য কাজ করতে যাচ্ছি। এই পরিষদের সম্মানিত সদস্যগণের মধ্যে যাঁরা সত্যিকারভাবে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের পক্ষপাতী, সর্বতোপায়ে তাকে সহায়তাদানের পক্ষপাতী, এবং

বাংলাদেশের গণহত্যার ঘটনাবলীতে উদ্বিগ্ন ও সহানুভূতিসম্পন্ন তাঁদের উচিত শুধু মৌখিক সহানুভূতি না দেখিয়ে সক্রিয়ভাবে কিছু করা।... ভারত সরকার এযাবত স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি না দেয়ার জন্য আমি তাকে ভৎর্সনা করি, তার নিন্দা করি আমি আরো বলব, এই সরকার দেশহিতের ভাবনামুক্ত। আনন্দ স্ফুর্তির জীবন সে যাপন করছে এ জীবন শেষ হয়ে না যায় এই তার চিন্তা। এদেশের জনগণকে উদ্বুদ্ধ করার জন্য আমি ভারত সরকারের নিন্দা করছি। আজ এই শেষ সময়ে আমি সর্দার শরণ সিংহ মহাশয়ের মুখ থেকে এ বাণীই আশা করছি যে ভারত সরকার বাংলাদেশকে স্বীকৃতি দিচ্ছেন, সর্বপ্রকার সাহায্য করছেন, এবং বিশ্বের সকল দেশকে স্বীকৃতি দেবার জন্য আহবান জানাচ্ছেন।

হায়াতুল্লা আনসারী : ডেপুটি চেয়ারম্যান সাহেব, এখানে একটি কথা এসে গেছে যা আমি আগে ভাবিনি। সেটি হচ্ছে রাজনারায়ণ বাবুর মন্তব্য যে মুসলমান সহযোগিতা করবেনা।

শ্রী রাজনারায়ণ : আমি বলিনি।

হায়াতুল্লা আনসারী : তিনি বলেছেন, মুসলমান সহযোগিতা করবেনা।

শ্রী রাজনারায়ণ : বৈধতার প্রশ্নে, আমি যখন বলছি যে আমি বলিনি তবুও মাননীয় সদস্য বলে যাচ্ছেন যে আমি বলেছি। আমি এই বলেছি যে, যেসকল মুসলিম আজ তাদের স্বীকৃতি দিতে প্রস্তুত নয় এবং আজ স্বাধীন বাংলাদেশের সাড়ে ছয়কোটি মুসলমানের ওপর যে অত্যাচার চলছে সে কারণে যেসকল মুসলিমের মনে আগুন জ্বলেনা তারা মুসলমান নয়।

হায়াতুল্লা আনসারী : আমি রাজনারায়ণ বাবুকে জিজ্ঞেস করতে চাই, এমন কি উপায় বের করা যায় যার দ্বারা মুসলমানগণ দেখাতে পারবে বাংলাদেশের ব্যাপারে তাদের ইম্প্রেশন আর সকলের অনুরূপ। দেখুন, এপ্রশ্নে আমরা খুব সিরিয়াসলি চিন্তা ভাবনা করেছি। আমরা চাই মুসলমানদের একটি মহাসম্মেলন ডাকা হোক কিন্তু আমি সেই সাথে বলছি কনভেনশন আয়োজনের মত অর্থ আমাদের কাছে নাই। বাংলাদেশের ব্যাপারে আমরা কারো চেয়ে পেছনে নেই এখানে এটা দেখানোর জন্য মানুষ মাদ্রাজ হতে, দক্ষিণ ভারত হতে, বাংলা হতে পায়ে হেঁটেও আসতে পারে। এখানে যে কথা ওঠছে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু আপনারাই বলুন, কোন রাজনৈতিক ইস্যুতে দিল্লী বা অন্য কোথাও সারা ভারতের মুসলমানদের সমাবেশ ঘটানো কি উচিত হবে। এপ্রশ্নে আমি সারা জীবন বিরোধীতা করে এসেছি, রাজনৈতিক ইস্যুতে মুসলমানদের ঐক্য হওয়া উচিত নয়। অতএব আমরা মুসলমানদের ঐক্যবদ্ধ হতে বলতে পারিনা।...

SHRI SUNDAR SINGH BHANDARI : Sir, his speech will remain unfinished, if we adjourn

SHRI PITAMBER DAS : In case we have to adjourn, let his speech remain unfinshed.

Mr. DEPUTY CHAIRMAN: If that is the desire of the House. I have nothing to say. This is a prirvate Member's Resolution and we can adjourn for the day. As per the desire of the House, the House stands adjourned till 11.00 A. M. on Monday, the 2nd August, 1971.

The House then adjou ned at five of the clock till eleven of the clock on Monday, the 2nd August, 1971.

শিরোনাম	সূত্র	তারিখ
ইয়াহিয়া খান কর্তৃক শেখ মুজিবুর রহমানের বিচার এবং প্রাণদণ্ডের হুমকির পরিপ্রেক্ষিতে আলোচনা এবং প্রধানমন্ত্রীর বিবৃতি।	রাজ্য সভার কার্য বিবরণী।	১২ আগস্ট ১৯৭১।

CALLING ATTENTION TO A MATTER OF URGENT PUBLIC IMPORTANCE

Trial of Shaikh Mujibur Rahman by the Military authority of Pakistan

MR. CHAIRMAN: Shri Advani. Not here. Shri Bhandari. Not here.

SHRI PITAMBER DAS (Uttar Pradesh): We will take our chance later on. Let the attention be drawn first.

SHRI LOKANATH MISRA (Orissa): Mr. Chairman, Sir, I beg to call the attention of the Minister of External Affairs to the trial of Sheikh Mujibur Rahman by the military authorities of Pakistan and the threat given by President Yahya Khan that the Sheikh may be executed.

